এলাহি ভরশা।

মালিক মোহাম্মদ
ও
গেতি আ ফরোজের পুথি।

———•:•:•———

মোছান্নেফ
মুন্সি মোহাম্মদ মোছলেম সাহেব।

——•:•——

প্রকাশক ও বিক্রেতা

——•:•:•——

কলিকাতা—২৮ নং তালতলা লেন,
ইস্‌লামিয়া প্রেসে—
মোহাম্মদ কাসেম দ্বারা মুদ্রিত।

সন ১৩৩০ সাল।

এলাহি ভরশা।

মালিক মোহাম্মদ
ও
গেতি আ ফরোজের পুথি।

—————

মোছান্নেফ
মুন্সি মোহাম্মদ মোছলেম সাহেব।

—————

প্রকাশক ও বিক্রেতা

—————

কলিকাতা—২৮ নং তালতলা লেন,
ইসলামিয়া প্রেসে—
মোহাম্মদ কাসেম দ্বারা মুদ্রিত।
সন ১৩৩০ সাল।

কেচ্ছা মালক মাহাম্মদ

গেতি আফ রোজ।

প্রভু নিরাকার সেই পাকজাত সাই ॥ তাহার তুলনা দিতে আর কেহ নাই * দয়াময় দাতা জিনি পরয়ার দেগার ॥ তাহার মহিমা লেখে সাধ্য আছে কার * হাজার জবান হৈলে আমার মুখেতে ॥ তবু কি তারিফ তাঁর পারিব করিতে * কুন হৈতে জেবা সব করিল সৃজন ॥ আছমান জমিন আর গহন কানন * আকাশ পাতাল আর রবি আর শশী ॥ তারাগন লক্ষ২ দিবা আর নিশি * পাহাড় পর্ব্বত আর গহন বাগান ॥ নদ নদী আদি আর জতেক এনছান * আঠার হাজার আলম করে পাকজাত ॥ সবা হৈতে মরতবা বেশি আদম ছুরাত * আদম উপরে খোদা বড় দয়াবান ॥ মরতবাতে বেশি তাই দিল সোবহান * বুঝিয়া দেখনা ভাই দেলে জে জাহার ॥ কিনা কাজ করিতেছে দুনিয়া মাঝার * জে জাহা এরাদা করে আপন দেলেতে ॥ পুরা করে দেয় তারে আপে পাকজাতে * খুসি খোসালিতে দেখ আছেন সবাই ॥ যাহার তগদিরে জেয়ছা লিখে আছে সাই * এত যে আলম পয়দা করিল খোদায় ॥ আদমের মত বুদ্ধি না দিল কাহায় * জেন পরি দেও কিম্বা কোন জাতি আর ॥ আদম হইতে বুদ্ধি না আছে কাহার * কেহ নাহি আছে সুখে

আদম হইতে ॥ খাইতে পিইতে আর খুসি খোসালিতে * আদমের তরে জেয়ছা রাখিয়াছে সাই ॥ অন্য কোন জাতি এর সমতুল্য নাই বড় দয়াবান খোদা আদমের পরে ॥ কিরূপে পালন করে দুনিয়া ভিতরে * পৃথিবীতে জত কিছু সৃজন করিল ॥ বান্দার তরেতে সব হাওলা করিল * কিরূপেতে বান্দাগণ আরামে থাকিবে ॥ খাইবে পিইবে আর বন্দিগি করিবে * তাহার জন্যেতে পয়দা করে আদমেরে ॥ দয়া করিয়া ওতি নামের খাতিরে * বান্দার তরেতে চাহি বুঝিতে এমন ॥ এত দয়া আমাপরে করে যেই জন * তাহার যে নাম লেয়া হরদমেতে চাই ॥ হুকুমের তাবেদারি করিবে সবাই হাদিস দলিল মতে ধেয়ান করিয়া ॥ হুকুম মানিয়া কাজ করহো বুঝিয়া * তবেত হইবে খুসি পরওার দেগার ॥ সন্তুষ্ট হইবে অতি উপরে সবার * তাহা না করিয়া সবে আএশ লাগিয়া ॥ দুনিয়া২ কোরে রহিলে ভুলিয়া * দুনিয়া লুটীয়া সবে খাও যে জাহার ॥ এবাদত বন্দিগি কিছু না কর তাহার * হুকুম করিয়া রদ কিছু না করিলে ॥ কি বোলে জবাব তায় দিবে পরকালে * হুকুম হাকাম তার মেনে সকলেতে ॥ এবাদত বন্দেগি কর একিন দেলেতে * খোদার দোস্ত জিনি মহাম্মদ রছুল ॥ হিসাবের দিনে জার আরজি কবুল * পায়রোবি তাহার কর দেল একিদায় ॥ তবেত সুখেতে সব রহিবে সেতায় * বড় দয়াময় জান সেই গুনমণি ॥ ওম্মত২ করে আছে পেরেসানি * বিচারের দিনে তিনি ওম্মত লাগিয়া ॥ খোদার হুজুরে কবে কান্দিয়া২ * শোন২ নিরাঞ্জন প্রভু করতার ॥ দয়াময় দাতা তুমি পরওার দেগার * তোমা বিনে নাহি কেহ আছে ত্রিভুবনে ॥ করম নজর কর আমি এ অধীনে * আমার ওম্মত জত বড় গোনাগার ॥ কত গোনা করিয়াছে হুজুরে তোমার * আপনি জে দয়া করি ওম্মতে আমার ॥ গোনা খাতা মাফ কর পরওার দেগার * এয়ছাই রূপেতে নবী কান্দিয়া২ ॥ ওম্মতের গোনা জত লিবে বকসাইয়া * গোনা হৈতে ওম্মতেরে করিয়া উদ্ধার ॥ সঙ্গেতে লইয়া জাবে বেহেস্ত মাঝার *

হেন দয়াময় নবি বুঝিয়া দেলেতে ॥ হুকুম মানিয়া কাজ কর আদ-
বেতে * খোদার হুকুম মতে চলিবে যেই জন ॥ সেইত বেহেস্ত
পাবে শুন বন্ধুগণ * আমি বড় গোনাগার পাপিষ্ঠ কমিনা ॥ আখে-
রেতে কিবা হবে না জানি ঠিকানা * গোনার সাগরে আমি রহিনু
ডুবিয়া ॥ কি বোলে জবাব দিব হুজুরেতে গিয়া * তবে জদি
খোদা মুঝে হয় মেহেরবান ॥ গোনা হৈতে দয়া করি করে পরিত্রাণ
হাজার ছালাম মেরা নবিজী রতনে ॥ হাজার ছালাম মেরা পাক
পাঞ্জাতনে * হাজার ছালাম মেরা আছহাবে তাহার ॥ আছহাব
না মানিলে বান্দা হবে গোনাগার * মা বাপ মুরব্বি পির খেশ
বেরাদার ॥ তাহাদের কদমেতে ছালাম হাজার * ওস্তাদ পিরের
পায় ছালাম করিয়া ॥ লিখিতে করিনু সুরু এলাহি ভাবিয়া *
আল্লা জদি পুরা করে মকছেদ আমার ॥ তবেত মনের কথা করিব
প্রচার * ভুল চুক দোষ ঘাট জেখানে পাইবে ॥ মেহের নজর
করে সারিয়া লইবে * মহাম্মদ মোছলেম কহে ভাবি পরওার ॥
দোয়া দিবে মেরা হালে জত বেরাদার *

—০ঃ*ঃ০—

* কেচ্ছা শুরু *

পয়ার * হিন্দুস্থানে ছিল এক বাদসা নামদার ॥
আজর বলিয়া নাম আছিল তাহার * মাল মাত্তা হাতি ঘোড়া ছিল
বেশুমার ॥ ছেপাই লস্কর এত না ছিল সোমার * অবিচার কার
পরে নাছিল কখন ॥ প্রজার পালন করে ছেলের মতন * জোরেতে
রস্তম এয়ছা ছিল নামদার ॥ দুস্মন আজিজ ছিল নিকটে তাহার *
এই বাতে সাহা সদা ছিল পেরেসান ॥ ঘরের চেরাগ মেরা না
দিলে ছোবহান * আমি বাদে তক্ত তাজ কে আর চালাইবে ॥
নাম নক্সা কিছু মেরা নাহিক রহিবে * লাড়কার কারনে শাহা
থাকে পেরেসান ॥ দরবারের কাজ কিছু না করে ধিয়ান * ফকির
পাইলে তারে তাজিম করিয়া ॥ ভাল ভাল খাছ খানা দেয় খেলা-
ইয়া * ফকির আল্লার দোস্ত জানিয়া দেলেতে ॥ দোয়া দিলে

পুরা হবে মুরাদ তাহাতে * এয়ছা হালে কতদিন গোজরিয়া গেল দেলের মুরাদ তাঁর পুরা না হইল * এই বাত বাদসা তবে খেয়াল করিয়া ॥ দেলেতে আপছোছ করে কান্দিয়া কান্দিয়া * আধা রাত আছমানেতে যখন হইল ॥ আখেরের বাত তবে খেয়াল হইল অর্দ্ধেক হায়াত মেরা গেল যে চলিয়া ॥ জেন্দেগির আশা মিছে দেখিনু বুঝিয়া * এখন বেহতের হয় আমার তরেতে ॥ ঘর হৈতে জাব আমি জঙ্গল বিচেতে * এবাদত বন্দিগী আমি করিব খোদার জত দিন হায়াত বাকি আছেত আমার * বাদসাহির পোশাক সব ফেলিল খুলিয়া ॥ ফকিরের লেবাছ লিল তছবি গলে দিয়া * আপছোছ করিল শাহা দেলেতে আপনা ॥ জঙ্গলের রাহা লিল ভাবিয়া রওয়ানা * এয়ছা হালে কতদুর নেকলিয়া জায় ॥ আজিম জঙ্গল এক দেখিবারে পায় * জঙ্গল দেখিয়া শাহা মন উচাটন ॥ দেওানার হালে ফেরে পাগল জেমন * ফিরিতে২ দেখে নজর করিয়া ॥ আচানক পির এক পৌছিল আসিয়া * সবুজ পোষাক ছিল বদনে তাহার ॥ পিটের উপরে কুজ আছিল তাহার * জইফ ওস্কর পির হাতে আশা লিয়া ॥ ধিরে ধিরে শাহা আগে পৌছিল আসিয়া * কহিল বাদশার আগে শোন নামদার ॥ ছালাম আলায়-কুম জানিবে আমার * বাদশা কহিল পির রৌশন জমির ॥ জইফ হালেতে কেন হইলে বাহির * শয়া শো বরছ ছেন হইল তোমার গায়েতে তাকত নাই পাও তোলা ভার * আশার উপরে তুমি ভর জে রাখিয়া ॥ জঙ্গল ময়দানে ফের কিসের লাগিয়া * দেলেতে খওপ কিছু নাহিক তোমার ॥ সত্য কথা কহ পির হুজুরে আমার * খাজে খেজের কিম্বা হও ইলিয়াছ ॥ রাহা ভুলিয়া বুঝি আইলে মেরা পাছ * পির মর্দ্দ কহে শোন বাদশা জাহাগির ॥ খেজের না হই আমি বান্দা এলাহির * জঙ্গল ময়দানে আমি ফিরি হামেহাল হিসাব করিয়া দেখ হবে আসি সাল * বুড়া বলে শোন বাবা কহি জে তোমারে ॥ রাহা জান ছিনু আমি এই জে সহরে * কত লোকে মারিয়াছি এই লালচেতে ॥ তাহার হিসাব আমি না পারি

কহিতে*মারিনু খোদার বান্দা মালের জন্যেতো॥কেমনে দেখাব মুখ খোদার কাছেতে * কত গোনা করিয়াছি খোদার দরগায় ॥ নাজাত কিরূপে হবে না দেখি উপায় * এতেক বলিয়া বুড়া কান্দিতে লাগিল ॥ থোড়া ঘড়ি বাদে ফের এয়ছাই কহিল * সোন সাহা কহি আমি আপনা হুজুরে ॥ একদিন আইনু আমি উঠিয়া ফজরে এই গাছ তলে আমিআসিয়া বসিনু॥দুই মছাফেরআসে দেখিতে পাইনু নবিন জওান দোন একুই ওম্মর ॥ লেবাছ পোশাকে দোন দেখিতে সুন্দর * বড়ই হইনু খুসি দেখি দুই জনে ॥ হইবে জওহরি এরা জানিলাম মনে * পাইব অনেক মাল হিরা জওাহের ॥ কিরূপে মারিব দোহে করিনু ফেকের * এয়ছাই হেকমত আমি করিনু উপায় ॥ দুই জনে মারিয়া ডালিনু আমি ঠায় * তার পরে দেখি আমি করিয়া তল্লাস ॥ পরন কাপড় ছেয়া নাহি কিছু পাস * দেলেতে আপছোছ করে লাগিনু কান্দিতে ॥ এয়ছা কাম না করিব জেন্দেগি থাকিতে * জত দিন বেঁচে রব দুনিয়া মাঝার ॥ বান্দার উপরে আমি না দিব আজার * ঘরেতে চলিনু আমি কান্দিতে২ ॥ কিরূপে গুজরান মেরা হবে দুনিয়াতে * ভাবিতে২ আগে চলিনু যখন ॥ আজব তামাসা আমি দেখিনু তখন * বড় এক আজদাহা আছে জমিনে পড়িয়া ॥ আল্লার কুদরত কিছু শুন মন দিয়া * লম্বাইর হদ তার না হয় বয়ান ॥ চলিতে ফিরিতে নারে আছে পেরেসান * মুখ জে খুলিয়া সেত্তা আছিল পড়িয়া ॥ আছমান তরফে ছিল নেঘাও করিয়া * মনে মনে ভাবি আমি দেখিয়া তখন ॥ কিরূপে আহার এছে দেয় নিরাঞ্জন * এই কথা মনে২ ভাবিতে২ ॥ আল্লার কুদরত ফের পাইনু দেখিতে * হরিণের দল এক আসিয়া পৌছিল ॥ এক শের নর্পিছে তাড়াইয়া আইল বাঘের ভয়েতে সেই হরিণ সকল ॥ ছুটিয়া পালায় সব হইয়া পাগল * আজদাঁহার মুখ তারা সড়ঙ্গ জানিয়া ॥ একেবারে সান্ধা-ইল জান বাঁচাইয়া * সাপের মুখেতে সব ঢুকিল জখন ॥ আজদাঁহা গিলিয়া সব খাইল তখন * পানির কারনে মুখ তুলিয়া রহিল ॥

খোদার হুকুমে মেঘ আছমানে হইল * ঝমকে ঝমকে পানি হইল এমন ॥ আছুঁদা হইয়া সাপ খাইল তখন * না উম্মেদ হয়ে বাঘ চলিল ফিরিয়া ॥ আজদাহা আহার করে রহিল পড়িয়া * এহাল দেখিয়া আমি কহি মনে২ ॥ কি খেল করেন সেই পাক নিরাঞ্জনে সকলের তরে জিনি আহার জোগায় ॥ সেই জোনা করে দিবে আমার উপায় * এতেক মেহনত করে শের জোরওার ॥ না ওম্মেদ হয়ে গেল হইয়া নাচার * আজদাহা আছিল পোড়ে হয়ে কম-জোর ॥ আহার পৌছায় তার মুখের ভিতর * অধিন মোছলেম কহে মুরশেদের পায় ॥ যে জন আছেন ভাই তাঁর ভরসায় * গাএব থাকিয়া তিনি রুজি তায় দিবে ॥ না-ওম্মেদ হরগেজ তারে নাহিক করিবে *

ত্রিপদী * শুনহে আজর সাহা, দেলের আন্দেসা জাহা, কেমনেতে চলিবে গোজরান ॥ আজদাহার হাল দেখে, ভরসা হইল মখে; যথা সেই পাক ছোবহান * পাথরেতে কিড়া থাকে, আহার খায়ায় তাকে, বাঁচান তারে পরোওার দেগার ॥ জান দিয়া ছেন জিনি, আহার দিবেন তিনি, মিছে কেন ভাবনা তাহার * দন্ত জবে নাহি মুখে, দুগ্ধ খায়াইত তোকে, রাজ্জাক রহিম তার নাম ॥ দন্ত ফের দিয়ে মুখে, আহার না দিবে তোকে, কেন তুমি ভাব ছুবু সাম * অধিন মোছলেম ভনে, শুন ভাই বন্ধুগণে, মিছে সব ভাব অকারণ ॥ জান দিয়াছেন যিনি, আহার দিবেন তিনি, নাম তার পাক নিরাঞ্জন *

—০ঃ*ঃ০—

* আজর শাহা আপনার ঘরে ফিরে জায় জঙ্গল *
* হইতে তাহার বয়ান *

পয়ার * পির মর্দ্দ শাহা আগে আপনার হাল ॥ তামাম কহিল জদি দেলের মালাল * তাঁর পর কহিলেন শুন জাহাপন্‌া ॥ খুসির খবর কহি না বোজ বাহানা * আমার সঙ্গেতে তেরা মলা-কাত হৈল ॥ ঘড়ি এক আগে এক পির মর্দ্দ আইল * আমার

তরেতে তিনি কহিল এয়ছাই ॥ তাহার বয়ান এবে তোমাকে শুনাই * কহিলেন বুড়া পির এই কথা মোরে ॥ এই ভাবে কহিলেন আমার খাতিরে * একজনা আসিবেন এখানে এখন ॥ আজর তাহার নাম শুন দিয়া মন * হিন্দুস্থানের বাদসা জানিবে তাহায় ॥ ফকিরের বেশে তিনি আসিবে হেথায় * লাড়কার খাতিরে তিনি আছে পেরেসান ॥ দেওানার হালে ফেরে জঙ্গল ময়দান * তাহার তরেতে তুমি কহিবে এয়ছাই ॥ দেওানার হালে তুমি নাহি ফের ভাই * আপনার ঘরে তুমি জাহনা চলিয়া ॥ না হবে ফরজন্দ তেরা জঙ্গলে ফিরিয়া * জালালা নামেতে বিবী আছে তার ঘরে ॥ লাড়কা নাহবে কভু তাহার উদরে * খোতন সাহের বেটী ছমন রোক নাম ॥ শুরূত জামাল বিবি দেখিতে গুলফাম * তাহাকে করিলে সাদি হুকুমে খোদার ॥ আওলাদ হইরে তেরা সোন নামদার * তার পরে পুছিলাম সেই বুড়া পিরে ॥ কি হয় আপন নাম বাতাও আমারে * কহিল খেজের নাম জানিবে আমার ॥ নাম বাতাইয়া মুঝে হইল রাহাদার * বুড়ার জবানি বাদসা শুনিল তামাম ॥ তার পরে কি হইল শোন নেকনাম * আজর সাহা কহিলেন শুন বুড়া পির ॥ বহুত তছল্লি দিলে আমার খাতির * এখন আমার সাতে চল ছাহেবান ॥ মেহের করিয়া চল আমার মাকান * বুড়াকে লইয়া সঙ্গে বাদসা নামদার ॥ আপ-নার ঘর পানে হৈল রাহাদার * যেই রাহা দিয়া তিনি বাহির হইল ॥ রাতারাতি সেই রাহে মহলে পৌছিল * বুড়াকে কহিল তুমি জাও নিজ ঘরে ॥ বেহানে হাজের হবে আমার দরবারে * মহলে পৌছিয়া সাহা সুইয়া রহিল ॥ ফজরে উঠিয়া ফের নামাজ পড়িল * দরবারি লেবাছ পেন্দে মনের খুসিতে ॥ একেবারে পৌছিলেন আম দরবারেতে * আঞ্জাম করিয়া সব দরবারের কাম বিদায় হইয়া গেল দরবারি তামাম * তার পরে সেই বুড়া হইল হাজের ॥ বসাইল বাদসা তাহে করিয়া খাতের * নানা রঙ্গ খানা তাহে দিল খাওাইয়া ॥ বিদায় করিল কিছু মালমাত্তা দিয়া * তার

পরে খেলয়াত খানার বিচে গেল ॥ আজম উজিরে সেতা তলব করিল * উজির হাজের হইল সাহার ছামনে ॥ খেলয়াত খানার বিচে বাদসায় যেইখানে * উজির দেখিয়া শাহা বসিতে কহিল ॥ হুকুম পাইয়া তিনি সামনে বসিল * তার পরে কহিলেন শুনহ উজির ॥ আমার দেলের বাত করি যে জাহির * যেরূপে জঙ্গল বিচে জাইয়া পৌছিল ॥ যেরূপে বুড়ার সঙ্গে মোলাকাত হৈল * যেরূপে কহিল বুড়া আপনার হাল ॥ একে একে শুনাইল করিয়া খেয়াল * যেরূপে খেজের সঙ্গে সেই বুড়া পির ॥ জঙ্গলে হইল দেখা সে সব জিকির * একে২ বাদশা কহে উজির সামনে ॥ উজির শুনিল সব পরম যতনে * বাদশার জবানি হাল উজির শুনিয়া ॥ কহিতে লাগিল ইহা দুহাত জুড়িয়া * জে সুরাতে পারি আমি করিব আঞ্জাম ॥ কোন বাতে দেল বিচে না করিবে গম * গোলামের তরে জাহা হুকুম করিবে ॥ জীবন থাকিতে কিছু কমি না হইবে * হাশমত দবদবা খুব আছে নামদার ॥ কে পারে করিতে রদ হুকুম তোমার * মশরেগ মগরেব আর জনুব সেমাল ॥ সবদিকে পৌছিয়াছে তোমার জালাল * জত বাদশা নামদার আছে জাহানেতে ॥ সকলেতে ডর ভয় রাখে জে দেলেতে * দেলের বিচেতে এহা হয় জে আমার ॥ এয়ছা কোন বাদশা আছে দুনিয়া মাঝার * তোমার হুকুম রদ করিতে জে পারে ॥ এয়ছাই তাকত নাহি আছে জে কাহারে * আলমপানা ছালামত আরজ হুজুরে ॥ কাছেদ ভেজিয়া দেহ খতন সহরে * উজিরের মুখে এহা শুনে নরপতি ॥ কহিলেন পত্র এক লেখ শিঘ্রগতি * শুনিয়া উজির তবে হুকুম বাদশার ॥ মুনসি কে হুকুম করে পত্র লিখিবার * হুকুম পাইয়া মুনশি লিখিতে লাগিল ॥ তাহার মজমুন এই রূপেতে আছিল *

—•॰*॰•—

* আজর শাহার পায়গাম খোতনে পাঠায় *
* তাহার বয়ান *

ত্রিপদী * উজির কহেন এহা, শোন মুনশি বাত জাহা, লেখ পত্র খোতন সাহারে ॥ উজিরের সুনে বাত; কলম লইয়া হাত, এইরূপে লাগে লিখিবারে * পহেলা আল্লার নাম, লিখিয়া যে নেকনাম; দরূদ ভেজিল নবি পরে ॥ তার পরে লিখে এহা, সুনহে খোতন শাহা, খেয়াল করিবে লেখা পরে * তোমার জে শাহাজাদি; আমাকে দেহনা সাদি; শোন২ বাদসা নামদার ॥ করিলে পায়গাম পুরা, ইজ্জত করিব তেরা; কোন মতে নাহবে বেজার * এনকার করিলে এহা সুনহে খোতন শাহা, দুই জোনে বাড়িবে প্রমাদ ॥ বিচার করিয়া এহা; কর কাম ভাল জাহা, পরে কিছু না ঘটে ফসাদ * পত্র লেখে এই ভাতে, লেফাফা করিয়া তাতে, দিল পত্র উজিরে আনিয়া ॥ মহাম্মদ মোছলেম ভনে, জাও মুন্সি খুশি মনে, দেহ খত খোতনে জাইয়া *

—০:*:০—

* খোজেস্তা রায় বাদশার পয়গাম লইয়া *
* খোতনে জায় তাহার বয়ান *

পয়ার * তৈয়ার করিয়া পত্র মুনশি জে আনিয়া ॥ উজিরের হাতে দিল ছালাম করিয়া * উজির লইয়া পত্র খুশি খোশালিতে ॥ হাজের করিয়া দিল বাদসার আগেতে * কহিলেন নরপতি উজিরের তরে ॥ খোতন সহরে আমি পাঠাব কাহারে * আক্কেলমন্দ দানা আর হয় হোসমন্দ ॥ এমন কাহার তরে না হয় পছন্দ * খোতনে জাইতে তুমি-হওনা তৈয়ার ॥ তুমি বিনা দেল মেরা না হয় কারার * বাদশার জবানি এহা সুনিয়া উজির ॥ দোয়া দিয়া কহিলেন বাদশার খাতির * হুকুম হইল জাহা, গোলামের তরে ॥ আলবত্তা জাইব আমি খোতন সহরে * এতেক সুনিয়া শাহা বড় খুসি হইল ॥ উজিরের তরে ফের কহিতে লাগিল *

গোলাম খেদমতগার নৌকর চাকর ॥ জা হয় দরকার লেহ দুরের সফর * ভাল২ ঘোড়া লেহ পছন্দ করিয়া ॥ মালমাত্তা জয়াহের লেহনা বান্ধিয়া * ভাল২ তোওফা লেহ সঙ্গে আপনার ॥ বাদশাহি পছন্দ হয় দেখিতে বাহার * পাইল উজির জবে বাদশাহি ফরমান ॥ লোকজন লিল আর জতেক সামান * লগন শাএত দেখে বিদায় হইয়া ॥ মঞ্জিলে২ রাহা জায় নেকলিয়া * এয়ছাই মাহিনা রোজ রাহেতে চলিল ॥ খোতনের সরহর্দ্দেতে জাইয়া পৌছিল * সহরের বাহিরেতে এক জে বাগান ॥ সেই খানে উত্তরিয়া করিল মাকান * দুই চারি রোজ কিছু আরাম করিয়া ॥ তার পরে কি হইল শোন মন দিয়া * এক জে সর্দ্দারে ডেকে কহে এই মতে ॥ কাল জে জাইব আমি সহর দেখিতে * জাইয়া সহর বিচে জানিব সন্ধান ॥ দেখিয়া আসিব কোথা বাদসার মাকান এতেক কহিয়া রাত গেল গোজরিয়া ॥ ফজরে তৈয়ার হৈল জাবার লাগিয়া * সরদারে ডাকিয়া এহা হুকুম করিল * সহর দেখিতে জাব এই বেলা চল * সুনিয়া সরদার তবে গোলামে ডাকিয়া ॥ এয়ছাই হুকুম তাহে দিল শোনাইয়া * দুই ঘোড়া আন শীঘ্র করিয়া তৈয়ার ॥ ছওয়ার হইয়া জাব সহর মাঝার * গোলাম আনিল ঘোড়া তৈয়ার করিয়া ॥ উজির ঘোড়ায় চড়ে সরদারে লইয়া * দুই জোনা ঘোড়া পরে হইয়া ছওয়ার ॥ জাইয়া পৌছিল দোহে সহর মাঝার * নেগাও করিয়া জবে দেখে চারি ওর ॥ আলিশান ঘর কত দেখিতে সুন্দর * রাহা ঘাট গলি কুচা সহর বাজার ॥ জে দিখে নজর জায় দেখিতে বাহার * দেখিতে২ দোহে চলিল রাহেতে ॥ জাইয়া পৌছিল এক চৌরাহা বিচেতে * চৌরাহেতে দাড়াইল দুই জোনে গিয়া ॥ চারি দিক হৈতে লোক আসিল ঘিরিয়া * আজনবি লোক দেখে তাজ্জব হইল ॥ তার মধ্যে এক জোনা জিজ্ঞাসা করিল * কোথা হৈতে আপনারা আইলে এই দেশে ॥ কি জন্যে আইলে বল মছাফের বেশে * খোজেস্তা রায় কহে শোন মেহেরবান ॥ আমাদের দেশ জান হয় হিন্দুস্থান *

দেশে২ ফিরি করি সওদাগরি কাম॥ বেচা. কেনা কারব্যর শোন নেকনাম * তোমার দেশেতে আইনু শোন মন দিয়া॥ বাদশার মাকান কোথা দেহ বাতাইয়া * এতেক সুনিয়া সেই জয়ান কহিল॥ দেখিতে বাদসার ঘর মেরা সাতে চল * চলিল তাহার সাতে উজির সর্দ্দার॥ খাছ সহরের বিচে পোঁছে একেবার * সেই জোনা কহিলেন সুন মছাফের॥ নজর করিয়া দেখ মিনারা ঘরের নিশানা ধরিয়া এবে জাহনা চলিয়া॥ সেই জোনা চলে গেল রাহা বাতাইয়া * নেশানা ধরিয়া দোহে জাইতে২॥ দুই ক্রোশ জায় এছা চলিয়া রাহেতে * বাদশার মহল কাছে জাইয়া পোঁছিল॥ তাহার তারিফ আমি কি লিখিব বল * সেতা হৈতে দুই জোনা চলিল ফিরিয়া॥ আপনার ঠিকানাতে পোঁছিল আসিয়া * ঘোড়া হইতে উত্তরিয়া গেলেন ডেরায়॥ সহরের হাল জাহা কহিল সবায় দিন গোজারিয়া রাত আসিয়া পোঁছিল॥ খানা পানি করে সবে আরাম করিল * ফজরে খোজেস্তা রায় ডাকিয়া সরদারে॥ কহিল জাইব আমি বাদশার দরবারে * ভেট ঘাট জাহা কিছু করনা তৈয়ার॥ জাহা কিছু আনিয়াছ লাএক বাদশার * সুনিয়া সর্দ্দার তবে তৈয়ার করিল॥ সেনাপতি এক জোনে ডাকিয়া কহিল * তুরিত তৈয়ার হও লেবাছ পিন্দিয়া॥ আর দশ জোনে লেহ সঙ্গেতে করিয়া * সেনাপতি হুকুম পাইয়া সর্দ্দারের॥ তুরিত তৈয়ার হৈয়া হইল হাজের * হুকুম করিল ফের গোলামে ডাকিয়া॥ জরির লেবাছ পেন্দ তুরিত করিয়া * সাজিয়া তৈয়ার হৈল দশ জে গোলাম॥ খোজেস্তা রায়কে এসে করিল ছালাম * তার পরে সর্দ্দার জে করে কোন কাম॥ তোফা জাত ভেট ঘাট আনিল তামাম * উজিরের সামনেতে করিল হাজির॥ সর্দ্দারের তরে ফের কহেন উজির * তুরিত ছয়ারি মেরা করনা তৈয়ার॥ জার জে ছয়ারি পরে হওনা ছওয়ার * হুকুম পাইবা মাত্র তৈয়ার হইল উজির ঘোড়ার পরে জাইয়া বসিল * উজির আজম আগে হইল রওয়ানা॥ গোলাম চলিল পিছে লইয়া ছামানা * ধিরে২

সকলেতে চলিল রাহায়॥ হাসি খোশালিতে আর কথায়২ * জাইয়া পৌছিল জরে সহর বিচেতে॥ দুই দিকে লোক সব লাগিল দেখিতে * তাজ্জব হইল সবে দেখে তান সান॥ কোথা হৈতে এল এরা নাজানি সন্ধান * বাদসার মহল দিকে জায়তো চলিয়া॥ একেবারে ফটকেতে পৌছিল জাইয়া * দরওাজাতে খাড়া আছে ছেপাহি তামাম॥ আগে বেড়ে আসি তারা করিল ছালাম * তার পরে পুছিলেন আদোবের সাতে॥ আপনারা আসিয়াছেন কহ কোথা হৈতে * সরদার কাহিল তাহে সোন সমাচার॥ পায়গাম লইয়া আসি আজর সাহার * হিন্দুস্থানের বাদসা নামেতে আজর॥ তাহার কাছেদ আইল সোনহে খবর * উজির-আজম আইল কাছেদ হইয়া॥ বাদশাকে খবর আগে দেহনা জাইয়া * সুনিয়া ছেপাহি তবে ত্বরায় চলিল॥ বাদশার আগেতে গিয়া হাজের হইল আদবের সাতে আর জুড়ে দুই হাত॥ ধিরে২ বলিতে লাগিল এই বাত * আলমপানা সালামত বাদশা নামদার॥ উজির পৌছিল আসি আজর শাহার * সুনিয়া খোতন শাহা ত্বারত করিয়া॥ উজিরে আনিতে জায় আগু বাড়াইয়া * উজির দেখিয়া তবে করে এই কাম॥ ঘোড়া হইতে উত্তরিয়া করিল সালাম * হাত বাড়াইয়া সাহা ধরে দুই হাতে॥ দরবারে লইয়া আইল আপনার সাতে * তক্ত পরে আপনার পাশে বসাইল॥ হাল হাককত জাহা পুছিতে লাগিল * উজির সেই পত্রখানি দিল নেকালিয়া॥ লইল খোতন শাহা আদাব করিয়া * আর জত তওফা জাত আনিল উজির॥ বাদশার সামনে সব করিল হাজির * দেখিয়া খোতন শাহা আনন্দিত হৈল॥ ধিরে২ পত্রখানি পড়িতে লাগিল * মালুম করিল পত্র পড়িয়া তামাম॥ উজিরে কাহিল ফের শোন নেকনাম * আজর শাহা আমার তরে লিখিয়াছে জাহা॥ সাফ দেলে কবুল আমি করিলাম তাহা * সুনহে উজির তুমি আমার বচন॥ এই বাত খেলাফ নাহি হবে কদাচন * রাহের মান্দিগি আছে করহে আরাম॥ তার পরে জাহা হয় করিব আঞ্জাম * খোসাল হইলে

জান শোন মন দিয়া ॥ রাহের মান্দেগি জত জাইবে ছুটীয়া * শুনিয়া উজির বড় খোশাল হইল ॥ ছের ঝুকাইয়া শাহে ছালাম করিল *

—০ঃ*ঃ০—

* খোতন শাহা আপনার বিবীকে আজর শাহার *

* পায়গাম শোনায় তাহার বয়ান *

পয়ার * দরবার হইতে শাহা মহলে আইল ॥ বেগমের তরে শাহা বোলাইয়া নিল * আজর বাদশার হাল বয়ান করিয়া ॥ মজমুনের হাল ছারা দিল শুনাইয়া * বাদশার এই বাত বিবি সুনিল জখন ॥ খোশাল হইল বড় দেলেতে আপন * কহিতে লাগিল আয় পরওয়ার-দেগার ॥ এমন তকদির বুঝি হইবে আমার * আজর সাহা দামাদ হইবে আমার ॥ এবাতে এতবার দেলে নাহয় তাহার তকদিরেতে জোড়া জদি রাখেন খোদায় ॥ কেহু রদ না করিতে পারিবে তাহায় * এবাত কহিয়া বিবি রহে চুপ হৈয়া ॥ খোদার পরেতে খুব ভরসা করিয়া * ফের বাদসা আইলেন দরবারে চলিয়া আপন উজিরে ইহা কহিল ডাকিয়া * অধিন মোছলেম কহে ভাবি পরোয়ার ॥ গোনা খাতা মাফ বারি করিবে আমার * পৃথিবীর জালে পড়ে করি হায়২ ॥ সাধন করিতে কিছু না পারিনু তায় *

পয়ার * পরেতে খোতন সাহা আপনা উজিরে ॥ ডাকিয়া হুকুম সাহা দিল এ প্রকারে * খোলাছা বাগান এক পছন্দ করিয়া মেহমানের তরে সেতা রাখ নেয়াজিয়া * হুকুম পাইয়া তবে বাদসার উজির ॥ দেল বাহার ন্যমেতে বাগ সহর বাহির * উজির খোজেস্তা রায়ে সঙ্গেতে লইয়া ॥ সেই বাগানের বিচে পৌছিল জাইয়া * খোজেস্তা রায় বাগান দেখে বড় খুসি হৈল ॥ আপনার লোক জনে হুকুম করিল * সর্দ্দারের তরে এহা করিল হুকুম ॥ এখানে থাকিব আমি করনা মালুম * তুরিত জাইয়া তুমি সব লোক জনে ॥ মালমাত্তা জাহা আছে আন এইখানে * সর্দ্দার চলিল তবে

হুকুম পাইয়া ॥ লোক জন সবাকারে আনিল জাইয়া * খোজেস্তা রায় আপনার লোক জন সাতে ॥ বাগানের বিচে থাকে মন খোসালিতে * বাগানে রাখিয়া সবে বাদসার উজির ॥ জাইয়া সাহার আগে হইল হাজির * খবর কহিল গিয়া খোতন সাহারে ॥ দেলবাহার বাগান বিচে রাখিনু উজিরে * শুনিয়া খোতন সাহা বড় খুসি হৈল ॥ আপনা উজিরে ফের হুকুম করিল * তোষাখানা বিচে তুমি জাহনা চলিয়া ॥ জা কিছু দরকার হয় লেহ নেকালিয়া * খাবার সামান আর আস্‌বাব তামাম ॥ পৌছাইয়া দেহ সব কর এই কাম * রোজ রোজ গিয়া তুমি তদন্ত করিবে ॥ নাহয় বদনাম জেন খেয়াল রাখিবে * শুনিয়া হুকুম তবে উজির বাদসার ॥ ডাকিয়া দারগাগণে কহে এপ্রকার * আঞ্জাম করনা সবে জার জেয়ছা কাম ॥ হুকুম পাইয়া তারা করেন আঞ্জাম * রাতদিন থাকে সবে খেদমতে হাজির ॥ দেল জান দিয়া করে মেহমানে খাতির * খোরেস্তা রায় বাগানেতে থাকে আরামেতে ॥ রোজ রোজ জায় তিনি বাদসার আগেতে * নানারঙ্গ বাত চিত করেন বসিয়া ॥ খাবার সময় হৈলে আসেন চলিয়া * এই রূপে কতদিন গোজরিয়া গেল ॥ একদিন খোতন সাহে খোজেস্তা কহিল * গোজরিল দুই মাস আইনু হেথায় মেহের করিয়া মুঝে করনা বিদায় * শুনিয়া খোতন সাহা কহিল তাহায় ॥ থোড়েক সবুর কর করিব বিদায় * শুনিয়া খোজেস্তা রায় মনজুর করিল ॥ আদাব ছালাম করে বাগানেতে গেল * এদিকে খোতন সাহা আপনা উজিরে ॥ ডাকিয়া গোপনে তারে কহে ধিরে২ * আজর সাহার আইল সাদির পায়গাম ॥ ছামান খারদ কর সোনহে কালাম * তোমার কি রায় তাহা কহনা আমারে শুনিয়া উজির তবে কহিল বাদসারে * বড়ই হইনু খুসি কি বলিব আর ॥ হইবে আজর শাহা দামাদ তোমার * ইহা হৈতে খুসি আর কি আছে আমার ॥ হাজার সোকর সেই দরগায় খোদার * তার পরে কহে শাহা সোনহে উজির ॥ দেহেজ ছামানা জত কর না তদবির * উজির পাইয়া তবে হুকুম বাদসার ॥ একে২ সরঞ্জাম

করেন তৈয়ার * দুলহিনের সাজ পাট তৈয়ার হইল ॥ মাতো হৈতে পাওতক সকলি আনিল * তার পরে দেঁহেজের করিল সামান কিছু মাত্র লিখিলাম তাহার বয়ান * ভাল২ ঘোড়া কত আনিল কিনিয়া ॥ সোনার জড়াও জিন পছন্দ করিয়া * হাতির আম্বরি দিল হাতির দাঁতের ॥ গলে দোলাইয়া দিল হার এয়াকুতের * থরে২ গোলাম-আনে এক বয়েশের ॥ তুরুকি হাবসি রুমি আর মেছেরের হরেক দেশের আনে রেসমের থান ॥ জরদ কিম খাব আর মশরু গুলসান * জরি জরবস্তের কত বানায় পাএজামা ॥ জামেয়ার সাল আর কাশিদা এমামা * জড়াও সোনার জাম গেলাস বাস্থন ॥ চান্দির দেগ্দান আর চান্দির লগন * হীরা মতি জড়াও লেবাছ থরে২ ॥ তাহার বয়ান আমি কি কহিব কারে * তোষাখানা বিচে সব মৌজুত করিয়া ॥ উজির বাদশাকে দিল খবর জাইয়া * সোন২ জাহাপনা বাদশা নামদার ॥ তোসাখানা বিচে আপে চল একবার * উজিরের কথা আপে সুনে নরপতি ॥ তোসাখানার দিকে সাহা চলে শীঘ্রগতি * থরে২ জাহা কিছু রেখেছিল তায় ॥ দেখিয়া খোতন সাহা বড় খুসি হয় * তার পরে সেথা হৈতে ফিরিয়া আইল ॥ খাশ মহলের দিকে রওয়ানা হইল * খেলয়াত খানার বিচে বসিল জাইয়া ॥ সেই থানে লইলেন উজিরে ডাকিয়া ॥ উজির বাদসার কাছে হাজের হইল * এসারা করিয়া সাহা কহিতে লাগিল ॥ উজি-রের তরে ফের কহে নরপতি ॥ বিদায়ের দিন ধার্য্য কর শীঘ্রগতি * রোম্মালি নজ্জুমগণ ত্বরায় ডাকিয়া ॥ বিদায়ের দিন ঠিক কর বিচারিয়া * হুকুম পাইবা মাত্র ত্বরায় করিয়া ॥ আলেম ফাজেলগণে আনিল ডাকিয়া * নজ্জুম রম্মালিগণে আসিয়া পৌছিল ॥ দরবার আগেতে সব জাইয়া বসিল * উজির নজ্জুমগণে করিল হুকুম ॥ কেতাব খুলিয়া সবে করনা মালুম * বিদায়ের দিন দেখ হিসাব করিয়া ॥ সোমুনরোখ সাহাজাদির সোন মন দিয়া * সাহাজাদির সাদি দিবে আজর সাহাকে ॥ ছাইত দেখিয়া নেক কহতো আমাকে শুনিয়া নজ্জুমগণ খুলিয়া কেতাব ॥ সাএত দেখিয়া নেক কহিল

সেতাব * এনাম একরাম লিয়া চলিল নজ্জুম ॥ সাদিয়ানা বাজা বাজে ঝুম ঝুম ধুম *

—০ঃ*ঃ০—

* খোতন সাহা আপন বেটীকে বিদায় *
* করিবার বয়ান *

নজ্জুম রাম্মালগণ বিদায় হইল ॥ সাদিয়ানা বাজা কত বাজিতে লাগিল * তার পরে বাদসা ফের উজিরে ডাকিয়া ॥ এই কথা ধিরে২ কহে বুঝাইয়া * খোজেস্তা রায়কে তুমি ডাকিয়া হেথায় ॥ আমার নিকটে এই খেলয়াত খানায় * বাদসার হুকুম জবে উজিরে পাইল ॥ চোপদারের তরে তিনি ডাকিয়া কহিল * দেলবাহার বাগানেতে জাহনা চলিয়া ॥ খোজেস্তা রায়ের তরে আন বোলাইয়া শুনিয়া চোপদারগণে চলিল ত্বরায় ॥ উজির আজমে গিয়া খবর সোনায় * তলব করিল বাদসা তোমার খাতিরে ॥ তাই মুঝে ভেজে দিল আসিতে হুজুরে * শুনিয়া খোজেস্তা রায় হুকুম সাহার ত্বরায় পৌছিল গিয়া বাদসা বরাবর * আদবের সাতে রায় ছালাম করিল ॥ ধরিয়া খোতন সাহা কাছে বসাইল * নানারঙ্গ কথা কহে দুজনে বসিয়া ॥ খাবার ছামান কত পৌছিল আসিয়া * খুসি খোসালিতে দোহে বসিয়া খাইল ॥ খানা পিনা করে জবে ফারাগত হৈল * সোনহে খোজেস্তা রায় কহি জে তোমারে ॥ বিদায় করিব আর কয়দিন পরে * দুই চারি রোজ আপে করনা আরাম ॥ তৈয়ার হইলে সব আছবাব তামাম * সোমুনরোখে দিব আমি তোমাকে শুপেয়া ॥ খুসি খোসালিতে দিব বিদায় করিয়া * শুনিয়া খোজেস্তা রায় বড় খুসি হইল ॥ আদাবের সাতে তিনি ছালাম করিল * ভার পরে সেথা হৈতে হইয়া বিদায় ॥ ধিরে২ দেল বাহার বাগানেতে জায় * বাগানে আরামে থাকে খোজেস্তা উজির ॥ এদিকের হাল কিছু করি জে জিকির * বেগমের তরে সাহা নিকটে ডাকিয়া ॥ কহিতে লাগিল কত তাহে বুঝাইয়া * আর নাহি কর দের সোন বিবি জান ॥ তুরিত করনা এছে বিদায় ছামান * সেয়ানা হইল

লেড়কি-ঘরে রাখা ভার ॥ তুরিত বিদায় করা উচিত তোমার * শুনিয়া বেগম এহা বড় খুসি হইল ॥ মহলেতে বিবিগণ আমদে মাতিল * মহলের বিচে জত আছে খাছ আম ॥ সাহানা লেবাছ সবে পিন্দিল তামাম * রাত দিন খুসি করে কোরে কত রঙ্গ ॥ সুখের সাগরে জেন উথলে তরঙ্গ * এদিকে উজির করে আপনার কাম ॥ সাদির ছামান জত হইল আঞ্জাম * এদিকে খোতন সাহা দরবারে বসিয়া ॥ উজিরের তরে এহা কহিল ডাকিয়া * খোজেস্তা রায় উজির আজর সাহার ॥ কহনা তাহাকে তুমি এই সমাচার * আএন্দা জুম্মার দিন করিব বিদায় ॥ আর না হইবে দেরি কহ না তাহায় * সমুন রোখের তরে দেহ না সুপিয়া ॥ একে২ দেহেজ সব দেহ বুঝাইয়া * বলিতে কহিতে রাত আসিয়া পৌছিল ॥ ফজরে উঠিয়া বাদসা হুকুম করিল * খবর ভেজিয়া দিল মহল বিচেতে ॥ সমুন রোখের তরে বিদায় করিতে * সুনিয়া মাতারি তার হুকুম বাদসার ॥ আপনা বেগানা জনে দিল সমাচার * আএন্দা জুম্মার দিন সোনহ সবায় ॥ সাহাজাদি সোমুন-রোখ হইবে বিদায় * হাসি খুসিতে দিন গোজরিয়া গেল ॥ আএন্দা জুম্মার দিন আসিয়া পৌছিল খাছ মহলের বিচে জানানা মহফিল ॥ জত-বিবিগণ সেতা হইল দাখিল * বিবিগণ মজলিসেতে বসিল জাইয়া ॥ সাহাজাদির তরে সেতা লিল মাঙ্গাইয়া * জেওর লেবাছ কত আনিয়া ত্বরায় ॥ মজ-লিসের বিচে সব রাখিল তাহায় * জেওর লেবাছ জত পেন্দায় বিবিকে ॥ মেরাসিন আসিয়া বসিল চারিদিকে * গাইতে লাগিল তারা নানা রঙ্গ গান ॥ সুনিলে সে তানসেন ভুলে জেতো তান * গাইতে লাগিল তারা আনন্দিত মনে ॥ গান সুনে মোহিত হইল জোনে২ *

---০:*:০---

* সাহাজাদির সিঙ্গারের বয়ান *

ত্রিপদী * খোতন সাহের বেটী, রূপে গুনে পরিপাটি,

গেতি আফরোজ

লিখি কিছু তাহার বর্ণনা ॥ মজলিসেতে বসাইয়া, জত বিবিগণ লিয়া সকলেতে করে আরাধনা * নানা রঙ্গ গহনা জত, তাহা বা লিখিব কত, কহি কিছু বর্ণনা তাহার ॥ সের পরে সিতা পাটী; বান্দিলেন খুব আটি, ঝাপ্টা দিল উপরে সিতার * চৌদানি কান বালা, গলে হার পুস্পমালা, চিক দিল উপরে সবায় ॥ লোটনে বান্দিল খোপা; তাহে গন্দরাজ চাঁপা, জরির মোবাব জড়া তায় * নাকে নথ আহা মরি, মতি গাথা সারি সারি, মনি দেখে করে হায়২ ॥ বাজুবন্দ বাহু পরে, বাঁক নিচে সোজা করে, জসোন পরে নিকটে তাহায় * নাকে দিল গুজি কাটী, করি সবে পরিপাটী, গলে দিল লোল্লাকের হার ॥ গজেরা কাঙ্গন হাতে, এয়াকুত জড়াও তাতে, পৌঁছি সোভে তাহার নিকটে ॥ গোল মল দোন পায়, গুজরি ঘুঙ্গুর তায়, ষেই দেখে তার প্রাণ ফাটে * কোমরেতে চন্দ্রহার, চাঁদ দেখে বেকারার, সরমেতে লুকায় আকাশে ॥ ফিরে সেরে দিল তাজ, হীরা এয়াকুতের কাজ, কোহিনুর ছিল তার পাশে * পাঁজেব ঘুঙ্গুর সাজে; ঝুমং শব্দে বাজে, চলে জবে সে বিধুবদনী ॥ দেখিয়া চলন তার, রাজ হংস জার, সরমেতে মরে সে আপনি * পেস্ওজ্ পরান তারে, মতি গাথা থরে২, কাজ তায় কত চিকনের ॥ সাড়ি খানি বেনারসি, পেন্দাইল হোয়ে খুসি, দেখে মন ভোলে আবেদের দোপাট্যা দিলেন গায়; মতির ঝাল্লোর তায়, গোটা টাকা কেন্নারে তাহার ॥ কিবাহার মরি২, দেখে জোদি হুর পারি, বলে জান না রাখিব আর * সোহাগিনি বিবী গন, হোয়ে পুলকিতোমন, সোমন রোখে-ঘিরিয়া বসিলো ॥ সাহানা গাহিচে, গান কিবা সেমধুর তান, বিবীসবে গাহিতে লাগিলো * মোছলেমের এই বানি, সোন২ ওলোধনি, মিছে কেন সবে করো দের ॥ বাদসা কে খবর দেহো, তরায় মাঙ্গাইয়া লেহ, নিসি গেল হইয়া আখের *

খোতন সাহা সোমুন রোখ বিবীকে দান দেহেজ দিয়া বিদায় করে তাহার বয়ান

পয়ার সোন সোন বন্ধুগন কিলিখিব আহা ॥ সোমন রোখের কথা

কিলিখিবে তাহা * মাথা হৈতে পাও তক সাজাইতে তায় ॥ চৌগুন বাড়িলরূপদেখিতে তাহায় * সাজাইয়া সাহাজাদিকে তৈয়ারকরিয়া॥ বাদসার হুজুরে দিল খবর ভেজিয়া * খবর পাইয়া সাহা উজিরে ডাকিয়া॥ কহিল খোজেস্তা রায়ে আনো বোলাইয়া*চোপদার উজিরে তবে ভেজিলো তরায় ॥ খবর পাইয়া রায় আইল হেথায় * খোজেস্তার তরে সাহা করিল ফরমান ॥ বুঝিয়া দেখিয়া লও দেহেজ ছামান * উজিরআজম সুনে বড় খুশি হৈল ॥ আপনা সরদারে ডেকে হুকুম করিলো * কোম্মর বান্দিয়া সবে হওনা তৈয়ার ॥ বিদায় করিব কিছু দের নাহি আর * সর দার চলিয়া গেলো সেই জে বাগানে ॥ খোজেস্তা রায় হাজির রহিল এখানে * আপনা উজিরে সাহা করিল ফরমান ॥ হাজের করোনা জত দেহেজ ছামান * উজির আজোমে সব দেহো বুঝাইয়া॥ আর সাহাজাদি তাহে দেহো না সুপিয়া * তার পরে কহিলেন বাদসা নেক নাম ॥ সোনহে খোজেস্তারায় আমারো কালাম * বেটীকে সুপিনু আমি পাক ছোবহানেভলা বুরা নেক বদ সেই জোনজানে * তোমার হাওয়ালা আমি করিনু এখন ॥ লিয়ে জাও বাবা তুমি আনন্দিত মন * তার পরে সাহা ফের হুকুম করিল ॥ এনাম খেলাত জাহা হাজের হইল * জে জেমন কদরের দিলেন তাহায় ॥ খেলাত পাইয়া খুস হইল সবায় * তার পরে মাহাফা এসে হাজের হইলো ॥ সাহাজাদি কে লিয়া তায় ছওয়ার করিল * আগে২ মাহাফা সব হইল রওয়ানা ॥ তার পরে লিখি কিছু দেহেজ বর্ণনা * খোলাছা করিয়া লিখি সোন ছাহেবান ॥ ভাতে২ দিল জাহা দেহেজ সামান * আগে২ সাহাজাদি হইল রওয়ানা ॥ তার পিছে কি চলিল সোনহো বর্ণনা * সাদা হাতি দশ জোড়া রওয়ানা হইল ॥ না না রঙ্গের সাজ তায় সাজাইয়া দিল * হাতির দাতের ছিল আম্বারি তাহার ॥ জর দজির ঘাটা টোপ উপরে তাহার * তার পরে হাতি আইল কাতারে কাতার ॥ আইল আরোবি ঘোড়া হাজারে হাজার * তার পিছে গাড়ি সব চলে সারি২ ॥ গরু ভোইস কতো লিখিতে না পারি * তার পিছে

গোলামের চলিলো কাতার ॥ তুর্ক্কি হাবসি রুমি বত্রিস হাজার * একুই উম্মর্‌কিবা দেখিতে বাহার॥ এক রঙ্গের লেবাছ ছিল গাএতে সবার* লেওণ্ডি গোলাম এতো কিকহিব আর ॥ তুরুকি মিসিরি রুমি বত্রিশ হাজার * গোলাবি রঙ্গের সব লেবাছ পিন্দিয়া ॥ ডাড়াইলো একে বারে কাতার হইয়া * কি বাহার সেসমায় হইল সেথায়॥ বেহেস্তের হুর জেনা আইল দুনিয়ায় * দেখিয়া খোতন সাহা দেহেজ সামান ॥ উজিরে ডাকিয়া ফের করিল ফরমান * জয়া হের কতো তাহ্যা দেখাও আমায় ॥ উজির আনিয়া সব রাখিল তথায় * তার পরে কাপড়ের থান কতো আনে॥ মৌজুত করিয়া দিল বাদসার ছামনে * ঐ সব চিজ সাহা নজোরে দেখিয়া ॥ খোজেস্তা রাএর তরে কহে বুঝাইয়া।* তোমার লাএক নাহি মনেতে জানিবে॥ মেহের করিয়া এহা কবুল করীবে * খোজেস্তা করীল সাহে আদাবো ছালাম॥ তার পরে কি হইল সোন নেক নাম * রেসালা পলটন কতো তৈয়ার হইল ॥ না না রঙ্গের বাজা কতো, বাজীতে লাগিল* খোজেস্তা রাএর সাতে হৈল রাহা দার ॥ সারি২ জায় সবে দেখিতে বাহার * মঞ্জিল২ রাহা নেকালীয়া জায় ॥ জেই খানে সাম হয় রহেন সেতায় * এয়ছাই কএক রোজ রাহেতে চলিয়া ॥ হিন্দুস্থান ছরহদ্দেতে পৌছিল জাইয়া* সহরবাহিরে এক আছীলবাগান॥ সেই স্থানে-গীয়া সবে করিল মাকান * এক জে সর্দ্দারে দিল হুকুম করিয়া ॥ তুরিত খবর দেহ বাদসাকে জাইয়া *. হুকুম পাইবা মাত্র এক জে সর্দ্দার ॥ বাদসার নিকটে গিয়া দিল সোমাচার * কহিতে লাগিল এহা আদাব রাখিয়া ॥ আলমপানা ছালামোত সোন মন দিয়া * পৌছীল খোজেস্তা রায় খোতন হইতে ॥ সাহাজাদি খোতনের আনিল সোঙ্গেতে ॥ সহর বাহিরে আছে মাকান করিয়া খবর দিলাম আমী হুজুরে আসিয়া * সুনিয়া আজর সাহা বাগে বাগ হৈল ॥ খুসির সাগরে জেয়ছা তরঙ্গ বোহিল * দিবা রাত্র জার তরে ছিল পেরেসান ॥ খবর সুনীবা মাত্র খুসী হৈল জান * এক সরদারের তরে।কহে নরপতি॥ সওয়ারি তৈয়ার তুমি কর শিগ্রগতি

খোজেস্তা রায় আসীয়া আছে মুরাদা বাগেতে ॥ ফজরে জাইব আমি তাহারে আনাতে * এতেক কহীয়া গেল মহল মাঝার ॥ সারা রাত নীন্দ নাহী হইল সাহার * ফজর হইতে সাহা বাহীরে আসীয়া ॥ সওয়ারী হাজীর আছে দেখে তাকাইয়া * সওয়ারির হাতি এসে হইল হাজীর ॥ সওয়ার হৈল তাতে বাদসা জাহাগীর * রয়ানা হইল সাহা সওয়ার হইয়া ॥ রেছালা পলটন পিছে জায় সারি দিয়া *রয়ানা হইল সাহা বিবিকে আনিতে ॥ তাহার খোলাছা বাত হইল লিখিতে * প্রথমে নকিব গন চলিল হাকিয়া ॥ তার পিছে মাহফা কত জায় সারি দিয়া * কত রঙ্গ ঘাটা টোপ মাহফার উপরে ॥ জর দোজরী কাজ করা ছিল থরে২ * শারি২ জায় কিবা দেখিতে বাহার ॥ চোপদার চলিল সাতে হাজারে হাজার * তার পিছে গোলাম চলিল সারি সারি ॥ তাদের বয়ান কিছু লিখিতে না পারি * এক রঙ্গ লেবাছ গায় এক উম্মরের দেখিলে সরমেন্দা হয় হুর বেহেস্তের * তার পঙ্গে দেখাদল সেপাহি লস্কর ॥ হাজারে২ জায় দেখিতে সুন্দর * তার পিছে বাজা বাজে ঝম ঝম ঝম ॥ আহা মরি মরি মরি কিবা মন রম জখন পৌছিল সাহা মুরাদা বাগেতে ॥ তোপের সালামি খুব হইল লাগিতে * খোজেস্তারায় আইল আগু বাড়াইয়া ॥ আদাব ছালাম করে ছের ঝোকাইয়া * দেখিয়া উজিরে সাহা বড় খুসি হৈল ॥ হাতি হৈতে আনন্দিতে নিচেতে আইল * খোজেস্তা রাএর হাত ধরিয়া ভুপাত ॥ অনেক তারিফ তার করে সিগ্রগাত তার পরে হাতি পরে হইল সওয়ার ॥ উজিরে তুলিয়া নিল কাছে আপনার * মুরাদা বাগান হৈতে বিবিকে লইয়া ॥ মহলের দিকে সব চলিল ফিরিয়া * খাশ মহলের দিকে পৌছিল জখন ॥ তোপের ধরনি কত হইল তখন * সওয়ারি চলিল জবে সাহি রাহা দিয়া ॥ দুদিগে তামাসা গির দেখে খাড়া হইয়া দোতালা তেতালা হৈতে মন আনন্দিতে ॥ গুল দিস্তা কত সত লাগিল পড়িতে * হু হা সোর সার কান রাখা ভার ॥ কেয়ামত

হৈল জেন সহর মাজার * একে বারে পৌছিলেন নুর মঞ্জিলেতে ॥ বিবিকে লইয়া যান মহল বিচেতে * খাওাছ খেদ মত গার আসিয়া পৌছিল ॥ লেওণ্ডি গোলাম আসি খাতের করিল খোজেস্তা রায় বাদসা আগে বিদায় হইয়া ॥ আপনা মাকানে সেহ পৌছল জাইয়া * নুর মঞ্জেলেতে সাহা বিবিকে রাখিয়া ॥ খাছ মহলের বিচে পৌছিল জাইয়া * আরাম করিল সাহা খেল-ওাত খানায় ॥ সারা রাত খুসি হালে গুজারিয়া জায় * এদিকে খোজেস্তা রায় মাকানে জাইয়া ॥ দুই চারি রোজ রহে আরাম করিয়া * রাহের মান্দেগি বড় আছিল তাহার ॥ মান্দোগ ছুটিয়া দেল হইল কারার * দর বারি লেবাছ পেন্দে ফজরে উঠীয়া ॥ রয়ানা হইল মর্দ্দ ঘোড়ায় চাড়য়া * একে বারে দরওাজাতে জাহয়া পৌছিল ॥ ঘোড়া হৈতে নিচে আশি দর বারেতে গেল উজির পৌছল যদি খাস দর বারেতে ॥ ছালা মির সোর কত হইল লাগিতে * উজির সকল লোকে ছালাম কারয়া ॥ আপনা কুরছির পরে বসিল জাইয়া * এদিকে আজর সাহা খেল-ওাত খানাতে ॥ উজিরে তলব করে এখানে আসতে * উজির সুনিয়া তবে তুরিত উঠীয়া ॥ খেলওাত খানার বিচে পৌছিল জাইয়া * আদাব ছালাম কোরে ছামনে বাসলো ॥ ধিরে২ সাহা তায় জিজ্ঞাসা কারলো * কহঃ মেহেরবান আমার আগেতে ॥ কি রূপে পৌছিলে তুমি তাতার দেশেতে * করিলে অনেক কষ্ট আমার লাগিয়া ॥ মাফ কর মেরা তরে মেহের হইয়া * উজির জুড়িয়া হাত কহিতে লাগিল ॥ গোলামের হক জাহা আদা না হইল * তোমার এহসান জাহা গরদানে আমার ॥ আদায় না হবে মেরা জেন্দেগিতে আর * জান মাল জাহা কিছু তোমার নিছানি ॥ কারলে না হবে আদা সোন মেরা বানি * এতেক সুনিয়া সাহা বড় খুস হৈল ॥ তার পর একে২ জিজ্ঞাসা করিল * খোজেস্তা রায় একেঃ লাগিল কাহাতে আজর সাহা ধেয়ান করে লাগিল শুনিতে * জেরূপে তাতার দেশে জাইয়া পৌছিল ॥ জেরূপে বাদসার সঙ্গে মোলাকাত হৈল *

জে রুপেতে বাগানেতে রাখেন তাহায় ॥ উজির তামাম হাল কহিল বাদসায় * বাগানের তারিফ জাহা উজির কহিল ॥ তাহার বয়ান কিছু লিখিতে হইল * মহাম্মদ মোছলেম কহে ভাব ॥ ছোবহান হেসাবের দিনে নবি করিবে আহছান *

—•ঃ*ঃ•—

খোতন সাহার বাগানের তারিফ

লঘুত্রিপদি * তাতার সাঁহের, তারিফ বাগানের, জার সানি নাহী আছে ॥ সুন ওহে ভুপ, নয়নে সেরূপ; নাহি কভু দেখা গেছে * আহা মরি২; জাই বলি হারি; বুঝি হয় সর্গ পুরি ॥ কে কোথা কখন, না দেখে এমন, তারিফ করিতে নারি * বাগানের বিচে, কত রঙ্গ আছে; জাহার তুলনা নাই ॥ কত রঙ্গ ফুল; হইয়া আকুল, বিকাশিত কতঠাই * গোলাপ চামেলি, চাপা বোনমালি, হাশি মুখে খাড়া আছে ॥ গেন্দা এ সামান, নাগেস্বর আন, বিকসিত আছে গাছে * সর্ব্ব অলি মুল জুই জাতি ফুল, বাগান করেছে আল ॥ বেলা ও গুলনার, সমুন সাদের বাহার; দেখিতে কেমন ভাল * ডালের উপরে, বুল বুল গুঞ্জরে, কুকিলেতে মারে তান ॥ কুম্রুরি তক্ করে, প্রেম রস ভরে, বিচ্ছেদের গায় গান * পর্দ্দ সর বরে, আনন্দে সাতারে, বিকসিত অলি ॥ তাহার উপরে, মধু পাণ করে, আনন্দিত হয়ে অলি * বাগানের বিছে, হাউজ যে আছে, কি দিব তুলনা তার ॥ সঙ্গে মর মরের, ঘাট চৌদিগের, তারিফ না হয় জার * বাগানের বিছে, বার দারি আছে, কিবা তাতে কারি গরি ॥ চান্দির দিয়ার, কপাট সোনার, সঙ্গে আছিল তার শিড়ি * সেই ঘর বিছে কত চিজ আছে, হিসাব তাহার নাই ॥ এক এক চিজের কত মুল্লুকের, তাহা কি বলিব ভাই * তার পরে আর, গাছ মেয়া

দার বয়ান কি করির তার ॥ আম জাম আর, আঙ্গুর আনার; আর কত মেওা দার * সেই যে বাগানে, আনন্দিত মনে, আছিনু সকলে লিয়া ॥ যতনের সাতে; রাখে বাগানেতে, চাকর নৌকর দিয়া কষ্ট কোন মতে, না ছিল তাহাতে, সোন২ জাহাগির ॥ তাতার ভুপাত, বড়ই সুমতি, তারিফ কি করিব তার * অধিন মোছলেম সবার খাদেম, খেদ মতে আরজ করি ॥ পুথি যে পড়িবে, দোয়া মুঝে দিবে, আমি গুনা গার ভারি *

পয়ার খোজেস্তা রাএর মুখে সুনে সব হাল ॥ আজর সাহার দেল হইল খোসাল * এনাম এক রাম কত দিল খুসিহৈয়া ॥ উজির হইল খুসি এনাম পাইয়া * হুকুম করিয়া দিল আপে নর পতি ॥ সাদির সামানা এবে কর সিঘ্র গাত * হুকুম পাইল যদি উজির বাদসার ॥ ডেঙ্গেরা করিয়া দিল সহর বাজার * বড়২ কারি গর আসিয়া পৌছিল ॥ তাহা সভা কারে এয়ছা হুকুম করিল * করহ আয়না বন্দি সহর তামাম ॥ হুকুম করিয়া দিল জার জেয়ছা কাম নুর মঞ্জেল হইতে বাদসার মহল ॥ আদ ক্রোষ তফাতে যে জানিবে সকল * ঐ রাহার দুই পাসে গাড়িবেক থাম ॥ এনেক টারি আলো তাতে জালিবে তামাম* ফুট পাতে ফুলের টপ দিলবসাইয়া নানা রঙ্গের ফুল গাছ দিল লাগাইয়া * বেলওারের সামাদান দেখিতে বাহার ॥ বড়২ মানুসের ছাতি বরাবর * দুই পাসে ফুট পাতে আনিয়া রাখিল ॥ সবুজ গোলাবি আর কত রঙ্গ ছিল * ছন্দল কাঠের কুরছি রাখে ঠাই২ ॥ হাজারে হাজার আমে লেখা জোখা নাই * ঠাই২ সামিয়ানা দিল টাঙ্গাইয়া ॥ বেলওারের ঝাড় কত দিলেক বান্দিয়া * ভগ্রর গুজার রাহে কিছু না রহিল ॥ পাঁচ কোষতক এয়ছা সাজাইয়া ছিল * ঠাই২ ফোহারা কত রাখিল তৈয়ার॥ গোলাব ভরিয়া রাখে করিয়া পিয়ার * বরাতি জাইবে জবে ঐ রাহা দিয়া ॥ ফোহারা সবের গায় দিবে ছেটকাইয়া * সঙ্গে

মরমরের সেজ করিয়া নির্ম্মান ॥ ঠাঁই২ রাখে কত না হয় বয়ান *
নুর মঞ্জেল হইতে আর বাদসার ভবন ॥ কত রঙ্গ সাজাইল
করিয়া পছন * আঞ্জাম হইয়া গেল যত কাজ কাম ॥ তার পরে
কি হইল শোনহে তামাম * হুকুম করিল সাহা উজিরে ডাকিয়া ॥
সাদির লগন কর ছায়েত বুঝিয়া * উজির হুকুম শুনে লগন
করিল ॥ রোজ জুম্মা সাদির দিন ঠিক যে হইল * লগনের
াল থোড়া লিখি যে এখানে ॥ পড়িয়া দেখনা ভাই যত বন্ধুগনে *
াদসার মহল হৈতে চলিল লগন ॥ নুর মঞ্জিলের দিকে করিল
গমন * আগে আগে নকিবগন চলিল হাকিয়া ॥ চোপদার
চলিল পিছে আসা হাতে লিয়া * তার পিছে মহফা চলিল
সারি২ ॥ কত যে চলিল তাহা লিখিতে না পারি * নানা রঙ্গ
বাজা ফের লাগিল বাজিতে ॥ বিন বাজে ব্যাণ্ড বাজে অতি আন-
ন্দিতে * তার পিছে সারি২ ভায় খাঞ্চালিয়া ॥ চলিল গোলাম
সব হাশিয়া খেলিয়া * নানা রঙ্গের নিয়ামত খাঞ্চায় আছিল ॥
জরদোজীর খানপোশ তাহে ঢাকা ছিল * চলিল লগন লিয়া
খুশি গোশালিতে ॥ একেবারে পৌছিলেন নুর মঞ্জিলেতে *
সোর সার ধুম ধাম হইতে লাগিল ॥ তোপের ছালামি ফের আরম্ভ
হইল * এ দিকেতে বিবীগন মোহাফা হইতে ॥ নাবিয়া দাখেল
হইল মহল বিচেতে * বিবীগন যে সময়ে যাইয়া বসিল ॥ ইন্দ্রের
আখাড়া যেন সেখানে হইল * একে২ বিবী যেন ইন্দ্রের কামিনী ॥
আহা মরি কেটে যায় হুদয় বাগিনী॥* সমুনরোখ বানুকে সেথায় বসায়
আনিয়া ॥ বিবিগন সোর করে হাতে তালি দিয়া * মতির কাঙ্গনা
লিয়া বান্ধিলেন হাতে ॥ কত রঙ্গ গান তারা লাগিল গাইতে *

পয়ার * বিবিগণ খুসি মনে গান যে গাইয়া ॥ মেহদি
সোন্দল পায় দিল লাগাইয়া * লগনের তিন দিন গোজারিয়া
গেল ॥ বিবাহের দিন ফের আসিয়া পৌছিল * এক হপ্তা আগে
হৈতে তামাম সহর ॥ রাত দিন খুসি করে প্রতি ঘরে ঘর * সহর
বিচেতে ছিল যত খাছ আম ॥ কাহার দেলেতে কিছু নাহি ছিল
গম * নাচ রঙ্গ ঠাঁই২ দেখেন ফিরিয়া ॥ যেখানে যেমন চাহে

গোতি আফরোজ.

খানা খায় গিয়া * কাহার ঘরেতে চুলা নাহি জ্বলে আর ॥ ঠাই২
লাগিয়াছে বাদসাহি ভাণ্ডার * এইরূপে সাত দিন গেল গোজরিয়া
হুকুম করিল শাহা উজিরে ডাকিয়া * তুরিত তৈয়ার কর বরাতি
সামান ॥ পাইল উজির যবে বাদসাহি ফরমান * বরাতি সামান
যবে তৈয়ার হইল ॥ তাহার বয়ান কিছু লিখিতে হইল * জুম্মা
রাত গোজরিয়া কজের হইতে ॥ তোপের ছালামি কত হইল,
লাগিতে * এদিগে ফরাশিগণ মজলিশ সাজায় ॥ নানা রঙ্গের
বিছানা কত আনিয়া বিছায় * আমির ওমরাওগণ আসিয়া পৌছিল
মখমল উপরে সবে যাইয়া বসিল * তার পরে একে একে আইল
তামাম ॥ হাজের হইল সেতা যত খাছ আম * নানা রঙ্গ বাজা
ফের বাজিতে লাগিল ॥ মহল হইতে শাহা মজলিসে আইল *
পরেতে নওশাকে আনি মজলিশ বিচেতে ॥ নানা রঙ্গের সাজ পাট
লাগিল করিতে * তার পরে তক্ত রওা হাজির হইল ॥ নানা
রঙ্গের জওাহের তাতে জড়া ছিল * নকিব চোপদার কত হইল
হাজির ॥ লেবাছ পিন্দিয়া ছিল জতেক জরির * কত রঙ্গ ঘোড়া
গাড়ি আসিয়া পৌছিল ॥ বরাতির জন্যে সব হাজের হইল *
মৌজুদ হইল যবে বরাতি সামান ॥ কি লিখিব সে সময়ে তাহার
বয়ান * আজব শাহের তরে বর সাজাইয়া ॥ তক্তরওা পরে বরে
দিল বসাইয়া * এক প্রহর রাত, যবে আছমানে হইল ॥ নওশাকে
লইয়া সব বরাতি চলিল * আগে আগে বাজিতে লাগিল সাদিয়ানা ॥
নুর মঞ্জিলের দিকে হইল রওয়ানা * নানা রঙ্গ আতশ বাজি
লাগিল ছাড়িতে ॥ রৌশন হইল খুব তাহার জোতেতে * রাত
কিবা দিন কিছু নাহি যায় জানা ॥ কেবা কাকে ডাকে তার না
পায় ঠিকানা * তালে তালে বাজা বাজে নানান সুরেতে ॥ তার
পিছে তক্ত রওা লাগিল চলিতে * আগে আগে ঘোড় ছওার কত
যে চলিল ॥ তার পিছে হাতির যে মিছিল চলিল * তার পিছে
সফেদ রঙ্গেল ঘোড়ার সওার ॥ সারি২ জায় কিবা দেখিতে বাহার
তার পিছে ঘোড়ার গাড়ি চলে সারি দিয়া ॥ তাহার ভিতরে সব
বরাতি বসিয়া * তার পিছে মাহাফার চলিল কাতার ॥ জরির
গেলাপ তাতে দেখিতে বাহার * তার পিছে গোলামের চলিল

কাতার ॥ এক রঙ্গ লেবাছ ছিল গায়েতে সবার * এ দিকে বরাতি সব রওানা হইল ॥ ও দিকের হাল ফের লিখিতে হইল * সোমুন রোখ বিবী আছে হেতা নুর মঞ্জিলেতে ॥ এগানা বেগানা কত আছিল সঙ্গেতে * খোতন হইতে জারা সঙ্গেতে আইল ॥ সেই সব বিবীগণ সেখানেতে ছিল * ঘোড়া ও ফউজ যাহা আসিয়া ছিল সাতে ॥ সমুন রোখে আইল যাহারা পৌছাইতে * সেই সব সরদারগণ ছাফা হেলাইয়া ॥ আগে বাড়াইতে যায় তৈয়ার হইয়া এ দিকেতে সাদিয়ানা বাজিতে লাগিল ॥ ওদিকেতে বরাতিগণ আসিয়া পৌছিল * দু দিকের বাজা আর কত সোর সার ॥ কার কথা কেবা শুনে কান রাখা ভারি * শাহানা মজলিশ সেথা আরাস্তা আছিল ॥ যাইয়া বরাতিগণ সেখানে বসিল * নাবাইল নওশাকে যবে তক্ত রওা হৈতে ॥ একেবারে বসাইল লিয়া মজলিসেতে * মবারক বাদি দিল মজলিস তামাম ॥ হাজের আছিল সেথা যত খাছ আম * নানা রঙ্গ বাজা ফের বাজিতে লাগিল ॥ নাচওালি বাইগণ হাজের হইল * বাজাওলাগণ সব এনাম লইয়া ॥ জার যে জায়গায় সব রহিল যাইয়া * এদিকেতে নাচ বাজা হইতে লাগিল ॥ আএস আরামে রাত গোজারিয়া গেল * ফজর হইয়া গেল খুশি খোশালিতে ॥ কাজি হাজের হৈল সাদি পড়াইতে * উকিল গাওাহি নিয়া নেকাহ পড়াইল ॥ এনাম লইয়া কাজি বিদায় হইল * তার পরে খাদেমান হাজের হইল ॥ নানা রঙ্গ খানা সেথা হাজের করিল * বরাতি লোকের তরে খাতির করিয়া ॥ যতনের সাতে খানা দিল খেলাইয়া * খানা পিনা করে সব ফারাগত হৈল ॥ নানারঙ্গ ভাঙ্গাভাঙ্গি হাজের হইল * কত২ খেলা কাজি করিয়া তামাম ॥ বিদায় হইল সর্বে লইয়া এনাম * পরেতে নৌশাকে লিয়া গেল মহলেতে ॥ কুরির কাছেতে সাহে দিলেন বসিতে * মুখ দেখা দেখি যবে হইল তামাম ॥ আঞ্জাম হইয়া গেল রেসমের কাম * তার পরে সেথা হতে বাদশা জাহাগির ॥ মজলিসের বিচে গিয়া হইল হাজির * হুকুম করিল সাহা উজিরের তরে ॥ মহলে লইয়া যাও বিবির খাতিরে * খাছ মহলের বিচে দেহ পাঠাইয়া ॥ খোজেস্তা হুকুম পেয়ে উঠিল চলিয়া * এ দিকের কথা ফের রহিল হেথায় ॥

মহলের হাল কিছু জানাই সবায় * উজির হুকুম পেয়ে মহলেতে গেল ॥ বাদসার হুকুম যাহা শুনাইয়া দিল * শুনিয়া হুকুম সাহি যত বিবিগণ ॥ সাজান পড়ান করে হয়ে খুশি মন * সাজাইতে কিবা হৈল কি লিখিব তায় ॥ বেহেস্তের হুর দেখে করে হায় হায় * সমুনরোখে দাসিগণ সকলে লইয়া ॥ তাঞ্জাম উপরে সবে বসিল যাইয়া * ধীরে২ কাহারগণ চলিল রাহেতে ॥ চামর হেলায় দাসি বিবীর তরেতে * জালিদার ছিল মহফা দেখিতে বাহার ॥ হিরা ইয়াকুতের কাজ আছিল তাহার *মহফা চলিল যবে রাহার বিচেতে ॥ ফুলের কানন সবে লাগিল দেখিতে * নরগেছ নামেতে দাসি খোশালে হাজার ॥ খাম্বাজ সুরেতে গান করে এ প্রকার ॥ তাঞ্জাম পৌছিল যবে খাছ মহলেতে ॥ মনের খুশিতে গান গাহিতে২ * মাহাম্মদ মোছলেম ভনে রছুলের পায় ॥ ভবসিন্ধু পার হব যাহার কৃপায় *

গীত রাগিনী খাম্বাজ—তাল তেতালা।

ঐ দেখ কাননে ফুল ফুটেছে নানা জাতী।
জাতী জুতি গন্ধরাজ রোজনী গন্ধ মালতী ॥
অসক অপরাচিতা, রাধা পদ্ম ঝুমকো লতা,
হেরে গোল মল২ গোলক লতা, আহা সুগন্ধ ছেড়েছে,
দেখ কামিনী জাতী।
শামা লতা তরুলতা, কৃষ্ণ চূড়া জুমোটী কন্দললতা;
সদা মাধবিতে মজায় জুবতি ॥

পয়ার * শোনহে রসিকগণ করি যে বয়ান ॥ কেতাবের বাত এক্টা করনা ধিয়ান * তার পরে কি হইল শুন সকলেতে ॥ আগেকার বিবী ছিল জা[illegible] নামেতে * সেই [illegible] দেখে তে আপন ॥ [illegible] রোখ বিবীর নাম যখন শুনিল ॥ সেই হৈতে তার মনে দুশমনি হইল মনে২ ছিল তার এমনি প্রকার ॥ কিরূপে বাদসার আগে করি তারে খার * আগে হৈতে এই কাজ করিয়া রাখিল ॥ তেলেছমাতি ছাল্লা

এক তার কাছে ছিল * ছাল্লা ধোয়া পানি যদি কাহার পেলায় ॥ পাগল হইয়া যাবে কথা নাহি কয় * জালালা বিবির এক দাই যে আছিল ॥ তাহার সঙ্গেতে এই ভেদাভেদ ছিল * সমুনরোখ বিবি যবে পঁওছে মহলেতে ॥ জালালা বসিল তার যাইয়া কাছেতে * খেলামেলি করিল তার ধরিয়া গলেতে ॥ কপালেতে বোছা দিল পেয়ারের সাতে * সেই খানে বসে ছিল যত বিবিগণ ॥ আমদ প্রমোদ করে আনন্দিত মন * খাওাছে জালালা বিবি হুকুম করিল ॥ খাবার ছামানা যত তৈয়ার হইল * পহেলা সরবত এনে করিল হাজির ॥ সরবত পেলায় তাহে করিয়া খাতির * ছাল্লা ধোয়া সরবত যাহা তৈয়ার আছিল ॥ সমুনরোখে সেইত সরবত পেলাইল* দোছরা সরবত এনে সকলে পেলায় ॥ খাবার ছামান সবে আনিয়া যোগায় * খাইতে লাগিল খানা সকলে মিলিয়া॥তারপরে কি হইল শুন মন দিয়া ঢলিয়া পড়িল বিবি বেহুশ হইয়া ॥ বিবিগণ হুহু শব্দে উঠে চেল্লাইয়া* একবারে শোর সার হইল গণ্ডগোল ॥ মহলের বিচে হৈল কান্দনের রোল * গোলাব আনিয়া ছেটে আতর শোঙ্গায় ॥ কান্দিয়া কান্দিয়া সবে করে হায় হায় * কেবা কারে ডাকে কিছু নাহি ছিল হুশ ॥ জত বিবী ছিল সেথা সকলে বেহুশ * খবর পৌছিল গিয়া বাদ-সার কাছেতে ॥ দৌড়িয়া আইল সাহা উঠীতে পড়িতে * মহল ভিতরে যবে গেল নামদার ॥ বিবীর এ হাল দেখে হৈল বেকারার * বানুর এ হাল দেখে পোছে সারে তারে ॥ কেন এয়ছা হাল হৈল কহত আমারে * বিবিগণ সাহা আগে কহে এই বাত ॥ বিনয় করিয়া আর জুড়ে দোন হাত * একে২ ছারা হাল বয়ান করিয়া ॥ বাদসার নিকটে সব কহে বিবরিয়া *. তার পরে বাদসা ফের বিবীর লাগিয়া ॥ পুছিতে লাগিল বাত পিয়ার করিয়া * তোমার কি হাল হৈল কহনা আমারে ॥ তাহার তদবির আমি করিব তোমারে * চুপ হৈয়া আছ কেন নাহি কহ বাত ॥ মুখ তোল কথা কও বিবী নেকজাত * বেহুশ হালেতে বিবী হেট ছেরে রয় ॥ যত কিছু পোছে বাত না কহে শাহায় * বিবীর এই হাল দেখে কান্দিয়া২ ॥ খোজেস্তা রায়ের তরে লিল বোলাইয়া * সমুনরোখের হাল শাহা করিল বয়ান ॥ উজির শুনিয়া বাত হৈল পেরেশান * কহিতে

লাগিল রায় বাদশা জাহাগির ॥ কি হুকুম কর মুঝে গোলাম হাজির * হুকুম করিল শাহা কর শীঘ্রগতি ॥ দেরি নাহি সহে আর সোন হোসমতি * শুনিয়া উজির তবে বাহিরে আসিয়া ॥ বাদশাই তবিব গনে লিল বোলাইয়া * হাকিম তবিবগণ হইল হাজির ॥ উজির বিবির হাল করিল জাহির * শুনিয়া তবিবগণ তৈয়ার হইল ॥ বিমারির ভাব কিছু বুঝিতে নারিল * তার পরে নজ্জুমগণ হইল হাজির ॥ কেতাব খুলিয়া হাল দেখিল বিবীর * হাল যে দেখিয়া ইহা কহিতে লাগিল ॥ জেনের আছর এই বিবীকে হইল * এয়ছাই দেখিনু আমি কেতাব মাঝার ॥ নজ্জুম কহিল ইহা নিকটে বাদশার * সুনিয়া কহিল শাহা নজ্জুম সহিত ॥ ইহার তদবির তুমি করনা তুরিত * ভাল যদি কর তুমি বিবীকে আমার ॥ এনাম বকসিস পাবে হাজারে হাজার * বাদসার হুকুম তারা পাইল যখন ॥ জার যে এলেম সব চালায় তখন * দরূদ পড়িয়া কেহ ফোকেন বিবীরে ॥ তাবিজ বান্দেন কেহ বাজুর উপরে * কেহ সুরে জিন পড়ে পানিতে ফুকিয়া ॥ ঐ পানি বিবির তরে দেয় পেলাইয়া ॥ হোলুদ জ্বালায়ে কেহ ধুঁয়া দেয় নাকে ॥ মন্তর পড়িয়া কেহ আশে পাশে ফোকে * জার যে এলেম ছিল করে সেই মতে ॥ আরামের চিন্ন কিছু না দেখে তাহাতে * আখেরে লাচার হয়ে চলিল ফিরিয়া * নজ্জুম সকলে গেল বিদায় হইয়া * দরবারেতে গেল শাহা না বলে কাহাকে ॥ বিমারির হাল যাহা পোছে জাকে তাকে * তার মধ্যে এক জনা দু হাত জুড়িয়া ॥ কহিতে লাগিল ইহা আদাব রাখিয়া * আলম্পানা জালামত আরজ হুজুরে ॥ কান্ধার সহর আছে পশ্চিম উত্তরে * সেই সহরেতে আছে এক যে ফকির ॥ বড়ই কামেল তিনি আছে যে জাহির * সেখ সানা নাম তার শোন জাহাঁপানা ॥ আলেম কাজেল আর বড়ই সেয়ানা * তাহার দোয়াতে ভাল হইবেন বিবী ॥ হুজুরে আরোজ যাহা করিনু সেতাবি * আজর শাহা এই কথা শুনিল যখন ॥ বড় পেরেশান সাহা হইল তখন * কহিতে লাগিল আয় পরওার দেগার ॥ তুমি বিনে কে করিবে মদদ আমার * পড়িয়া বিবির দায় করি হায় হায় ॥ তরাইয়া লেহ বারে আপনা কৃপায় * এয়ছাই কহেন আর কান্দে জারে জার ॥

বোধ নাহি মানে এয়ছা হৈল বেকারার * উজির আজম হাল বাদসার দেখিয়া ॥ এয়ছাই আরোজ করে দু হাত জুড়িয়া * পেরেশান নাহি হও বাদসা নামদার ॥ এখনি করিব আমি তদবির তাহার * উজির উঠিয়া তবে খাড়া যে হইল ॥ খাছ আম সব লোক হাজের আছিল * উজির এয়ছাই বাত কহিল সবারে ॥ এক যে দরবেশ আছে কান্ধার সহরে * জে কেহ জাইয়া সেই কান্ধার সহরে ॥ সেই দরবেশের তরে পারে আনিবারে * তাহার দোয়াতে বিবি পাইবে আরাম ॥ কেহ জদি করিতে পারে এছাই জে কাম * বাদশার নিকটে সেহ সরফরাজ হবে ॥ এনাম খেলাত দিয়া খুব নেয়া জিবে * এতেক সুনিয়া দুই জওান উঠিয়া॥ আরজ করিয়া কহে দুহাত জুড়িয়া * আমরা হাজের আছি কান্ধার জাইতে ॥ দরবেশের তরে মোরা পারিব আনিতে * এক জওানের নাম জানিবে হাসেম ॥ দোছরার নাম হয় জানিবে কাছেম * উজির সুনিয়া তবে বড় খুসি হৈল ॥ দুই জনে বাদশার হুজুরে লিয়া গেল * উজির আরজ করে বাদশা বরাবরে ॥ এই দুই জনা জাবে কান্ধার সহরে * একথা সুনিয়া শাহা বড় খুশি হৈল ॥ যাইবারে দুই জনে হুকুম করিল * উজির হুকুম পেয়ে সালাম করিয়া ॥ দুই জনে সাতে করে চলিল ফিরিয়া * আস্তাবল হইতে ঘোড়া দিল এক জোড়া ॥ রাহের খরচ আর দিল জামা জোড়া * মাহাম্মদ মোছলেম কহে সোন আলম্পানা অবশ্য যাইবে সেথা এই দুই জোনা * দেলের মুরাদ তেরা হাসিল হইবে ॥ কান্ধারে যাইয়া এরা দরবেশে আনিবে *

পয়ার * দুই জনে খুসি হালে করিল বিদায় ॥ ঘোড়ায় চড়িয়া দোন নেকালিয়া যায় * হাসেম-কাসেম দোন বিদায় হইয়া মঞ্জিলে২ রাহা যায় নেকালিয়া * এয়ছাই মাহিনা রোজ রাহেতে চলিয়া ॥ সামনে পাহাড় এক দেখিল চাহিয়া * পাহাড়ের কাছে গিয়া যখন পৌছিল ॥ এক বুড়া বসে আছে দেখিতে পাইল * ধীরে ধীরে দুই জনে পৌছিল তথায় ॥ সালাম করিয়া দোন বসিল সেথায় * বুড়া বলে কহ কহ ওহে মোছাফের ॥ কি জন্যে আইলে হেথা করনা জাহের * এহারা কহিল তবে শোন বাবাজান ॥ কি

নামেতে ॥ বড়ই মাকুল বিবী তাহার ঘরেতে * তাতার শাহের বেটি শোন মেহেরবান ॥ কি রোগ হইল তার না হয় বয়ান * হাকিম তোবিব আর আলেম ফাজিল ॥ কিছু না করিতে পারে হইল মুস্কিল * শেষেতে নজুম লোক আসিয়া পৌছিল ॥ গুনিয়া দেখিয়া তারা এ কথা কহিল * কেহু না পারিবে এছে করিতে আরাম ॥ সোন২ শাহা এবে আমার কালাম * কান্ধার সহরে আছে এক যে ফকির ॥ তাহাকে আনিতে পার করিয়া ফিকির * তাহার দোয়াতে জান বেগম তোমার ॥ আরাম হইবে শাহা কুদরতে আল্লার * তাহাকে আনিতে মোরা যাইব কান্ধার ॥ শোন২ বুড়া পীর আরোজ আমার * এতেক শুনিয়া বুড়া কহিল তাদেরে ॥ এই রাহা দিয়া যাও কান্ধার সহরে * সামনে যাইয়া যবে দুই রাহা পাবে ॥ ডাহিনের রাহে দিয়া চলিয়া যাইবে ॥ দুই দিন পরে পাবে কান্ধার সহর ॥ কোন বাতে ভয় নাহি রাহের উপর * এতেক শুনিয়া দোহে বিদায় হইল ॥ লইয়া আল্লার নাম রওয়ানা হইল * এয়ছাই কএক রোজ নেকালিয়া যায় ॥ সামনে সহর এক দেখিবারে পায় * যাইয়া পৌছিল দোহে সহর কেনারে ॥ বড় বড় বালাখানা পায় দেখিবার * দুরে হৈতে দেখে দোহে নজর করিয়া ॥ গাছ তলে এক জোনা আছিল বসিয়া * দুই জনে তার কাছে জাইয়া পৌছিল ॥ সহরের নাম তারে জিজ্ঞাসা করিল * সে জনা কহিল দোঁহে সোন মছাকের ॥ কান্ধার বলিয়া নাম এই সহরের * এ বাত শুনিয়া তারা বড় খুসি হৈল ॥ দুই জনে তার কাছে জাইয়া বসিল একে২ ভেদ বাত লাগিল পুছিতে ॥ সেই ফকিরের হাল লাগিল জানিতে * সেই বুড়া কহিলেন শোন মোছাফের ॥ সেখ সানা নাম জান সেই ফকিরের * বড়ই কামেল আর বড়ই আমেল ॥ এলেমেতে তার সান না দেখি ফাজেল * কত কত্ত দেশের লোক কত যে বিমার ॥ ভাল হৈয়া যায় এসে কত যে আজার * তাহার গুনের কথা কি বলিব ভাই ॥ এই দেশে তার মত আর কেহ নাই সামনে সহরে ঐ যাও না চলিয়া ॥ যাহাকে পুছিবে সেই দিবে দেখাইয়া * এতেক শুনিয়া দোহে রওয়ানা হইল ॥ সহরের বিচে দোন যাইয়া পৌছিল * সহরের তারিফ কিছু না লিখিনু আর ॥

পুথি বেড়ে জাবে তাতে সোন বেরাদার * আপনা মতলব পানে হইনু রয়ানা ॥ তার পরে কি হইল সোন সর্ব্বজনা * সহরের বিচে জবে জাইয়া পৌছিল ॥ সহরিয়া এক জনে জিজ্ঞাসা করিল * কহ২ ভাই জান মেহের করিয়া ॥ সানান দরবেশ কোথা দেহ বাতাইয়া * সে জোনা কহিল সোন২ সাহেবান ॥ ঐ দেখা যাই-তেছে তাহার মাকান * লাল রঙ্গ নিশান উড়ে ঐ দেখা জায় ॥ ফকিরের হুজুরা সেই জানিবে নিশ্চয় * এতেক সুনিয়া দোন রওয়ানা হইল ॥ একেবারে দরয়াজাতে জাইয়া পৌছিল * দেখে এক জোনা বোসে আছে নুরানি চেহেরা ॥ দরবেশ কামেল আর খোদার পিয়ারা * এসারা করিল তিনি বসিবার তরে ॥ বসিলেন গিয়া দোন হুজরার ভিতরে * ঘড়ি এক বাদে তিনি পুছিল তাহারে ॥ এ দেশের লোক নাহি দেখি তোমাদেরে * কোথা হৈতে আসিয়াছ কোন দেশে ঘর ॥ কি জন্য আইলে হেতা কহ সমাচার * কহিতে লাগিল তারা সোন মেহেরবান ॥ আমাদের বাড়ি জান হয় হিন্দুস্থান * কি জন্যে আইনু হেতা সোন বাবা পির ॥ আপনার কাছে তাহা করি জে জাহির * হিন্দুস্থানের বাদসা আজর নামেতে ॥ তাতার সাহের বেটী তাহার ঘরেতে * বাদসার বেগম তিনি বড়ই পিয়ারি ॥ কি রোগ হইল তার কহিতে না পারি * তার জন্যে নরপতি আছে পেরেশান ॥ হুজুরের কার-বারে না করে ধিয়ান * বাদশাহির কারবার সকলি ছাড়িয়া ॥ দিবারাত্র বিছানাতে থাকেন পড়িয়া * আপনার নাম সুনে বাদসা নামদার ॥ আমাদিগে ভেজিলেন কাছে আপনার * মেহের করম জদি হয় আপনার ॥ আরাম হইতে পারে বেগম বাদসার * সেখ-সানা এই কথা সুনিল জখন ॥ দুই জনে এইবাত কহিল তখন *

—০ঃ*ঃ০—

*: সেখ-সানা আপন দুই মুরিদানের ঠিকানা হাসেম ও * * কাসেমকে বলেন তাহার বয়ান *

পয়ার * হাসেম কাসেম সেই দরবেশের তরে ॥ বেগমের হাল জাহা কহিল সারেওরে * সুনিয়া তামাম হাল দরবেশ নেক-জাত ॥ দুই জনে এইবাত কহিল নেহাত * সোন২ হাসেম কাছেম আমি কহি ॥ মেরা দুই মুরিদ আছেন জান সহি * দানাদেল নাম জান এক মুরিদের ॥ রোসন জমির নাম আর এক জনের * তাহা দিগে আনিতে জদি পারহ জাইয়া ॥ মতলব হাসেল হবে সোন মন দিয়া * একথা শুনিল জবে তারা দুই জনে ॥ দরবেসের তরে বাত কহিল জতনে * মেহের করিয়া পাতা দেহ বাতাইয়া ॥ জে সুরাতে পারি মোরা আনিব জাইয়া * দরবেস কহেন ফের এয়ছাই কালাম ॥ উত্তরে পাহাড় আছে নাম সুভোসাম * দানাদেল সেই পাহাড়ের গাছ তলে ॥ বসিয়া আছেন সদা আপনার হালে * চাল্লিশ বৎসর সেতা আছেন বসিয়া ॥ আসক আল্লার কহি সোন মন দিয়া * খাওা পেওা নাহি আর নিদ্রা নাহি তার ॥ তাহার খোরাক জান জেকের আল্লার * দোছরা মুরিদ মেরা সোন তার হাল ॥ রাত্রদিন আছে তার পানির খেয়াল * দরিয়া কুলজুম আছে পশ্চিম দিগেতে ॥ সেতা গেলে তার তরে পাইবে দেখিতে সুমুদ্র ধারে তিনি আছেন বসিয়া ॥ পানির উপরে সদা নেগাও করিয়া * দুই জনের দিনু আমি ঠীকানা বাতাইয়া ॥ তাহা বাদে কি হইল সোন মন দিয়া * দুই আঙ্গুটী খুলিলেক আঙ্গুল হইতে ॥ এক২ ছাল্লা দিল দুজনার হাতে * কহিলেন রাখ এহা হেফাজত সাতে ॥ গম পেরেসানি ভয় না হইবে পথে * দেও জিন বাঘ ভাল জখন দেখিবে ॥ দেখামাত্র একেবারে তাবেদার হবে * জা কহিবে মানিবেক ছের নোয়াইয়া ॥ ছুলেমানি ছাল্লা ইহা সোন মন দিয়া * জখন তাদের কাছে জাইয়া পৌছিবে ॥ তারত তাদের তরে ছাল্লা দেখাইবে * কিছু বাত না কহিবে সোন মন দিয়া ॥ কিরূপে বান্দিগি করে দেখিবে বসিয়া * এতেক কহিয়া ফের খলিল

আল্লার ॥ দুই কূঁজা পানি দিল হাতে দোহাকার * আর দুই রুটী দিল দুজনের তরে ॥ তা বাদে কহিয়া দিল দোহার খাতিরে * জখন লাগিবে ভুক এই রুটী খাবে ॥ এই কূঁজা হৈতে পানি পিইয়া লইবে * খোদার হুকুমে পানি কম না হইবে ॥ জত খাবে তত ফের মৌজুদ হইবে * জখন খাইবে রুটী বিসমিল্লা বলিয়া ॥ অর্দ্ধেক খাইলে পেট জাইবে ভরিয়া * ফের জেয়ছা রুটী তেয়ছা সাবুদ থাকিবে ॥ আল্লার কুদরত জাহা জানিতে পারিবে * দরবেশ দুই জনে দিল সামান করিয়া ॥ হুকুম করিল জাহ মিছমিল্লা বলিয়া দুই জনা দরবেশ আগে হইয়া বিদায় ॥ লইয়া আল্লার নাম চড়িল ঘোড়ায় * দক্ষিন দিগে হাসেম জে হইল রওয়ানা ॥ পশ্চিম তরফে জায় কাছেম মর্দ্দানা * কাছেমের হাল এবে রাখিনু হেতায় হাসেমের হাল কিছু সোনহে সবায় * ঘোড়ায় চড়িয়া মর্দ্দ রওান হইল ॥ মঞ্জিলে২ রাহা জাইতে লাগিল * কত২ গাঁও বস্তি সহর বাজার ॥ দেখিতে২ জায় হইয়া ছওয়ার * সারাদিন জায় মর্দ্দ রাহেতে চলিয়া ॥ জেখানেতে সাম হয় থাকে ওত্তরিয়া * ভুক জদি লাগে খায় রুটী নেকালিয়া ॥ কূঁজা হৈতে পানি পিয়ে আছুদা হইয়া * ফের কূঁজা পানি ভরে আল্লার কুদরতে ॥ তাহার মহিমা ভাই কে পারে বুঝিতে * এইরূপে কএক রোজ রাহেতে চলিল ॥ সামনে জঙ্গল এক দেখিতে পাইল * গাছ পালা ফল ফুল জমিন তামাম ॥ জাহা কিছু লাল দেখে কুদরতের কাম * দেখিতে২ এয়ছা জায় নেকালিয়া ॥ জরোদ জঙ্গলে ফের পৌছিল জাইয়া * জরোদ রঙ্গের আছে জত খাক ধুল ॥ গাছ পালা আর জান জত পাতা ফুল * দুই তিন রোজ জায় দেখিয়া নয়নে ॥ তার পরে পৌছিলেন সফেদ ময়দানে * চাঁদির মতন সাদা সেইত ময়দান ॥ খাক ধুলা মাটী জত দুধের সমান * গাছ পালা জাহা কিছু জেমন চাঁদির ॥ দেখিতে২ আমি হৈনু রাহাগির * তিন দিন জাই সেই ময়দান চলিয়া ॥ সামনে দেখেন খুব নজর করিয়া * বড়া উচা পাহাড় এক দেখেন সামনে ॥ মাথা তার লাগিয়াছে জাইয়া আছ-

মানে * দেখিতে২ জায় রাহার উপরে॥ জাইয়া পৌছিল সেই পাহাড়ের ধারে * আজব তামাসা দেখে সেখানে জাইয়া॥ বড়২ পাথ্থর কত আছেন পড়িয়া * চান্দির মত সব চমক তাহার॥ পাহাড় আছিল এয়ছা দেখিতে বাহার * কি কি না করিল সেই পরওার দেগার॥ তাহার কুদরত বুঝে জুগ্যতা কাহার * পাহাড়ে চড়িতে লাগিল ধিরে২॥ জাইয়া পৌছিল গিয়া তাহার উপরে * পাহাড় উপরে জবে জাইয়া পৌছিল॥ আজিব দরক্ত এক দেখিতে পাইল * ধিরে২ জায় সেই গাছের তলায়॥ এক জনা বসে আছে-দেখিবারে পায় * ছের ঝুকাইয়া তিনি আছেন বসিয়া॥ এবাদত বন্দিগি করে দেল লাগাইয়া * নিকটে জাইয়া হাছেম ছালাম করিল॥ দানাদেল মাথা তুলে তখনি দেখিল * মুচকিয়া হাসি-লেন হাসেমে দেখিয়া॥ হাসেম দিলেন ছাল্লা তখনি ধরিয়া * এসারা করিয়া বলে বসিবার তরে॥ তখনি বসিল মর্দ্দ জাইয়া কেনারে * হাত তুলে হাসেমের মাথা পরে দিল॥ দেয়া মাত্রে হাসেম মর্দ্দ বেহুস হইল * হেথাকার কথা এবে রহিল হেতায়॥ কাছেমের হাল এবে সোনাই সবায় * কাছেম পশ্চিম দিকে রওানা হইয়া॥ মঞ্জিলে২ রাহা জায় নেকলিয়া * এয়ছাই কএক রোজ চলিয়া রাহেতে॥ সামনে বাগান এক পাইল দেখিতে * বাগান নিকটে জবে জাইয়া পৌছিল॥ আজব তামাসা সেথা দেখিতে পাইল * এক দেও বসে আছে রাহার উপরে॥ দেখিয়া কাছেম তারে ভয় নাহি করে * আংটির সবাবে কিছু নাহি করে ভয়॥ জেই ছাল্লা সেখ-সানা দিয়াছিল তায় * ছাল্লা দেখিয়া দেও ছালাম করিল॥ নিকটে ডাকিয়া বাত পুছিতে লাগিল * কহ২ মছাফের কহতো আমায়॥ কি জন্যে আইলে তুমি জাইবে কোথায় * কাছেম কহেন দেও সুন মন দিয়া॥ কুলজুম দরিয়া মুঝে দেহ বাতাইয়া * দেওকে পুছিল ফের কাছেম জওান॥ মেহের করিয়া বল কাহার বাগান * দেও বলে সোন এই বাগান কাহার॥ কোহে কাফেতে আছে বাদসা নামদার * লাল গৌহর

নাম বাদশা আছেন কোহেকাফে ॥ এই জে বাগান দিল তাহার বেটিকে * নামেতে গুলনার পরি বেটি জে তাহার ॥ এই জে বাগান দেখ জানিবে তাহার * কখন২ পরি আসেন এখানে ॥ দুই চারি দিন থাকে আসিয়া বাগানে * আএশ আরাম করে সঙ্গিগণে লিয়া ॥ তার পরে চলে জায় বাগান থাকিয়া * কুয়ারি আছেন বিবী সাদি নাহি হয় ॥ বাগান জাহার আমি কহিনু তোমায় * হেতাকার নেগাবান জানিবে আমাকে ॥ বার হাজার দেও মেরা তাবেদার থাকে * সুনিয়া কাছেম তবে কহে এই বাত ॥ আমার আরজ এই সোন দেওজাত * মেহের করিয়া মুঝে দেহ বাতাইয়া কোন রাহে কত দুর কুলজুম দরিয়া * শুনিয়া জে দেও কহে সোনিরে আদম ॥ তোমার জে তাকত নাই জাইতে কুলজুম * বড়২ পাহাড় আর জঙ্গল দরিয়া ॥ কিরূপে জাইবে তুমি সোন মন দিয়া * এক বতসরের রাহা আদমের হবে ॥ জেন পরি দেও ছয় ঘড়িতে জাইবে * এতেক কহিয়া দেও আখি উঠাইয়া ॥ জমিনে মারিল লাথ জোরেতে খেচিয়া * এক দেও সামনেতে হইল হাজির ॥ দুই হাত জুড়ে আর কাঁপিয়া অস্থির * হুকুম করিল তারে সোনরে সযম ॥ এহারে পোঁছাও তুমি দরিয়া কুলজুম রোশন জমির জেথা আছেন বসিয়া ॥ সেই খানে আদমেরে দেহ পোঁছাইয়া * হুকুম করিল জদি তাহার সর্দ্দার ॥ কাছেমে তুলিয়া লিল কান্দে আপনার * একেবারে বাঁও ভরে চলিল উড়িয়া ॥ কত২ পাহাড় আর জঙ্গল দরিয়া * এয়ছা জোরে দেওজাত উড়ে বাঁও ভরে ॥ নিমা শাম কালে গেল কুলজুমের ধারে * এক ঠাই কাছেমেরে দিল উতরিয়া ॥ কহিল ঐ গাছ দেখ নজর করিয়া * গাছ তলে বসে আছে রোশন জমির ॥ বাতাইয়া দেওজাত হইল রাহাগির * কাছেম পোঁছিল সেই গাছের তলায় ॥ এক জোনা বসে আছে দেখিবারে পায় * পানির তরফে সেহ আছেন দেখিয়া কাছেম ছালাম করে নিকটে জাইয়া * কাছেমেরে এশারায় বসিতে কহিল ॥ ছালাম করিয়া মর্দ্দ ছল্লা হাতে দিল * রোশন জমিরে

ছাল্লা দিলেন কাছেম ॥ ছাল্লা লইয়া হাতে করল তাজেম * তার পর কি হইল সোন মন দিয়া ॥ কাছেমের ছেরে হাত দিল ফেরাইয়া ছেরে হাত দেয়া মাত্র বেহুশ হইল ॥ বেহুস হইয়া কাছেম পড়িয়া রহিল * অধীন মোছলেম কহে সোন ভাই জান ॥ কিরুপে পৌছিল সোন গিয়া হিন্দুস্থান *

—০ঃ*ঃ০—

* সেখ সানা ও দুই মুরিদান ও হাসেম ও কাছেম কিরুপে *
* হিন্দুস্থানে পৌছে তাহার বয়ান *

পয়ার * হাসেম কাছেম জদি জাইয়া পৌছিল ॥ খাজা-এব হাল কিছু লিখিতে হইল * দুই দিগে দুই জোনা বেহুস রহিল ॥ দরবেশ কাঙ্কার দেশে বসিয়া আছিল * মালুম করিল তিনি পৌছিল এহারা ॥ বাদ মোওাক্কেলে ডেকে করিল এসারা * তুরিত চলিয়া জাও কুলজুম দরিয়া ॥ রোশন জমিরে আর কাছেমে লইয়া * হিন্দুস্থানে পৌছাইবে পলক মাঝার ॥ আজর সাহের সেই বাগান ভিতর * তার পরে সুভে সাম পাহাড়ে জাইয়া ॥ দানাদেল আর জান হাসেমে লইয়া * ঐ বাগানেতে দোহে দেহ পৌছাইয়া ॥ ফেরদৌসি বাগান নাম সোন মন দিয়া * হায়া মোয়াক্কেল জবে হুকুম পাইল ॥ পলকের বিচে সবে পৌছাইয়া দিল দরবেশের হাল কিছু সুন বন্ধুগণ ॥ কিরুপে পৌছিল তিনি ফের-দৌশি বাগান * তাহার জে হাল ফের লিখিতে হইল ॥ কিরুপে দরবেশ সেতা জাইয়া পৌছিল * হাওাকে এয়ছাই পির হুকুম করিয়া ॥ সেই ঘড়ি হিন্দুস্তনে পৌছিল আসিয়া * তাহাদের আগে দরবেশ আসিয়া পৌছিল ॥ বাঁর দোরি বিচে পির জাইয়া রহিল * জখন বাগানে সবে পৌছিল আসিয়া ॥ ময়াক্কেল চলে গেল গাএব হইয়া * সেই সমে চারি জোনা বেহুস আছিল ॥ দরবেশ মুরিদে দোন হুসিয়ার করিল * হুসিয়ার হইয়া দোন তখনি উঠিয়া ॥ মোরসেদের পায়ে বোছা দিলেন জাইয়া * তখনি হুকুম দিল দুই মুরিদেরে ॥ হোস করাইয়া দেহ দুজনের তরে *

হুকুম পাইয়া দোহে হুসিয়ার করিল ॥ হুসেতে আসিয়া দোন অবাক হইল * পড়িয়া২ দোন চারিদিকে চায় ॥ ফেরদৌছি বারাদোরি দেখিবারে পায় * তাজ্জব হইয়া দোন উঠিল বসিয়া ॥ দরবেশ বসিয়া আছে দেখে তাকাইয়া * আর দানাদেল আছে রৌশন জমির ॥ দুই দিকে দুই জোনা মাঝেতে ফকির * বসিয়া আছেন তিন এহারা দেখিয়া ॥ মুখে কথা নাহি সরে রহে চুপ হৈয়া * ফকির কহিল দোহে তাজ্জব না হও ॥ আজর শাহারে গিয়া খবর সোনাও * মোছলেম কহেন সুন হাসেম কাছেম ॥ কে জানিতে পারে ভাই খোদার এলেম * পির ওলি পয়গম্বর কেহু বোঝে নাই ॥ আমরা ত খাকি বান্দা কি বুঝিব ভাই *

পয়ার * হাশেম কাছেম দোন হুসিয়ার হইয়া ॥ নজর খুলিয়া থাকে তাজ্জব হইয়া * মনে২ দুই জোনা ভাবেন এয়ছাই ॥ ফেরদৌসি বাগান এই দেখিবারে পাই * বারো দোরি বাগান হেতা আনু কি প্রকারে ॥ এই কথা মনে২ দুই জোনা করে * হেন-কালে দরবেশ কহেন দোহাকায় ॥ মিছে কেন ভাবিতেছ বসিয়া হেথায় * ফেরদৌছি বাগান এই আজর শাহার ॥ তুরিত খবর দেহ নিকটে তাহার * আমরা আনু হেথা খবর শোনাও ॥ দের কিছু নাহি কর তুরিত চলে জাও * হুকুম পাইয়া দোহে চলিল উঠীয়া ॥ সহরের দিকে দোন চলিল ধাইয়া * খোজেস্তা রাএর কাছে জাইয়া পৌছিল ॥ দরবেশ পৌছিল আসি খবর কহিল * জে প্রকারে দরবেশ কাছে জাইয়া পৌছিল ॥ জে প্রকারে বাগানেতে হাজের হইল * একে২ সব হাল বয়ান করিয়া ॥ উজির আজমে সব দিল সোনাইয়া * সুনিয়া খোজেস্তা রায় বড় খুসি হৈল ॥ আল্লার দরগায় কত শোকরানা ভেজিল * উজির আজম দোহে সঙ্গেতে লইয়া ॥ একেবারে বাদশা আগে দিল পৌছাইয়া * আরজ বেগি সাহা আগে খবর কহিল ॥ হাসেম কাছেমে লিয়া উজির আইল * সুনিয়া আজর সাহা খুসি হইল জান ॥ তাহাদের ডাক-বারে করি ফরমান * খবর পাইয়া শাহা তুরিত উঠীল ॥ দরবার

খাছেতে তিনি জাইয়া বসিল * উজিরে তলব সাহা করিল সেথায় উজির আদাব করে জাইয়া দাড়ায় * কহিল উজির তবে ছালাম করিয়া ॥ হাসেম কাছেম আইল দরবেশে লইয়া * তাহাদের তরে ফের উজির ডাকিয়া ॥ বাদসার সামনে দিল হাজের করিয়া * দুই জোনা বাদসা আগে হইল হাজের ॥ আদাব করিল তারা নোয়াইয়া ছের * দুই জোনে বসিবারে হুকুম করিল ॥ হুকুম পাইয়া তারা আদবে বসিল * ফকিরের হাল ফের কহিতে লাগিল ॥ জেই রূপে জে প্রকারে দুই জোনা গেল * জে সুরাতে ফকির হেথা পৌছিল আসিয়া ॥ তামাম বয়ান সাহে দিল সোনাইয়া * বহিল ফেরদৌছি বাগে আছেন ফকির ॥ সুনিয়া এ সব হাল বাদশাও উজির তাজ্জব হইল আর বড় খুসি হৈল ॥ তার পরে নরপতি হুকুম করিল * উজিরের তরে এহা কহে নরপতি ॥ ফেরদৌছি বাগে তুমি জাহ শীঘ্রগতি * জাইয়া দরবেশে সবে করনা খাতির ॥ কোন বাতে কষ্ট জেন না পায় ফকির * উজির বাগান দিকে রওয়ানা হইল ॥ হাসেম কাছেমে দোহে সঙ্গেতে লইল * তিন জোনে বাগানেতে পৌছিল জাইয়া ॥ দরবেশ আর দুই জনে দেখিল জাইয়া * উজির জাইয়া করে আদবে ছালাম ॥ তাহারে দেখিয়া পির পুছিলেন নাম * উজির আপনা নাম দিল বাতাইয়া ॥ সামনেতে খাড়া রহে আদাব রাখিয়া * তার পরে দানাদেল রৌসন জমিরে ॥ উজির ছালাম করে দুই জোন তরে * উজির কহিল ফের আরজ করিয়া ॥ আয় ওলি আল্লা কিছু সোন মন দিয়া * খাবার ছামানা জাহা হুকুম করিবে ॥ তখনি আনিয়া তাহা হাজের হইবে * দরবেশ কহিল তবে সোনহ উজির ॥ খাবার তরেতে মেরা না আছে ফিকির * জখোন জাহা পাব মোরা খাইয়া লইব ॥ হরগেজ নারাজ কিছু নাহিক হইব * আজর সাহের তরে কহনা জাইয়া ॥ বাগানের বিচে আমি রহিনু বসিয়া * উজির চলিল ফের নিকটে বাদসার ॥ জাইয়া সাহার কাছে দিল সমাচার * কহিলেন বাদসা ফের উজিরের তরে ॥ বিবিকে লইয়া চল বাগান ভিতরে * হুকুম

পাইল জদি উজির বাদসার ॥ তুরিত মহফা আনি করিল সওয়ার *
লেওগু খায়াছ লিল সঙ্গেতে করিয়া ॥ বার দোরির বিচে সবে
পৌছিল জাইয়া * বাদসা ফের ঘোড়া পরে হইয়া ছওয়ার ॥
বাগানের বিচে গিয়া হৈল নমুদার * ঘোড়া হৈতে ওতারিয়া আদাবের
সাতে ॥ জেখানে দরবেশ ছিল গেল সেখানেতে * আদাবের
সাতে সাহা জাইয়া বসিল ॥ করিয়া কদম বুছি কহিতে লাগিল *
আএওলি আল্লা আপে মেহের করিয়া ॥ দুক্ষ মুছিবত মেরা দেহ
পাশারিয়া * দরবেশ কহিল তবে সোন মাহপাল ॥ সফল হইবে
তেরা দেলেরি মাসাল * খোদার ফজলে ভাল হইবে বেগম ॥
এই জন্যে দেলে কিছু নাহি কর গম * জাদুর জোরেতে বিবি
হইল পাগল ॥ এই জন্যে কার সাতে নাহি করে বোল * হইল
জবান বন্দ নাহি সরে বাত ॥ জাদুতে হইল এয়ছা এই পরিজাত *
খোদার হুকুমে আর তাহার কুদরতে ॥ কথা কহিবেন বিবি সোনহ
দেলেতে * একথা সুনিয়া সাহা বড় খুসি হৈল ॥ আল্লার দরগায়
বাদসা সোকর করিল * পরেতে দরবেশ কহে দুই মুরিদানে ॥
তোমরা তদবির কর বিবির কারনে * সুনে দুই মুরিদান বাদসাকে
কহিল ॥ বিবিকে আলাদা এক মাকানে লিয়া চল * সেই ঘরে
আর কেহ জেতে না পারিবে ॥ কেবল আপনি সাহা সে ঘরে
রহিবে * কেচ্ছা সোনাইব মোরা বিবির কারন ॥ অবশ্য কহিবে
কথা সুন দিয়া মন * সুনিলে সে কেচ্ছা বিবি হইবে আরাম ॥
খোদার কুদরত এহা সোন নেকনাম * একথা সুনিয়া বাদশা বড়
খুসি হৈল ॥ আলাদা ঘরেতে লিয়া বেগমে রাখিল * আপনি
রহিল সাহা সেইত্যো ঘরেতে ॥ কেহ জেন নাহি জায় সেই মাকা-
নেতে * সকলে করিল মানা ডাকিয়া উজির ॥ কোন জোনা
এই ঘরে জাইতে না পারে * দানাদেল ছিল আর রৌসন জমির ॥
দুই জোনে সেই ঘরে হইল হাজির * পরদা এক দিল সেতা
ঘেরাও করিয়া ॥ বেগমে পরদার বিচে দিল বসাইয়া * পরদার

বাহিরে দুই জোনাতে বসিল ॥ বাদসা আপনি সেথা হাজির রহিল ❀ খোজেস্তা রায় বসিলেন বাদসার পাসেতে ॥ দানাদেল পহেলা কেচ্ছা লাগিল কহিতে ❀ মোছলেম কহেন কেচ্ছা সোন বিবি জান ॥ খোদার ফজলে তুমি পাইবে আছান ❀

—০ঃ❀ঃ০—

❀ পহেলা দানাদেল কেচ্ছা কহে তাহার বয়ান ❀

ত্রিপদী ❀ দানাদেল কহে বাত, মুরসেদে জুড়িয়া হাত, সোন বিবি আমার কাহিনি ॥ এগানার মধ্যে মেরা, এক জোন ছিল তারা, এবে কহি তাহার কাহিনি ❀ মালেক মাহাম্মদ নাম, ছায়েলা তাহার কাম; দেশে২ ফিরিয়া বেড়ায় ॥ একবার জেতে জেতে, পৌছিলেন বাবুলেতে, জার মত নাহি দুনিয়ায় ❀ কি কব তারিফ তার, এমন সহর আর, নাহি আছে দুনিয়ার বিচে ॥ আব হাওা সেথাকার; না হয় তারিফ জার, বোধ করি কেহ না দেখেছে ❀ সহর পানা চারি পাশে, ঘেরা আছে বিশ কোশে, লম্বা চওড়া আজিম সহর ॥ বড়২ মহল তাতে, বানা সঙ্গে মরমরেতে, এত লোক নাহি জার ওর ❀ সহরের ফটক চার, দেখিতে জে কি বাহার, কি কহিব তারিফ তাহার ॥ সহরের বিচে জবে, জাইয়া পৌছিল-তবে, দেখি সেথা আজব বাহার ❀ গলি কুঁচা রাহা ঘাট, কত জে লোকের ঠাট, দেখিয়া জে তাজ্জব হইল ॥ দেখিতে২ জায়, বাগান এক দেখা পায়, তার বিচে জাইয়া পৌছিল ❀ এমন বাগান ভাই, নাহি দেখি কোন ঠাই, কি লিখিব তারিফ তাহার ॥ পেস্তা বাদাম আর; আখরোট আঙ্গুর তার, কত রূপ আছিল আনার ❀ বাগানের বিচে বিচে, এক জে হাউজ আছে, তৈয়ারি সঙ্গে মরমরের ॥ চারিদিকে সিঁড়ি তার, দেখিতে জে কি বাহার, পদ্ম২ ফোটা মাঝেতে তাহার ❀ অধিন দেখি পুষ্প ফুল, প্রানেতে হয়ে আকুল, বলে মুখে হায় কি বাহার ॥ কিবা কলি আহা মরি, দেখে জদি হুরপরি; বলে জান না রাখিব আর ❀ আমার ঠেকানা

জাহা, লিখিয়া জানাই তাহা, সোন২ জতবন্ধুগন ॥ জদি কেহ গেরো তরে, জানতে এরাদা করে, কাহ সে তাহার সন্ধান * চব্বিশপরগনা বিচে. মেটিয়া বুরুজ আছে, ছিল সেথা অজেদ আলি শায়া ॥ খোদার হুকু! জাহা, কে রদ করিবেতাহা,গেল সেহ দুনিয়া ছাড়িয়া * ঐ দিয়ারের বিচে, কাজি ডাঙ্গা গ্রাম আছে, হয় সেথা আমার মাকান ॥ ঠেকানার হাল জাহা, বয়ান করিনু তাহা, বুঝে লিবেজত ছাহেবান *

—*—

* দানাদেল মালিক মাহাম্মদ গেতি আফরোজের কেচ্ছা *
* বেগমকে সোনায় তাহার বয়ান *

~ পয়ার * দানাদেল এই কেচ্ছা কহিতে লাগিল ॥ তাহার বয়ান কিছু লিখিতে হইল * হাসেন শাহা নাম বাদশা আগে জামানাতে ॥ বড় নেক বাদশা ছিল দামেস্ক বিচেতে * হাসমত দবদবা খুব আছিল তাহার ॥ কত শত বাদশা ছিল তাঁর তাবেদার * আদল ইনসাফ তিনি করিত এয়ছাই ॥ নৌশেরওার মত এয়ছা জানিবে সবাই * ফরখোন্দা নামেতে এক ভাই ছিল তার ॥ আর কেহ নাহি ছিল দুনিয়া মাঝার * বাদশার ঘরেতে এক ফরজন্দ হইল ॥ মালিক মাহাম্মদ নাম তাহার রাখিল * সুরত মুরতে আল্লা করিল এয়ছাই ॥ ইউছফের মত রূপ দিয়াছিল সাই * পরি গন দেখে তারে সরমেন্দা হইত ॥ সরমেতে মুখ তারা চাদরে ঢাকিত * পাচ বরছের জবে বএশ হইল ॥ ওস্তাদ আনিয়া ভাল পড়িবারে দিল * পড়িয়া লিখিয়া জাদ হইল হুশিয়ার ॥ সেপাহির কামে ফের হৈল ওস্তয়ার * এত জে তাকত আল্লা দিল তার গায় ॥ ধরিয়া হাতির সুড় ঘুরায় মাথায় * কাছাড় মারিয়া কত হাতি জে মারিত ॥ বড়২ সিঙ্গ ধরে ফাড়িয়া ডালিত * বড়ই পিয়ারা তিনি ছিল মা বাপের ॥ এক ঘড়ি না দেখিলে করিত জেকের * আখেরে হাসেন শাহা বিমার হইল ॥ আপনার ছোট ভাই তাহারে ডাকিল করখোন্দা বলিয়া নাম জানিবে তাহার ॥ তাহাকে ডাকিয়া কহে বাদশা নামদার * নছিহত অছিয়ত অনেক করিয়া ॥ মালেক

❀ ৪১ ❀

মাহাম্মাদে দিল তাকে সুপিয়া ❀ আর কহিলেন ভাই পিয়ারা আমার ॥ আজ হৈতে তক্তে তাজ সকলি তোমার ❀ তোমা বাদে তক্ত পরে বেটাকে বসাবে ॥ আপনার বেটী তুমি সাদি এছে দিবে ❀ এতেক কহিয়া সাহা বিদায় হইল ॥ দুনিয়া ছাড়িয়া আপে নিরালা হইল ❀ আহা জারি মাতম জে পড়িল মহলে ॥ ভাই বন্ধু এগানা বেগানা সবে মিলে ❀ কেবা কারে বুঝাইবে সব বেয়াকুল ॥ সকল হইয়া গেল জেমন মজহুত ❀ দানেশ মন্দ উজির জে আছিল বাদশার ॥ কাফন দাফন তিনি করিল সাহার ❀ চাহারম চাল্লিশ দিন গোজরিয়া গেল ॥ ফরখোন্দা সাহের তরে তক্তে বসাইল ❀ করেন বাদশাহি তিনি তক্তে বসিয়া ॥ আদল এনছাপ করে দেল লাগাইয়া ভাতিজার তরে তিনি করেন পিয়ার ॥ এক ঘড়ি না দেখিলে হয় বেকারার ❀ এইরূপে কতদিন গোজরিয়া গেল ॥ একদিন দানেশ মন্দে ডাকিয়া কহিল ❀ ভাই মেরা ওছিয়াত করিয়া আমায় ॥ দুনিয়া ছাড়িয়া তিনি গেল নিরালায় ❀ সেই কাম এবে মুঝে হইল করিতে জেন্দেগির আশা নিহে বুঝিনু দেলেতে ❀ দিস বতসোরের জবে উমর হইল ॥ আপনা বেটীর সঙ্গে সাদি তার দিল ❀ আএস আরামে দিন জায় জে চলিয়া ॥ পরে তার কি হইল সোন মন দিয়া একদিন সাহাজাদা ইয়ার গনে লিয়া ॥ পরামস এই মত করিল মিলিয়া ❀ সিকার করিতে জাব খাহেস হইল ॥ মালিক মাহাম্মাদ ইহা সকলে কহিল ❀ দুই চারি রোজ পরে জাইয়া চাচাকে ॥ ধিরে২ কহিলেন আজিজির সাতে ❀ এইরূপে বাদসা আগে কহিতে লাগিল ॥ সিকার খেলিতে দেলে সৌওক হইল ❀ আমকে হুকুম দেহ মেহের করিয়া ॥ সিকার করিব আমি জঙ্গলে জাইয়া ❀ হুকুম দিলেন চাচা জাইতে সিকারে ॥ সাহাজাদা সুনে বাত খোসালা অন্তরে ❀ সিকারের সামানা সব তৈয়ার হইল ॥ ইয়ার আছহাবে সব বোলাইয়া লিল ❀ ঘোড়ায় চড়িয়া সবে হইল রওয়ানা ॥ দেলে২ নাম লিয়া এলাহি রব্বানা ❀ একদিন একরাত জঙ্গলে চলিয়া ॥ খোলাসা মাকান দেখে রহে ওতরিয়া ❀ খানা পেনা করে সবে

আরামে বসিল ॥ ঘোড়াকে আনিয়া দানা খাওয়াইয়া দিল * মালেক
মাহাম্মদ কহে ইয়ার সবায় ॥ তোমরা আরাম কর বসিয়া হেথায়*-
ঘোড়া হৈতে জাই আমি পায়দল চলিয়া॥ হরিন পাইলে আমি সিকা-
র করিয়া * কাবাব করিয়া তাহে খাইব সকলে॥ এয়ছা কহে সাহা॥
জাদা গেল আগে চলে * কত দুর জঙ্গলেতে জাইতেঃ ॥ সামনে
হরিন এক পাইল দেখিতে* হরিনের পিছেঃ চলিল দৌরিয়া আগে২
হরিন যে চলিল ভাগিয়া * হরিন গাএব হৈল দেখিতে না পায়
ভাবিতে২ এয়ছা কত দুর জায় * সামনে পাহার এক দেখিতে পাই-
য়া ॥ সেই পাহাড়ের ধারে পৌহিল জাইয়া * কেমন পাহার সেই
সোন সমাচার ॥ জাহার তারিপ আছে কেতাব মাঝার * সেই পাহা-
ড়ের নিচে জাইয়া পৌছিল ॥ সুন্দর বাগান এক দেখিতে পাইল *
ফিরেঃ বাগানের নিকটে জাইয়া॥ অতি মন হর বাগ দেখে তাকাইয়া
বাগানের দরওজাতে জাইয়া পৌহিল ॥ মানুসের গন্ধ গন্ধ কিছু না
পাইল * ডাড়াইয়া মনেঃ ভাবে আপনার॥ পুছিব কাহারতরে বাগান
কাহার*মনেমনেএইভাবভাবিতেলাগিল॥আজবতামাসা সেথাদেখিতে
পাইল * এক পরি দাড়াইল এসে সামনেতে ॥ দেখিয়া যে সাহাজাদা
রহে তাজ্যবেতে * দেখিতেঃ পরি গাএব হইল ॥ সাহাজাদা পরি
দিকে দেখিতে লাগিল * না আইল পরি আর ভাবিয়া চিন্তিয়া॥
বাগানের ভিতরেতে পৌহিল জাইয়া* এক বারাদরি ভিতরে তাহার
হর এক ছামান আছে ঘরের মাঝার * কিন্তু কোন আদমের নাহিক
নিসান ॥ কারে জিজ্ঞাসিব এই কাহার বাগান * এই রূপে সারাদিন
গোজারিয়া গেল ॥ আখেরে লাচারে সেতা সুইয়া রহিল * এদিগের
কথা এবে রাখিনু হেতায় ॥ ওদিকের হাল ফের সোনহ সবায় *
মালিক মাহাম্মদ হোথা সাত লোক জনে ॥ রাখিয়া আইল জবে সিকা-
র কারনে * হরিনের পিছেঃ সাহাজাদা আইল॥ দুই দিন গোজারিল
ফিরে নাহি গেল *. পেরেসান হালে সবে খুজিয়া বেড়ায় ॥ কোন
দিগে সাহাজাদার দেখিতে না পায় * আখেরে লাচার হএ চলিল
ফিরিয়া ॥ বাদসার নিকটে দিল খবর জাইয়া * খবর সুনিয়া সাহা

কান্দিয়া উঠিল ॥ মহলের বিচে সব খবর পৌছিল * তামাম মহলে হৈল কান্দনার রোল ॥ ছোট বড় সব হৈল জেমন পাগল * মাতারি সুনিয়া তার বেহুস হইল ॥ দেলাসা ভরসা দিয়া হুসিয়ার করিল * উজিরে ডাকিয়া সাহা করিল হুকুম ॥ সাহাজাদা কোথা গেল নাহিক মালুম * দিগে২ লোক জন দেহ পাঠাইয়া ॥ সাহাজাদর তরে জেবা আনিবে ঢুণ্ডিয়া * এনাম একরাম আমি তায় খুব দিব ॥ দোছরা জায়গির দিয়া খুব নেওয়াজিব * উজির বাদসার এই হুকুম পাইয়া দিগে২ লোক জন দিল পাঠাইয়া * এদিগের কথা এবে রাখিনু হেথায় ॥ ওদিকের হাল কের সোনহ সবায় * মালিক মাহাম্মদ ছিল বাগানে সুইয়া ॥ দুপহর রাত জবে গেল গুজরিয়া * তামাম বাগান দেখে রোসন হইল ॥ সাহাজাদা আল দেখে তায্যব হইল * বারাদোরি হৈতে তিনি বাহিরে আসিয়া ॥ চারি দিগে বাগানের দেখে তাকাইয়া * এক তক্ত উতরিল আকাশ হইতে ॥ হাজার২ পরি আছে তার সাতে * বারাদোরি দিগে তক্ত আসতে লাগিল ॥ সাহাজাদা সেতা হইতে নিরালা হইল * বাগানের এক কোনে রহিল বসিয়া ॥ বারাদোরি কাছে তক্ত পৌছিল আসিয়া * দেখে সাহা পরি আছে তক্তের উপর ॥ সব পরি ঘিরে আছে তার চারিওর * তক্ত হৈতে পরি জাদি নিচে উতারিয়া ॥ বারাদোরির বিচে বিচ পৌছিল জাইয়া * রৌসন হইয়া গেল মাকান তামাম ॥ তক্ত পরে বসিলেন পরি নেক নাম * তার পরে নাচ বাজা হইতে লাগিল ॥ তাহার বয়ান আমি কি লিখিব বল * বাগানের কোনে আমি আছি যে বসিয়া এক পরি সেই খানে পৌছিল আসিয়া * আমাকে দেখিয়া পরি এই কথা বলে ॥ এখানে আদম জাত কি রূপে আসিলে * মালিক মাহাম্মদ কহে সোন বিবি জান ॥ এখানে আনিল মোজে পাক ছোবহান সত্য কথা কই মোরে বাগান কাহার ॥ সাহাজাদি তক্তে বসে কিনাম তাহার * পরি কহে সোন আমি কহিজে তোমায় ॥ একিন করিয়া বাত বোঝহ এহায় * আছির সা বলিয়া নাম জানিবে বাদসার ॥ কোকাফের বিছে জান সাহি জে তাহার * তক্তের উপরে বসে

হেটিজে তাঁহার ॥ গেতি আফরোজ নাম জানিবে এহার * বাপের উপরে বিবি নারাজ হইয়া ॥ এই বাগান বানাইল পছন্দ করিয়া * কখনং পরি এইজে বাগানে ॥ দুই চারি রোজ থাকে গিয়া লোক জনে * আমদ প্রমদ করে জায়জে চলিয়া ॥ এহার খবর এই সোন মন শিয়া * এতেক কহিয়া পরি চলিয়া জে গেল ॥ গেতি আফ-রোজে গিয়া খবর কহিল * সোন২ সাহাজাদি কহিজে তোমায় ॥ একজে আদম জাত আইল হেথায় * বাগানের এক কোনে আছেন বসিয়া ॥ কহিল আমার কাছে আন বোলাইয়া * হুকুম পাইয়া পরি তরায় জাইয়া ॥ ধিরেং ছারা হাল কহে বুঝাইয়া * গেতি পরি জাদি আপে ইয়াদ করিল ॥ মেহের করিয়া আপে মেরা সাতে চল * মালিক আহাম্মদ কহে নিকটে পরির ॥ কি জন্যে জাইব আমি কিসের খাতির * আমি মুছাফের লোক কি কাম জাইয়া ॥ ফজর হইলে জাব বাগান থাকিয়া * বড় লোক সঙ্গে মেরা কি আছে দরকার ॥ এই বাত কহ গিয়া গেতি বরাবর * এই দিকে এই বাত হইতে আছিল ॥ সাহাজাদি সেই খানে হাজির হইল * দেখা দেখি দুই জনা হইল যখন ॥ সে সময় কি হইল লিখি জে এখন * চোখে চোখে দুই জনে যখন চাহিল ॥ দুই দিকে দুই জনা ঢলিয়া পরিল * উভয় আসক হৈল নাসক মাশুক ॥ দুই জনে আসক হৈল মিলনের সুখ*সাহাজাদি সাহাজাদা বেহুস হইল॥ছেহেলি জে পরি গন আসিয়া পৌছিল * কোলা কুলি করে সব দুজনে তুলিয়া॥বার দোরি বিচেদে হে দিল সোয়াইয়া*আতর গোলাব আন দোহারে সেঙ্গায়॥ঘাড় একবাদে হুস হইল দোহায় * কিছু পরে দুই জনা উঠীয়া বসিল ॥ গেতি আফ-রোজ পরি পুছিতে লাগিল * শুনং প্রান নাথ কহ বিবারন ॥ কোন দেশে ঘর তুমি কাহার নন্দন *; কাহেস্থান দিয়ে তুমি কিরূপ আইলে আদম আওলাদ হএ ভয় না করিলে*জিন পরি দেও জদি দেখিবারে পায়॥জান হৈতে একে বারে মারিবে তোমায় * এতেক শুনিয়া তবে কহে সাহাজাদা॥কেমারিতে পারে জারে রাজি আছে খোদা*মাহাম্মদ মোছলেম কহে শুনছাহেবান॥কেমারিতে পারে জারেখোদা মেহেরবান

* মালিক আহাম্মদ পরির বাগানে জায় গেতি আফরোজ *
* সাহাজাদাকে হাল পুছে তাহার বয়ান *

পয়ার * গেতি আফরোজ পরি আনন্দ হইয়া ॥
মালিক মাহাম্মদে পোছে বিনয় করিয়া * কহ২ সাহাজাদা কিনাম
তোমার ॥ কাহার ফরজন্দ হও কোন দেশে ঘর * মালিক মাহাম্মদ
কয় সোন প্রিয় নিনি ॥ মধু অধরি পরি কমল কামিনি * দামেস্ক
সহরে ঘর জানিবে আমার ॥ ক্বাসেন সাহা বলিয়া নাম আমার পিতার
সেদেশের বাদশা তিনি কহিজে তোমারে ॥ তাহার ঘরেতে আল্লা
পয়দা করে মোরে * আমি এক পুত্র ছেওা আরনা হইল ॥ বড়ই
পিয়ারে মুঝে পালন করিল * বড়২ আলেম আর ওস্তাদ রাখিয়া ॥
এলেম হুনর খুব দিল সিখাইয়া * এক দিন দেলে২ লাগিনু কহিতে ॥
সওক হইল খুব সিকার খেলিতে * জঙ্গল পাহাড়ে গিয়া করিব
সিকার ॥ এই কথা মনে২ হইল আমার * জাইয়া চাচার কাছে হুকুম
লইয়া ॥ ইয়ার সবারে লিনু সঙ্গেতে করিয়া * ঘোড়ার উপরে আমি
হইয়া ছওয়ার ॥ জঙ্গলের রাহে সবে হৈনু রাহাদার * দুই তিন দিন
মোরা রাহেতে চলিয়া ॥ এক ঠাই রহিলাম মাকানকরিয়া * রাহের
মান্দেগি সবে হইয়া হএরান ॥ সুইলাম সারা রাত হইল বেহান *
ফজর হইতে তবে মুখহাত ধুএ ॥ খানা পিনা করিলাম এক সাত হএ
তার পরে কহিনুন ইয়ারে তামাম॥তোমরা বশিয়া হেতা করনা আরাম
থোরা দুর জাই আমি জঙ্গলে চলিয়া॥হরিন আনিব আমি সিকার করিয়া
কাবাব করিয়া তাহে খাইব সকলে ॥ পায়২ চলিলাম এই কথা বলে
থোড়া দুর জঙ্গলেতে যখন পোহুচিনু॥সামনে হরিন এক দেখিতেপাইনু
হরিন দেখিয়া মুঝে লাগিল ভাগিতে ॥ দৌড়িলাম তির হাতে হরিন
মারিতে*গাএব হরিন হৈল দেখিতে নাপাই॥আখেরে লাচারহএ চারি
দিকে চাই * আখেরে লাচার হএ সামনে চলিনু ॥ আজিম পাহার
এক দেখিতে পাইনু * সেই পাহাড়ের দিকে এলাহি ভাবিয়া ॥
ভাবিতে২ জাই একেলা চলিয়া * এক ঠাই ডাড়াইয়া দেখি পরি
দিগে ॥ এক পরি আসি খাড়া আমার নজর দিগে * তাজ্যব হইনু

আমি পরিকে দেখিয়া ॥ দেখিতে২ গেল গাএব হইয়া * অবাক হইয়া আমি রহিনু চাহিয়া ॥ আর নাহি পরি সেহ আইল ফিরিয়া * আখেরে লাচার হএ আগুপানে জাই ॥ তোমার বাগান এই দেখিবারে পাই * মালিক মাহাম্মদ জবে কহে এই হাল ॥ শুনিয়া সে পরিজাদি হইল খোসাল * কহিতে বলিতে নিসি হইল অবসান ॥ পশু পক্ষি রব করে ককিলে করে গান * স্ম্রবন করিয়া দোহে পুলকিত হয় ॥ সুইয়া রহিল নিজ২ বিছানায় * পুর্ব্বদিকে উদয় ভানু গগনে হইল ॥ নিদ্রা হইতে দুই জনা জাগিয়া উঠিল * দালানের বিচে দোন বসিল আসিয়া ॥ আনন্দিতে কহে বাত হাসিয়া২ * রূহআফজা নাম ছিল একজে পরির ॥ সাহাজাদির সেই জান আছিল উজির * কহিল তাহার তরে এসারা করিয়া ॥ এসারা বুঝিয়া পরি পৌছিল জাইয়া * এয়াকুতের ছোরাইতে সরাব ভরিয়া ॥ সাহা পরির সামনেতে দিলেন রাখিয়া * জমরুদের পেয়ালা এনে হাজির করিল ॥ খাবার ছামানা কত আনিয়া রাখিল * নানা রঙ্গ নেয়ামত না হয় বয়ান ॥ থরে২ রাখিলেন কতজে ছামান * সাহাজাদা সাহাপরি রূহ আফজা সুন্দরি তিন জনে খাইবারে বসে দিয়া সারি * খাইতে লাগিল এরা আনন্দে মাতিয়া ॥ সেই ঘড়ি কি হইল শুন মন দিয়া * একেবারে দেল মেরা হৈল উচাটন ॥ কেচ্ছা লিখিবারে মেরা নাহি চাহে মন * দেলে২ এই কথা হইল আমার ॥ কি রূপেতে এই পুথি কর্রিব তৈয়ার দুনিয়া২ করে রহিনু ভুলিয়া ॥ হেলায় চলিল দিন আখের হইয়া * এইজেদুনিয়া দেখি সব অকারন॥মিছা কাজেধুলা খেলা আখেরেমরন দেখ ভাই বন্ধু গন দুনিয়ার দসা ॥ কেহ হাসে কেহ কান্দে এইত আন্দেসা * গরিব বেহাল আছে, আপনার হালে ॥ আমির বেহুস আছে আপনার মানে * দুনিয়ার ফেরেবেতে আছিজে পড়িয়া ॥ দুই কুল একেবারে দিল হারাইয়া * খবরদার হুসিয়ার হুয় ভাই বন্ধু গন ॥ এসংসারে সদা কেহ নাহি দেহ মন * আইউ ধন বড় ধন শুন বন্ধু জন ॥ ঘড়ি২ পল২ অমুল্য রতন * দুনিয়ার লাভের জন্য

হায়াতের খেতি ॥ খরচ না কর ব্রেথা শুনহ সুমতি * হিরকের মুল্য ঠিকরা না হয় কখন ॥ সেখ সাদি বলে গেছে কেতাবে আপন বড়২ বাদসা আর কত পাহালওয়ান ॥ সকলি চলিয়া গেল ছাড়িয়া জাহান * নাম নস্কা কিছু মাত্র না রহিল কার ॥ সকলি মিটিয়া গেল দুনিয়া মাঝার * দুই চাক্কি বিছে ভাই কেহু না রহিল ॥ একেবারে পিসে গেল জে জনা পড়িল * জে জনা চাক্কির খোটা ধরিল কসিয়া ॥ বাঁচিলেক সেই জনা সন মন দিয়া * সোন২ ভাই গন মন করে ঠিক ॥ ঐখুটা ধর সবে আল্লা লা সরিক * ঐ ভিন্য গতি নাহি বোঝহ দেলেতে ॥ পলে২ নাম তার থাকহ জপিতে * জপিতে২ তুমি পাইবে নিস্তার ॥ এক আল্লা বিনে ভাই গতি নাহি আর * সকলে জাইতে হবে রাহে আদমেতে ॥ হুকুম হইলে নাহি পারিবে থাকিতে * রহিবে মাটির তন মাটিতে পড়িয়া ॥ উড়ে জাবে প্রান পাখি পিঞ্জিরা ছারিয়া * এই কথা দেলে২ ভাবিতে২ ॥ সুরে এমরানের মানে বুঝিয়া দেলেতে * কেচ্ছা লিখিবারে ফের করিনু হেম্মত ॥ কলমের ঘোড়া মেরা পাইল তাকত * তার পরে কি হইল শুন মন দিয়া ॥ অধিন মছলেম কহে এলাহি ভাবিয়া *

পয়ার * তিন জনা খানা খেয়ে ফারাগত হৈল ॥ সরাবের দৌওড় ফের চলিতে লাগিল * হাশিতে খেলিতে দিন গুজারিয়া গেল ॥ আফতাব চলিল ছিয়া আসিয়া পৌছিল * গেতি আফরোজ লিল খাওাছে ডাকিয়া ॥ এয়ছাই ফরমান তাহে দিল সুনাইয়া * মালিক মাহাম্মদে আর রূহে আফজার ॥ এক সঙ্গে বিছয়ানা তুমি করিবে দোহার * সাহাজাদা এই কথা শুনিল জখন ॥ হরগেজ কবুল ভিনি না করে তখন * কহিলেন শুন গেতি কহি যে তোমায় ॥ গরদান কাটিলে কভু না হবে এহায় * এয়ছাই নাদান পরি না বোঝ আমারে ॥ দেলের মতলব জাহা কহিনু তোমারে * শুন২ পরি জান কহিজে তোমায় ॥ এয়ছা নিদারুন বাত না কহ আমায় * তোমার প্রেমের প্রেমি হোএ আছি আমি ॥ আমার সহিত কেন ছলা কর তুমি একথা শুনিয়া পরি সরমেন্দা হইল ॥

খাওাছে ডাকিয়া ফের হুকুম করিল * হাউজ উপরে দেহ বিছওানা করিয়া ॥ দুই দিগে দু পালঙ্গ রাখ বিছাইয়া * একজে পালঙ্গ রাখ আমার লাগিয়া ॥ সাহজাদার তরে রাখ দোছরা আনিয়া * ছেহেলি হুকুম মাত্র পালঙ্গ আনিল ॥ হাউজের দুই দিকে দুখানা রাখিল * দুইটা পালঙ্গ জবে হইল তৈয়ার ॥ ছেহেলি কহিল আসি পরি বরা বর * শুন২ সাহা জাদি আরজ আমার ॥ বিছওানা তৈয়ার হৈল হাউজ উপর * এতেক সুনিয়া পরি তুরিত করিয়া ॥ সাহজাদার হাতে ধরে চলিল উঠীয়া * হাসিতে২ দোন জায় ধিরে২ ॥ জাইয়া বসিল দোন পালঙ্গ উপরে * জার জে পালঙ্গে দোন রহিল সুইয়া ॥ ফজর হইয়া গেল রাত গুজারিয়া * নিদ্রা হৈতে দুই জনা জাগিয়া উঠিল ॥ বারাদরির বিচে দোহে জাইয়া বসিল * খাওাছ আনিয়া পানি হাজির করিল ॥ মুখ হাত ধুএ দোন ফারাগত হৈল * তৈক্ষা জাত ভাতে ভাত আনিল ছাথান॥ দুই জনে খাইলেন দিয়া জিউ জান খাওা পেওা করে জবে ফারাগত হৈল ॥ সরাবের জাম আসি হাজের হইল * আছহাব মজহাব ছিল জত পরি গন ॥ একে একে সবে মিলে আইল তখন * পরি গন এসে জবে মজলিসে বসিল ॥ সেই ঘড়ির হাল আমি কি লিখিব বল *
সরাবের দৌড় চলিল এয়ছা ভাব ॥ পরি গন মত্ত হৈল খাইয়া সরাব এই রূপে মত্ত হৈল জত পরি গন ॥ সুরম ভরম নাহি রহিল তখন * তার পরে নাচ বাজা আর সেথা হৈল ॥ তান মানে পরি গন নাচিতে লাগিল * গেত গাইতেছি পরি সাহাজাদাকে লিয়া ॥ নাচ রঙ্গ দেখে দোহে তক্তেতে বসিয়া * মালিক মাহাম্মদ সাহা এহাল দেখিয়া ॥ তাষ্যব হইয়া থাকে বেকুবুব হইয়া * আএস আরামে দিন গুজারিয়া গেল ॥ সাম হৈতে গিয়া রাত আসিয়া পৌছিল * হাউজে জাইয়া পরি পালঙ্গ উপরে ॥ জাইয়া বসিল সেতা খোসাল খাতিরে * মালিক মাহাম্মদে পরি লিল বোলাইয়া ॥ সাহাজাদা সেই খানে পৌছিল জাইয়া * খাওাছ ছেহেলি গন জাইয়া বসিল ॥ নাচওালি কত পরি আসিয়া পৌছিল * সাহাজাদা আপনার পালঙ্গে বসিল ॥ নানা রঙ্গ

নাচ বাজা হইতে লাগিল * ইন্দের আখড়া জেমন আইল সেথায় ॥ মনি জন দেখে জদি তফ ভুলে জায় * এয়ছা ভাবে নাচ বাজা হইতে লাগিল ॥ মালিক মাহাম্মদ দেখে তায্যবে রহিল * ঘড়ি এক বাদে নাচ মৌকুফ হইল ॥ সরাবের দৌর ফের চলিতে লাগিল * রূহ আফজা পরি সাখি হইয়া তখন ॥ সারাব পেলায় বিবী করিয়া যতন * মালিক মাহাম্মদ সাহা নেসাতে মাতিয়া ॥ গেতির কদম ধরে হাত বাড়াইয়া * গেতি আফরোজ কহে সাহাজাদার তরে ॥ খবর দার এয়ছা কাম না কর আমারে * বুরা বাত দেলে জদি করিবে খেয়াল জানওার হইয়া জাবে ঘটীবে জঞ্জাল * আদম সুরাত তুমি না হইবে আর ॥ আমার একথা রাখ হও খবরদার * এই কথা সাহাজাদা শুনিল জখন ॥ সরমেন্দা হইয়া বসে রহিল তখন * আসকের দেল কভু নাহয় সবর ॥ চালনিতে পানি রাখা জেয়াছা দুস্কর * পিয়াছা জেমন হয় পানি নাপাইয়া ॥ আসক তেমন হয় মাসুক লাগিয়া * সাহাজাদা চুপ করে বসিয়া রহিল ॥ আর এক পরি আসি হাজের হইল * গোলাবের ফুল ছিল হাতে ভে তাহার ॥ সাহাজাদার তরে দিল করিয়া পিয়ার * সাহাজাদা জবে ফুল হাতেতে লইল ॥ গেতি আফরোজ দেখি হাত দারাজিল * সাহাজাদা পরির হাত জতনে ধরিয়া ॥ বোছা দিলেন অতি পিয়ার করিয়া * বোছা দেওা মাত্র পরি গোস্বায় জ্বলিল ॥ কবুতর বলে তাহে খেতাব করিল * আগে আমি বলে ছিনু হও খবরদার ॥ বাত না মানিয়া তুমি কর এ প্রকার* উচিত সাজাই দিনু শুন মেরা বাত ॥ এয়ছা কাম না করিবে তুমি মেরা সাত সাহাজাদা ঐ ঘড়ি পলক মাঝার ॥আদম সুরাত ছাড় হৈল কবুতর * সাহাজাদা কবুতর সুরাত হইয়া ॥ ঘরের কাঙ্গুরা পরে বসিল উড়িয়া দুই রোজ সেই খানে বসিয়া রহিল॥ মনের দুখেতে এক গান আরম্ভিল অধিন মছলেম কহে শুন সাহা বর ॥ এখনি চলিয়া জাহ আপনার ঘর * নাহক হারাবে জান পরির হাতেতে ॥ কিছুনা রহম আছে এহার দেলেতে *

* গীত *

রাগিনি পরজ বাহার তাল আড়া ঠেকা
ওল ধনি বিন দিনি হের নয়নে ॥ বিনি মেঘে বজ্রা ঘাত
হানিলে কেনে * কোথা রৈলে মাতা পিতা, কে করে
সো হো মমতা, প্রান প্রিয়শি রৈলো কোথা, বন্ধু স্বজনে॥
মৃগ বধিব বলে, আসিলাম কৌতুহলে, পড়িলাম
তোমার ছলে; প্রানে বাচিনে ॥

---

* সাহাজাদা কবুতর হইয়া আপনার ঘরের দিগে *
* উড়ে জায় তাহার বয়ান *

পয়ার * সাহাজাদা কবুতর সেকেল হইয়া ॥ ছাতের উপরে খুব কান্দিল বসিয়া * আখেরে লাচার হয়ে উড়িয়া চলিল ॥ আপনা ঘরের দিগে রওানা হইল * উড়িয়া২ ঘরে পৌছিল জখন্ ॥ নেঘাও করিয়া দেখে বিবিকে আপন * বিবির নজর পড়ে উহার উপরে ॥ তাজ্যব হইয়া কহে খাওাছের তরে * গুলনার নামেতে এক খাওাছ আছিল ॥ তাহারে ডাকিয়া বিবি কহিতে লাগিল * শুন২ গুলনার কহিজে তোমায় ॥ এয়ছা কবুতর আমি না দেখি কোথায়* জেছুরাতে পার তুমি ধরে দেহ মোরে ॥ এনাম বকশিশ দিব আমি জে তোমারে* দুই জনে এই কথা কহিতে আছিল ॥ কবুতর উড়ে এসে কোলেতে বসিল * দুই হাতে কবুতর ধরিলেন বিবি ॥ খাওাছের তরে ডেকে কহিল সেতাবি * খাবার ছামান কিছু আনিয়া এহারে ॥ তুরিত খাওাও তুমি এহার খাতিরে * শুনিয়া খাওাছ তবে তরায় জাইয়া ॥ হালওা আনিল এক রেকাবে ভরিয়া * কবুতরের সামনেতে আনিয়া রাখিল ॥ কবুতর হালওা দেখে খাইতে লাগিল * গোলাবের পানি থোড়া জামেতে ভরিয়া ॥ তাহার সামনে পানি দিলেন রাখিয়া * কবুতর পানি পিয়েআছুদা হইয়া ॥ বিবির কোলেতে ফের বসিল জাইয়া * বহুত পিয়ার বিবি করেন তাহারে ॥ জতন করিয়া রাখে আপনার ঘরে * আর এক বিবি ছিল আপনা বিবীর ॥ কহিতে লাগিল শেহ তাহার খাতির * দেল মেরা চাহিতেছে কবুতর খেতে

বড়ই খাহেঁস আছে কত দিন হৈতে * কবুতরের গোস্ত হয় বড় মজাদার ॥ ধরিয়া হালাল কর এছে এই বার * এতেক শুনিয়া বিবী হুকুম করিল ॥ কবুতর ধরিয়া সেই বিবীকে জে দিল * দানেশ মন্দ নামে এক আছিল হাকিম ॥ বড়ই রাক্কেল মন্দ আছিল ফউম * মালিক মাহাম্মদ চাচ্চা ডাকিত তাহায় ॥ সেই জন সেই ঘড়ি আছিল সেতায় * কবুতর ধরে জবে করিতে আছিল ॥ দানেস মন্দ সেই খানে বসিয়া আছিল * কহিতে লাগিল তিনি শুন আম্মাজান ॥ এই কবুতর তুমি না কর জেয়ান * জবে নাহি কর এছে কহিজে তোমারে এক কবুতরের গোস্ত কি দিবে কাহারে * আর এক বাত কহি শুন মন দিয়া ॥ মালিক মাহাম্মদ গেল কোথায় চলিয়া * খোদা জানে কেয়ছা হাল হইল তাহার ॥ আজ তক খবর কিছু না পাইলে তার * মালিক মাহাম্মদ নাম শুনিল জখন ॥ হুতাস ছারিয়া বিবী কান্দিল তথন * কবুতর লিয়া হাতে বিবী সাহা জাদার ॥ সৌহরের নামে তাহা করিল নেছার * কবুতর সেথা হৈতে উড়িয়া চলিল ॥ দানেশ মন্দের ঘরে জাইয়া বসিল * দানেশ মন্দ সেতা হৈতে মাকানে আসিয়া ॥ দেখে কবুতর আছে ছাতেতে বসিয়া * দানেস মন্দ গিয়া জবে দালানে বসিল ॥ আর কত লোক সেতা বসিয়া আছিল * কুর-সিতে বসিয়া তিনি আর লোক সাতে ॥ নানা রঙ্গ বাত চিত আছিল কহিতে * কবুতর ছাত হৈতে উড়িয়া আইল ॥দানেশ মন্দেরকোলে আসিয়া বসিল * সেই খানে জত লোকে আছিল বসিয়া ॥ তাজ্যব হইয়া থাকে এহাল দেখিয়া * এক জনা কহে এহা সকলের তরে ॥ জানুয়ার মানুশ দেখেপালায়জে দুরে*এই কবুতর দেখ ভয়না করিয়া উড়িয়া কোলেতে কেয়ছা বশিল আশিয়া * দানেস মন্দ এই কথা দেলে২ ভাবে ॥ বোধ করি মালিক মাহাম্মদ এই হবে * হামেসা কোহেস্থানে জায়তো চলিয়া॥ পরির হাতেতে হবে গিয়াছে পড়িয়া * কবুতর বানাইল ছেহেরের জোরে ॥ লাচার হইয়া হেতা আইল আখেরে * এই কথা আপনার মনেতে ভাবিয়া ॥ খাজে ছারার তরে কহিল ডাকিয়া * তোসা খানাতে তুমি তুরিত জাইয়া॥ সিন্দুকে ম্যাজুন

আছে আন নেকালিইয়া * সুনিয়া সে খাজে ছারা তরাএ চলিল ॥ সিন্দুক হইতে গিয়া তখনি আনিল * দানেস মন্দ মাজুন থোড়া হাতে তে লইল ॥ কবুতরে সেই মাজুন খাওাইয়া দিল * খাওা মাত্র পড়িয়া জে লোট পোট করে ॥ আদম সুরাত সে পাইল আখেরে * দানেশ মন্দ এই হাল দেখিয়া তাহার ॥ গলে লাগাইয়া কত করিল পিয়ার * এক জোড়া লেবাছ ভাল এনে পেন্দাইল ॥ কাপড় পিন্দিয়া তবে ছালাম করিল* তার পরে বুঝাইয়া কহে বারে বার ॥ কোহেস্থানেতে তুমি নাহি জাবে আর * কহিতে লাগিল সেহ জুড়ে দোন হাত ॥ হর গেজ না জাব আর কহিনু নেহাত * মাহাম্মদ মছলেম কহে সব্বার হুজুরে ॥ আল্লা জারে রাখে ভাই কেমারে তাহারে * জখন জে মছিবতে পড়েন এনছান ॥ আপনা রহমে তারে বাচায় সোবহান *

—০ঃ*ঃ০—

* মালিক মাহাম্মদ কবুতর হৈতে মানুস হইবার বয়ান *

পয়ার * মালিক মাহাম্মদ নিজ ঘরেতে আসিয়া ॥ হাজার শুকুর করে দুহাত তুলিয়া * করিয়া কদম বুছি চাচার খাতির ॥ আপনা ঘরের দিকে হৈল রাহাগির * মা বাপের কদমেতে জাইয়া পড়িল ॥ দেখিয়া ফরকোন্দা সাহা কান্দিতে লাগিল * গলে লাগাইল সাহা বেটাকে ধরিয়া ॥ মাতারি কান্দিয়া লিল কোলেতে তুলিয়া * হাল হকিকত জত পুছিতে লাগিল ॥ একে একে মাহাম্মদ সব বয়ান করিল * শুনিয়া জে কত করে শুকুর আল্লার ॥ পেরেসানি দুর হৈল শুনিয়া সবার * তার পরে সেতা হৈতে চলিল উঠিয়া ॥ আপনার বিবীর কাছে পৌছিল জাইয়া * গোলাম খাওাছ সাহা জাদাকে দেখিয়া ॥ খুসির কান্দনা সবে উঠিল কান্দিয়া * বিবী এসে পায় তার ধরে জড়াইয়া ॥ সাহা জাদা লিল কোলে বিবীকে তুলিয়া * মিলা মিলি দুই জনে করিয়া বসিল ॥ আপনা দুক্ষের হাল কহিতে লাগিল * জেরূপে সিকারে গেল চাচ্চাকে বলিয়া ॥ জেরূপে হরিন পিছে চলিল দৌড়িয়া * জেরূপেতে বাবেলের পাহাড়ে পৌছিল ॥ জেরূপে পরির সাতে মুলাকাত হৈল* গেতি আফরোজ সাতে হৈল

মুলাকাত ॥ একে একে শুনাইল জত কিছু বাত * কবুতর বনাইল পরি জে তাহাকে ॥ শুনাইয়া দিল সব আপনা বিবীকে * তামাম আহওাল বিবী জখন শুনিল ॥ আল্লার দরগায় কত শুকুর করিল * তার পরে কহে বিবী সাজাদার আগে ॥ আর না জাইবে আপে কোহেস্থান দিগে * মালিক মাহাম্মদ কহে আর না জাইব ॥ আরামের সাতে আপন ঘরেতে থাকিব * সাহা জাদা আপনার ঘরেতে রহিল ॥ আএস্ আরামে দিন কাটিতে লাগিল * এয়ছাই মাহিনা রোজ গুজারিয়া জায় ॥ তার পরে কি হইল শুনহ সবায় * এক দিন পালঙ্গেতে আছিল শুইয়া ॥ গেতি আফরোজ কথা মনেতে ভাবিয়া এক বারে দেল তার হইল খারাব ॥ গেলাছে ঢালিয়া থোড়া খাইল সারাব*একে বারে ঘরহৈতে বাহির হইয়া॥কোহেস্থানের দিগে চলিল দৌড়িয়া * পাগলের মত হএ চলিতে লাগিল ॥ তিন দিন তিন রাত রাহেতে গুজারিল * কোহে বাবলের কাছে পৌছিল জাইয়া ॥ দেখে এক পরি সেথা আছে ডাড়াইয়া * মালিক মাহাম্মদ তরে পারিল চিনিতে ॥ নিকটে আসিয়া পরি লাগিল কহিতে * ছালাম করিয়া পরি পোছে এই কথা ॥ কহঃ সাহা জাদা জাইবেন কোথা * সাহা জাদা কহে আমি কি কব তোমায় ॥ গেতি আফরোজ বিবী আছেন কোথায় * এতেক বলিয়া সাহা করে হায়২ ॥ হায় গেতি কম লিনি আছহে কোথায় * এক বার দেখা দিয়া বাচাও আমারে ॥ নহেত তেজিব প্রান তোমার খাতিরে * এতেক কহিয়া এক আহা জে মারিয়া ॥ ছের ঝোকাইয়া সেথা রহিল বসিয়া * সাহা জাদার হাল পরি দেখিল জখন ॥ মনেঃ আপনার ভাবিল তখন * গেতির নিকটে এহাঁয় জাইব লইয়া ॥ এহার জে হাল ছারা দিব শুনাইয়া * এতেক ভাবিয়া পরি সাহা জাদায় লিয়া ॥ কোহে বাবলের দিগে পৌছিল জাইয়া * গেতির বাগান বিচে জাইয়া পৌছিল ॥ আজব তামাসা সেথা দেখিতে পাইল * ঘরের ভিতরে গিয়া পৌছিল জখন ॥ নেগাও করিয়া খুব দেখিল তখন * তক্তের উপরে পরি আছেন বসিয়া ॥ পুর্ন্নিমার চন্দ্র জেন উয্যল করিয়া * হাজারঃ পরি আসে

পাশে তার ॥ হুকুমের তাবে সব আছিল তাহার * মালিক মাহাক্ষদে পরি দেখিল জখন ॥ মুচকিয়া হেসে পরি কহিল তখন * সাহা জাদাকে কহে পরি হাসিয়া২ ॥ তকলিফ পাইলে কেয়ছা নাদানি করিয়া * আগে জদি বুঝিতেন দেলে আপনার ॥ হাত না ধরিতে তুমি কখন আমার * বুঝিয়া করিলে কাজ ভাল তার হয় ॥ না বুঝে করিলে কাজ মরন নিশ্চয় * অধিন কহেন শুন২ নৃপবর ॥ আর না হইবে তুমি এত বে ছবর * ছবর করিলে মেওা নিশ্চয় পাইবে সাসত্রের এই বচন মনেতে রাখিবে *

* গিত রাগিনি ঝিঝিট তাল পোস্ত *

* গেতি আফরোজের মান ভঞ্জন *

ওল চাঁদের কিরন, কমল বদন, মের না আমায় ॥
অপরাধ ক্ষমা কর ধরি তব পায় ॥ নাসুনে তোমার
বানি, হইলাম অপমানি, মন জানে আর আপনি
জানি, অন্ন কি জানিবে তায় ॥ আমার মিনতি ধর,
অপরাধ ক্ষমা কর, না হইলে প্রান আমার, বধিব
হেথায় ॥ অধিনের এই বাসনা, প্রেমেতে আর
কেউ মজোনা, শেশে পাবে কি লাঞ্ছনা, বারি বিনে
চাতকিনি প্রায় ॥

পয়ার * গানের মজমুন বিবি সকলি বুঝিয়া ॥ মালিক মাহাক্ষদে কহে হাসিয়া২ * শুন২ প্রান নাথ কহিজে তোমায় ॥ আর জেন এয়ছা কাম কভু নাহি হয় * হাত পরে বোছা দিলে নাহি কিছু ভয় ॥ এর বেসি অন্ন কাজ নাহি জেন হয় * এর ছেওা অন্ন কিছু জদি কর আর ॥ সরমেন্দা হইবে তুমি কহিবারে বার * মালিক মাহাক্ষদ জদি হুকুম পাইল ॥ মাত্তার সিন্দুক জেন কাঙ্গালে পাইল * সাহা জাদা দুই হাত পরির ধরিয়া ॥ মেটায় দেলের সাদ হাতে বোছা দিয়া * সাহা জাদি মাহাক্ষদে আনন্দিতে কয় ॥ তক্ত পরে আপনারে কাছেতে বসায় * আসক মাসুক দোন একত্রে বসিয়া ॥ নানা রঙ্গ

কথা কহে হাসিয়া২ * ঘড়ি এক পরে পরি খাওাছে ডাকিল ॥ খানা আনিবার তরে এসারা করিল * কত রঙ্গ খানা এনে করিল হাজির খাইতে লাগিল দোন খোসাল খাতির * খানা পিনা কোরে দোন ক্ষারাগত হৈল ॥ সারাবের দৌড় ফের চলিতে লাগিল * দলে২ পরি গন আসিয়া পৌছিল ॥ ইন্দ্রের আখড়া জেন শেখানে হইল * নাচ বাজা হৈতে লাগিল সেই খানে॥সাহাজাদা বসে দেখে আনন্দিত মনে আএস আরামে গেল দিন গুজারিয়া॥সুর্য্য অস্ত গেলরাত পৌছিলআ-সিয়া*নাচ রঙ্গ হৈল ভঙ্গ হৈল সুন সান॥ জার জে জাগায় গেল জত পরিগন*সাহা জাদি হুকুম করে রুহআফজার তরে॥বিছওানা তৈয়ার কর হাউজ উপরে * রূহ আফজা হাউজ পাসে পালঙ্গ বিছায় ॥ আসিয়া গেতির তরে খব্বর জানায় * শুনিয়া আফরোজ তবে সাঁহা-ক্ষাদে লিয়া ॥ হাউজ উপরে দোন পৌছিল জাইয়া * জার জে পালঙ্গ পরে জাইয়া সুইল ॥ গেতি আফরোজ নিদ্রে বেখবর হৈল * সাহা জাদা একে বারে বেসবর হৈয়া ॥ গেতির মুখেতে মর্দ্দ বোছা দিল গিয়া * গরম নিশ্বাস লাগে মুখেতে পরির ॥ জাগিয়া উঠিল সেহ হইয়া অস্তির * হাসিয়া২ গেতি কহে সাহজাদারে ॥ কাএস নাথাক তুমি আপনা কারারে * জানওার হইয়া জাবে কহিজে তোমাকে ॥ আর না দেখিতে তুমি পাইবে আমাকে * সরমেন্দা হইল বড় সুনে এই বাত ॥ শুইয়া রহিল ফের সেই নেক জাত * নিসি অবসান হৈল ককিল ডাকিল ॥ আসক মাসুক দোন জাগিয়া উঠিল * খাওাছ খেদ মত গার হইল হাজির ॥ মুখ হাত ধোয়াইল দোহার খাতির * খাবার ছামান সব হাজির হইল ॥ দুই জনে এক সঙ্গে খানা জে খাইল * আএস আরামে দিন গেল জে কাটিয়া ॥ দিবা গতে নিসি ফের পৌছিল আসিয়া * মাহাক্ষাদ মছলেম কহে শুন সাহা জাদা ॥ দেলের মুরাদ তেরা পুরাইবে খোদা * জলদি কাম শয়তানের দেলেতে জানিবে ॥ সবর করিলে তবে হাছেল হইবে *

—০—ঃ*ঃ—০—

* মালিক মাহাক্ষাদ মোরগাবি হইবার বয়ান *

পয়ার * সাহা জাদা সাহা পরি খুসি খোসালিতে ॥ দিন গুজারিয়া গেল হাসিতে খেলিতে * হাউজে পালঙ্গ পরে উঠিয়া চলিল ॥ নিজ নিজ পালঙ্গেতে দুজনে শুইল * রাত দুপহর জবে গেল গুজারিয়া ॥ সাহা জাদা নিদ্রা হইতে উঠিল জাগিয়া * আখি খুলে চারি দিকে দেখিল জখন ॥ উয্যল করেছে ঘর দেবোকো মতন মুখের লাবন্য তার কি কহিব আর ॥ আকাসের চন্দ্র হেন পালঙ্গ উপর * সাহা জাদা দেখে আর না পারে সহিতে ॥ বেসবর হৈয়া ওঠে পালঙ্গ হইতে * গেতির পালঙ্গ পাসে গিয়া ডাড়াইল ॥ দুই হাতে ধরে তার মুখে বোছা দিল * সাহা জাদি নিদ্রা হইতে উঠে চর্মাকয়া ॥ মোরগাবি বলিয়া ডাকে গোশ্বার জলিয়া * সাহা জাদা জমিনে পরে লোট পোট করে ॥ মোরগাবি সুরত তিনি হৈল এক বারে * একথা শুনিল জবে সোমন রোক বিবি ॥ আফছোছ করিয়া কত কহেন সেতাবি * কেমন বিচার এহা বুঝা নাহি জায় ॥ কিছু দয়া না করিল এই বেচারায় * কি কি মুসিবত হৈল সাহা জাদার পরে ॥ কবুতর বানাইয়া দিল একে বারে * খোদার মেহেরে ফের আদম হইল ॥ ফের তার তরে পরি মোরগাবি করিল * কি মুখ দেখাবে পরি হাসর ময়দানে ॥ কি হিসাব হবে তার আল্লা তালা জানে সোমন রোক এই কথা কহিল জখন ॥ আজর সাহা শুনে হৈল আনন্দিত মন * হুসেতে আইল বিবি মনেতে জানিয়া ॥ দরবেসের পায় ধরে হেট ছের হৈয়া * দানাদেলের কদম চুমে বাদসা নামদার ॥ দানাদেল কহে বাদসা হও খবরদার * বেসবর নাহি হও ধায্য কর মন ॥ আল্লার কুদরত বসে দেখনা এখন * মাহাম্মদ মছলেম কহে, রছুলের পার ॥ আল্লা নবি ভজ সবে দিন বয়ে জায় *

—•ঃ*ঃ•—

* রাগিনি বেহাগ, তাল আদ্ধা *

প্রভু ভরসা তোমার, পড়েছি
বিসম দায় করহে নিস্তার ॥ পড়িয়া পিরিতের
দায়, বুঝি মম প্রান জায়, তুমি না তরালে পরে কে

তরাবে আর ॥ জাদুগির পরির হাতে, বাঁচে প্রান কেমনেতে, তুমি সখা থাক জদি বাঁচিব এবার ॥ দেখ২ পরি জাদি, কান্দিতেছি নিরবদি, দয়া না হইল তব কেমন বিচার ॥ অধিনের এই বানি শুন২ ওল ধনি, কেন কর অপমানি বাঁচাও এবার ॥

* মালিক মাহাম্মদ মোরগাবি হইয়া আপনার ঘরে জায় *
* চাচা দানেশ মন্দ তাহাকে মানুশ বানায় তাহার বয়ান *

পয়ার * মালিক মাহাম্মদ সাহা মোরগাবি হইয়া ॥ হাউজের মধ্যে তিনি পড়িল জাইয়া * রাত ভর হাউজেতে ভাসিতে লাগিল ॥ খোদার কুদরতে রাত গুজারিয়া গেল * বেহান হইতে তিনি উপরে উঠিয়া ॥ আপনার ঘর পানে চলিল উড়িয়া * চাচার ঘরের দিগে উড়িয়া চলিল ॥ ঘরের ছাতের পরে জাইয়া বসিল * দানেশ মন্দ চাচা বশে আছিলেন জেথা ॥ দশ বিশ্ জনা আর বশে ছিল সেথা * মোরগাবি জাইয়া জবে ছাতেতে বশিল ॥ সব লোক সেই দিগে চাহিয়া রহিল * বলা বলি করে সবে এই কথা বলে ॥ এয়ছারঙ্গ মোরগাবি নাহি দেখি কোন কালে * বড়ই সুন্দর দেখি এইজে জানওার ॥ কত রঙ্গ করিয়াছে পরওার দেগার * এই কথা সকলেতে বলিতে আছিল ॥ ছাত হৈতে মোরগাবি জে নাবিয়া আইল দানেশ মন্দের কোলে বশিল জাইয়া ॥ তায্যব হইয়া গেল সকলে দেখিয়া * দানেশ মন্দ কহে শুন২ ভাই সবে ॥ মালিক মাহাম্মদ এই মোরগাবি হইবে * বারে২ মানা করি নাহি শুনে বাত ॥ এরূপে হারাবে জান জানিনু নেহাত * গেতি আফরোজ পরি কোহে.বাবেলেঁতে ॥ এই লাড়কা পড়িয়াছে তাহার ফান্দেতে * আর একবার আইল কবুতর হৈয়া ॥ আল্লার হুকুমে দিনু মানুশ করিয়া * এই বার আসিয়াছে মোরগাবি সকলে ॥ কিছু না করিব এছে থাকুক এই হালে জে সকল লোক সেতা বসিয়া আছিল ॥ দানেশের কথা সুনে অবাক হইল * দানেশ মন্দে কহে সবে শুন মেহেরবান ॥ মালিক মাহাম্মদে আপে করনা এনছান * খাতা এর মাফ কর মেহের করিয়া ॥ মছি-

বত হৈতে এছে লেহ বাচাইয়া * দানেশ মন্দের দেলে রহম হইল ॥ গোলামে ডাকিয়া তবে হুকুম করিল * আমার সিন্দুক হৈতে মাজুন আনিয়া ॥ থোড়েক মাজুন এছে দেহ খাওাইয়া * গোলাম হুকুম মাত্র তুরিত চলিল ॥ সিন্দুক হইতে থোড়া মাজুন আনিল * খাওাইতে জমিনেতে লোট পোট করে ॥ আদম সুরাত হৈল আল্লার মেহেরে দানেশ মন্দ কাপড় দিল খাতেরে ওহার ॥ মালিক মাহম্মদ পরে হাতে আপনার * কাপড় পিন্দিল খুব খোসাল হইয়া ॥ সালাম চাচার পায় করিল ঝুকিয়া * জত লোক সেই খানে বসিয়া আছিল ॥ এহাল দেখিয়া সবে তায্যব হইল * তার পরে সকলেতে কহে বারে বার ॥ কোহেস্থানেতে তুমি নাহি জাবে আর * আদম আওলাদ তুমি সুন দিয়া মন ॥ জেন পরি শোঙ্গে ভাব কিসের কারন * আদমের দুসমন তারা জান হো দেলেতে ॥ মিলন তাদের সঙ্গে কিসের তরেতে * আপনার ঘরে এবে জাহনা চলিয়া ॥ আএস আরাম কর ঘরেতে বসিয়া * সাহা জাদা নছিহত শুনিল জখন ॥ আপনার ঘর দিগে চলিল তখন * মালিক মাহাম্মদ জবে মহলে পৌছিল ॥ মাতারি তাহার সুনে দৌড়িয়া আসিল * জড়াইয়া ধরে মাতা কান্দে জারে জার ॥ বলে কোথায় ছিলে বাছা প্রান ধন আমার * তোমাকে না দেখিয়া জে আমি অভাগিনি ॥ দিবা রাত্রি কেন্দে২ হৈনু উদাসিনি * আর নাহি জাবে বাছা ঐ কোহেস্থানে ॥ আএশ আরাম কর থাকিয়া মাকানে*দানেশ মন্দ চাচা তার বাপের উজির॥ দোবারা আসিয়া তিনি হইল হাজির * কহিতে লাগিল তাহে শুন সাহা জাদা ॥ কোহে-স্থানে নাহি জাবে কর মুঝে ওাদা * ফের জদি জাবে তুমি কথা না মানিয়া ॥ বড়ই খারাব হবে কহি বুঝাইয়া * মাজুন আমার কাছে নাহি কিছু আর ॥ বুঝিয়া করিবে কাজ কহি বারে বার * শুনিয়া ফোর কোন্দা সাহা আইল তথায় ॥ ভাতিজার তরে সাহা বহুত বুঝায় * মাথা হেট করে থাকে চাচার সামনে ॥ বহুত পিয়ার সাহা করিল আপনে * মালিক মাহাম্মদ গেল মহলে চলিয়া ॥ দানেশ মন্দ পিছে পিছে গেল নেকলিয়া * হিন কবি কায়

কহে করিয়া প্রচার ॥ পিরিতের রাহে কেহু নাহি জাবে আর *
* মালিক মাহাম্মদ আদম সুরাত হইয়া গেতি আফরোজের *
* কাছে জায় তাহার বয়ান *

পয়ার * মালিক মাহাম্মদ আইল আদম সুরাতে ॥ আপনার ঘরে থাকে খুসি খোসালিতে * বিবি তার বার বার অনেক বুঝায় ॥ এক পল আখি ছাড়া নাহি করে তায় * এয়ছাই মাহিনা রোজ জায় নেকলিয়া ॥ তার পর কি হইল লিখি বিবরিয়া * আপনা বিবীকে কহে করিয়া বাহানা ॥ ছাতের উপরে আজ করনা বিছওানা * গরমের আইয়াম বড় পৌছিল আসিয়া ॥ কেমনে মহলে আমি থাকিব সুইয়া * সুইতে মহল বিচে দেল নাহি চায় ॥ এহার সববে বিবি কহিনু তোমায় * হুকুম করেন বিবি খাওাছের তরে ॥ পালঙ্ক বিছাও তুমি ছাতের উপরে * খাওাছ হুকুম এয়ছা বিবির পাইয়া ॥ বিছানা তৈয়ার করে ছাতেতে জাইয়া ॥ মালিক মাহাম্মদ তবে খুসি খোসালিতে ॥ জাইয়া সুইল আপে পালঙ্গ বিচেতে * রাত দুপহর জবে গুজারিয়া গেল ॥ নিদ হইতে সাহা জাদা জাগিয়া উঠিল * মাসুকের বাত মর্দ্দ সরন করিয়া ॥ মনের দুখেতে কান্দে জার জার হইয়া * মুখে বলে হায় গেতি পিয়ারি আমার ॥ তোমার জন্যেতে দেল হইল বেকারার * আর কত সব প্রানে জাতনা তোমার ॥ দেখা দেহ এক বার পিয়ারি আমার * অধিন কহেন এহা ভাবি পরওার দুখ বাদে সুক তুঝে দিবে পরওার *

* গিত হিন্দি গজল *
রাগিনি বাহার তাল পোস্তা

গেতি আফরোজ পরিছে লা গা রহে হায় ॥ পাহাড় ছের পর উঠা রহে হায় * এবাগ্ কায়ছা, এস্বব জো কায়ছা, এহালে আপনা বানা রহে হায় ॥ জমি পর লিখ লিক্ষে ওনাম তেরা, আপে বায়ঠে মিটা রহে হায় ॥ নাম ও নক্সা তেরি, দেল পর মেরে কারি, আয় ছালাম মায় তেরে লিএ রোতে হায় *

পয়ার * এই গান সাহা জাদা মুখেতে গাহিয়া॥ আছ-
মান তরফে রহে খেয়াল করিয়া * নেগাও করিয়া জবে দেখে চারি
পানে॥ রৌসনি ছাইয়া গেছে তামাম জাহানে * হাজার২ পরি
ঘেরাও করিয়া॥ এক তক্ত লিয়া জায় হাওয়ায় উড়িয়া * সাহাজাদা
ভাল মতে নেগাও করিল॥ তক্ত পরে গেতি আছে দেখিতে পাইল
দেখা মাত্র সাহা জাদা করে হায়২॥ চেল্লাইয়া কহে গেতি চলিলে
কোথায় * দয়া ধর্ম্ম কিছু বুঝি নাহিক তোমায়॥ একাকি ফেলিয়া
মুঝে চলিলে কোথায় * হায় আমি কি করিব কোথায় জাইব॥ ছাত
হৈতে পোড়ে আমি প্রান হারাইব * অঝর নয়নে মর্দ্দ কান্দে জারে-
জার॥ বুঝাইতে কেহ নাহি সাতে ছিল তার * ছাঁত হইতে দড়
বড়ি নিচেতে নাবিয়া॥ পাগলের মত হএ চলে দৌড়াইয়া * চাকর
গোলাম সব পিছে২ জায়॥ সাহা জাদা কার দিগে ফিরে নাহি চায় *
আখেরে নাচার সব আইল ফিরিয়া॥ মাতারি তাহার কান্দে বেয়াকুল
হইয়া*আখেরে নাচার সব চুপ হৈয়া গেল॥ আল্লার দরগায়সব সুঁপিয়া
জে দিল * সাহা জাদা চলে জায় পাগলের পারা॥ খনে হাসে
খনে কান্দে জায় এই ধারা * কোহে বাবেলের দিগে জাইতে২॥
এক পরি আসিতেছে পাইল দেখিতে * আর দুই পরি আছে সঙ্গে-
তে তাহার॥ একেবারে ডাড়াইল আগে সাজাদার * রূহ আফজা
সাহজাদাকে পারিল চিনিতে॥ দেখিয়া তাহাকে সাহা লাগিল পুছিতে
কহ বিবী রূহআফজা মেহের করিয়া॥ প্রিয়শিনি গেতি কোথায় দেহ
বাতাইয়া * কহিল এয়ছাই বিবী সাহজাদার তরে॥ গেতির নিকটে
লিয়া জাইবো তোমারে * মেরা সঙ্গে চল তুমি কোহেস্থান বিছে॥
লিয়া জাব জেই খানে গেতি পরি আছে * মালিক মাহাম্মদে পরি
লইল চলিয়া॥ গেতির বাগান বিচে পৌছিল জাইয়া * সাহা জাদি
বসে আছে তক্তের উপরে॥ কত সত পরি আছে চারি দিগে ঘিরে *
সাহা জাদাকে দেখে পরি তরায় উঠিয়া॥ তক্ত পরে বসাইল তাজিম
করিয়া * সাহা পরি কহে শুন২ প্রান নাথ॥ তোমাকে না দেখে
দুখি ছিনু দিন রাত * তোমার পিরিতে মজে হৈনু পাগলিনি॥ আ-

পনা বেগান। সব করে কানা কানি * মাতা পিতা ভগ্নি ভ্রাতা সুনিবে জখন ॥ কি উত্তর দিব আমি ভাবি মনে মন * জা আছে কপালে মোর তাহাই হইবে ॥ অদৃষ্টের লেখা জাহা কেবা খণ্ডাইবে * এই রুপে বলা কহা করিতে আছিল ॥ এক পরি তরায় এসে খবর কহিল আলম্পানা সাহা জাদি শুন সমাচার ॥ উজির আছেন খাড়া দরওাজা উপর * তোমার বাপের জে উজির আসিয়া ॥ বড়া দের হৈতে তিনি আছে ডাড়াইয়া * কায়েল সুফ নাম তার শুন সাহা জাদি ॥ বোলা-ইয়া আনি আমি হুকুম হয় জাদ* তখনি কহিল বিবী আনহ ডাকিয়া ॥ তোরিত আনিল তাহে তখনি জাইয়া * উজির আসিয়া জদি হইল হাজির ॥ ছালাম করেন বিবী নোয়াইয়া ছির * হাতে ধরে আপ-নার কাছে বসাইল ॥ কি জন্যে আইলে তাহা পুছিতে লাগিল * উজির জে জেব হৈতে পত্র নিকালিয়া ॥ গেতি আফরোজে দিল তুরিত করিয়া * আপনা জে বাপের পত্র লইয়া জে হাতে ॥ মনে মনে পত্র খানি লাগিল পরিতে * পত্রের মজমুন জাহা পড়িয়া বাপের ॥ ঘড়ি এক রহে বিবী নিচে করে ছের * গেতির এহাল মন্ত্রি দেখিল জখন ॥ আখি চড়াইয়া বাত কহিল তখন * এয়ছা কাম কেন কর আক্কেল খাইয়া ॥ পরির এয্যত তুমি দিলে গোঁয়াইয়া* আদমের সাতে তুমি করিলে আসনাই ॥ কি মুখ দেখাবে তুমি বুঝে দেখ নাই * এহার কারনে জান মা বাপ তোমার ॥ নারাজ আছেন তারা উপরে তোমার * এখন লাজেম হয় শুন মেরা বাত ॥ ছাড়িয়া দেহনা তুমি আদমের সাত * এখনি চলনা তুমি সঙ্গেতে আমার ॥ এখানে থাকিয়া কাজ নাহিক তোমার * উজিরের বাত গেতি সকলি শুনিয়া ॥ কহিতে লাগিল বিবী গোস্বা দেল হৈয়া * নছিহত করিলে জাহা ঝুটা কিছু নয় ॥ বাপের উজির আপে নাহি তাহে ভয় * এই জে আদম জাদা কি কব তোমারে ॥ কত২ মছিবতে ডালিনু এহারে সহিয়া লইল কত আপনা জানেতে ॥ তাহার বয়ান কিছু না পারি কহিতে * কত বার জানওার করিনু এহায় ॥ শেশব বয়ান কিছু কহা নাহি জায় * তামাম আলমে হৈল বদনাম এহার ॥ নছিহত

করে লোক হাজারে হাজার * খেয়াল না করে কিছু কাহার যে বাতে মহব্বত রাখেন খুব আমার জে সাতে * কেমনে ছাড়িব আমি এহার সহব্বত ॥ জেজন আমার তরে করে মহব্বত * বেগর দামেতে বন্দি হইনু তাহার ॥ শুন গো উজির আমি কহি বারে বার * বকসাইয়া দেয় জদি হাতে বেগানার ॥ এনকার তাহাতে কিছু নাহি মেরা আর এতেক কহিয়া ফের সেই পরি জাত ॥ মালিক মাহাম্মদের গলে ডা-লিয়া জে হাত * মুখের উপরে মুখ দিয়া জে তাহার ॥ পিয়ারের বাত কহে অনেক প্রকার * ফের পরি উজিরে কহে বুঝাইয়া ॥ এই কথা ধিরে২ কহেন ডাকিয়া * মাতা পিতা হয় কিম্বা ভাই বেরাদর ॥ হাজার বুঝায় জদি খাতেরে আমার * তবুনা ছাড়িব আমি আদমের সাত ॥ একিন করিবে আপে মেরা এই বাত * জেন্দেগি থাকিতে আমি না ছাড়িব এরে ॥ ঠিক কথা কহিলাম তোমার হুজুরে * উজির শুনিয়া তবে নারাজ হইয়া ॥ আর কিছু নাহি কহে থাকে চুপ হৈয়া * গেতি আফরোজ কহে উজিরের তরে ॥ এই কথা কহ মেরা বাপ বরা বরে * কহিবে মা বাপে মেরা এই সব হাল ॥ দেল হৈতে দুর করে আমার খেয়াল * উজির কহিল তুজে লানত হাজার ॥ আর না আসিব আমি নিকটে তোমার * এতেক কহিয়া তবে ওঠে সেথা হৈতে ॥ একেবারে আইলেন চলে বাহিরেতে * দশ বিশ পরি ছিল সঙ্গেতে তাহার ॥ সকলি লইয়া তিনি হৈল রাহাদার * উজির চলিয়া গেল গোস্বা দেল হৈয়া ॥ তার পরে কি হইল লিখি বিবরিয়া * গেতির মা বাপের কাছে জাইয়া পৌছিল ॥ আদাব ছালাম করে জাইয়াবসিল*গেতি আফরোজের হাল বয়ান করিয়া॥একে২ সব কিছু দিল শুনাইয়া * সামস সাহা বেটীর কথা সুনিয়া কানেতে ॥ অনেক আপছোছ সাহা লাগিল করিতে * দানা দেল এই কেচ্ছা কহিল জখন ॥ সোমুন রোক বিবী বাত কহিল তখন * গেতি আফ রোজ কেয়ছা করে বেওফাই ॥ এহার মতন আর দুনিয়াতে নাই * এই কথা বলে বিবী থাকে চুপ হৈয়া ॥ আজর সাহা হৈল খুশি কথা জে

শুনিয়া * দুই বার কথা বিবী কহিল জখন ॥ দানা দেল ফের কেচ্ছা কহেন তখন* গেতি আফরোজ কহে রুহ আফজার তরে ॥ থোড়েক সরাব এনে পেলাও আমারে * হুকুম পাইয়া রূহ সরাব আনিয়া ॥ গেতি আফরোজে দিল গেলাসে ঢালিয়া * গেতি গেলাস লিয়া সাহ জাদাকে দিল ॥ আদাব করিয়া তিনি তখনি লইল * সারাব খাইল তিনি করিয়া ছালাম ॥ রূহ আফজা ঢালিল ফের আর এক জাম * সাহা জাদা সেই জাম হাতেতে লইয়া ॥ সাহা পরির হাতে দিল তাজিম করিয়া * সাহা জাদি জাম লিল হাতে আপনার ॥ সারাব খাইল বিবী খোসালে হাজার * তার পরে কহে পরি সাহা জাদার তরে ॥ লইতে মুখের বোছা হুকুম তোমারে * সাহা জাদা এজাজত পাইল জখন ॥ পুলকিত হৈল অতি আনন্দিত মন * হাসিতে খুশিতে দিন গেল গুজারিয়া ॥ শুর্য্য অস্ত গেল নিসি আইল চলিয়া * পশু পক্ষি নিজ২ গ্রিহে চলে গেল ॥ গগন মণ্ডলে শশি উদয় হইল * বার দোরি হৈতে পরি সাহা জাদাকে লিয়া ॥ হাউজের পালঙ্গেতে বসিল জাইয়া * জার জে পালঙ্গে দোন সুইয়া রহিল ॥ অর্দ্ধেক নিসি জবে আকাসে হইল * মালিক মাহাম্মদ তবে হইল হুশিয়ার ॥ আখি খুলে দেখিলেন আজব বাহার * দুই চক্ষে মুখা মুখি আহা মরিমরি ॥ তাহার বর্ণনা আমি লিখিতে না পারি * সাহা জাদা দেখে আর না পারে সহিতে ॥ একেবারে উঠিলেন পালঙ্গ হইতে * পরির পালঙ্গ কাছে ডাড়াইল গিয়া ॥ মুখে বোছা দিয়া আর ধরে জড়াইয়া চেতন পাইয়া পরি কহে বারে বার ॥ মালিক মাহাম্মদ তুমি হও খবর দার * তুরিত ছাড়িয়া গেল নিজ পালঙ্গেতে ॥ গোস্বা দেল হইয়া পরি লাগিল কহিতে * বার বার দুক্ষ পাও কথা না শুনিয়া ॥ বড়ই নাদান তুমি দেখিনু বুঝিয়া * তুরিত আদম জাত বড়ই নাদান ॥ তোমার জন্যেতে আমি হৈনু অপমান * বাপের উজির আইল আমাকে লইতে ॥ কত অপমান করি তোমার তরেতে * মা বাপের ভয় আমি কিছু না করিয়া ॥ কত কটু কথা তাহে দিনু শুনাইয়া * তভু তুমি না বুঝিলে আমার মতলব ॥ কি রূপে বুঝাব আর বড়ই

তাযাব * মালিক পরির কথা শুনিল জখন ॥ সরমেন্দা হইল বড় দেলেতে আপন * তার পরে পালঙ্গেতে রহিল শুইয়া ॥ দেখিতে২ রাত গেল গুজারিয়া * ফজর হইতে পরি উঠিয়া আইল ॥ মালিকের হাত ধরে লইয়া চলিল * বাগানের বিচে দোন লাগিল ফিরিতে ॥ হাসিতে খেলিতে বাত লাগিল কহিতে * কত রঙ্গ ফুল আছে অতি মনহর ॥ দেখিয়া খোসাল হৈল হাজারে হাজার * হুকুম করিল পরি রুহ আফজার তরে ॥ তক্ত রওা এই খানে আনহ সত্তরে * হুকুম পাইবা মাত্র হাজির হইল ॥ আসক মাসুক দোন ছওার হইল * চলিলেক তক্ত রওা শুন্যেতে উড়িয়া ॥ এক পাহাড়ের নিচে পৌছিল জাইয়া * শেকারের জানওার কিছু না পায় শেথায় ॥ দোছরা তরফেফের নেকলিয়া জায় * চিত ও হরিন কত শিকার করিয়া ॥ শেথা হৈতে দুই জনা চলিল ফিরিয়া * পশু পক্ষি কত সত মারে বেশুমার ॥ শেতা হৈতে আগুপানে হৈল রাহাদার * সামনে বাগান এক পাইল দেখিতে ॥ পৌছিলেন দুই জনা বাগান বিছেতে * বাদসাই পছন্দ ছিল সেইত বাগান ॥ দেখিয়া খোসাল হৈল দোহাকার জান * ফিরিতে২ রাত পৌছিল আসিয়া ॥ তার পরে কি হইল লিখি বিবরিয়া * রুহ আফজা সঙ্গে ছিল করিল হুকুম * মেরা এই বাত তুমি করনা মালুম * এই বাগানেতে রাত আমরা থাকিব ॥ নাচ বাজা আএস আর জসন করিব * তুরিত জাইয়া তুমি জত পরি গনে ॥ খবর করনা সব আসে এই খানে * রুহ আফজা পলকেতে পৌছিল জাইয়া ॥ হাজার হাজার পরি আনিল জাইয়া * রাত দুপহর জবে হইল আছমানে ॥ রোসনি হইয়া গেল তামাম বাগানে * নানা রঙ্গ আলো সব জলিতে লাগিল ॥ বাগান দেখিতে জেন শর্গ পুরি হৈল * দিগে২ পরি গন লাগিল ফিরিতে ॥ কত রঙ্গ নাচ বাজা হইল লাগিতে * পরি গন নাচ বাজা আছিল করিতে ॥ তার পরে কি হইল লিখি কেতাবেতে * ফোরখন্দা সাহের সেই বাগান আছিল ॥ বাগানের কানে জবে আওাজ পৌছিল * বাজার জে সব্দ জবে পাইল শুনিতে ॥ বাহিরে আসিয়া তারা লাগিল দেখিতে *

বেহেস্তের হুর বুঝি বাগানে আইল॥ মালি গন দেখে সবে অবাকে রহিল * তায্যব হইয়া সবে রহিল বসিয়া॥ সারা রাত নাচ রঙ্গে গেল গুজারিয়া * ফজর হইতে দেখে কেহু কোথা নাই ॥ নাচ ভঙ্গ করে তারা চলিল সবাই * চখের নিমীসে সব গেল জে চলিয়া॥ মালী গন রহিলেন অবাক হইয়া * ডাকিয়া সরদার মালী কহিল সকলে॥ এমন তামাসা নাহি দেখি কোন কালে * পরামস করে সবে হএ এক সাতে॥ খবর করিব গিয়া বাদসার সহিতে * এই পরামস তারা সকলে করিয়া॥ বাদসার দরবারে সব পৌছিল জাইয়া কহিল সরদার মালী জুড়ে দোন হাত॥ আলম পানা ছালামত আরজ নেহাত *

—[০ঃ*ঃ০]—

* ফরখোন্দা সাহাকে মালী গন পরির খবর বলিবার বয়ান *

পয়ার * বাগানের মালী গনে সঙ্গেতে লইয়া॥ পৌছিল সরদার মালী দরবারে জাইয়া * বাদসার সামনে মালী নোয়াইয়া সের॥ কহিতে লাগিল সেই রাতের জেকের * আলম পানা ছালা-মত আরজ হুজুরে॥ আজা এব হাল হৈল বাগান ভিতরে * কোহে-বাবেলের নিচে আছে জে বাগান॥ কি কহিব জাহা পানা তাহার বয়ান * হাজার হাজার পরি আইল একেবারে॥ কত নাচ রঙ্গ হৈল বাগান মাঝারে * এবাত শুনিয়া সাহা তায্যব হইল॥ মালীর জবানি এহা জখন শুনিল * কহিল সরদার মালী বাদসার সাক্ষাতে॥ মালিক মাহাম্মদ ছিল তাহাদের সাতে * সাহা জাদাকে দেখিয়াছি চক্ষেতে আপনা॥ সত্য কহিলাম আমি শুন জাহাপানা * পরির জে নাচ সাহা শুনিল জখন॥ সওক হইল বড় দেলেতে তখন * ফরখোন্দা সাহা এই কথা ভাবে মনেঃ॥ পরির জে নাচ আমি দেখিব কেমনে * বাদসার উজির জে দানেশ মন্দ নাম॥ ডাকিয়া তাহারে কহে বাদসা নেক নাম * মালিক মাহাম্মদ এখন আছেন কোথায়॥ খোলাছা করিয়া বাত কহনা আমায় * দানেশ মন্দ এই বাত শুনিয়া সাহার॥ মিনতি করিয়া কহে শুন নামদার * আজ কাল এয়ছা হাল হইল

তাহারে॥ ফেরেপ্‌তা হইল তিনি পরির উপরে * সামস সাহা বাদসা আছে পরির ছরদার॥ গেতি আফরোজ নাম বেটি জে তাহার* কোহে বাবুলের সেই পশ্চিম দিগেতে ॥ তাহার বাগান এক আছে সেখানেতে * সাহা জাদি সেই বাগে থাকেন মদাম ॥ রাত দিন করে সেহ আএস আরাম * এক দিন সাহা জাদা সিকারে জাইয়া ॥ সেই বাগানের বিচে পৌছিল জাইয়া * গেতির সঙ্গেতে তার মলা-কাত হৈল॥ চখে চখে দেখে দোন আসক হইল * উভয় আসক হৈল নাহিক মাসুক ॥ মিলন হইতে তার নাহি কিছু দুক * সেই হৈতে আসা জাওা করেন সেথায় ॥ সাজাদার হাল জাহা কহিনু তোমায় * দুই বার পরি তাহে জাদুর জোরেতে ॥ জানুওার বানায় দিল কহি হুজুরেতে * এক বার কবুতর বানাইল তারে ॥ মানুষ হইল ফের আল্লার মেহেরে * হইল দোছরা বার মোরগাবি জানু-ওার॥ মানুষ হইল জান মেহেরে খোদার * অনেক বুঝাই তারে বোধ নাহি মানে॥ ঢেকিকে বুঝাব কত নিত্য ধান ভানে * তাহার কারনে আমি আছি জে লাচার॥ ঠীক কথা কহিলাম নিকটে তোমার এখন কোথায় আছে না জানি খবর॥ ঘরে আছে কিবা গেছে পরি বরা বর * শুনিয়া ফরখোন্দা সাহা উজিরের বাত॥ তায্যব হইল তিনি শুনিয়া নেহাত * কহিল ফরখোন্দা সাহা উজিরের তরে ॥ শুনহ দানেশ মন্দ কহি জে তোমারে * মালিক মাহাম্মদ জবে আসিবে ঘরেতে॥ মলাকাত করাইবে আমার সঙ্গেতে * তাহার সাতেতে মেরা আছে কিছু কাম ॥ ইয়াদ রাখিবে বাত শুন নেক নাম হেথাকার কথা এবে রাখিনু হেথায়॥ গেতি আফরোজের বাত শুনহে সবায় * বাগান হইতে পরি নিজ বাগে আইল॥ তক্ত হৈতে সাহা জাদাকে লিয়া উতরিল * বারাদোরির বিছে দোন পৌছিল জাইয়া॥ খানা পিনা করিলেন আরামে বসিয়া * হাসিতে খেলিতে দিন গুজারিয়া গেল ॥ রাতের আমল ফের আসিয়া পৌছিল * হাউজ উপরে দোন সোয় পালঙ্গেতে॥ জার জে পালঙ্গে থাকে হরিশ দেলেতে সাহা পরি শুইলেন হইয়া বেখবর॥ রাত ভর বেকারার রহে সাহাবর

গেতি পরি সুইয়া তো নিশি পোহাইল ॥ সাহা জাদা সারা রাত জাগিয়া কাটীল * আসকের দেল নাহি হয়ত সবর ॥ মাসুক সুইয়া আছে হইয়া বেখবর * উঠিতে সুইতে রাত গেল গুজারিয়া ॥ কাল রাত গিয়া আইল ফজর চলিয়া * নিদ্রা হৈতে পরি জাদি জাগিয়া উঠিল ॥ মালিক মাহাম্মদে লিয়া সঙ্গেতে চলিল * জওাহের খানা বিছে পোছিল জাইয়া ॥ পেটারা খুলিল এক হাতে চাবি লিয়া * ভাল২ জওাহের দেখিয়া নজরে॥ এক দানা তুলে দিল সাজাদার তরে আর এই কথা পরি লাগিল কহিতে ॥ এয়ছা জওাহের কভু দেখেছো চোখেতে * মালিক মাহাম্মদ কহে শুন পরিজাত ॥ এয়ছা বাত নাহি কহ তুমি মেরা সাত * মেরা ঘরে দুই লাল আছে এ প্রকার ॥ তেয়ছা লাল নাহি হবে ঘরেতে কাহার * এক দানা লাল সাত বাদ-সার জে ধন ॥ দুই দানা কত হয় বুঝনা এখন * আর এক গুন জান আছে জে তাহার ॥ রাত কালে জলে সেহ সামার প্রকার * এয়ছা বাত সাহা জাদার শুনিল জখন ॥ তায্যব হইয়া পরি কহিল তখন * শুন শুন সাহা জাদা কহি জে তোমারে ॥ জে লালের তারিফ এয়ছা কহিলে আমাকে * দেখিতে খাহেস বড় হইল আমার ॥ না জানি সে লাল হয় কেমন প্রকার * সেই লাল এনে জদি দেখাও আমারে আলবত্তা হইব খুশি তোমার উপরে * কহিতে২ দিন গেল গুজারিয়া আফতাব ডুবিয়া রাত পৌছিল আসিয়া * সাহা পরি সাহা জাদা তোসা খানা হৈতে ॥ দুই জনে এক সাতে গেল হাউজেতে * খানা পিনা করে দোন ফারাগত হৈয়া ॥ জার জে পালঙ্গে দোন রহিল শুইয়া * ফজর হইতে দোন জাগিয়া উঠিল ॥ আসক মাসুক দোন আরামে বশিল * মালিক মাহাম্মদ তবে কহেন এমন ॥ শুন২ সাহা পরি আমার বচন * এক বাত কহি আমি নিকটে তোমার ॥ হুকুম দেহনা মুঝে ঘরে জাইবার * জে লালের তারিফ আমি করিনু তোমারে ॥ হুকুম দেহনা জাব লাল আনিবারে * গেতি আফরোজ জবে শুনে এই বাত ॥ আফছোছ করিয়া বিবী কহিল নেহাত * শুন২ প্রান নাথ কহিজে তোমারে ॥ কি রুপে ছাড়িয়া দিব তোমার

খাতিরে * ছাড়িতে তোমাকে মেরা দেল নাহি চায়॥ লাচার হইনু কিছু না দেখি উপায় * এজাজত দিনু আমি কহি-জে তোমারে॥ দেরি জেন নাহি হয় কহি বারে বারে*পিট দেখাইয়া জেয়ছা জাওহে চলিয়া॥তরায় দেখাবে মুখআমাকে আসিয়া*দেলাসা ভরসা দিয়া পরির খাতির॥ মালিক মাহাম্মদ তবে হৈল রাহাগির * মালিক মাহাম্মদ তবে হইয়া বিদায়॥ লাল আনিবার তরে দেশ পানে জায় * মাহাম্মদ মছলেম কহে শুন সাহা জাদা॥ দেলের মুরাদ তেরা পুরাইবে খোদা তুরিত জাইয়া লাল আন ঘর হৈতে॥ জাইতে আশিতে দেরি না হয় জাহাতে *

—০ঃ(*)ঃ০—

* মালিক মাহাম্মদ লাল আনিতে আপন *
* ঘরে জায় তাহার বয়ান *

পয়ার * পরি জাদি সাজাদাকে ঘোড়া এক দিল॥ ঘোড়ার তারিফ আমি কি লিখিব বল * মুশকি রঙ্গ ঘোড়া ছিল চারি পাও সাদা॥ জেয়ছা ঘোড়া তেয়ছাই ছওয়ার সাহা জাদা * লাফাইয়া সাহা জাদা চড়ে ঘোড়া পরে॥ এসারা পাইয়া ঘোড়া উড়ে বাঁও ভরে কোহেস্থান ঘড়ি একে হইয়া গেল পার॥ আদমের ছরহদ্দেতে হৈল নমুদার * ঘড়ি এক জায় এয়ছা রাহেতে চলিয়া॥ একে বারে সহ-রেতে পৌছিল যাইয়া * সাহি দরওয়াজাতে জবে জাইয়া পৌছিল॥ আরকান দৌলত সবে দেখিতে পাইল * আদাব ছালাম করে ছের নোয়াইয়া॥ সাহা জাদা উত্তরিল ঘোড়ায় থাকিয়া * এগানা বেগানা গন চারি দিগ হৈতে॥ ঘিরিয়া ডাড়ায় সাহা জাদাকে দেখিতে * আস্তাবলে ঘোড়াকে দিল পাঠাইয়া॥ সইসের তরে কহে তাকিদ করিয়া * খবরদার এই ঘোড়া আলাদা রাখিবে॥ সাহা পরির ঘোড়া এই মনেতে জানিবে * পরেতে মালিক চলে মহলেতে গেল॥ মাতারির সঙ্গে গিয়া মলাকাত কৈল * বিবীর সঙ্গেতে ফের হৈল মলকাত॥ আনন্দিত হৈল সবে দেলেতে নেহাত * খাওাছ খেদ মত গার হইল হাজির॥ আদাব ছালাম করে ঝুকাইয়া ছির * হুকুম

করিল ফের মাতারি তাহার ॥ খাবার ছামান এনে করহ তৈয়ার *
হুকুম পাইয়া সবে তুরিত করিয়া ॥ নানা রঙ্গ খানা দিল তখনি আনিয়া
সকলে মিলিয়া খানা খাইতে লাগিল ॥ খেয়ে পিয়ে সকলেতে ফারা
গত হৈল * খুসি খোসালিতে দিন গেল গুজারিয়া ॥ আরামের
তরে রাত পৌছিল আসিয়া * সাহা জাদা আইল জদি ঘরেতে
তাহার ॥ এই কথা কানা কানি হইল প্রচার * দানেশ মন্দ এই
কথা শুনিল জখন ॥ মালিক মাহাম্মদ আইল ঘরেতে আপন * উজির
শুনিয়া তবে রওনা হইল ॥সাজাদার কাছে তিনি জাইয়া পৌছিল *
মালিক মাহাম্মদ তবে চাচাকে দেখিয়া ॥ আদাব ছালাম করে ছের
নোয়াইয়া * তার পরে কহিলেন চাচাজি তোমার ॥ ইয়াদ করিতে
ছিনু নাম আপনার * অনেক দিন হৈল আমি নাপাই দেখিতে ॥
পেরেসান ছিল দেল সেই কারনেতে * অনেক দিন হৈতে আইলে
ঘরেতে আমার ॥ জেতে নাহি দিব আজ কহি বারে বার * দানেশ
মন্দ কহিলেন শুন মেরা বাত ॥ জেই জন্য আইনু করিতে মলাকাত*
ডাকিয়া আমার তরে বাদসা নামদার ॥ পুছিতে লাগিল মুঝে এমন
প্রকার * মালিক মাহাম্মদ আছে এখন কোথায় ॥ হাজের করনা
তারে আনিয়া হেথায়* আরজ করিনু আমি বাদসা নামদার ॥ মালিক
মাহাম্মদ নাহি ঘরেতে তাহার * আইলে হুজুরে এনে করিব হাজির
নারাজ না হবে আপে বাদসা জাহাংগির * শুনঃ সাহা জাদা কহিজে
তোমারে ॥ সেই জন্য আসি আমি কহি বারে বারে* মালিক মাহাম্মদ
কহে শুন চাচা জান ॥ জাইতে হইবে মুঝে নাহিক এড়ান * বাদসা
আলম্পানা জবে ডাকিল আমায় ॥ জাইতে ওজর কিছু নাহিক
তাহায় * এতেক বলিয়া সাহা জাদা নামদার ॥ জাইতে বাদসার
কাছে হইল তৈয়ার * দানেশ মন্দ চাচা সঙ্গে জাইতে লাগিল ॥ বাদ-
সার দরবারে গিয়া হাজির হইল * ডাড়াইল এক পাশে আদবের
সাথ ॥ আদাব ছালাম করে জুড়ে দোন হাত ॥ মাথা হেট করে
সেথা রহে ডাড়াইয়া ॥ বসিতে কহিল সাহা পিয়ার করিয়া * শুন
বাবা মালিক আমি ডাকিনু তোমারে ॥ ঠিক ঠিক বাত বাবা কহিবে

আমারে * ঝুট নাহি কহিবে আমার বরাবর ॥ বহুত নারাজ হব তোমার উপর * গেতি আফরোজ নাম যেই পরি জাত ॥ মহব্বত করেন পরি তোমাকে নেহাত * দেখিব তাহারে আমি আছে মেরা সাদ ॥ কহিনু তোমাকে জাহা দেলের মুরাদ * কোন উছিলায় আমি দেখিব পরিকে ॥ এই জন্যে ডাকি আছি আমি যে তোমাকে * সাহাজাদা কহে তবে শুন চাচাজান ॥ সেই জন্যে আপনি নাহবে পেরেসান * যে রুপেতে পারিব আমি আনিব তাহায় ॥ তাহার জন্যে -তে আপে না করিবে ভয় * দানেশ মন্দ সাহা ফের পুছিতে লাগিল ॥ তোমার মতলব জাহা আমাকে তা বল ॥ দানেশ মন্দ কহে সাহা আরজ হুজুরে ॥ আপনি দাওাত কর পরির খাতিরে * দাওত কবুল জদি করে পরি জাত ॥ অবস্য আসিবে তাতে নাহি কোন বাত* একথা শুনিয়া সাহা পছন্দ করিল ॥ মালিক মাহাম্মদে ডেকে এবাত কহিল * গেতি আফরোজে তুমি কহিবে জাইয়া ॥ দোয়া করিল বাদসা তোমার লাগিয়া * বড়ই খাহেশ হৈল দেলেতে তাহার ॥ দাওত কবুল জদি করিবে সাহার * আমার দাওত জদি না করে এনকার ॥ খোসাল হইবে জান বড়ই আমার * মালিক মাহাম্মদ কহে শুন চাচাজান ॥ এজাজত দেহ মুঝে জাই কোহেস্থান * দেলেসা ভরসা খুব দিয়া জে চাচায় ॥ মালিক মাহাম্মদ তবে নিজ ঘরে জায় * আপনা মাতার কাছে পৌছিল জাইয়া ॥ খোসাল হইল মাতা তাহাকে দেখিয়া * খেলওাত খানায় ফের উঠিয়া চলিল ॥ জাইয়া বিবীর সঙ্গে মলাকাত হৈল * পেরেসান হালে বিবী আছেন বসিয়া ॥ কান্দি-তে লাগিল বিবী মুখ ফেরাইয়া * সাহাজাদা বিবীকে জে অনেক বুঝায় ॥ কোন মতে বিবী নাহি রাজি তার হয় * বিবী কহে এই খানে কাজ কি থাকিয়া ॥ গেতি পরি ডাকিতেছে জাহনা চলিয়া আমি অভাগিনি আর জনম দুখিনি ॥ এখানে থাকিয়া কষ্ট পাইবে আপনি * সাহাজাদা কহে বিবী মাফ কর মোরে ॥ আর না জাইব আমি কহিনু তোমারে * ছওগন্দ করিনু আমি আর না জাইব ॥

আএস আরামে নিজ ঘরেতে থাকিব * বলিতে কহিতে বিবী ফিরিয়া বসিল ॥ খছমের মুখ দেখে আনন্দ হইল * হুকুম করিল বিবী খাওা ছের তরে ॥ খাবার ছামান জাহা আনহ সত্তরে * হুকুম পাইল জবে খাওাছ গোলাম ॥ তুরিত আনিয়া খানা রাখিল তামাম * মিঞা বিবী একসাতে খানা পিনা করে ॥ জাইয়া সুইল দোন পালঙ্গ উপরে খুসি খোসালিতে রাত গেল গুজরিয়া ॥ বাহিরেতে গেল ফের ফজরে উঠীয়া * এয়ার আছহাব গন আসিয়া পৌছিল ॥ সকলের সাতে ফের মলাকাত হৈল * এয়ার গন সাহজাদাকে অনেক বুঝায় ॥ ছওগন্দ করিয়া ফের কহিল সবায় * আর না জাইব আমি শুন ভাই গন ॥ ছওগন্দ করিনু আমি শুন দিয়া মন * সকলে হইল খুসি একথা শুনিয়া ॥ জার জে মাকানে সব গেল জে চলিয়া * সাহা-জাদা ঘরে থাকে আরামের সাতে ॥ গম পেরেসানি কিছু নাহি কোন বাতে * এয়ছাই কএক দিন জায় গুজারিয়া ॥ এক দিন রাত কালে আছিল সুইয়া * গেতি আফরোজের কথা ইয়াদ হইল ॥ দড় বড়ি পালঙ্গেতে উঠিয়া বসিল ॥ জওাহেরের সিন্দুক খুলিল উঠিয়া * জেই দুই লাল ছিল লিল নেকালিয়া * লেবাছ পোসাক পিন্দে বাহিরে আসিল ॥ আস্তা বলে গিয়া ফের সহিশে ডাকিল * হুকুম করিল ইহা সইসের তরে ॥ জিন বন্দি করে ঘোড়া এনে দেহ মোরে * জে ঘোড়ায় আসিয়াছি সওয়ার হইয়া ॥ সেই ঘোড়া এনে দেহ তুরিত করিয়া * সইস আনিল ঘোড়া জিন বন্দি করে ॥ নেগাও করিয়া সাহা দেখিল নজরে * তার পর সাহাজাদা সওয়ার হইয়া ॥ লইয়া আল্লার নাম জায় নেকলিয়া *

—০ঃ(*)ঃ০—

* মালিক মাহাম্মদ দুইলাল লিয়া গেতি আফরোজপরির কাছে *
* জায়ও ফর খোন্দা সাহার তরফ হইতে *
* দাওাত করে তাহার বয়ান *

পয়ার * সাহাজাদা ঘোড়া পরে হইয়া সওয়ার ॥ কোহে-স্থান তরফেতে হৈল রাহাদার * এসারা পাইয়া ঘোড়া এয়ছাই উড়িল

হাওাকে রাখিয়া পিছে চলিতে লাগিল * আদমের বস্তি ঘোড়া দিল যে ছাড়িয়া ॥ কোহেস্থান সিমানাতে পৌছিল জাইয়া * কো-হে বাবেলের কাছে জাইয়া পৌছিল ॥ পরি গন সাহজাদাকে দেখিতে পাইল * ছাএর করিতে পরি আইল তথায় ॥ একা এক সাহজা-দাকে দেখিবারে পায় * রূহ আফজা পরি ছিল তাহাদের সাতে ॥ মালিক মাহাম্মদে বিবী কহে আদবেতে * আইস২ সাহাজাদা মবারক্ বাদি ॥ পেরেসান তোমার জন্যেতে সাহাজাদি * গেতি আফরোজ পরি ভাবে দিন রাত ॥ কি রুপে তোমার সঙ্গে হবে মলাকাত * কখন কখন কহে আমাকে ডাকিয়া ॥ সাহাজাদা মেয়া তরে গিয়াছে ভুলিয়া * এই ভাবা গুনা বিবী দিন রাত করে ॥ চুপ হইয়া থাকে কিছু না কহে কাহারে * তুরিত আমার সাতে চলহ আপনি ॥ সাহা-জাদা বেয়াকুল এই কথা শুনি * সাহাজাদা চলিলেন ঘোড়ায় চড়িয়া রূহ আফজা পরি সঙ্গে চলিল উড়িয়া * এক পলকের বিচে জাইয়া পৌছিল ॥ গেতির মহল জেই বাগানেতে ছিল * রূহ আফজা খবর দিল গেতিকে জাইয়া ॥ মালিক মাহাম্মদ তেরা পৌছিল আসিয়া * সাহাজাদা ঘোড়া হৈতে লাবিয়া তুরিত ॥ মহলের দর-ওয়াজাতে হৈল উপস্থিত * পরি জাদি শুনিয়া জে দৌড়িয়া আইল ॥ সাহাজাদার তরে এসে গলায় ধরিল * দুই জনা মিলা মিলি করে গলা গালি ॥ নুতন ফুলেতে জেয়ছা বসিলেক ওলি * তার পরে পালঙ্গেতে দুজনে বসিল ॥ নানা রঙ্গ বাত চিত হইতে লাগিল * সাহাজাদা জেব হৈতে লাল নেকালিয়া ॥ সাহাজাদির সামনেতে দিলেন রাখিয়া * লাল দেখে গেতি পরি অবাক হইল ॥ না দেখিনু এয়ছা লাল কহিতে লাগিল * পরি জাদি দুই লাল হাতেতে লইয়া সাহাজাদার তরে লাল দেয় ফেরাইয়া * সাহাজাদা কহে বিবী না লইব আর ॥ এয়ছাই হাজার লাল তোমার নেছার * একথা শুনিয়া পরি সরমেন্দা হইল॥রূহ আফজাকে দিয়া তবে কহিতে লাগিল*তো-সা খানা বিছে রাখ সিন্দুক ভিতরে ॥ রুহ আফজা রাখিল লিয়া জতনে তাহারে * ফের মাহাম্মদ এহা কহিল পরিকে ॥ শুন২ পরি জাদি

কহি আপনাকে * ফরখোন্দা সাহা নাম চাচাজি আমার ॥ দাওত কহিয়া দিল খাতেরে তোমার * মেহের করিয়া জদি কবুল করিবে তবেত ফরখোন্দা সাহা বড় খুসি হবে * এতেক শুনিয়া পরি কহিল তখন ॥ বড়ই হইনু খুশি শুন দিয়া মন * কিন্তু এক কথা আছে কহি জে তোমায় ॥ বাদসাকে দাওাত করা লাজেম আমায় * পহেলা দাওত মেরা করেন কবুল ॥ তার পরে জাইব আমি না হবে অদুল* সাহাজাদা এয়ছা বাত পরির শুনিয়া ॥ কহিতে লাগিল এহা তাহার লাগিয়া * এজাজত দেহ মুঝে জাইবার তরে ॥ দাওত করিয়া আসি বাদসার খাতিরে * গেতি পরি কহিলেন সাহাজাদার তরে ॥ দাওত করিয়া আইস জাইয়া বাদসারে * মহাম্মদ মছলেম কহে শুন সাহাজাদা ॥ তুরিত চালয়া জাহ নেগাবান খোদা *

—০ঃ(**)ঃ০—

* মালিক মাহাম্মদ গেতি আফরোজের তরফ হইতে *
* দাওাত লইয়া ফরখোন্দা বাদসার কাছে *
* জায় তাহার বয়ান *

পয়ার * সাহাজাদা পরি আগে হহয়া বিদায় ॥ রওয়ানা হইল মর্দ্দ চড়িয়া ঘোড়ায় * এসারা করিতে ঘোড়া জায় এয়ছা জোরে ॥ হাওাকে রাখিয়া পিছে উড়ে বাঁও ভরে * এক পহর রাত জবে আছমানে হইল ॥ দামেস্ক সহর বিচে জাইয়া পৌছিল * আপনার মহলেতে পৌছিল জাইয়া ॥ হাওালা করিল ঘোড়া সইসে ডাকিয়া * আপনি চলিয়া গেল মহল ভিতরে ॥ জাইয়া বিবীর সাতে মলাকাত করে * সওহরে দেখিয়া বিবী খোসাল হইয়া ॥ তুরিত আনিয়া খানা দেয় খেলাইয়া * খানা পিনা করে জবে ফারা-গত হৈল ॥ আরামের সঙ্গে মর্দ্দ সুইয়া রহিল * ফজর হইতে ফের জাগিয়া উঠিল * লেবাছ পোসাক পিন্দে তৈয়ার হইল * দানেশ মন্দ নাম জার উজির বাদসার ॥ আছিল চাচারা ভাই এইত সাহার * বড়ই আক্কেল মন্দ তিনি বড়ই কামেল ॥ এলেম হেকমতে তিনি বড়ই আমেল * বাদসার নিকটে খুব এয্যত তাহার ॥ হুসিয়ারিতে

তার ছানি নাহি কেহ আর * সাহাজাদার চাচা ইনি শুন ভাই জান ভাতিজাকে ভাল বাসে জানের সমান * সাহাজাদা দানেশ মন্দের কাছে গেল ॥ জাইয়া আদবে তাহে ছালাম করিল * দানেশ মন্দ লিল তাহে ছাতি লাগাইয়া ॥ পুছিতে লাগিল হাল পিয়ার করিয়া * মালিক মাহাম্মদ কহে শুন চাচা জান ॥ দাওত করিল পরি বাদসার কারন * পরির একরার এই কহি জে তোমারে ॥ এয়ছাই কহিয়া পরি দিয়াছে আমারে * আমার দাওত সাহা কবুল করিয়া ॥ সার-ফরাজ করে জদি এখানে আসিয়া * অবশ্ব জাইব আমি দাওতে বাদসার ॥ এবাতে নাহিক মেরা কোনই এনকার * পরিজাদি এই কথা কহিয়া আমারে ॥ পাঠাইয়া দিল সেহ দাওাত করিবারে * দানেশ মন্দ এই কথা শুনিল জখন ॥ কহিল বাদসার কাছে চলনা এখন * দুই জনা সাহা আগে জাইয়া পৌছিল ॥ জাহা কিছু বাত ছিল বয়ান করিল * শুনিয়া ফরখোন্দা সাহা খোসাল হইয়া ॥ মালিক মাহাম্মদে সাহা কহে বুঝাইয়া * তুরিত জাইয়া তুমি দেহ সমাচার ॥ দাওত কবুল আমি করিনু তাহার * সাহাজাদা শুনে বাত বড় খুসি হৈল ॥ বাদসাকে ছালাম করে বিদায় হইল * আপনার ঘরে ফের আইল চলিয়া ॥ আপনা মাতাকে সব কহে বুঝাইয়া * কোন বাতে গম কিছু না করিবে আর ॥ কোহেস্থানেতে জাই হুকুমে বাদসার * পরির দাওত সাহা কবুল করিল ॥ খবর কহিতে মুঝে জাইতে হইল * তুরিত আসিব আমি শুন আম্মা জান ॥ আমার জন্যেতে নাহি হবে পেরেসান * এতেক কহিয়া মর্দ্দ বিদায় হইল ॥ আস্তাবলে গিয়া সেই ঘোড়া জে লইল * পরির জে দেওা ঘোড়া চড়িল তাহায় ॥ এসারা পাইয়া ঘোড়া উড়িল হাওায় * তিন চাড়ি ঘড়ি বিচে জাইয়া পৌছিল ॥ কাহে বাবেলের কাছে গিয়া উত্তরিল * পরির বাগান বিচে পৌছিল জাইয়া ॥ রূহ আফজা সেই খানে ছিল ডাড়াইয়া * সাহজাদার তরে সেহ নজরে দেখিয়া ॥ আদাব ছালাম করে দুহাত তুলিয়া * রূহ আফজা দেখে সেহ করে কোন কাম ॥ দুই হাতে লইলেন তখনি ছালাম * ঘোড়া হৈতে উত্তরিল তুরিত করিয়া ॥

রূহ আফজার সাতে মর্দ্দ মিলিল জাইয়া * ঘোড়াকে লইয়া গেল তবেলার বিচে ॥ ঘোড়ার চাকর সেথা পরিগন আছে * তার পরে রূহ আফজা সাহজাদাকে লিয়া ॥ গেতি আফরোজের কাছে পৌছিল জাইয়া * মালিক মাহাম্মদে জবে দেখে সাহা পরি ॥ পালঙ্গে শুইয়া ছিল উঠে দড় বরি * হাতে ধরে আপনার কাছে বসাইল ॥ হাল হকিকত সব পুছিতে লাগিল * একে২ সাহাজাদা কহিল তামাম ॥ শুনিয়া জে খুসি হৈল পরি নেকনাম*ফের পরে জিজ্ঞাসিল মালিকের তরে ॥ কোন দিন আসিবেন কহত আমারে * মালিক মাহাম্মদ কহে কহি জে তোমায় ॥ আএন্দা জুম্মার রোজ আসিবে হেথায় * এতেক শুনিয়া পরি কহে রূহ আফজাকে ॥ ভাল রূপে বুঝাইয়া কহিল তাহাকে * শুন২ বুবুজান কহি জে তোমায় ॥ ফরখোন্দা নামেতে বাদসা আসিবে হেথায় * দাওত করিনু আমি বাদসার খাতিরে ॥ খাবার ছামান কর উত্তম প্রকারে * কোন বাতে কমি জেন না হয় ছামান ॥ বাবুরচির তরে তুমি করনা ফরমান * আর এক কথা কহি শুন সমাচার ॥ কাসেদ পরকে আন নিকটে আমার * রূহ আফজা কাসেদেরে ডাকিতে লাগিল ॥ বাদ রাপ্তার নাম সেই কাসেদের ছিল * বাদ রাপ্তার এসে হইল হাজির ॥ গেতি পরি কহিলেন তাহার খাতির * কোহে কাফে জাও তুমি তুরিত করিয়া আরজ জানাও মেরা মা বাপে জাইয়া * আদম জাত বাদসা তিনি ফরখোন্দা সাহা নাম ॥ দামেস্কের বাদসা হয় বড় নেক নাম * দাওত করিনু আমি তাহার খাতিরে ॥ আরজ আমার এই জানাই হুজুরে * মেহের করিয়া মুঝে শুন বাবাজান ॥ ছোট দুই বহিনেরে এ খানে পাঠান * মেহের আঙ্গেজ সোর আঙ্গেজ এই দুই জনে ॥ মেহের করিয়া ভেজ আমার এখানে * বড়ই হইব খুসি বাবাজান ॥ জদি নাহি ভেজ হব বড় পেরেসান *

—০ঃ(**)ঃ০—

* গেতি আফরোজ পরির দুইছোট বহিন মেহের আঙ্গেজ *

* সোর আঙ্গেজ কে আনিতে আপনার বাপের কাছে *

* বাদ রাপ্তার কাসেদকে পাঠায় তাহার বয়ান *

পয়ার * বাদ রাপ্তার নামে কাসেদ হুকুম পাইয়া ॥ কোহে কাফ দিকে জায় রওানা হইয়া * কোহেকাফের বাদসা সামস সাহা নাম ॥ গেতি আফরোজের বাপ শুনহ তামাম * কাসেদ চলিয়া জায় হাওাতে উড়িয়া ॥ এক রাত এক দিনে পৌছিল জাইয়া * বাদ-সার মহল বিছে জাইয়া পৌছিল ॥ আদাব ছালাম করে আরজ কহিল * আলম্পানা ছালামত বাদসা নামদার ॥ জান বকসি করে শুন আরজ আমার * গেতি আফরোজ বিবী বড় সাহাজাদি ॥ তাহার কছুর আপে মাফ কর জদি * তবেত আরেজ তার হুজুরে জানাই ॥ হুকুম হইলে তবে আরজ সুনাই * হুকুম করিল সাহা কাসেদের তরে ॥ ত্বরিত করিয়া হাল কহত আমারে * কাসেদ কহেন ফের জুড়ে দোন হাত ॥ আলম্পানা ছালামত শুন মেরা বাত * সাহাজাদি গেতি বিবী ভেজিল আমারে ॥ তাহার কারন আমি কহি জে হুজুরে এক আদম জাত বাদসা ফরখোন্দা নাম তার ॥ দামেস্কের বাদসা শেহ শুন সমাচার * সেই বাদসা দেল বিচে খাহেস করিয়া ॥ গেতি বিবীরে দিল খবর ভেজিয়া * বেড়াইতে জাব আমি তোমার মুল্লুকে ইহার জওাব তুমি দিবে জে আমাকে * সাহাজাদি পাইলেক এয়ছাই খবর ॥ ত্বরিত ভেজিয়া দিল তাহার উত্তর * আপনি আসেন জদি আমার দেশেতে ॥ বড়ই ইইব খুসি জানিবে দেলেতে * আপনার ঘর বলে মনেতে জানিয়া ॥ পদার্পন করিবেন গরিব বলিয়া * শুন সাহা আলম্পানা এইত খবর ॥ এই জন্যে ভেজিলেন তোমা বরাবর মেহের আঙ্গেজ সোর আঙ্গেজ দোনই বহিনে ॥ মেহের করিয়া যদি ভেজ দুই জনে * আর দশ বিশ পরি তার সঙ্গে দিয়া ॥ পাঠাও দোহার তরে মেহের করিয়া * এতেক শুনিয়া সাহা গোশ্বায় কহিল আদমের সঙ্গে তার মহব্বত হৈল * হরগেজ তাহার মুখ আর না দেখিব ॥ তাহার সেখানে এক কুত্তা না ভেজিব * গেতি আফরোজের এক ছোট ভাই ছিল ॥ ফেরতাশ জরিন নাম কেতাবে লিখিল * বাপের গজব শুনে আইল দৌড়িয়া ॥ মিনতি করিয়া কহে দুহাত

জুড়িয়া * শুন২ বাবাজান আরজ আমার ॥ বেয়াদবি মাফ কর আমা সবাকার * পুত্র সব গুনাগার মা বাপের কাছে ॥ মাফ ভিন্য আমাদের উপায় কি আছে * গেতি আফরোজের গোনা দেহনা মাফ করে ॥ আমার আরজ জাহা করিনু হুজুরে * মেহের আঙ্গেজ সোর আঙ্গেজের তরে ॥ পাঠাইয়া দেহ বাবা মেহের নজরে * এতেক শুনিয়া সাহা সদয় হইয়া ॥ হুকুম করিল গেতির মাতাকে ডাকিয়া মেহের আঙ্গেজ সোর আঙ্গেজের তরে ॥ দুই জনে ভেজে দেহ গেতি বরা বরে * হুকুম পাইয়া বিবী তাড়া তাড়ি করে ॥ নানা রঙ্গ সাজ বাজ করে দোহাকারে * আর দশ বিস পরি খাওাছ গোলাম ॥ তাহাদের সঙ্গে দিল বিবী নেক নাম * কাসেদের সঙ্গে সব রওানা হইল আকাসে উড়িয়া সব জাইতে লাগিল * কোহে বাবেলের বিছে পৌছিল জাইয়া ॥ গেতির মাকান মদ্ধে উতরিল গিয়া * ধুম ধাম সোর সার হইল বাগানে ॥ কেবা কাকে ডাকে কেবা কার কথা সুনে খুসির তরঙ্গ যেন বাগানে হইল ॥ জাইয়া গেতির সঙ্গে সকলি মিলিল বহিন গনের তরে পিয়ার করিয়া ॥ বোছা দিলেন কত মুখে মুখ দিয়া কত রঙ্গ পরি জাত আইল বাগানে ॥ তাহার বয়ান আমি লিখিব কেমনে * এক এক পরি কিবা ইন্দ্রের কামিনি ॥ তপ জপ ত্যাগ করে দেখে ঋদি মনি * গেতি আফরোজ সবে হুকুম করিল ॥ দাওতে আসিবে বাদসা সবারে কহিল * জার জেই কাম আছে কর সেই কাম ॥ দুই দিন বিচে সব করনা আঞ্জাম * কারিন্দা গন এই রূপ হুকুম পাইয়া ॥ জার জেই কামে সব ডাড়াইল গিয়া * আরাস্তা হইল জত বাগানের কাম ॥ দুই দিন মদ্ধে সব হইল আঞ্জাম * বড়২ বাবুরচি গন আসিয়া পৌছিল ॥ খাবার ছামান কত মৌজুদ হইল * রঙ্গ২ খানা তারা করেন তৈয়ার ॥ কি কব তারিফ আমি এত মজাদার তৈয়ার হইল কত বাদসাহি সামানা ॥ কত জে লিখিব আকি তাহার বর্ণনা *

—০ঃ(**)ঃ০—

* মালিক মাহাস্ম ফরখোন্দা সাহাকে আনিতে জায় তাহার বয়ান*

পয়ার * এই খানে ধুম ধাম হইতে লাগিল ॥ ওদিকের হাল ফের লিখিতে হইল * গেতি আফরোজ কহে সাহজাদার তরে আপনি জাইয়া আন বাদসার খাতিরে * কি রূপে আনিবে হেথা শুন কহি আমি ॥ বাদসাকে জাইয়া সব বাতাইবে তুমি * এমন ভাবেতে তুমি আনিবে বাদসায় ॥ কোন বাতে বাদসা নারাজ নাহি হয় এই জন্যে আগে আমি পাঠাই তোমারে ॥ বুঝাইয়া দিবে তুমি বাদসার খাতিরে * আপনার লোক জন না আনে হেথায় ॥ পাহাড়ের নিচে সব থাকিবে সেথায় * পরি গন খাহেস করে আদমের তরে ॥ পেরে সান হবে লোক তাহার খাতিরে * রসদ সামান সব দিব জোগাইয়া ॥ কোন বাতে কমি নাহি শুন মন দিয়া * ফউজ লস্কর সব থাকিবে সেথায় ॥ কেবল উজির বাদসা আসিবে হেথায় * এতেক কহিয়া পরি হুকুম করিল ॥ রুহ আফজার তরে ফের কহিতে লাগিল * জত দিন আদম জাত থাকিবে হেথায় ॥ পাহাড়ের নিচে কেহ জাইতে না পায় * হুকুম খেলাফ জদি করে কোন পরি ॥ উচিত সাজাই আমি করিব তাহারি * হেন্দান সোলেমানে তাহে কএদ করিব ॥ কিয়ামত তক তারে তার না ছাড়িব * এহছাই হুকুম দিল জাহের করিয়া ॥ ঠাই ঠাই পাহরা চৌকি দিল বসাইয়া * তার পরে সাহা পরি হুকুম করিল ॥ রসদ সামান সব জাইতে লাগিল * মানুসের খাবার ছিল জত সরনজাম ॥ ঠাই ঠাই রাখিলেন করিয়া আঞ্জাম * হাতি ঘোড়া উট গাধা জানওয়ারের তরে ॥ গাছ পালা দানা ঘাস রাখে থরে থরে * জিয়াফত গনে পরি হুকুম করিল ॥ মানুশের ভেশে তারা হাজির রহিল * জত দিন আদম জাত থাকিবে হেথায় কোন বাতে কেহ কোন কষ্ট নাহি পায় * সাহা পরির হুকুমেতে হইল তামাম ॥ তার পরে সাহাজাদাকে কহে নেকনাম * শুন২ সাহাজাদা কহি জে তোমারে ॥ ত্বরিত আনিতে জাও বাদসার খাতিরে জখন আসিবে সাহা সরহদ্দে আমার ॥ তখনি খবর দিবে মেরা বরাবর সাহাজাদা এই কথা সকলি শুনিয়া ॥ ঘোড়ায় চড়িয়া জায় রয়ানা হইয়া ধিরে ধিরে সারা দিন চলিয়া রাহেতে ॥ নিমাসাম কালে গেল আপনা দেশেতে * দামেস্ক সহর বিচে জাইয়া পৌছিল ॥ বাদসায় নিকটে

গিয়া হাজের হইল * আদাব ছালাম করে ছের ঝুকাইয়া ॥ একে২ সব কথা দিল বুঝাইয়া * শুনিয়া ফরখোন্দা সাহা বড় খুসি হইল ॥ উজিরে ডাকিয়া ফের সব শুনাইল * গোত আফরোজের কথা কহিল তামাম ॥ পছন্দ জে করিলেন উজির নেকনাম * তার পরে বাদসা ফের উজিরে কহিল ॥ কোহেস্থানের দিগে এবে জাইতে হইল ভাল২ লোক জে জে পছন্দ করিয়া ॥ তৈয়ার হইতে দেহ হুকুম করিয়া * উজির শুনিয়া তবে ছরদারে ডাকিল ॥ ভাল২ লোক সব তৈয়ার হইল * মালিক মাহাম্মদ গেল আপনা ঘরেতে ॥ আপনা মাতার সঙ্গে সাক্ষাত করিতে * মাতারের সাতে সেহ দেখা জে করিয়া ॥ বাদসার নিকটে ফের পৌছিল আসিয়া * আদাব তছলিম করে সের ঝোকাইয়া ॥ পিয়ার করিল সাহা নিকটে ডাকিয়া * দাওতে জাবার সব তৈয়ার হইল ॥ সাহি দরওয়াজাতে আসি হাজের হইল * আইল হাতির গাড়ি বাদসার লাগিয়া ॥ কিকব গাড়ির সাজ বয়ান করিয়া * হাজার জওান আইল চড়িয়া ঘোড়ায় ॥ তাদের বয়ান আর লেখা নাহি জায় * হাতির গাড়িতে সাহা ছওয়ার হইল ॥ দানেশ মন্দ সাহজাদা দুজনা চড়িল * লইয়া আল্লার নাম হৈল রাহাদার ॥ হাজার জওান জায় পিছে২ তার * জত লোক চলিলেন বাদসার সঙ্গেতে ॥ কেহুবা ঘোড়ায় চড়া কেহুবা উটেতে * কোহেস্থানে সব রওানা হইল ॥ মঞ্জিলে২ সব জাইতে লাগিল * এই রূপে দুই দিন রাহেতে চলিয়া ॥ কোহেস্থান সরহদ্দেতে পৌছিল জাইয়া * দুর হৈতে কোহে বাবেল দেখিতে পাইল ॥ আর থোড়া আগু পানে জাইতে লাগিল * ডেরা তাম্বু সামিয়ানা আছে জে ময়দানে ॥ কো-সাদা ময়দান দেখে সাহা ভাবে মনে২ * মালিক মাহাম্মদে সাহা পুছিতে লাগিল ॥ এখানে লস্কর আছে কি লাগিয়া বল * মালিক মাহাম্মদ কহে শুন চাচাজান ॥ গোতি আফরোজের এই জতেক সামান * আপনার লস্কর সব থাকিবে হেথায় ॥ তাহার কারনে হেথা রাখিল তরায় * কোন বাতে কষ্ট জেন না হয় কাহার ॥ আগে হৈতে রাখিয়াছে শুন সমাচার * এতেক শুনিয়া সাহা তারিফ করিল ॥ সাবাশ সাবাশ মুখে বলিতে লাগিল * ফের বাদসা পুছিলেন সাহজাদার তরে ॥ এই সব লোক জন এল কি প্রকারে * সাহাজাদা কহে

কহে তবে শুন চাচা জান ॥ এহার ভেদের বাত করি যে বয়ান * জত লোক দেখিতেছ আছে এই খানে ॥ এই সব পরি জাত জানিবেন মনে * সাহা পরি হুকুম এয়ছা দিয়াছে সবায় ॥ আদম সুরাতে সব থাকিবে হেথায় * বাদসার লস্কর হেথা জত দিন রবে ॥ তাদের খেদ মতে সব হাজের থাকিবে * কোন বাতে কষ্ট জেন না পায় এহারা ॥ ভাল রুপে তাগিদ জে করিবে তোমরা * জদি কেহ কড়া কথা বলে তোমা দিগে ॥ আজিজি করিয়া মাফ মাঙ্গ তার আগে * জিন্নিয়াত বলে জেন জানিতে না পারে ॥ বার বার খবরদার করিনু সবারে * শুন২ বাবাজান ভেদ জে এহার ॥ এই ভেদ কার কাছে না হয় প্রচার * এতেক শুনিয়া সাহা তায্যবে রহিল ॥ বাত চিতে সেই খানে জাইয়া পৌছিল * বাদসা ও লস্কর জদি সেখানে পৌছিল ঐসব লোক তারা আগু বেড়ে এল * বাদসার তরেতে সব করিল ছালাম ॥ আগু বাড়াইয়া লিল মেহমানে তামাম * ডেরা সামিয়ানা সব তৈয়ার আছিল ॥ তাহার মধ্যেতে সব গিয়া উত্তরিল * জার জে কদর মতে তেমন জাগায় ॥ খাতির করিয়া তারে রাখিল সেথায় * খানা পানি বন্দ বস্ত করিতে লাগিল ॥ হাতি ঘোড়া উট গাধা সকলের দিল * পলকের বিচে সব করিল আঞ্জাম ॥ খেদমতে হাজির তারা রহিল মদাম * হেথাকার কথা এবে রাখিনু হেথায় ॥ মালিক মাহাম্মদ এবে পরি আগে জায় *

—০ঃ**ঃ০—

* মালিক মাহাম্মদ পরিস্থানে জাইয়া গেতি আফরোজ কে *
* বাদসার আশিবার খবর পৌছায় তাহার রয়ান *

পয়ার * মালিক মাহাম্মদ কহে বাদসার খাতির ॥ ধিরে২ সব হাল করিয়া জাহির * তার পরে সাহজাদা কহিতে লাগিল ॥ বাদসা ও উজিরে হেথা গোপনে রহিল * আপনারা এখানেতে থাক আজ রাতে ॥ আমি জাই পরি আগে খবর কহিতে * এতেক কহিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িয়া ॥ হাজাকে রাখিয়া পিছে জায় নেকালিয়া ঘাড় এক বিচে কোহে বাবেলে পৌছিল ॥ একেবারে গিয়া বাগানেতে সান্ধাইল * দশ বিশ পরি শেতা আছিল ফিরিতে ॥ সাহাজাদার তরে তারা পাইল দেখিতে * আদাব ছালাম করে সকলে ঝুকিয়া ॥ হেন

কালে রুহ আফজা পৌছিল আসিয়া * সাজাদার তরে পরি তাজিম করিল ॥ সাহা পরির কাছে ফের লইয়া চলিল * ঘোড়া হৈতে উতরিয়া জায় ধিরে২ ॥ একেবারে পৌছিলেন মহল ভিতরে * শোনার তক্তের পরে আছিল বসিয়া ॥ মেহের আঙ্গেজ সোর আঙ্গেজ দুই জনে লিয়া সাহাজাদা সেই খানে জাইয়া পৌছিল ॥ দেখিয়া আফরোজ পরি উঠে উড়াইল * হাতে ধরে আপনার কাছেতে বসায় ॥ বাদসার খবর পরি পুছিল তাহায় * সাহজাদা কহিলেন গেতি মেহেরবান ॥ তোমার দাওতে আইল মেরা চাচাজান * সিমানাতে উতরিয়া আছেন সেথায় ॥ খবর কহিতে আমি আইনু হেথায় * শুনিয়া আফরোজ পরি কহিতে লাগিল ॥ রুহ আফজার তরে বিবী হুকুম করিল * রাত দুপহর জবে হইবে আছমানে ॥ তক্ত রওা পাঠাইবে বাদসার কারনে রুহ আফজা এয়ছা জদি হুকুম পাইল ॥ পরির সরদার গনে ডাকিয়া কহিল * রাত দুপহর হৈলে তক্ত রওা লিয়া ॥ সাজাদার তরে তাতে ছওার করিয়া * বাবেল ময়দান বিচে জাইয়া পৌছিবে ॥ সেই খানে তক্ত লিয়া হাজির থাকিবে * সাহাজাদা বাদসা আর উজিরে লইয়া ॥ তক্তের উপরে জবে বসিবে আসিয়া * খবরদার জতনেতে এনে পৌছাইবে ॥ অন্যথা করিলে সবে সাজাই পাইবে * রুহ আফজা পরি এয়ছা হুকুম করিয়া ॥ পরির সরদার গনে দিল সুনাইয়া শুনিয়া সরদার গন হাজির রহিল ॥ রাত দুপহর জবে আসিয়া পৌছিল * সাজাদার তরে তারা লইল ডাকিয়া ॥ তক্ত পরে বসাইয়া চলিল উড়িয়া * এয়ছা জোরে চলিলেক উড়ে বাও ভরে ॥ পৌছিলেন ঘড়ি মধ্যে ময়দান মাঝারে * ময়দানের এক পাশে তক্ত উতরিল॥ সাহজাদা তক্ত হৈতে জমিনে নাবিল * কহিলেন তাহা দিগে থাকিতে হাজির ॥ আনিতে চলিনু আমি বাদসার খাতির * পরি জাত তক্ত লিয়া হাজের রহিল ॥ সাহজাদা আগু দিগে রওানা হইল একেবারে ডেরা বিছে পৌছিল জাইয়া ॥ বাদসা ও উজির দোন আছিল বসিয়া * সাজাদাকে দেখে বড় খুসি দেলে হৈল ॥ পেয়ার করিয়া সাহা পুছিতে লাগিল * সাহজাদা কহে উঠ উঠ চাচাজান ॥ তক্ত লিয়া এখানেতে আইল পরি গন * পরিস্তান বিছে চল তক্তেতে বসিয়া ॥ আর নাহি দেরি চল তুরিত করিয়া * এতেক শুনিয়া

সাহা উঠে ডারাইল ॥ সাহানা লেবাছ জত পিন্দিয়া লইল * দানেশ মন্দ উজির তিনি তরায় উঠীয়া ॥ লেবাছ পোসাক পেন্দে পছন্দ করিয়া * ডেরা হৈতে তিন জনা বাহিরে আসিয়া ॥ তক্ত রওা জেই খানে পৌছিল জাইয়া * পরি জাত গন শেথা ডারাইয়া ছিল্ল ॥ তাহা দিগে দেখে এরা তাযাব হইল * এগারা তো পরি কভু না দেখে নজরে ॥ বাদসা ও উজির দোন বলা কহা করে * বাপ দাদা সব মেরা গেল গুজারিয়া ॥ কেহু না দেখিল পরি শুন মন দিয়া * এমন সুরত আল্লা দিয়াছে এহাদেরে ॥ মানুসেতে এছা রূপ না দেখি কাহারে মরদের এয়ছা রূপ দিয়াছেন সাই ॥ জানানার কেয়ুছা রূপ নাহি জানি ভাই * আল্লা তালা দেখাইল জিন আর পরি ॥ ভাতিজার জন্যে দেখি সুরাত মুরারি * তক্ত রওা পরে তিনি ছওার হইল ॥ পরিগন তক্ত লিয়া হাওায় উড়িল * পলকের বিচে কোহে কাবেলে পৌছিয়া ॥ গেতির বাগানে সবে দিল উতরিয়া * বাগানে পৌছিয়া বাদসা দেখেন জখন ॥ উজিরের তরে সাহা কহেন তখন * শুনহে উজির আমি কাহি জে তোমারে ॥ এমন বাগান আমি না দেখি উস্কারে কত২ দেশ আমি ফিরিয়া আইনু ॥ এমন বাগান আমি কোথা না দেখিনু * এয়ছাই রৌসন ছিল সেইত বাগান ॥ দিন কিম্বা রাত নাহি হয় অনমান * রঙ্গ রঙ্গ আলো জলে বাগান মাঝার ॥ ঠাই২ রাখা আছে বড়২ ঝাড় * দশ হাস্ত উচা হবে এক২ ঝাড় ॥ হর হর ঝাড়ে বাত্তি হাজারে হাজার * সঙ্গ মরমরের রাস্তা দেখিতে শুন্দর ॥ দুই দিগে ফুট পাত আছে জে বিস্তর * দেখিতে২ তিনি জায় ধিরে২ একেবারে পৌছিলেন মহল দুয়ারে * রূহ আফজা পরি সেথা ছিল ডাডাইয়া ॥ বাদসাকে ছালাম করে সের ঝুকাইয়া * রূহ আফজা পরি জবে ছালাম করিল ॥ দেখিয়া ফয়খোন্দা সাহা বেচলিত হৈল চাহেকি ঢলিয়া পড়ে বেহুষ হইয়া ॥ সাহজাদা চালাকিতে লেয় সামা-লিয়া * সাহাজাদাকে বাদসা পোছে এসারায় ॥ গেতি পরি এই বুঝি কহতো আমায় * সাহজাদা কহিলেন বাদসার খাতিরে ॥ গেতি আফ-রোজ নাহি জানিবে এহারে * রূহ আফজা এহার নাম শুন চাচাজান আফরোজের মসাহেব জানিবে সন্ধান * এতেক শুনিয়া সাহা অবাক হইল ॥ রূহ আফজার পরে সাহা আসক হইল * সাহজাদা বাদসায়

খুব বুঝিতে পারিল ॥ মনেঃ এই কথা ভাবিতে লাগিল * মাহাম্মদ মছলেম কহে শুন নামদার ॥ আপনাকে এবে তুমি হও হুসিয়ার * আক্কেল মন্দের কাম নাহিক জানিবে ॥ আলমের বিচে তেরা বদ নাম হইবে *

ছুটকি ছন্দ * দেখে সাহা। বলে আহা ॥ ফিরিয়া বাগান * গেতি জেথা ! জায় সেথা ॥ দেখিতে মাকান * দুরে হৈতে। নজ-রেতে ॥ দেখে বড় সান * জৌহেরাত। ভাতে ভাত ॥ তক্তেতে জড়ান * জোমোর্‌রদ। নাহি হদ ॥ চৌদিগে বসান * কাম ! তার পরিস্কার ॥ দেখে খুসি জান * রূপাতাতে। সোনা সাতে ॥ আছে জে জড়ান * কত ধলো। কত কালো ॥ কিতার বানান * করে আলো। অতি ভালো ॥ রেখেছে মাকান * দেখে সাহা। করে আহা ॥ হইয়া হয়রান * সুর্য্য জেন। জলে হেন ॥ নাহিক প্রমান * ছেহে-লিরা। ফেরে তারা ॥ আনন্দিত মন * কেহ হাসে। কেহ বসে ॥ কেহ করে গান * করে খুসি। জত দাসি। সকলি জওান * কেহ পাছে। কেহ নাচে ॥ করে তানে মান * ফুল হার। গলে কার ॥ কেহ জে পরান * কেহ এসে ! দেল খোসে ॥ মুখে দেয় পান * মখমলের ! ফরাসের ॥ কি কব বয়ান * ফরাসেতে ! জরি তাতে ॥ না ঠারে নয়ান এই সবে ! দেখে জবে ॥ আগে বেড়ে জান * যত জায়। তত পায় ॥ দেখিতে ছামান * কত সখি। বিধু মুখি ॥ হেসে পান খান * বিছা-নাতে। আনন্দিতে ॥ বসে করে গান * কত রঙ্গ ! করে ভঙ্গ ॥ কেড়ে লয় প্রান * সোনা সাতে ॥ হিরা তাতে ॥ গগ মজ্‌ বানান * কত উচা ॥ কত নিচা ॥ না হয় বয়ান * হাজার আল ॥ করে ভাল ॥ চৌ-দিগে বসান * কত লালো ॥ কত ধলো ॥ পারারো বানান * ধানি এতো ॥ সত সত ॥ করেছে মানান * বিজলি আল ॥ জলে ভাল ॥ তারেতে জড়ান * রেকাব মত ॥ হিরা কত ॥ মাঝেতে সাজান * সুর্য্য হেন ॥ জলে জেন ॥ না হয় বয়ান * দেখে সাহা ॥ বলে আহা ॥ না দেখি কখন * মছলেম ॥ বে এলেম ॥ অধিন নাদান * মাফ করে ॥ দিবে মোরে ॥ হয়ে মেহেরবান *

—০ঃ(**)ঃ০—

* মালিক মাহাম্মদ বাদসা ও উজিরকে লইয়া ...

*আফরোজের মহলে জায় তাহার বয়ান *

পয়ার * রুহ আফজা খবর দিল গেতিকে জাইয়া ॥ আইল ফরখোন্দা সাহা শুন মন দিয়া * জে সমায় তিন জন ভিতরে পৌছিল ॥ আজায়েব হাল সেতা দেখিতে পাইল * সন্দলের ঘর এক অতী মন হর ॥ সোনার এক তক্ত আছে ভিতরে তাহার * হিরা মতী জওাহের জড়া আছে তায় ॥ কি কব তারিপ তক্ত কহা নাহি জায় * গেতি আফরোজ তক্তে আছেন বসিয়া ॥ পুন্নিমার চান্দ জেদ পড়িল খশীয়া * বাদসা ও উজির সাহজাদা তিন জন ॥ মহল ভিতরে সবে পৌছিল জখন * ফরখোন্দা সাহা দেখিয়া জে বেহুশ হইল ॥ দানেশ মন্দ একেবারে ঢলিয়া পড়িল * সাহজাদা দুই জনে লেয় সামালিয়া ॥ গেতি পরি তক্ত হৈতে আইল নাবিয়া * ধরিয়া বাদসার হাত তক্তে বসাইল ॥ উজিরে আনিয়া তার পাশেতে রাখিল * তার পরে গেতি পরি আদবের সাতে ॥ উঠিয়া তাজিম করে আজিজীর সাতে * ঝুকিয়া পরি সালাম করিল ॥ বাদসার সামনে খাড়া হইয়া রহিল * ফরখোন্দা সাহার দেল নাহিক কারার ॥ দেওানার মত হৈল পাগল প্রকার * বেহুসেতে বসে আছে নাহি করে বাত ॥ গেতি পরি হাল দেখে বুঝিল নেহাত * অবশ্য আদম জাত হয়ত এমন ॥ পরির সুরাত এরা না দেখে কখন * আমাদের তরে দেখে অবাক হইয়া ॥ অবদের মত দেখে রহেছে চাহিয়া * রুহ আফজার তরে ফের হুকুম করিল ॥ আতর গোলাব এনে ছেটাইয়া দিল * মেস্ক আনিয়া ফের ধরিল নাকেতে ॥ ছিকিয়া হইল হুস সোঙ্গাইয়া দিতে * হোস সামালিয়া সাহা বসিল জখন ॥ পরির মুখের পানে করে নিরক্ষন * গেতি আফরোজ আর রুহ আফজা পরি ॥ চারি জনা তক্ত পরে বসে সারি সারি * বলিতে কহিতে রাত আখের হইল ॥ নিশী নিজ স্থানে গেল ফজর হইল * খাওাছ খেদমত গার হইল হাজির ॥ আফরোজ হুকুম করে সবার খাতির * বেলওারের ঘর বিছে ফরোস বিছাইয়া ॥ খাবার ছামানা সেথা দেহনা চুনিয়া * হুকুম পাইয়া সবে তোড়া তাড়ী করে ॥ ফরোস বিছাইল গিয়া বেলওা-রের ঘরে * নানা রঙ্গ খানা এনে সেখানে রাখিল ॥ খানার বর্ণনা আমি কি লিখিব বল * আসিয়া খাদেম পরি খবর করিল ॥ আলম

পানা দস্তর খান তৈয়ার হইল * শুনিয়া জে আফরোজ পরি খোসাল হইয়া ॥ মালিক মাহাম্মদে বিবী কহে পোকারিয়া * মেহমানের তরে খানা তৈয়ার হইল ॥ বেলওয়ারের ঘরে সব লইয়া জে চল * মালিক মাহাম্মদ জবে একথা শুনিল ॥ বাদসা ও উজিরে লিয়া সে-খানে চলিল * বেলওয়ারের ঘরে জবে পৌছিল জাইয়া ॥ অবাক হইল সাহা ছামানা দেখিয়া * এয়ছা ঘর না হইবে দুনিয়ার বিছে নানা রঙ্গ ছামান কত তার মধ্যে আছে * দস্তর খানে বসিলেন বাদসা ও উজির ॥ মালিক মাহাম্মদ কহে গেতির খাতির * আপনারা এক সঙ্গে সকলে খাইলে ॥ তবেত খোসাল হবে মেহমানের দেলে * সাহজাদার কথা পরি শুনিল জখন ॥ দুই বহিনেরে গেতি কহিল তখন * দুই জনা গিয়া বৈশ দস্তর খানেতে ॥ রুহ আফজার তরে ফের কহিল বসিতে * রুহ আফজা দস্তর খানে তখনি পৌছিল ॥ মালিকমাহাম্মদফের জাইয়া বসিল*গেতিআফরোজ বসিলেন সাহজাদার সাতে ॥ সারি দিয়া সকলে বসিল খোসালিতে * খাইতে লাগিল খানা সকলে মিলীয়া ॥ ফারাগত হৈল জবে সকলে খাইয়া * দস্তর খান বাড়াইল খাওাছ গোলাম ॥ হাজের হইল ফের সরাবের জাম* রুহ আফজা ছোরাহি জাম লইয়া হাতেতে ॥ আনান্দেতে ছাকি গিরি লাগিল করিতে * পহেলা ঢালিয়া জাম বাদসাকে জে দিল ॥ তছলিম করিয়া সাহা জাম হাতে লিল * হাতে লিয়া সাহা ফের রুহ আফ-জাকে দিল ॥ রুহ আফজা হাতেতে লিয়া তছলিম করিল*ফের সেই জাম দিল উজিরের হাতে ॥ উজির লাগায় হাত আদবের সাতে * আফরোজ ছালাম করে উজিরে ঝুকিয়া ॥ ফের জাম দিল পরি সাজাদাকে লিয়া * সাহজাদা জাম লিয়া উঠে ডাড়াইল ॥ গেতী পরিকে জাম আদবেতে দিল * গেতী পরি সেই জাম হাতোত লইয়া ॥ জোওক আঙ্গেজের হাতে দিলেন তুলীয়া * জোওক আঙ্গেজ পরি তরায় উঠীয়া ॥ মজলিসের বিচে জায় দিলেন রাখিয়া তার পরে রুহ আফজা উঠে আনন্দীতে ॥ ছাকি গিরি করে বিবী জাম লিয়া হাতে * সারাব ঢালীয়া বিবী সকলে পেলায় ॥ এই রুপে ঘড়ি এক গুজরীয়া জায় * তার পরে দলে দলে আইল পরিগন ॥ করখোন্দা দেখে হৈল পাগল জেমন * কত রঙ্গ পরি

এশে হইল হাজির ॥ দেখিয়া অবাক হৈল বাদসা ও উজির * পরি গন নাচ বাজা করিতে লাগিল ॥ বাদসা ও উজির দেখে তাজ্যব হইল * বাদসা উজিরে কহে উজিরে বাদসায় ॥ জেন্দেগীতে এ তামাসা না দেখি কোথায় * দুই জনা বলা বলি করিতে আছিল ॥ ঘড়ি এক বাদে নাচ মৌকুফ হইল * দলে দলে পরি গন চলিয়া জে গেল ॥ সাহা পরি রুহ আফজাকে হুকুম করিল * খাবার সামান এনে করনা তৈয়ার ॥ হুকুম পাইয়া দেরি নাহি করে আর * খাওাছ দস্তর খান এনে বিছাইল ॥ রঙ্গ২ খানা এনে হাজির করিল * খানার তারিফ কিছু না লিখিনু আর ॥ পুথিবেড়ে জাবে তাতে সোন বেরাদার সাহা পরি মেহের আঙ্গেজ সোরাঙ্গেজ সাতে ॥ সারি দিয়া বসিলেন দস্তর খানেতে * বাদসা ও উজির সবে মিলীয়া বশীল ॥ সকলি মিলীয়া খানা খাইতে লাগিল * খানা পিনা করিয়া জে ফারাগত হৈল ॥ সারাবের জাম ফের আশিয়া পৌছিল * রুহ আফজা সাকি গিরি করিল উঠিয়া ॥ সকলে পেলায় পরি খাতির করিয়া * আএস আরামে দিন গেল গুজরিয়া ॥ সুর্য্য অস্তে গেল সসি পৌছিল আসিয়া* গেতি আফরোজ ফের বাদসাকে লইয়া ॥ বাগানের দিগে সব উঠীল চলিয়া * গেতি আফরোজ কহে খাওাছের তরে ॥ পালঙ্গ বিছাও খাছ মহল ভিতরে * বাদসার লাগিয়া কর আলাহেদা ঘরে ॥ দোছরা মহলে রাখ উজিরের তরে * হুকুম করিয়া বিবী সকলে লইয়া ॥ বাগানেতে হাওা খায় সকলে মিলিয়া * খাওাছ আসিয়া ফের দিলেক খবর ॥ বিছানা আরাস্তা হৈল মহল ভিতর * খবর পাইয়া সবে ফিরিয়া আইল ॥ মজলিষ তৈয়ার ছিল আসিয়া বসিল * জাওক আঙ্গেজ পরি তুরিত উঠিয়া ॥ গোলাবি সরাব দেয় সকলে ঢালিয়া * এক এক জাম সবে পিলাইয়া দিল ॥ তার পরে গেতি পরি রুহ আফ-জায় কহিল * বাদসাকে লইয়া জাও খেলওাত খানায় ॥ কোন বাতে সাহা জেন তক্‌লিফ্‌ না পায় * জাওক আঙ্গেজে দিল হুকুম করিয়া উজিরের তরে তুমি জাহনা লইয়া * রাত ভোর সেই খানে হাজির থাকিবে ॥ জাহা কহে তাহা তুমি তখনি করিবে * দুই পরি দুই জনে লইয়া জে গেল ॥ তরায় চলিয়া গেল দের না করিল *

পয়ার * সাহা পরি দুই জনে হুকুম করিয়া ॥ চলিলেন সবাকারে সঙ্গেতে লইয়া * বালাখানা পরে জবে জাইয়া পৌছিল ॥ সামনে দালান এক দেখিতে পাইল * সোনার এক তক্ত আছে তাহার ভিতরে ॥ জালিদার পরদা আছে চারি দিগে ঘিরে * এমন রৌসন আছে পরদার ভিতর ॥ এক পরি বসে আছে তাহার উপর * দেখিয়া ফরখোন্দা সাহা অবাক হইল ॥ গেতি আফরোজে সাহা পুছিতে লাগিল * কত কহ পরি জাদি কহ মেরা তরে ॥ কেবা পরি বসে আছে পরদার ভিতরে * গেতি পরি কহিলেন বাদসার খাতিরে ॥ শুনঃ নামদার কহি জে তোমারে * মেহের আঙ্গেজ নাম জানিবে এহার ॥ সোর আঙ্গেজ বলে নাম জানো দোছরার * আমার জে ছোট দোন বহিনি জানিবে ॥ থোড়া রোজ এই খানে এহারা থাকিবে * হাপ্তা রোজ হৈল এরা আইল হেথায় ॥ চলিয়া জাইবে তারা কহিনু তোমায় * বাদসা পুছিল এহা গেতি আফরোজেরে ॥ সোর আঙ্গেজ বিবী কোথায় বাতাও আমারে * সোর আঙ্গেজ পরি জাদি আছেন কোথায় ॥ বড়ই সৌওক মোরে দেখিব তাহায় * খাওাছের তরে গেতি জিজ্ঞাসা করিল ॥ খাওাছ বিবীর তরে তখনি কহিল * দুই চারি জন তিনি লইয়া সঙ্গেতে ॥ বাগানের দিগে গেছে ছাএর করিতে * জওক আঙ্গেজে দিল হুকুম করিয়া ॥ সোর আঙ্গেজের তরে আন এখনি ডাকিয়া * জওক আঙ্গেজ পরি রওানা হইল ॥ সোর আঙ্গেজের তরে সেহ ঢুড়িয়া আনিল * তুরিত আইল বিবী বালাখানা পরে ॥ জাইয়া বসিল সেই তক্তের উপরে * মেহের আঙ্গেজ জেথা আছিল বশিয়া ॥ সোর আঙ্গেজ সেই খানে বসিল জাইয়া * খাওাছ খেদমত গার পরি যত ছিল ॥ চৌদিগে তক্তের সব ঘিরে ডাড়াইল * সেই ঘড়ি হৈল সেথা বাহার এমন ॥ চান্দ কে ঘিরিয়া তারা আছেন জেমন * তক্ত পরে দুই পরি বসিয়া আছিল দেখিয়া ফরখোন্দা সাহা বেচলিত হৈল * মন তার উচাটন হৈল একেবারে ॥ পাগলের মত কথা মুখে নাহি সরে * দুই চন্দ্র এক ঠাই আছেন বশিয়া ॥ চারি দিগে নক্ষত্র জেন আছেন ঘিরিয়া * তখন কহেন বাদসা উজিরের তরে ॥ আল্লার কুদরত জাহা দেখিনু নজরে * পরি দিগে আল্লা তালা এছা রূপ দিল ॥ নুরের দরিয়া হৈতে ডুবিয়া

উঠিল * হাজার সোকর সেই খোদার দরগায় ॥ এমন সুরত আল্লা বকসিল এহায় * ফের গেতি পরি কহে সাজাদার তরে ॥ ছাএর করিতে চল বাগান ভিতরে * বাদসার তরেতে লিয়া বাগানেতে গেল ॥ হাওা খানা পরে জবে জাহয়া পৌছিল * খেয়াল করিয়া সাহা দেখে তাকাইয়া ॥ এক তক্ত রাখিয়াছে জতন করিয়া * সোনার বানান তক্ত জওাহের জড়া ॥ ছাত পরদা ছিল তাহে জরির কাজ করা * দেখিয়া ফরখোন্দা সাহা তায্যব হইল ॥ গেতি পরি সাহা আগে কহিতে লাগিল * ছওারির তক্ত এই জানিবে আমার ॥ তক্তের তারিফ কিছু সুন নাগদার * যখন ছওার আমি হইক এহায় ॥ জেথা দেল চাহে জাবে উড়িয়া শেথায় * মস্‌রিক হইতে পারি মগরিব জাইতে ॥ ঘড়ি বিচে কত দেশ পারি জে ফিরিতে * এতেক বলিয়া পরি বাদসাকে লইয়া ॥ তক্তের উপরে বৈশে খোসাল হইয়া * দানেশ মন্দকে সাহা তুলিয়া লইল ॥ মালেক মাহাম্মদে পরি কাছে বসাইল * ফের বিবী মনেঃ খেয়াল করিয়া ॥ মেহের সোর আঙ্গে-জেরে লিল বসাইয়া * ফের সাহা পরি এছা হুকুম করিল ॥ আসহাব মোসহাব জত হাজির হইল*এক বএশের ছিল সকল জয়ান ॥ একুই পোসাক সব কি কহিব সান * ফরাসে হুকুম দিল রৌসনি জালাতে হাজার বাত্তি জালাইল পলক বিচেতে * হুকুম করিল বিবী আপনা ছরদারে ॥ হুকুম করিতে তক্ত উঠে সন্য ভরে * এছা তেজে তক্ত রয়া চলিল উড়িয়া ॥ মস্‌রেক মগরেব হৈতে আইল ফিরিয়া * জেই খানে ছিল তক্ত সেথা উতরিল ॥ দেখিয়া ফরখোন্দা সাহা তায্যব হইল * তক্ত হৈতে উত্তারিয়া আইল জখন ॥ গেতি পরি সাহা আগে কহিল তখন * হইল অনেক রাত করিবে আরাম ॥ বিছানা তৈয়ার আছে শুন নেক নাম * এতেক শুনিয়া সাহা গেল সয্যা ঘরে অবাক হইয়া গেল জাইয়া ভিতরে * রূহ আফজা পরি আছে সিঙ্গার করিয়া ॥ রূপ জেন পুর্ণিমার চান্দকে জিনিয়া * তসলিম করিয়া পরি উঠে ডাড়াইল ॥ ধরিয়া বাদসার হাত কাছে বসাইল * নেগাও করিয়া সাহা চারি দিগে চায় ॥ ঘরের ছামান দেখে তায্যব জে হয় * এমন সুগন্দ সেই ঘরের ভিতরে ॥ মহিত হইয়া গেল বাদসা একেবারে রূহ আফজা দেখে সাহা তায্যব হইয়া ॥ বোছাদিলেন তার মুখে মুখ

দিয়া * মুখে মুখ বুকে বুক অধরে অধর ॥ জড়াইয়া সোয়ে দোন পালঙ্গ উপর * উজিরের হাল ফের শুন সকলেতে ॥ জখন পৌছিল তিনি গিয়া পালঙ্গেতে * জোক আঙ্গেজ তরে দেখিল জখন ॥ বে সবর হৈল খুব উজির তখন * চাহে কি পড়িয়া জায় বেহুস হইয়া জোক আঙ্গেজ ধরে তুরিত উঠিয়া * পালঙ্গ উপরে ধরে সোলাইয়া দিল ॥ অনিবার গোলাব এনে খুব ছেটাইল * হোসয়ার হইয়া মর্দ্দ বসিল উঠীয়া ॥ পরির মুখের পানে রহিল চাহিয়া * জড়াইয়া ধরে আর করে আলিঙ্গন ॥ পালঙ্গে সুইল দোন হইয়া মগন * এদিগের কথা এবে ছাড়িনু এখানে ॥ সাহাজাদা গেতির হাল শুন বন্ধু গনে * বাদসা ও উজির দোন মাসুকে লইয়া ॥ আমদ প্রমদে দোন রহিল সুইয়া * মালিক মাহাম্মদ তবে ভাবে অনিবার ॥ মাসুক এখন মেরা ঘুমে বেকারার * এই কথা দেলে২ ভাবিতে২ ॥ গেতির নিকটে গিয়া বসে পালঙ্গেতে * কহিতে লাগিল মর্দ্দ ওহে কমলিনি ॥ খঞ্জন নওন তব মধু অধরিনি * পুরাও মনের আসা হইয়া সদায় ॥ কত দিন প্রেমানলে জ্বালাবে আমায় * প্রেমো ফাশি দিয়া গলে বান্দিলে আমারে ॥ পাশান হৃদয় তোর বুজি একেবারে * এই কথা সাহা-জাদা কহিয়া মুখেতে ॥ বসন্ত বাহার গান লাগিল গাহিতে *

* গেতি আফরোজের মান ভঞ্জন *

* গীত *

* রাগিনি বশন্ত তাল আড়া *

বিরহ জ্বাতোনায় তোমার এবার আমি মরি মরি ॥
এশোমায় দয়া করো পরি অধমেরে মনে করি *
হায় বিধি কি করিলি, বিচ্ছেদ জ্বালা কেন দিলি,
মরন কেন না করিলি, জেতাম সকোল পাশোরি *
দেহো মধ্যে অনল জ্বলে, আছি তোমার পদোতলে,
জ্বাতোনার সাতে মম প্রানেতে শংহার করি *

পয়ার * ঘুমেতে আছিল বিবী উঠিল জাগিয়া ॥ সাহা জাদার তরে কহে তাজিম করিয়া * শুন২ প্রান নাথ কহিজে তোমারে ॥ থোড়েক সবর কর কহি বারে২ * বেসবর হও জদি কহি বারে বার ॥ নাউমেদ হবে তুমি নিকটে আমার * সাহাজাদা

কহে শুন২ পরি জান ॥ জিন্দিগী থাকিতে বুঝি না মেটে আরমান * দেলের আরমান মেরা দেলেতে থাকিবে ॥ দুদিনের জেন্দেগানি অকারোন জাবে * কতো মছিবতে তুমি ফেলিলে আমায় ॥ বিচার করিয়া দেলে দেখনা তাহায় * সাহা পরি এইবাত সুনিল জখোন ॥ আপসছ করিল বড় দেলেতে আপন * কাহলেন বাত মেরা শুন সাহাজাদা ॥ দেলে২ সদা তুমি রাখিবে এরাদা * না উম্মেদ নাহি হবে কহি জে তোমায় ॥ হামেশা উম্মেদ রাখো খোদার দরগায় * জে জাহা মকছেদ করে আপনা দেলেতে ॥ মুরাদ হাসেল তার করে পাকজাতে * জলদি কাম করা হয় জানো সএতানের ॥ দেরিতে জে কায্য হয় জান এনছানের * সবুরি করিয়া থাক সুন প্রান নাথ ॥ মজুরি পাইবে সেসে কেতাবের বাত * আর এক কথা কহি তোমার ওরেতে ॥ হোসয়ার থাকিবে তুমি মেরা এই বাতে * বাদসা ও উজির আছে ঘরেতে আমার ॥ সরমেন্দা না করো মুজে কহিবারে বার * এয়ছাই কহিয়া পরি সাজাদার তরে ॥ সরাব মাঙ্গায় ফের খাইবার তরে * খাইয়া সরাব দোন নেসায় মাতিয়া ॥ পালঙ্গ উপরে দোহে রহিল সুইয়া * গেতি বিবী নেসাতে জে অচেতন হৈল ॥ সাহা জাদা পড়ে২ ভাবিতে লাগিল * নেসাতে মাতিল পরি এমনো সমায় মকসেদ হাসেল এবে করনা তাহায় * এছাই ভাবিয়া মর্দ্দ দেলে আপনার ॥ বেসবর হৈয়া ধরে হাত জে তাহার * জাগিয়া উঠিল পরি নিদ্রা ভেঙ্গে গেল ॥ গোস্বা হৈয়া এই কথা কহিতে লাগিল * সুন২ সাহাজাদা কহি জে তোমায় ॥ আক্কেল অকুফ কিছু না আছে তোমায় * বুরা খেয়াল জদি করো আপনার ॥ মুরাদ হাসেল পুরা না হবে তোমার ॥ * বারে২ সরমেন্দা জে না কর আমারে ॥ সুন২ সাহাজাদা কহি জে তোমারে * সা পরির বাত মর্দ্দ সুনিল জখন ॥ সরমেন্দা হইয়া সোয় পালঙ্গে তখন * রাত গুজরিয়া জবে ফজর হইল ॥ নিন্দ হৈতে পরি জাত জাগিয়া উঠিল * খাওাছে ডাকিয়া পরি কহিল তখন ॥ আমার হুকুম তুমি সুন দিয়া মন * খেলওত খানার বিচে তুরিত করিয়া ॥ ফরস ফরুস শেথা দেহ বিছাইয়া * সুনিয়া খাওাছ তবে তরায় জাইয়া ॥ খেলয়াত খানাতে ফরস দিল বিছাইয়া * হেথাকার কথা এবে রহিল হেথায় ॥ বাদসা উজিরের

হাল শুন হো সবায় * বাদসা উজির দোন আরামের সাতে ॥ রাত গুজরিয়া গেল খুসি খোসালিতে * ফজর হইতে সবে জাগিয়া বসিল রুহ আফজা পরি তবে খাওাছে ডাকিল * হুকুম করিল পানি করনা হাজির ॥ মুখ হাত ধুইবেন বাদসা জাহাগির * খাওাছ আনিয়া পানি হাজির করিল ॥ মুখ হাত ধুয়ে সাহা ফারাগোত হৈল * এদি-গেতে জোষ্ক আঙ্গেজ জে উঠিয়া ॥ খাওাছে হুকুম দিল পানির লাগিয়া খাওাছ আনিয়া পানি করিল হাজির ॥ মুখ হাত ধুইলেন উঠিয়া উজির এদিগেতে এই কাম হইতে আছিল ॥ ওদিগেতে গেতি পরি কি কাজ করিল * ফজর হইতে দোন সুইয়া উঠিল ॥ মুখ হাত ধুয়ে দোন লেবাছ পরিল * বাদসা উজির জেই ঘরেতে আছিল ॥ দুই জোনে সেই খানে জাইয়া পৌছিল বাদসাকে জাইয়া দোন ছালাম করিল বাদসা পিয়ার করে কাছে বশাইল * নানা রঙ্গ বাত চিত করেন বসিয়া ॥ খাবার সামান কতো পৌছিল আসিয়া * পরি গন সাহা-জাদা বাদসা ও উজির ॥ সকোলে খাইল খানা খোসাল খাতির * তার পরে সরাবের দৌওড় চলিল ॥ রুহ আফজা পরি জাম হাতেতে লইল * সারাব ঢালিয়া পরি সকলে পেলায় ॥ আমদ প্রমদে এছা ঘড়ি এক জায় * ফরখোন্দা সাহা কহিলেন গেতির কারনে ॥ আমাকে বিদায় কর জাইব মাকানে * এতেক সুনিয়া পরি কহিল বাদসায় ॥ বস্তুত তখলিফ আমি দিনু আপনায় * জাহা কিছু বেয়াদবি মাফ করে দিবে ॥ লেওগুির আরজ জাহা করিনু জোনাবে * মাহাম্মদ মোছলেম কহে ভাবি নিরাঞ্জন ॥ দুই দিনের ধুলা খেলা আখেরে মরন * জেই দিন অদেষ্টেতে লিখিয়াছে সাই ॥ সেই দিন জেতে হবে এড়াবার নাই

—০ঃ(**)ঃ০—

* ফরখোন্দা সাহা আপন দেশে জাইবার বয়ান *

পয়ার * ফরখোন্দা সাহা পরি আগে বিদায় হইয়া ॥ হাতির উপরে সাহা চড়িল জাইয়া * সাহাজাদা আর দানেষ মন্দ উজির ॥ ঘোড়ায় চড়িল দোন খোসাল খাতির * তিন জোনা এক স্নাথে রয়ানা হইয়া ॥ মঞ্জেলং রাহা জায় নেকালিয়া * তিন চারি

রোজ এছা রাহেতে চলিয়া ॥ আদমের ছরহদ্দেতে পৌছিল জাইয়া* বাদসার ফওজ সবে ছিল জেই খানে ॥ তিন জোনা পৌছিলেন আসিয়া সেখানে * দেখিয়া ছরদার গন বাদসার খাতির ॥ আগুবাড়াইয়া লিল খোসাল খাতির * নানা রঙ্গ বাজা কতো বাজিতে লাগিল ধুম ধাম তোপের কতো সালামি হইল * বাদসাকে সালাম করে ফোউজ তামাম ॥ মসাহেব গন করে আদাব সালাম * রাত ভর সেই খানে মোকাম করিল ॥ ফজরে উঠীয়া সব রয়ানা হইল * কুচের নাকারা কতো লাগিল বাজিতে ॥ জাইতে লাগিল সবে খুসি খোসালিতে * দুই তিন দিন এছা রাহেতে চলিয়া ॥ দামেস্ক সহর বিচে পৌছিল আসিয়া * জার জে ঘরেতে সবে জাইয়া পৌছিল ॥ মহল বিচেতে সাহা গিয়া উত্তরিল * উজির চলিয়া গেলো আপনা ঘরেতে সাহাজাদা চলে গেল মাএর কাছেতে* আপনা আপনা ঘরে পৌছিল তামাম ॥ খানা পিনা করে আর করেন আরাম * দুই চারি রোজ কিছু আরাম করিয়া ॥ দানেস মন্দেরে সাহা কহে বুঝাইয়া * মালিক মাহাম্মদে ডেকে কহো এই বাত ॥ সাহা পরির তরে করনা দাওত * উজির সুনিয়া তবে ডাকে সাজাদায় ॥ এই কথা তার তরে বুঝাইয়া কয় * সুনং সাহাজাদা কহি জে তোমারে ॥ দাওত করনা গিয়া পরির খাতিরে * সাহাজদা এই বাত সুনিল জখোন ॥ কাহিল সাহার তরে খোসালিতো মন * হুকুম হইলে আমি এখোনি জাইব ॥ জে সুরাতে পারি গিয়া পরিকে আনিব * তার পরে সাহাজাদা হুকুম পাইয়া ॥ সালাম করিয়া জায় বিদায় হইয়া * আপনার ঘরে মর্দ্দ জাইয়া পৌছিল ॥ আএস আরামে রাত গুজরিয়া গেল * ফজর হইতে মর্দ্দ উঠীল জাগিয়া ॥ ফারাগত হইলেন নামাজ পড়িয়া * খানা পিনা কোরে জবে ফারাগত হৈল ॥ লেবাস পোসাক পিন্দে তৈয়ার হইল * অধিন মোছলেম কহে শুন সাহাজাদা ॥ মকসেদ হাসেল তেরা করিবেন খোদা * কোহেস্থানে জাও তুমি তরায় চলিয়া ॥ গেতি আফরোজের তরে আনহো জাইয়া *

*মালিক মাহাম্মদ গেতি আফরোজ কে কোহেস্থানে *
* আনিতে জায় তাহার বয়ান *

ভঙ্গ ত্রিপদি * সাহাজাদা ॥ ভেবে খোদা ॥ ঘোড়ায় চড়িল

খুসি মনে॥ কোহেস্থানে ॥ রয়ানা হইল * ঘোড়া এছা ॥ জায় জেমছা উড়িয়া হাওায় * পলকেতে ॥ বাবুলেতে ॥ জাইয়া পৌছায় * দুর হৈতে ॥ নজরেতে ॥ দেখে তাকাইয়া * এক পরি ॥ কি সুন্দরি ॥ আছে ডাড়াইয়া * দেখে সাহা, বলে আহা ॥ জাই বলি হারি * চন্দ্র জেনো, আছে হেনো ॥ রুহ আফজা সুন্দরি * পরি জাদি, দেখে যদি॥ সাহাজাদার তরে * জোড় হাতে, আদবেতে ॥ সালামো জে করে * সাহাজাদা, দেল সাদা ॥ লেবে ঘোড়া হৈতে * হেসে২, দেল খোসে ॥ মেলে পরি সাতে * দুই জোনে, খুসি মনে ॥ জায় ধিরে২ * গেতি জেথা, জায় সেথা ॥ হরিস অন্তোরে * দেখে পরি, তাড়া তাড়ি॥ উঠিয়া ডাড়ায় * সাজাদারে, তক্ত পরে ॥ ধরিয়া বশায় * দুই জোনে খুসি মনে ॥ একত্রে বশিল * নানা রঙ্গ, করে ভঙ্গ ॥ কহিতে লাগিল* ওহে নাথ, কহি বাথ ॥ আমি জে তোমায় * একা ফেলে, গেলে চলে কি বলিব হায় * কিছু দয়া, ওহে পৃয়া ॥ না দেখি তোমারে * আমি একা, হএ ভেকা ॥ কান্দি জারে২ * রাত ভোর, প্রান মোর ॥ করে আন চান * চেয়ে থাকি, খুলে আখ॥ পাগল প্রমান * শুনে সাহা, বলে আহা ॥ মরি২ হায় * সুনে বানি, মম প্রানি ॥ শীহরিয়া জায় * ধয্য হয়, মাথা খায় ॥ রাখে মম বানি * বারে২, কেন মরে ॥ কর অপমানি *, কহ দেখি, বিধু মুখি ॥ তুমি জে আমায় * আপে মরে, জাইবারে ॥ কহিলে শেতায় * জাইবারে, জোদি মোরে ॥ নাহি দেহ তুমি * তাহোলে কি, প্রান সকি ॥ জাইতাম আমি * জাইবারে, জোদি মোরে ॥ অপরাধ হয় * খমা কর, প্রান মোরে ॥ ধরি তব পায় খমা কর, বাত মোর ॥ সাহেরের বানি* ধয্য হও, নাহি কও ॥ সোন বিনদিনি *

* পরি জাদির মান ভঞ্জন *

(গীত)

* রাগিনি ঝিঝিট তাল পস্তা *

ওলো ধনি চান্দ বদনি তেজ না আমায় ॥
অপরাধ ক্ষমা কর ধরি তব পায় * আজ্ঞে
মাত্র তোমার বানি, গ্রেহে গিয়া ছিলাম ধনি,
এক্ষনে আকুল প্রানি, হেরিয়া তোমায় ॥

আপনারে উস্ব শো দেখে, বাক্য নাহি সরে মুখে,
বান হেনো লাগে বুকে; বুজি প্রান জায় * আ-
মার মিনতি ধর, দোশ ঘাট ক্ষমা কর, না হইলে
অস্ত্র ধর মারগো মাথায় *

—০ঃ(**)ঃ০—

* মালিক মাহাম্মদ বাদসার দাওত লইয়া গেতি আফ- *
* রোজেরর কাছে জায় তাহার বয়ান *

• পয়ার * এই গান সুনে পরি খোসাল হইয়া ॥ সাহাজাদায় বসাইলো পিয়ারো করিয়া * রুহ আফজা বশিলেন মেহের আঙ্গেজ শোর আঙ্গেজ পরি আর জোক আঙ্গেজ * চারি দিগে পরি গনে বশিল ঘিরিয়া ॥ নানা রঙ্গ খুশি করে আমদে মাতিয়া * দুই চারি ঘড়ি এছা গুজরিয়া গেল ॥ খাবার ছামান কতো আশিয়া পৌছিল * খাইতে বশিল সবে মিলে এক সাতে ॥ কতো রঙ্গ নেয়ামত লাগিল খাইতে * খানা পিনা করে জবে ফারাগত হৈল ॥ সারাবের দৌর ফের চলিতে লাগিল * রুহ আফজা পরি সাকি হইল উঠীয়া ॥ সারা-বের জাম লিল হাতেতে তুলিয়া * সারাব ঢালিয়া পরি সকলে পেলায় ॥ খুসিতে খাইয়া সবে মাতিল নেসায় * হাসিতে খেলিতে রাত আসিয়া পৌছিল ॥ জার জে জাগায় গিয়া শুইয়া রহিল * সাহাজাদা সাহা পরি হাওজেতে গেল ॥ জার জে পালঙ্গে গিয়া সুইয়া রহিল * ফজর হইতে সব উঠীল জাগিয়া ॥ বারাদোরি বিচে সব বশিল জাইয়া * সাহাজাদা কহিলেন পরি মেহেরবান ॥ দাওত ভেজিল তুঝে মেরা চাচাজান * এতেক সুনিয়া পরি হাসিতে লাগিল সাজাদার তরে ফের একথা কহিল * সোন২ বাত মেরা সুন সাহাজাদা॥ কখন খেলাফ মেরা না হবে ওয়াদা * অবস্ব জাইব আমি দাওতে সাহার ॥ সুন২ প্রান নাথ আরজ আমার * তার পরে সাহা পরি সবাকে ডাকিয়া ॥ দাওতের হাল ছারা দিল সোনাইয়া * দাওত করিল মুঝে বাদসা নামদার ॥ দামেস্ক সহরে জাব হওনা তৈয়ার *

এতেক সুনিল জবে জত পরি গন ॥ সিঙ্গার করেন সবে আপন আপন জেওর লেবাছ সবে পিন্দিতে লাগিল ॥ তাহার বয়ান আমি কিলিখিব বল * সিঙ্গার করিয়া জবে হইল তৈয়ার ॥ এক মুখে কিলিখিব বায়ানো তাহার * এক২ পরি জেন শগ বিদ্যা ধরি ॥ রূপের বর্ণনা কিবা আহা মরি২ * গেতি আফরোজ পরি হএ খুসি মন ॥ মালেক মাহাম্মদে পরি কহিল তখন * তক্তো পরে জাব কিবা জাইব ঘোড়ায় ॥ বিচার করিয়া আপে কহনা আমায় * সাহাজাদা দিলেন জে উত্তর তাহার ॥ মর্জি মবারক তেরা হয় জে প্রকার * পরি জাদি এই বাত কহিল তখন ॥ সুন২ সাহাজাদা আমার বচন * বাদসার মকানে আমি জাইব জখন ॥ তক্তে জাওা মনাছেব না হয় কখন ইনছাব করিয়া পরি দেলে আপনার ॥ হুকুম করিল ঘোড়া করিতে তৈয়ার * এক রঙ্গ পাচ ঘোড়া তৈয়ার হইল ॥ ঘোড়ার তারিফ আমি কি লিখিব বলো * ঘোড়ার উপরে সব ছওার হইল ॥ মালিক মাহাম্মদ পিচে ঘোড়ায় চড়িল * সাহাজাদা পরি গনে সোঙ্গেতে লইয়া ॥ রওানা হইল সবে ঘোড়ায় চড়িয়া * জে ভাবে চলিল তার কিকব বায়ান ॥ ফেরেস্তা দেখিলে তায় হারাইত জ্ঞান * এমন ভাবেতে তারা চলিতে লাগিল ॥ ঘাড় একে কোহেস্থান সরহর্দ্ধ ছাড়িল * আদমের ছরহদ্দেতে পৌছিল জখন ॥ সাহাজাদা কহিলেন গেতিকে তখন * হুকুম হইলে পরে আগে আমি জাই ॥ বাদসার নিকটে গিয়া খবর সোনাই * সাহা পরি কহিলেন বড়ই মাকুল ॥ আপনার কথা আমি করিনু কবুল * পছন্দের বাত জাহা কহিলে আপনি ॥ দেরি নাহি কর আপে জাওনা এখনি * সাহা জাদা এছা জোরে ঘোড়া চালাইল ॥ একেবারে দেও জাত উড়িয়া চলিল * খড়ি বিচে পৌছিলেন দামেস্ক সহরে ॥ জাইয়া হাজের হৈল বাদসার দরবারে * আদাপ সালাম করে নুগাইয়া ছের ॥ দেখিয়া ফোরখোন্দা সাহা ভাতিজা খাতির * পুছিতে লাগিল কহ কিবা সমাচার ॥ কিবা মছিবত হৈল উপরে তোমার * সাহাজাদা কহে সোন২ চাচাজান ॥ সাহা পরি আসিতেছে তোমার মেহমান * এতেক সুনিয়া সাহা তুরিত উঠীয়া ॥ আকাশ উপরে দেখে বাহিরে আসিয়া * মালেক পছেন ফের বাদসার খাতির ॥ আছমান উপোরে

দেখ কিসের খাতির * কহেন আসিবে পরি তক্তেতে চড়িয়া ॥
এই জন্যে উপরেতে আছি তাকাইয়া * সাহাজাদা কহে পরি আইল
ঘোড়ায় ॥ একথা সুনিয়া সাহা পছে সাহজাদায় * ঘোড়ায় আইল
কেন কহো তো আমারে ॥ কি জন্যতে নাহিক আইলো তক্তের
উপরে * সাহাজাদা কহিলেন সুন চাচাজান ॥ কি জন্য ঘোড়ায়
আইল কোহি শে বায়ান * সাহা পরি কহিলেন একথা আমায় ॥
তক্তের উপরে জায়া মনাছেব নয় * বেয়াদবি হয় গেলে তক্তেতে
চড়িয়া ॥ এই জোন্যে আয়সে পরি ঘোড়ায় চড়িয়া * একথা সুনিয়া
সাহা বড় খুশি হৈল ॥ আগে বাড়াইতে বাদসা ঘোড়ায় চড়িল *
দানেষ মন্দ উজিরে জে সঙ্গেতে লইয়া ॥ সাহাজাদা সঙ্গে জায় আগু
বাড়াইয়া * সহর বাহিরে গিয়া পোছে তিন জোনে ॥ আসিয়া
পোছিল সেথা পরি পাচ জোনে * ঘোড়ার উপরে পাঁচো
আছেন ছওার ॥ আশিয়া হইল খাড়া সামনে বাদসার * দেখিয়া
ফোরখোন্দা সাহা তাজ্যব হইল ॥ ভেকা চেকা হোয়ে সাহা দেখিতে
রহিল * উজিরে কহেন সাহা সুন দিয়া মন ॥ এছা অপরূপ আমি না
দেখি কখন * কিবা রূপ দিয়াছেন আল্লা এহাদেরে ॥ ফেরেস্তা
দেখিলে নাহি ভুলে একবারে * বাদসার সামনে এসে হইল হাজির
দেখিয়া ফোরখোন্দা সাহা খোসাল খাতির * পরি গনে লিয়া সোঙ্গে
বাদসা নামদার ॥ মহলের দিগে সব হৈল রাহাদার * সহরের বিচে
জবে জাইয়া পোছিল ॥ তামাম সহরে এক সোর গোল হৈল * যেই
রাহা দিয়া বাদসা জায় পরি লিয়া ॥ দুই দিগে কতো লোক ডারায়
আসিয়া * কখনো তো কেহ পরি নাহি দেখিয়াছে ॥ কি রুপে
আইল পরি আদমের বিছে * বাদসা ও উজির আরো সাহাজাদা সাতে
ঘোড়ায় চড়িয়া সবে চলিল রাহেতে * একেবারে পৌছিলেন বাদসার
মহলে ॥ ঘোড়া হৈতে উত্তরিল সব খুসি হালে * সাহি তবেলাতে
ঘোড়া দিল পাঠাইয়া ॥ পরি গনে সোঙ্গে করি চলিল লইয়া * বারা
দরি বিচে জবে জাইয়া পোছিল ॥ জরির বিছানা সেথা বিচানো
আছিল * বেল্লোরের কুরছি মেজ আছিল সেথায় ॥ চমকের জোরে
আখি রাখা নাহি জায় * সারিং কুরছি কতো শেখানে আছিল ॥ পরি
গন কুরসি পরে জাইয়া বশিল * আর এক কথা আমি লিখি এই

খানে ॥ খেয়াল করিয়া ভাই বুঝো নিজ মোনে * পরি গন সেই ঘরে পৌছিল জখোন ॥ কিরং হইল ঘর সুন দিয়ামন * বেল্লোরের জতো চিজ আছিল শেথায় ॥ পরির রূপের জোতি পাইল তাহায় * এয়াকুতের মত রং সকল হইল ॥ বেল্লোরের জত চিজ সেই খানে ছিল * অধিন মোছলেম কহে শোন বন্ধু গন ॥ কতো রঙ্গ আল্লা তাল্লা করিল সৃজন * সব রঙ্গ ছাড়ো ভাই হও এক রঙ্গ ॥ তিনি জাতে রাজি আছে ধর শেই রঙ্গ *

—০ঃ(***)ঃ০—

* গেতি আফরোজ সাজাদাকে গোরূ বানাইয়া *
* কোহেস্থানে জায় তাহার বয়ান *

পয়ার * গেতি আফরোজ চার পরি সঙ্গে লিয়া ॥ ফোর খোন্দা সাহের হেথা পৌছিল আসিয়া * বাদসার মহল বিচে বড় ধুম হৈল ॥ নানা রঙ্গ বাজা কতো বাজিতে লাগিল * বাদসা আর সাহাজাদা দানেষ মন্দ উজির ॥ দেল জান দিয়া করে মেহমান খাতির বারাদরি বিচে রাখে পছন্দ করিয়া ॥ তাহার তারিফ কতো জানাব লিখিয়া * খায়াছ খেজমত গার হইল হাজির ॥ খাবার সামান কত করেন তদবির * এমন সাজান ঘর নাহি দেখি আর ॥ জা কিছু সামান আছে সকলি শোনার * জমোরাদ বাসুনে পোলাও সাজাইয়া ॥ খাবার সামান তাতে রাখিল আনিয়া * এয়াকুতের সোরাহি আর এয়াকুতের গেলাস ॥ হিরার আতোর দান আরো গোলাব বাষ * তরো২ চিজ কতো কি লিখিব আর ॥ কলোমের ঘোড়া মেরা হইল নাচার * দস্তুর খান তৈয়ার জে হইল জখন ॥ বাদসাকে কহিল আশি খায়াছ তখন * আলমপানা সালামত বাদসা নামদার ॥ খানার দস্তুর খান হইল তৈয়ার * এতেক সুনিয়া বাদসা সাজাদার তরে ॥ এসারা করিয়া সাহা কহিল তাহারে * সাহাজাদা এসারাতো বুজিতে পারিয়া ॥ গেতি আফরোজে তিনি কহিল ফিরিয়া * মরজি মবারোক জদি হয় আপনার ॥ খাবার সামান সব হইল তৈয়ার * সাহা পরি আপনার সঙ্গি গনে লিয়া ॥ জে ঘরে দস্তুর খান পৌছিল জাইয়া *

বাদসা পরির তরে খাতের করিয়া॥ দস্তর খানে বসাইল হাত যে ধরিয়া বোসিলেন পরি গন মোন আনন্দিতে ॥ বাদসা ও উজির আর সাহেব জাদা সাতে * খাইতে লাগিল খানা সকলে মিলিয়া ॥ ফারাগত হৈল সবে খানা জে খাইয়া * সারাবের দৌর ফের চলিতে লাগিল রূহ আফজা পরি সাকি হইয়া উঠীল * বেল্লোরের সোরাহিতে গোলাবি সরাব ॥ রুহ আফজা পরি হাতে লইল শেতাব * এয়া-কুতের পিয়ালাতে সরাব ঢালিয়া ॥ সকলে পেলায় পরি হাশিয়া২ * রূহ আফজার আমি কি লিখিব হাসি ॥ সে হাসি দেখিলে কতো গলে লাগে ফাসি * এই রুপে ঘড়ি এক গুজরিয়া গেল ॥ সরাব খাইয়া সবে নেসায় মাতিল * নাচ ওলি বাই গন পৌছিল আসিয়া ॥ পরি গন খুসি হোইল তাদের দেখিয়া * কিবা রঙ্গ কিবা ঢঙ্গ কিবা সে বাহার ॥ কার শোঙ্গে দিব আমি তুলনা তাহার * নানা রঙ্গ বাজা ফের বাজিতে লাগিল ॥ বাই গন উঠীয়া সবে ভাও বাতাইল * আদমের নাচ পরি দেখিল জখন ॥ খুসিতে মহিত হইল দেলেতে আপন রাগিনি তালেতে বামা গায় এ প্রকার ॥ খোসাল হইল সুনে বাদসা নামদার *

* বাদসার মান ভঞ্জন বাইওলি দের গান *

* জুড়ি সুর গীত *

রাজা শুনো মনি, কি গুন বাখানি, রূপের সাগরে বুঝি
ডুবিলে আপনি ॥ কিবা রুপ হেরি, আহা মরি মরি;
ঢুলু ঢুলু দেখি নওনো দুখানি ॥ আপন বাহু বলে, বালা
খানা পরে, তাহার মধ্যে আছেন কতো কমল কামিনি

পয়ার * রাগ রঙ্গ হইল ভঙ্গ নিশী অবসান ॥ পঞ্চম সুরেতে পক্ষি গায় সব গান * নাচ ওলি বাই গন এনাম পাইয়া ॥ খুসি খোসালিতে গেল বিদায় হইয়া * হাত মুখ ধোএ সবে খুসি খোসা-লিতে ॥ আরামে বশিল সবে তক্তের পরেতে * দস্তর খান বিছাইল খায়াছে আনিয়া ॥ নানা রঙ্গ খানা তাতে রাখিল চুনিয়া * ফরখোন্দা সাহা পরি গনে লইয়া শোঙ্গেতে ॥ দস্তর খানে বশিলেন খানা জে খাইতে * খানা পিনা কোরে জবে ফারাগোত হইল ॥ সাব্রাবের জাম ফের চলিতে লাগিল * দিন গুজরিয়া গেল হাসিতে খেলিতে ॥

কালা রাত্ত পৌছিল আশি দেখিতে২ * তোফা জাত ভাতে ভাত খাবার খাতির ॥ খায়াছ আনিয়া ফের করিল হাজির * বাদসা আলম পানা তবে খুসি খোসালিতে ॥ খানা পিনা করে সবে বোসে এক সাতে * খাইয়া পিইয়া জবে ফারাগোত হইল ॥ জার জে পালঙ্গে গিয়া সুইয়া রহিলো * আধা রাত গুজরিয়া গেলতো জখন ॥ মালিক মাহাম্মদ তবে কি করে তখন * সাহাজাদা খাড়া হইয়া দেখিল শেতায় ॥ বেহুসের হালে পরি সুএ নিদ্রা জায় * নেসার হালেতে মদ্ধ আছেন বদহাল ॥ গেতির উপোরে ছিল আশোক খেয়াল * দেলে দেলে এই বাত করে আপনার ॥ মতলোব হাছেল আমি করিব এবার * জা আছে নছিবে মেরা জাবে গুজারিয়া ॥ মকছেদ হাছেল পুরা করিব ধরিয়া * সাহাজাদা এরাদা করিয়া দেলেতে ॥ হাত দারাজিল গিয়া গেতির গাএতে * জখন দিলেন হাত্ত গাএতে তাহার চমকিয়া ওঠে পরি হইয়া বেকারার * সাহজাদার তরে কহে শোনরে নাদান ॥ না আছে আক্কেল তেরা গোরুরো সোমান * বারে বার আমি তুঝে করি নছিহত ॥ না মানিয়া বাত মেরা হও ফজিহত * জানিয়া বুজিয়া মোরে কর অপমান ॥ তার প্রতি ফল এই লেহোরে নাদান * কহা মাত্র সাহাজাদা জমিনে গিরিয়া ॥ গোরুল সকল তিনি গেল জে হইয়া * সাহা পরি কহে ফের রূহ আফজার তরে ॥ রেসমের ডুরি দিয়া বান্দহো এহারে * ঐ গাছ তলে এছে রাখনা বান্দিয়া ॥ মজবুতের সাতে বান্দ না জায় ছুটিয়া * রূহ আফজা গেতির জে হুকুম পাইয়া ॥ গাছের জড়েতে গোরু রাখিল বান্দিয়া * ম্যালেক মাহাম্মদ তবে হোয়ে পেরেসান ॥ দেলে২ বলে আল্লা পাক সোবহান * তকদিরে লিখিয়া ছিলে এতো মছিবত ॥ জানুয়ার হইয়া গেনু আদম সুরত * লালচ বুরাই চিজ দুনিয়া মাজার ॥ এছা কাম কেহো জেন নাহি করে আর * আয়েস আরামে ছিনু মাসুকের সাতে ॥ লালচ করিয়া সেসে পাড় মছিবতে * বড়ই উম্মেদ মোনে আছিল আমার ॥ হায়ওয়ান না করিবে মুজে পরি নেক কার * মোসলেম কহেন সুন বাদসার তনায় ॥ দুক্ষ পরে সুক হয় জানিবে নিশ্চয় *

* বাঙ্গলা হিন্দি *

এয়ছা বেরহম ছে, মিলন করা ভাল না হয় ॥ জলতা
হায় দিন রাত সাদা, ভুলিতে না পারি তায়, কিয়া
করো মায় এয়া এলাহি, প্রান রাখা হোল দায় *
জানোয়ার করকে মুঝে, গেলে তুমি কিবা বুঝে, কিয়া
খওফে খোদা নেহি, মুখ দেখাতে হবে তায়॥ মোছলেম
কি এবাত; সুনতু আয় পরি জাত, মারতা হায় ইয়ার
তেরি, দেখা দিলে ভাল তো হয় *

—০ঃ(* *)ঃ০—

* ফরখোন্দা সাহার কাছে বিদায় হইয়া গেতি পরি *
* আপন দেশে জাইবার বয়ান *

পয়ার * মালিক মাহাম্মদে পরি গোরু বানাইয়া ॥ বাগানে গাচের নিচে রাখিল বান্দিয়া * এই কথা এই খানে রহিল এখন ॥ এর পরে কি হইল শোন দিয়া মন * ফোরখোন্দা সাহা আপে নামদার ফজর হইতে গিয়া তাক্তে দিল বার * দরবারের কাজ সব করিল আঞ্জাম ॥ বিদায় হইয়া গেল দরবারি তামাম * উঠীলেন নামদার দরবার হইতে ॥ গেতি আফরোজ ছিল জেই মহলেতে * সেই খানে নর পতি জাইয়া পৌছিল ॥ বাদসাকে দেখিয়া পরি আদাপ করিল * বশিলেন সাহা ফের কুরছির উপরে ॥ পরি গন বশিলেন চারি দিগে ঘিরে * নানা রূপে বাত চিত হইতে আছিল ॥ উদিগে দস্তর খান তৈয়ার হইল * খাইতে লাগিল সবে আরামে বসিয়া ফারাগোত হইলেন খানা জে খাইয়া * তার পরে মেয়া জাত হাজের হইল ॥ জার জে খাহেস তাহা খাইতে লাগিল * গোলাবি সরাব ফের হাতেতে লইয়া ॥ খোসালিতে খায় সবে আমদে মাতিয়া * খাইয়া পিইয়া জবে মস্তহাল হৈল ॥ গেতি পরি ভুপতিরে কহিতে লাগিল * হইল কএক রোজ আইনু হেথায় ॥ এখন করনা সাহা আমাকে বিদায় * আরনা থাকিব আমি জাব কোহেস্থানে ॥ মেহের করিয়া দেহ বিদায় আপনে * শুনিয়া ফারখোন্দা সাহা কহিল তখন

সোনঃ সাহা পরি আমার বচন * দুই চারি রোজ আর করনা আরাম তা বাদে জাইবে তুমি আপনা মাকাম * অনেক তকলিফ পেলে এখানে আসিয়া ॥ মোনে না করিবে কিছু মেহের করিয়া * খানা পিনা জাহা কিছু করিনু হেথায় ॥ তোমার লাএক নাহি জানিবে তাহায় * আজ না জাইতে দিব তোমার কারন ॥ সোন২ সাহা পরি আমার বচন * পরি জাদি এই কথা সুনিয়া সাহার ॥ ছাতি পরে হাত দিয়া কহে এ প্রকার * জাহা কিছু খায়াইলে আমা সবাকায় ॥ তাহার তারিফ কিছু করা নাহি জায় * হাজার জবান হৈলে আমার মুখেতে তবুকি তারিপ তার পারিব করিতে * সোন২ জাহা পানা বাদসা নামদার ॥ হুজুরে আরজ মেরা হাজারে হাজার * কোহেস্থানেতে জাব কাজ আছে ভারি ॥ সেই জে কারনে মোরা থাকিতে না পারি এবাতে নাচার নাহি হও নামদার ॥ হুকুমের তাবেদার আছি জে তোমার * একথা সুনিল জদি বাদসা জাহাগির ॥ দেলে২ এই বাত করিলেন স্তির * লাল জয়াহের থোড়া খানেতে রাখিয়া ॥ সাহা পরিকে দিল নজর ধরিয়া * জওয়াহেরাত ভাতে ভাত দেখিল জখন সরমেন্দা হইল পরি দেলেতে আপন * দুই চারি লাল লিল হাতে আপনার ॥ খোশাল হইল তাতে বাদসা নামদার * তারিফ করিয়া সবে বাদসার তরেতে ॥ রয়ানা হইল পরি আপন দেশেতে * পরি জাদি সাহা আগে হইয়া বিদায় ॥ মঞ্জিলেঃ রাহা নেকালিয়া জায় *

—০ঃ(*)ঃ০—

* দানেষ মন্দ সাহাজাদাকে আদম সুরত করিবার বয়ান *

পয়ার * এদিগে ফোরখোন্দা সাহা তক্তে বসিয়া ॥ পরির ধিয়ান করে একেলা বশিয়া * এক নজোরেতে সাহা চাহিয়া আছিল গোরু এক বান্দা আছে দেখিতে পাইল * তায্যব হইয়া সাহা দেখেন তাহায় ॥ কোথা হৈতে এই গোরু আইল হেথায় * সাজাদার বাত সাহা করিয়া সরন ॥ পুছিতে লাগিল সাহা সকলে তখন * সাজাদাকে আজ আমি না পাই দেখিতে ॥ মালিক কোথায় আছে পার কি কহিতে * হাজেরান লোক জতো কহিল বাদসায় ॥ নাহি জানি

সাহাজাদা আছেন কোথায় * কিন্তুএক বাত কহি আন্দাজ করিয়া ॥ গেতি আফরোজের সঙ্গে গেছেন চলিয়া * নর পতি এই কথা কহিল তখন ॥ সাহা পরির সঙ্গে জদি জেতো সেই জোন * হুকুম লইয়া সেহ জাইত আমার ॥ জিজ্ঞাসা করনা গিয়া চাচাকে তাহার * দানেষ মন্দ উজির ছিল সেখানে হাজির ॥ কহিতে লাগিল শোন বাদসা জাহাগির * আমিতো নাহিক জানি গেছেন কোথায় ॥ কেমন করিয়া হাল কহিব তোমায় * দানেস্ মন্দ এই কথা আছিল কহিতে নজোর পড়িয়া গেল গোরুর পরেতে * খেয়াল করিয়া খুব দেখে বারে বার ॥ কতো গুলি লাল পঁছল গলেতে তাহার * সাজাইয়া এই মতে তাহারো কারন ॥ গোরু বানাইল পরি শোন দিয়া মন * রেসোমের ডুরি এক গলে তার দিয়া ॥ গাছেতে বান্দিয়া গেছে দেখে ন চাহিয়া * দানেস্ মন্দ সাহা আগে কহে এইবাত ॥ আরজ করিয়া খুব জুড়ে দোন হাত * মালিক মাহাম্মদ আছে নিকটে তোমার ॥ খেয়াল করিয়া সাহা দেখ এক বার * পুছিতে লাগিল বাদসা আছে সে কোথায় ॥ সওক হইল মুঝে দেখিব তাহায় * ঐ দেখ খাড়া আছে সামনে তোমার ॥ লাল জয়াহের জড়া গলেতে ওহার * রোসি এক আছে দেখ গলেতে তাহার ॥ বান্দিয়া গিয়াছে পরি শুন সমাচার দেখ কেয়ছা ওফাদার পরি দুরাচার ॥ দেলেতে রহম কিছু নাহিকো তাহার * বাদসা কহে এহা বড় তায্যব আমায় ॥ এয়ছা হাল কেন পরি করিল এহায় * আমার এখানে সেহ কিদশ পাইয়া ॥ হায়ওয়ান করিয়া গেল এহার লাগিয়া * দানেশ মন্দ এছা বাত সুনিয়া সাহার॥ তখনি চলিয়া গেল নিকটে তাহার * কহিল গোরুর তরে সুনরে দিওয়ানা ॥ বারে২ আমি তোরে করিয়াছি মানা * মানা না সুনিয়া মেরা হৈল এই দায় ॥ এমোন সোমায় তোর কে আছে কোথায় * ঐ পরি জাদুগির বড় দুরাচার ॥ গোরু বানাইয়া গেল খাতেরে তোমার * জেয়ছা কাম তেয়ছা ফল সুনরে নাদান ॥ জাবত জিবন রহ হইয়া হায়ওান * রাত দিন পানি বও বাদসার বাগানে ॥ দরোদ না হবে কিছু কাহার জে মনে * দানেষ মন্দ এই কথা কহিয়া তখন হুকুম করিয়া দিল চাকোরে আপন * এখানে হইতে এছে লইয়া

জে জাও ॥ মশোকে ভরিয়া পানি হামেসা ঢোয়াও * সরকারের জন্ত পনি হইবে দরকার ॥ ছেটাইবে সব পানি সহর বাজার * চাকর স্থনিয়া তবে উজিরের বাত ॥ গোরুকে লইয়া গেল আপনার সাত * মালিক মাহাম্মদের তরে সোঙ্গেতে লইয়া ॥ গোয়াল ঘরেতে তাহে দিলেন বান্দিয়া * পানির মোসক পিটে সারাদিন বহে ॥ রাত্র কারে ঘাস ভুসি খাইয়া জে রহে * এই রূপে কত দিন জায় গুজরিয়া ॥ তার পরে কি হইল শোন মন দিয়া * এক দিন ফোরখোন্দা সাহা নিরালা আছিল ॥ গেতি আফরোজের বাত এয়াদ হইল * মনে২ ভাবে সাহা কি করি উপায় ॥ সহাজাদা বিনে সেতা আর কেবা জায় কোহেস্থানে জাবে কেবা গেতি বরাবর ॥ কি রূপে পাইব আমি পরির দিদার * এই কথা মনে২ ভাবেন বসিয়া ॥ দানেষ মন্দ সেই ঘড়ি পৌছিল আসিয়া * কহেন ফোরখোন্দা সাহা সুনহে উজির ॥ সাজা দার তরে তুমি করনা ফিকির * কিরূপে আদম হয় সুরত তাহার ॥ পেরেসান আছি আমি কারনে তাহার * উজির কহেন সুন বাদসা নামদার ॥ কেমনে করিব আমি তদবির এহার * মাজুনের বুটী আর নাহি মেরা হাতে ॥ কি রূপে পারিব আমি তদবির করিতে * বাদসা পুছিল বুটী কোথা পায়া জায় ॥ তাহার খবর তুমি কহনা আমায় * উজির কহিল সুন বাদসা জাহাগির ॥ শে বুটির ভেদ কথা করি জে জিকির * জে বুটিতে হয় এই মাজুন তৈয়ার ॥ সরন দিপ পাহা-ড়েতে পায়দাশ এহার * সেই জড়ি আর নাহি হয় জে কোথায় ॥ একিন জানিবে সাহা কহিনু তোমায় * সেথা হৈতে জড়ি জদি আনে কোন জোন ॥ মাজুন তৈয়ার হবে সুন দিয়া মোন * উজিরের এই বাত সুনিল জখন ॥ দানেশ মন্দেরে সাহা কহিল তখন * হোসিয়ার চালাক লোক পছন্দ করিয়া ॥ দুই জোনে দেহ ভেজে সুন মন দিয়া * ভাল২ লেবাছ দেহোনা দুই জোনে ॥ রাহের খরচ দেহ জাবার কারনে * বাদসার হুকুম জদি পাইল উজির ॥ দুই জোনে পাঠাইল করিয়া তদবির * দুই জোনা বাদসা আগে হইয়া বিদায় ॥ রওানা হইল দোন ভাবিয়া খোদায় * মঞ্জিলে২ রাহা জায় নেকলিয়া ॥ এয়ছাই মাহিনা রোজ রাহেতে চলিয়া * সরন্দিপ সরহদেতে পৌছিল জখন ॥ আজিম পাহাড় এক কহে নিরক্ষন *

দেখিতেং জায় রাহেতে চলিয়া ॥ সামনে দেখিল এক আজিম দরিয়া দরিয়া দেখিয়া দোন ভাবেন এছাই ॥ কি রূপে হইব পার বল দেখি ভাই * দরিয়ার ধারে বোশে ভাবে দুই জোন ॥ খোদার কুদরত কিছু সুন দিয়া মোন * দেখে এক কিস্তি শেথা পৌছিল আসিয়া ॥ এক জোনা নাও পরে আছেন বসিয়া * সেই জোনা ডাকিতে লাগিল এহাদেরে ॥ এসো ওহে মসাফের জাবে ঐ পারে * দুই জোনা কিস্তি পরে জাইয়া চড়িল ॥ সুবাও পাইয়া নাও ভাশিয়া চলিল * কিস্তি পরে দুই জোনা রহিল সুইয়া ॥ ঘড়ি এক বাদে দেখে আখি জে খুলিয়া * কোথা গেল সেই কিস্তি কোথায় দরিয়া ॥ দুই জোনে সুএ আছে জমিনে পড়িয়া * দুই জোনা বশিয়া জে ভাবিতে লাগিল আল্লার দরগায় কতো সোকর করিল * তার পরে সোঙ্গে জাহা খাবার আছিল ॥ নেকলিয়া সেই খানা দু জোনে খাইল * পরেতে উঠিয়া ফের হইল রয়ানা ॥ মোনেং ভাবে দোন এলাহি রব্বানা * জাইয়া পৌছিল সেই পাহাড়ের নিচে ॥ আজিম দরক্ত এক সেই খানে আছে * দরক্ত দেখিয়া তারা চিনিতে পারিল ॥ মাজুনের বুটী এই বুজিতে পারিল * তাড়া তাড়ি জেব হৈতে চাকু নেকলিয়া ॥ মোমের মতন বুটী লইল কাটিয়া * খুসি খোসালিতে দোন রয়ানা হইল ॥ মাহিনা রোজের পরে আসিয়া পৌছিল * দানেষ মন্দকে বুটি দিলেন আনিয়া ॥ উজির হইল খুসি বুটি জে দেখিয়া * ফোরখোন্দা সাহা দুই জোনে খুব নেয়াজিলো ॥ মাল মাত্তা দিয়া সাহা নেহাল করিল দানেষ মন্দ মাজুন জে তৈয়ার করিয়া ॥ বাদসার হুজুরে দায়া গেল জে লইয়া * দেখিয়া ফোরখোন্দা সাহা খোসাল হাজার ॥ মাঙ্গাইয়া লিল গোরু কাছে আপনার * দানেষ মন্দ গোরুকে জে দেখিল জখন ॥ গোস্বা দেল হৈয়া বাত কহিল তখন * শোনরে নাদান এবে কহি জে তোমায় ॥ বাদসার হুকুম মুজে হইয়াছে দায় * তা না হলে হায়ওয়ান তুমি হামেসা থাকিতে ॥ কে আর আছিল তুজে আদম করিতে * খোদার কছম মুজে শোন শোমাচার ॥ দায়া না করিতুন আমি খাতেরে তোমার * এখন একরার তুমি কর এ প্রকার ॥ পরির ভুবনে কভু নাহি জাবে আর * তবেত মাজুন দিব তুজে খায়াইয়া নহেতো জাইব আমি এখনি চলিয়া * মালিক মাহাম্মদ. তবে ~~হো~~এ

বেকারার ॥ গওর করিল মদ্ব দেলে আপনার * গোশ্বা হৈয়া চাচা জদি জায় হেথা হৈতে ॥ আদম সুরত কভু নারিব হইতে * এখন বেহতের আমি দেখি জে এয়ছাই ॥ কছম খাইতে হবে চাচা জির ঠাই বিচার করিয়া এহা দেলে আপনার ॥ মাথা হেলাইয়া দিল দুই তিন বার * দানেষ মন্দ এই হাল দেখিল জখন ॥ গওর করিল তিনি দেলেতে আপন * কছম করিল ঠিক নিকটে আমার ॥ আর না জাইবে কভু পরির মাজার * মাজুন লইয়া থোড়া হাতেতে আপন পানিতে ঘুলিয়া দিল খাইতে তখন * গোরুর জে মুখ তিনি হাতেতে ধরিয়া ॥ হলকের মধ্যে পানি দিল জে ঢালিয়া * তখনি জে ঐ গোরু জমিনে লুটীয়া ॥ আদম সুরাত হৈয়া ওঠে ডারাইয়া * আদাব সালাম করে উঠীয়া বাদসাকে ॥ কদোমেতে বোছা দিল জাইয়া চাচাকে * সেখান হইতে ফের জায় নেকলিয়া ॥ গোসল করিল মর্দ্ধ হাম্মামে জাইয়া * গোসল করিতে কিছু পাইল আরাম ॥ লেবাস পোসাক জাহা পিন্দিল তামাম * বাদসার নিকটে গিয়া হইল হাজির ॥ কদমেতে বোসা দিল নোয়াইয়া ছির * ফরখোন্দা সাহা ফের পুছিল তাহায় ॥ কেন গেতি এছা হাল করিলো তোমায় * মালিক মাহাম্মদ তবে আজিজির সাত ॥ কহিতে লাগিল শোন সাহা নেক জাত * গেতি আফরোজ পরি আমার তরেতে ॥ কত দুক্ষ দিল তাহা না পারি কহিতে * পহেলা জে কবুতর আমাকে করিয়া ॥ কোহেস্থান হৈতে মুঝে দিল উড়াইয়া * দুক্ষ মুসিবত এতো হইল আমায় ॥ কহিতে সে সব কথা প্রান ফেটে জায় * তা বাদে মোরগাবি ফের দিল জে করিয়া ॥ জঙ্গল ময়দানে ফিরি কান্দিয়া২ * বারেক আছিল বাকি আমার হায়াত ॥ বাজ মুঝে দিল ছেড়ে পাইনু নাজাত * এখানেতে গোরু ফের গেল বানাইয়া ॥ আপনা মেহেরে গেনু আদম হইয়া * দুক্ষ মুসিবত এত দিলসে আমায়॥তবু নাভুলিতে আমি পারিজে তাহায় শারা শার হাল সাহা সুনিল জখন ॥ পেরেসান হৈল বড় দেলেতে আপন * বাদসা কহে সোন২ ওহে নেকজাত ॥ আসক খেয়াল ছাড় সে পরির শাত * মছিবত ফের তুঝে পৌছিবে আসিয়া ॥ প্রান হৈতে একেবারে জাইবে মরিয়া * মালিক মাহাম্মদ কহে সোন চাচাজান ॥ তাহার কারনে মুঝে নাহি পেরেসান * কতো২ আসক

জে মাসুক লাগিয়া ॥ জঙ্গলে২ ফেরে বাদসাহি ছাড়িয়া*মাসুক লাগিয়া কত জান হারাইল ॥ দুনিয়াতে নাম তার জাহির রহিল * ফরহাদ শিরির পরে আসক হইয়া ॥ বাইস মারিয়া প্রান দিল নেকলিয়া * মজনু জেয়ছা লায়লি বিনে কোরে হায়২ ॥ বিয়াবান জঙ্গলেতে প্রান জে হারায় * আসকের কাজ এই সোন দিয়া মন ॥ মকসেদ মঞ্জেলে তবে পৌছে সেই জোন * মাহাম্মদ মোসলেম কহে পরয়ার দেগার মনো আসা পুন্ন তুমি করনা আমার * আসোকের দায় আমি করি হায়২ ॥ মকসেদ মঞ্জিলে খোদা পৌছাও আমায় *

—০ঃ(**)ঃ০—

* ফোরখোন্দা সাহা মালিক মাহাম্মদ কে কোহেস্থানে *
* পাঠাইবার বয়ান *

পয়ার * ফোরখোন্দা সাহা কহিলেন সুন সাহাজাদা ॥ এক কথা কহিতে জে হইল এরাদা * জে অবদি গেতি গেল থাকিয়া হেথায় ॥ ভালা বুরা হাল কিছু না মেলে আমায় * কোহেস্থানেতে তুমি জাহনা চলিয়া ॥ ভালা বুরা হাল তার দেহনা আনিয়া * মালিক মাহাম্মদ বাত সুনিয়া সাহার ॥ খোসাল হইল বড় দেলের মাজার * ভালা বুরা কারে কিছু নাহিকো কহিয়া ॥ কোহেস্থানের দিগে জায় নেকলিয়া * মঞ্জিলে২ মদ্দ চলিয়া রাহেতে ॥ গেতি আফরোজের বাত জপিতে২ * বাবেন পাহাড়ে জবে পৌছিল জাইয়া ॥ একেবারে বাগানেতে গেল জে চলিয়া * বারা দোরির কাছে পৌছিল জখন ॥ রূহআফজা খবর দিল বিবীকে তখন * একথা সুনিয়া গেতি দৌড়িয়া আইল ॥ সাহাজাদার হাতে ধরে লইয়া চলিল * মাসুকের তরে মদ্দ দেখিল চাহিয়া ॥ আজব লেবাছে বিবী আছেন সাজিয়া * ধানি পোসাক ছিল পেন্দনে তাহার ॥ জেওর আছিল গায় জড়াও হিরার মাসুকের পরে বিবী খোসাল হইয়া ॥ শোনার কুরসিতে দোহে বশিল জাইয়া * তার পরে পুছে পরি সুন সাহাজাদা ॥ কি জন্য আইলে হেথা কি আছে এরাদা * গোরু বানাইয়া আইনু তোমার তরেতে কি লাভ তোমার বল মেরা মহবোতে * তুমি তো আদম জাত আমি

পরি জাত ॥ কি রুপে মিলন হয় কহো দেখি বাত * সাহাজাদা কহে শোন২ পরি জান ॥ তোমার খাতেরে আমি আছি পেরেসান * বারে বারে কত দুক্ষ দিলে জে আমায় ॥ তভু না ভুলিতে পারি আমি জে তোমায় * আপনা বেগানা আর ভাই বেরাদার ॥ নারাজ হইল সব আমারো উপর * দানেষ মন্দ চাচা এছা কহিল আমায় ॥ আর না জাইবে তুমি পরির সভায় * কছম একরার লিল নিকটে আমার গোরূর সুরত হৈতে করিল উধ্যার * কতো মছিবতে তুমি ফেলিলে আমায় ॥ মাসুক আসকে এছা কে করে কোথায় * এছা বে ওফাই তুমি করো মেরা সাত ॥ দেল মেরা জানে আর জানে পাকজাত *

* গেতি আফরোজের মান ভঞ্জন *

[গীত]

* রাগিনী বশন্ত বাহার তাল আড়া ঠেকা *

কেন বারে২ প্রান আমারে কর অপমান ॥ দয়া মায়া
নাই কোরে তোর পাশান শোমান * জে দুখো
দিয়ে ছো মোরে, বোলে কি জানাব তোরে, শেসব
কথা মনে হোলে, জোলে ওঠে প্রান *

এই সব গান পরি সুনে সাহজাদার ॥ সরমেন্দা হইল বড় দেলে আপনার * পরি জাদি কহে ফের সাহজাদার তরে ॥ আর না সর-মেন্দা তুমি কর বারে বারে * মাথা খাও কথা কও সুন নেক জাত আর নাহি কহ মুঝে ঐ সব বাত * এয়ছা কহিয়া পরি জবানে আপন ॥ সাজাদার তরে ধোরে করে আলিঙ্গন * রূহ আফজা পরি সেথা তরায় আসিয়া ॥ সারাবের জাম লিল হাতেতে তুলিয়া * সরাব ঢালিয়া বিবী দু জোনে পেলায় ॥ আসক মাসুক দোন আনন্দিতে খায় * নেসায় মাতিয়া দোন এয়ছাই হইল ॥ খুশির সাগরে জেন তরঙ্গ বহিল * জড়া জড়ি হুড়া হুড়ি করে দুই জন ॥ এছা ভাতে দুই জোনে করিয়া মিলন * শোন২ সাহাজাদা বোজহ এহায় ॥ খুসিতে মাতিয়া বিবী এই গান গায় *

* মালিক মাহাম্মদের মান ভঞ্জন *

* গীত রাগিনী ভৈরবি তাল আড়া *

সোন বনিক নন্দন, বারে বারে কেন তুমি কর জালাতন

কতো বুজাইনু তোরে, বুজিয়া না বোজ তারে, এ কেমন বিচার দেখি, অবদো জেমন ॥ কতো দুখো বারে বারে, দিয়াছি আমি তোমারে; সেসব কথা মোনে হোলে, ঝরে দুনওন ॥ শান্ত হয় মাথা খায়, এ সব কথা ভুলে জায়,
আর জেন প্রানো নাথ নাহয় এমন*

—০ঃ(**)ঃ০—

* কোহেস্থান হইতে গেতি আফরোজের ভাএর বিবাহ *
* হইবে বলিয়া গেতি আফরোজ কে উহার ভাই *
* লিয়া জাইবে তাহার বায়ান *

পয়ার * এই গান গেয়ে বিবী সাহজাদায় শোনায় ॥ আচানোক আয়াজ এক পৌছিল শেথায় * ছের ওঠাইয়া পরি উপরে তাকায় ॥ ভাই এর ছওয়ারি আইল দেখিবারে পায় * তক্ত হৈতে উত্তারিয়া বসিল আসিয়া ॥ মেরা তরে জিজ্ঞাসিল গোশ্বায় জলিয়া * ওরে গেতি ঠীক বাত কহতো আমারে ॥ এই জে আদম জাত আইল কি প্রকারে * গেতি কহে ভাইজান শুন মেরা বাত ॥ বড় ওফাদার এই আদমের জাত * মালিক মাহাম্মদ নাম জানিবে এহার ॥ ওফাদার বলিয়া জানো খেতাব এহার* পরিযাদা কহিলেন শোন তো বহিনি কি ওফাই করিয়া আছে কহো দেখি শুনি * গেতি বিবী একে২ বয়ান করিয়া ॥ ভাএর হুজুরে কহে দুহাত জুড়িয়া * আমার কারনে জানো এই নামদার ॥ কতো২ মুসিবতে হৈল গেরেপ্তার * তাহার বয়ান ভাই কি কব তোমায় ॥ বড়২ জুলুম আমি করিনু এহায় * কত বার দিনু এছে হায়ওান করিয়া ॥ তবু মহবত মেরা না জায় ছাড়িয়া বড় ওফাদার এছে কি বলিব আর ॥ এহার জে ছানি আমি নাহি দেখি আর * মালিক মাহাম্মদ এছা সুনিল জখন ॥ দেলে২ আন্দেসা জে হইল তখন * মনে২ কহে আয় পাক পরওার ॥ তুমি ছেয়া তরাইতে কে আছে আমার * হাওয়ান করিল জবে পরি দুরাচার কান্দিয়া২ ফিরি জঙ্গল মাজার * সদয় হইয়া মোরে আপে করতার

হেথায়॥ পরি জাদা মেরা তরে দেখিবারে পায়* নাহি জানিকি বা দসা হইবে আমার॥ আন্দেসা ফিকির সদা দেলের মাজার * এই কথা দেলেঽ ভাবে সাহাজাদা॥ আমার কপালে কিবা লিখিয়াছে খোদা দেলেঽ সাহাজাদা ভাবিতে আছিল॥ গেতি আফরোজ তাহা বুজিতে পারিল * সাহা পরি কহে শুন আসক আমার॥ আন্দেসা ফিকির কেন দেলেতে তোমার * আমি জবে রাজি আছি তোমার উপরে॥ কাহার খেমতা আছে কিকরিতে পারে * সাহাজাদা এছা বাত সুনিল জখন॥ খোসাল হইল মন্ব দেলেতে আপন * পরি জাদা কহে ফের বহিনের সাত॥ সুন গো বহিনি তুমি মেরা এই বাত * আজ হৈতে জানো তুমি ভাএর তোমার॥ শোল দিন বাকি আছে সাদি হই-বার * মা বাপের বাত আতি নাহিক মানিয়া॥ লইতে আইনু তুজে সোন মন দিয়া * জাইতে হইবে তুঝে আমার জে সাতে॥ ছাড়িয়া না জাব আমি জানো কোন মতে * নাহি জোদি জাহ তুমি আমার সোঙ্গেতে॥ সরম হইবে মুঝে মুখ দেখাইতে * কছম খোদার মুজে জানিবে একিন॥ এনকার জদি করো জেতে আপনি বহিন * তাহা হইলে আমি আর না জাব ঘরেতে॥ আমার এই বাত তুমি বোজহো দেলেতে * আর না দেখাব মুখ মা বাপের সাত॥ একিন জানিবে তুমি মেরা এই বাত* গেতি আফরোজ সুনে রহে চুপ হৈয়া॥ ঘোড়ি দুইচার রহে ছের ঝোকাইয়া*ভালা বুরা বাত কিছু নাহি কহে কায়॥ গম গিন হইয়া বিবী বশিয়া জে রয়* থোড়া দের পরে ফের ছের ওঠাইয়া॥ ভাএর তরেতে কহে আজিজি করিয়া * কছম খোদার ভাই জানিবে এহায়॥ আর না জাইতুন আমি কভু জে সেতায় * কিন্তু এক বাত আমি কহি জে এখন॥ লইতে আইলে তুমি আমারো কারন * জদি আমি নাহি জাই শোঙ্গেতে তোমার॥ সরমেন্দা হইবে তুমি নিকটে সবার * লাচার হইয়া মুঝে হইল জাইতে॥ মালেক মহাক্ষাদে লিব আমার সোঙ্গেতে * ওজর জদি থাকে কিছু কহনা আমায়॥ তা হইলে আমি আর নাজাব সেতায় * কহিতে লাগিল সুন বহিনি আমার॥ তুমি জাতে খুস আছ ওজর কি তার * গেতি বিবা বাত সুনে খোসাল হইয়া॥ থায়াছ খেদমত গারে সবাকে

চলে মোন খোসালিতে * তিন জোনা তক্তে পরে জাইয়া বশিল ॥ বাঁও ভরে তক্ত রায়া উড়িয়া চলিলো * বাপের.মহল বিচে পৌছিল জখন ॥ নেগাও করিয়া বিবী দেখেন তখন * বাপের মহলে জবে পৌছিল জাইয়া॥ পরি জাত আইলেন দেখিবে বলিয়া * কানা কানি বাত জবে হইল প্রচার ॥ বাপের কানেতে গেল খবর এহার * সমস সাহা খুসি হৈয়া দেলেতে আপন ॥ উজিরে নাজিরে ডেকে কহিল তখন * এখনি চলিয়া জাহ গেতি বরা বরে ॥ তাজিম করিয়া আনো আমার হুজুরে * বাদসার হুকুম এছা সুনিল জখন ॥ তুরিত চলিয়া গেল উজির তখন * বড় ভাই ছিল বোসে বাপের হুজুরে ॥ তিনি ও চলিয়া গেল গেতি বরা বরে * জাইয়া পৌছিল জবে গেতি বরা বর ॥ খোসালিত হৈল পরি হাজারে হাজার উজির নাজির আর ভাইকে দেখিয়া ॥ আদাপ ছালাম করে দু হাত জুড়িয়া * উজির নাজির দেখে গেতির খাতিরে ॥ সাতে করে লিয়া আইল বাদসার হুজুরে * পরি জাদি আপনার বাপকে দেখিয়া ॥ সালাম করিল ছের জমিনে রাখিয়া * তার পরে বাদসা ফের নরম জবানে ॥ একে২ পুছে বাত লেড়কির কারনে * আউল আখের ছিল জতো কিছু বাত ॥ ধিরে২ পুছে তারে বাদসা নেকজাত * ফের পুছিলেন সাহা কহোনা আমায় ॥ মহবোত করিলে জারে সে আছে কোথায় * বাপের এয়ছাই বাত শুনিল জখন ॥ চুপ হৈয়া থাকে মুখে না সরে বচন * এশারা করিয়া বিবী কহে সাহজাদায় ॥ আদাপ ছালাম কর জাইয়া বাদসায় * এশারার বাত তিনি বুজিল জখন ॥ আদাপ ছালাম করে বাদসাকে তখন * সালামের জওাব সাহা দিয়া জে তাহায় ॥ হাতে ধোরে আপনার নিকটে বসায় * লেকেন নারাজ ছিল দেলেতে সাহার ॥ বাত চিত করে কিন্তু মনেতে বেজার * মালিক মাহাম্মদ তবে বুজিয়া এয়ছাই ॥ দেলে২ বলো মেরা না দেখ ভালাই * জিতা না জাইব আমি এখানে থাকিয়া ॥ মারিয়া ডালিবে ঠীক আমার লাগিয়া * মেরে জদি ডালে মুঝে নাহি পেরেসান ॥ লেকেন দেলেতে মেরা রহিল আরমান * মাহাম্মদ মোছলেম কহে শোন সাহাজাদা ॥ দেলেতে ভাবনা তুমি নাহি কর সদা * রাখে

জোদি দয়া ময় হইয়া স্বদয় ॥ কে মারিতে পারে তাহা জানিবে নিশ্চয়

—•ঃ(*)ঃ•—

* গেতি আফরোজ মালিক দাহাম্মদকে লিয়া আপন *
* মা বাপের সহিত সাক্ষাত করিবার বয়ান *

ত্রিপদি * গেতি আফরোজ জবে, বাপকে কহিয়া তবে ॥ আপনার মাএর কাছে জায় * সাহজাদাকে লিয়া সাতে, অতি মনো খোসালিতে ॥ পৌছিলেন জাইয়া সেথায় * মাতারি দেখিল জবে, পেয়ার করিল তবে ॥ বোছা দিল মুখেতে তাহার * নোছিহত করে তারে, কহে বিবী বারে২ ॥ এই ছিল মনেতে তোমার * ওরে তুই দুরাচারি, বুজিতে নাহিক পারি ॥ চোলে গেলি কেমন করিয়া * এই জাদ ছিল তোরে, কেন না কহিলি মরে ॥ দিতাম তোরে ঘরেতে আনিয়া * গেতি পরি সুনে বাত, কপালে জে দিল হাত ॥ হেট ছেরে রহিল তথায় * ভালা বুরা বাত জাহা, কিছু নাহি কহে তাহা জেন ছিল পাগলের পায় * খোদার হুকুম জাহা, কে রদ করিবে তাহা ॥ সব কিছু কুদরত তাহার * ফের কহিলেন তারে, তুমি রাজি আছ জারে ॥ জোর তাতে নাহিক আমার * জা হবার হইয়া আছে বাড়া বাড়ি করি আছে ॥ সুন পিয়ারি আমার * কিন্তু এই বাত জাহা, ভাল নাহি লাগে তাহা ॥ বুজে দেখ দেলেতে তোমার * ঘর বাড়ি ছেড়ে দিয়া, বেগানা দেশেতে গিয়া ॥ থাকো তুমি কেমন প্রকার * আমি না দেখিলে তোরে, হু হু প্রান সদা করে ॥ থাকি আমি হইয়া নাচার * আমার পিয়ারি তুমি, জেতে নাহি দিব আমি থাকো তুমি ঘরেতে আমার * আর এক বাত সুন, একিন করিয়া মানো ॥ জেথা ছিল সাদির জে বাত * সেথা হৈতে মেরা তরে, খত ভেজে বারে বারে ॥ কি জওাব দিব তার সাত * দুনিয়ার লোক জতো, তানা মারে সতো সতো ॥ কেন মুঝে কর অপমান * বুজে সুজে কর কাজ, বুরা হৈতে থাক বাজ ॥ তবে বাঁচে আমারো জে মান মাএর সুনিয়া বানি, এয়ছাই কহেন ধনি ॥ সাদি মেরা নাহি আম্মাজান ছের ওঠাইয়া ফিরে, কহিতে লাগিলো তারে, শোন শোন জনোনি

আমার ॥ এখোনি জাইব আমি, মনেতে জানিবে তুমি, কালা মুখ না দেখাবো আর *

* গীত রাগিনি খাম্বাজ তাল পোস্তা *

* গেতি আফরোজের মাতার মান ভঞ্জন *

কোলে তুলে লে গো ওমা আর জাতো না শয়না প্রানে ॥
মা কোবু কি দেয় গো দুখো শতো দোস কোল্লে সন্তানে *
কতো আমায় শিশু কালে, লিওচো মা কোলে তুলে, শে সব
কথা ভুলে গেলে, অদেষ্টের গুনে ॥ ওগো ও পাশান তনায়া,
ভুলে চো কি মায়া দয়া, দেহো আমায় পদো ছায়া,
চোলে জাই মা'মানে মানে ॥

এই জে অদম পরে, মহবত হইলো মরে ॥ এছে আমি না ছাড়িব আর * নিজ প্রান ত্যাগ দিব, তবু এছে না ছাড়িব ॥ কুঁন মাথা কহি বারে বার * থাকিতে জদি দেহ মোরে, না কহিবে বারে২ ॥ তবে আমি জাইব চলিয়া * দোসরা দেশেতে জাব, মুখ আর না দেখাবো আর নাহি পাইবে ঢুড়িয়া * আর জেন বাত তেরা, সুনিতে না হয় মেরা ॥ কালা মুখ দেখাতে না হয় * মাতারি বুজিল তবে; বাত মেরা না সুনিবে ॥ মিছে কেন বুজাই এহায় * বোসি জদি বলি এরে, গোস্বা হৈয়া মেরা পরে ॥ এখনি জে জাইবে চলিয়া * মনাছেব এই হয়, জাতে বেটী রাজি রয় ॥ করা কাজ বুজিয়া সুজিয়া * মিঠা২ কহে বাত, বেটিকে জে লিয়া সাত ॥ গেল বিবী মহল মাজার * এক ঘর খালি ছিল; সেই ঘরে লিয়া গেল ॥ কহে রহো পিয়ারি আমার * গেতি আফরোজ আর, সাহাজাদা শোঙ্গে তার ॥ দুই জোনে শে ঘরে রহিল * দেল খুব খোসালিতে, রহে দোন শে ঘরেতে ॥ দুই জোনে আনন্দে রাহল * কহে পরি এই বাত, শোন শোন প্রান নাথ ॥ ছহি বাত কহি জে তোমায় * তহকিক করিয়া জান, আমারো জে বাত সুন ॥ দুসমন তুমি জানিবে শবায় * খুব হোশিয়ারির সাতে, রবে তুমি এখানেতে ॥ দোশ কিছু না পায় তোমায় * মিছে দোষ পেলে এরা, জান না রাখিবে তেরা ॥ থাকো তুমি খুব খবরদার * হরকোত করিলে মোরে, প্রান রাখা দায় তোরে ॥ বোজ নাথ কহি জে তোমায় মারিলে তোমার জান, না বাঁচিবে মেরা প্রান ॥ দুক্ষঃ বড় হইবে আমায়

সাহাজাদা কহে বাত,সুন২পরি জাত॥ডর কিছু নাহিকো তোমার*কপা লেতে জাহা আছে, তাহা না হইবে মিছে॥ রাজি জাতে পাক পরওয়ার

পয়ার * সাহাজাদি এই বাত সুনিল জখোন॥ সাহাজাদার তরে এহা কহিল তখন * হইল অনেক রাত নিদ্র হৈল ঘোর॥ আরো কিছু নাহি কহো সুন প্রান মোর * এতেক কহিয়া পরি পালঙ্গে সুইল॥ সাহাজাদা পালঙ্গেতে বশিয়া রহিল * আধা রাত গোজরিল আকাশে জখন॥ সাহাজাদা ভাবে এহা নিজ মনে মন * সবর না হয় আর দেলেতে আমার॥ মতলব হাশেল আগি করিব এবার* জা আছে নসিবে মেরা তাহাই হইবে॥ লল্যাটে জা লিখিয়াছে কভু না মিটিবে * এতেক ভাবিয়া মর্দ্দ তুরিত উঠীয়া॥ পরির পালঙ্গ পাশে ডাড়াইল গিয়া* আখি খুলে সাজাদাকে দেখিল জখন॥ গোস্বা দেল হৈয়া পরি কহিল তখন * কি জন্যে ডাড়াএ আছ সুনরে নাদান বারে২ করি মানা না কর ধেয়ান * সাহাজাদা এহা বাত সুনিল জখন আপনা পালঙ্গে গিয়া শুইল তখন * নাওম্মেদ হৈয়া দেলে রহিল সুইয়া॥ সারা রাত ভাবে মর্দ্দ পালঙ্গে পড়িয়া * ফজর হইতে পরি জাগিয়া উঠীল॥ বাপের নিকটে গিয়া হাজের হইল * আদবেতে হৈল খাড়া ছালাম করিয়া॥ ভাএর সাদির বাত লইল পুছিয়া * উজিরে হুকুম সাহা দিল এ প্রোকার॥ করনা আয়না বন্দি সহর বাজার * উজিরহুকুম মতে আঞ্জাম করিল॥নানা রঙ্গ ধুম ধাম হইতে লাগিল * গেতি পরি সাত রোজ রহিল সেতায়॥ সাহাজাদা বিবীর তরে দেখিতে না পায় * ভাএর সাদিতে বিবি মাতিয়া রহিল॥ সাহা জাদা এই খানে ভাবিতে লাগিল * মোসলেম কহেন শুন ওলো ও শুন্দরি॥ আসকে আইলে কেনে করিয়া চাতরি * মাশুকের এই কায্য জানহে সবায়॥ আসোক হইলে তার কেন্দে দিন জায় *

—০ঃ(**)ঃ০—

* মালিক মাহাম্মদের বিরহের খেদ *

লঘু ত্রিপতি * মালিক পেরেসানে, কহে নিরাঞ্জনে॥ শুন কর তারো * তোমা বিনে আর, কে আছে আমার॥ তুমি অসারের

সারো * এদায়ে আমারে, তরাও এবারে ॥ তোমা বিনে নাহি জানি আসিয়া হেথায়, ঘটিল কি দায় ॥ জায় বুজি মোর প্রানি * কেন্দে জারে জার, কহে সাহা বর ॥ কোথায় গেতি আমারো * তোমার কারনে, আসিয়া এখানে ॥ কি দশা হোল আমারো * কোথায় রহিলে দেখা নাহি দিলে ॥ মরন সমায় মেরা * মরন সোমায়, হেরিলে তোমায় ॥ সুখি হয় মোর মর * নহেতো মরন, বুঝি অকারোন ॥ নাহি পাব পর কালে * হেরিলে তোমায়, জদি প্রান জায় ॥ কুল পাব পরো কালে * তোমার পিরিতে, মজে বিধি হতে ॥ এমন হবে কি জানি * জনোম দুখেতে, গেলহে আসাতে ॥ কুলে হোলেম অপমানি * পিরিতে মজিএ, ভাবেতে ভুলিএ ॥ জিবন গেলহে দুখে না হৈল মিলন, সদা জালাতোন ॥ তিলেক নাহি সুখে * এই রূপে সদা, ভাবে সাহাজাদা ॥ কান্দে হৈয়া জারে জার * তাহার কান্দনে এতিনো ভুবনে ॥ বর হৈল হাহাকার * পরেতে উঠীয়া, বিসাদ ভাবিয়া ॥ চলিলেন নামদার * শমশ সাহের, নিচে মহলের ॥ গিয়া হৈল নমুদার * গেতির তরেতে, ছাতের পরেতে ॥ দেখে সাজাদা জখন * মাশুকে দেখিয়া, কহে ফুকারিয়া ॥ সুন ওরে প্রেয়শিনি * কি দোশ পাইয়া, আইলে চলিয়া ॥ কঠীন তোমার প্রানি * আশি বোলে এলে, আর নাহি গেলে ॥ সুন ওহে প্রানেস্বরি * এই কাজ জাহা, ভাল নহে এহা ॥ সুনহে চতুরা নারি * এত জালাতন, কিশের কারন ॥ প্রানে নাহি আরো সয় * এখানে থাকিয়া, দেহ পাঠাইয়া ॥ ওহে প্রিয়সি আমার * গেতি পরি জাত, সুনে এই বাত ॥ কহে মধুর বচনে * সুন প্রিয় মোরো, বাত জে আমারো ॥ কহি জে তোমারো সনে * এখানে থাকিয়া, জাহোনা চলিয়া ॥ শোন শোন মেরা বানি * দেখিলে তোমায়, মারিবে সবায় ॥ জাইবে তোমার প্রানি * তাহা হৈতে ভালা; জাহ এই বেলা ॥ সুন২ নেক জাত * না থাকো এখানে; জাও সেই খানে ॥ মোর পাবে মলাকাত * সাম হবে জবে; আমি জাব তবে ॥ প্রিয় নিকটে তোমার * ঝুট না জানিবে, এঁকিন মানিবে ॥ করিনু শৌগন্দ খোদার * শোগন্দ সুনিয়া, খোসাল হইয়া চোলে আইল নামদার * শেইজে মাকানে, ভাবি নিরাঞ্জনে ॥ পোঁছিল তাহার মাঝার *

* হিন্দি গজল কায়ালি ধুন *

আয় খোদা তেরে ছেয়া কোই মদতগার নেহি, দেল কে বাত কেছ্‌ছে কহু কোই তো গম খার নেহি * আয়ে হু মুলকে বেগানা, নেহি জিনেকা হায় ঠেকানা, না হায় আপনা বেগানা, কেয়া করু মায় এয়া এলাহি ॥ মোছলেম কি এবাত, সুন আয় পরি জাত, না মিলতা ইয়ার ছে তু, এতো বাত আচ্ছি নেহি *

—০ঃ(**)ঃ০—

* গেতি আফরোজ মালিক মাহাম্মদ কে তসল্লি *
* দিয়া পাঠাইবার বয়ান *

পয়ার * গেতি আফরোজ পরি ছাতেতে থাকিয়া ॥ সাজাদার তরে কহে এসারা করিয়া * সাম হৈলে জাব আমি তোমার কাছেতে ॥ এখোন চলিয়া জাও সেই মাকানেতে * মালিক মাহাম্মদ বাত সুনিয়া তাহার ॥ তছল্লি হইল কিছু দেলেতে এহার * সেতা হৈতে সাহাজাদা রয়ানা হইয়া ॥ সেই মাকানের বিচে পৌছিল জা য়া কেবলা তরফে বোসে ওঠাইয়া হাত ॥ খোদার দরগায় করে এই মনাজাত * তুরিত করনা সাম পরওার দেগার ॥ দের জেন নাহি হয় আরজ আমার * সাম হৈলে আসিবেন মাসুকো আমার ॥ এই জোন্নে মাঙ্গি দোয়া দরগায় তোমার * আল্লার দরগায় এছা দোয়া জে মাঙ্গিয়া ॥ সুরুজের দিকে ফের রহিল চাহিয়া * রোজাদার গন জেছা থাকে এন্তেজার ॥ সুরুজ ডুবিলে পরে কারব এফতার * সেই ভাবে চেয়ে থাকে পশ্চিম দিগেতে॥ কখন হইবে সাম ভাবে দেলেতে আল্লার কুদরত কিছু দেখহে বুজিয়া ॥ আফতাব ছাপিল জদি মগরিবে জাইয়া * সফেদ চলিয়া গেল ছিয়া জে জাহের ॥ তক্তে বোসে পরি জাদ হইল হাজের * সাজাদার কাছে পরি বসিল জাইয়া ॥ আসক মাসুক বাত কহেন মিলিয়া * এই হালে কিছু খন গোজারে জখন ॥ গেতি আফরোজ ডাকে সাকিকে তখন * ছাকি বলিয়া গেতি জখন ডাকিল ॥ ডাকা মাত্র সেই থানে হাজের হইল * তরায় আসিয়া পরি সালাম করিয়া ॥ সরাবের সোরাহি জাম লইল তুলিয়া * সরাব ঢালিয়া পরি পেলায় দু জোনে ॥ পিইতে লাগিল দোন আন

ন্দিততো মনে * নেসাতে মাতিয়া দোন হৈল মস্তহাল ॥ বাত চিত করে খুব হইয়া খোসল * থোড়া দের এছা হালে গেল গুজরিয়া ॥ বেয়াদবি করে বাত দোহায় মিলিয়া * হাসি খেলি করে অতি কৌতুকের সাত ॥ দেখিতে২ হোএ গেল আদা রাত * গালেব হইয়া নিদ পৌছিল জখন ॥ বেহস হইয়া দোন সুইহ তখন * ছাখি পরি সেথা হৈতে জায় নেকলিয়া ॥ আপনায় জাগায় পরি সুইল জাইয়া * এছা হালে সারা রাত গেল গুজরিয়া ॥ ফজর হইতে দোন উঠিল জাগিয়া গোলাবের পানি দাসি করিল হাজির ॥ মুখ হাত ধোয় দোহে খোসাল খাতির * খাবার সামান কতো আসিয়া পৌছিল ॥ এক সাতে দুই জোনা খানা জে খাইল * ফারাগত হৈয়া পরি কহে সাজাদায় ॥ আমার ভাএর সাদি কহি জে তোমায় * তোমাকে লইয়া জাব সোঙ্গেতে আমার ॥ সুনিয়া জে সাহাজাদা খোসাল হাজার * সাহাজাদা কহে ফের সুন পরি জাত ॥দেলে২ ছিল মেরা এই সব বাত*জেই দিন এসে আমি পৌছিনু হেথায় ॥ সেই হৈতে এ সৌওক আছিল আমায় * তোমার সোঙ্গেতে জাব নাহি কিছু ভয় ॥ মেহের করিয়া জদি নিএ জায় আমায় * পরি জাদি এই বাত সুনিল জখন ॥ তক্ত আনিবারে দিল হুকুম তখন * হুকুম পাইয়া তক্ত হাজির করিল ॥ সাজাদাকে লিয়া পরি ছওার হইল * সন্যতে উড়িল তক্ত পলক বিচেতে ॥ হাওয়াকে রাখিয়া পিছে লাগিল জাইতে * নৌসা সাজিতে ছিল জোই মাকানেতে ॥ তক্ত উত্তরিল গিয়া সেই দরওাজাতে * পরি জাদি লিয়া তবে আসকে আপন ॥ মজলিসে জাইয়া বশে খোসালিত মন * এদিগের কথা এবে রহিল হেথায় ॥ সাদির বয়ান কিছু সুনহ সবায় * কোহে সোলেমানি নাম আছে জে সহর॥ সেথা এক বাদসা আছে সুন শেখবর * শেথাকার বাদসার নাম সামসাদ জানিবে ॥ তাহার বেটীর শোঙ্গে এর সাদি হবে * গেতি আফরোজের ভাই মওকাব নামেতে ॥ হইবে এহার সাদি ওহার ঘরেতে * বারাতি সাজিল সব কি কব বয়ান ॥ জবানে তাকত নাহি আনিতে এনছান * পরির সাজের কথা কি লিখিব ভাই ॥ তাহার বয়ান মেরা জবানেতে নাই * বরাতি লইয়া সবে রয়ানা হইল ॥ তক্ত রাওা বাও ভরে উড়িয়া চলিল * কোহে সোলেমানিজবে বরাতি পৌছিল ॥ লাখে২ দেও পরি হাজের

হইল * কুরির মাকানে জবে পৌছিল জাইয়া ॥ হাজার২ পরি পৌ-
ছিল আসিয়া * আগে বাড়াইয়া লিল বরাতির তরে ॥ নানা রঙ্গ বাজা
কত লাগে বাজিবারে * তক্ত রাওা হৈতে ফের বরকে লইয়া ॥ মজ
লিশেতে বশাইল তাজিম করিয়া * জেমন রছুম আছে পরির বিচেতে
সাদি পড়াইয়া দিল সেই কেছমেতে * তার পরে আনা আনি জতো
সরঞ্জাম ॥ খেলাইল বরাতির আনিয়া তামাম * সাত রোজ সাত
দিন বরাতি রাখিয়া ॥ খানির জতন করে সবার লাগিয়া * সাত
রোজ বাদে হৈল বিদাএর ধুম ॥ কতো২ বিদায়র করেন রছুম * কত২
সামান আনিল দেহেজের ॥ তরো তরো রাখিলেন করিয়া হাজের *
কত রঙ্গ চিজ আর কতেক সামান ॥ একে২ তার কতো করিব বয়ান
এই সব সামান এনে দেহেজ লাগিয়া ॥ সাম সাদ সাহা কহে দু হাত
জুড়িয়া * শোন২ সমস সাহা আরজ আমার ॥ এসব সামান নহে
লাএক তোমার * জা কিছু দিলাম আমি দামাদ তরেতে ॥ এনকার
না কর তুমি আপনা দেলেতে * সমস সাহার সব সরদারে ডাকিয়া ॥
আপনা সামনে সবে লিল বোলাইয়া * জেমত ইয্যত জার আছিল
জেমন ॥ শেমত বিদায় সবে দিল জোনে জোন * সাম শাদ সাহা
ফের বেটিকে আপন ॥ সমস সাহার হাতে সুঁপিল তখোন * সমশ
সাহা বহু লিয়া আনন্দিতে কাএ ॥ বরাতি লইয়া তবে হইল বিদাএ
মঞ্জেলে২ সবে জায় নেকলিয়া ॥ আপনা মাকান বিচে পৌছিল আসিয়া
নৌকর চাকর আর গোরিব মিছাকিনে ॥ এনাম একরাম দিল জতো
জোনে জোনে * দিন ভর এই কাম আছিল সাহার ॥ সাম হৈতে
চোলে গেল মহল মাজার * গেতি আফরোজ তবে সাজাদাকে লিয়া
আপনা মাকান জেথা পৌছিল জাইয়া * পালঙ্গো উপরে ফের বোশে
দুই জোনে ॥ সরাব কাবাব খায় আনন্দিতো মনে * গেতি আফরোজ
তবে নেসায় মাতিয়া হেসে২ কহে বাত আসক লাগিয়া * শোন ওহে
সাহাজাদা বাত জে আমার ॥ একিন জানিবে তুমি দেলে আপনার *
সুবরি করিয়া থাক সুন বিবরন ॥ মজুরি পাইবে শেশে কেতাবে
লিখন * নাউম্মেদ নাহিহয় নিকটে তাহার ॥ ভরসা রাখন তুমি দেলে
আপনার * মালিক মাহাম্মদ তবে লাগিল কহিতে ॥ বেওফাই
বাত কেন কর মেরা শাতে * মদ্দত হইয়া গেল ফেরাকে তোমার ॥

জলিয়া হইল খাক কলেজা আমার * রহম না দেখি কিছু তোমার দেলেতে ॥ মেহের হইবে কবে আমারো পরেতে * পরি জাদি এই বাত কহে সাহজাদায় ॥ আমারো চারা কিছু না আছে এহায় * দুই চারি দিন আর আছি জে এখানে ॥ সবুরি করিয়া থাকো আপনার মনে * আখেরে মতলব তেরা হইবে হাসেল ॥ সুন মেরা বাত এবে করিয়া আক্কেল * সাহাজাদা এই বাত সুনিল জখন ॥ আখে আছু বহাইয়া কহিলু তখন * সুনরে বেওফা পরি সুন মেরা বাত ॥ ওয়াদা করিলে কতো তুমি মেরা সাত * করার বজায় তুমি না করো কখন এছা বাত কেন করো জবানে আপন * ভাল মতে পরি জাদি চিনিনু তোমায় ॥ বেকুফ বুজিয়া তুমি ভোলাও আমায় * অবাক হইনু দেখে চাতুরি তোমার ॥ না করিবে পুরা তুমি মুরাদ আমার * এই সব বাত গোত সুনিল জখন ॥ খামোস হইয়া পরি রহিল তখোন * ভালা বুরা জবাব কিছু না দিল তাহার ॥ চুপ হৈয়া থাকে পরি দেলে আপনার * নেসায় আছিল পরি সারাব খাইয়া ॥ নিন্দের ঘোরেতে ছিল রহিল সুইয়া * সালিক মাহাম্মদ সেথা বসিয়া রহিল ॥ দেলে২ এই বাত এরাদা করিল * জা আছে নছিবে মেরা জাইবে হইয়া ॥ মকছেদ হাসেল এবে করিব ধরিয়া * এই কথা ভাবা গোনা করিয়া দেলেতে ॥ বোছা এক দিল তার ধরিয়া মুখেতে * বোছা দেয়া মাএ নিদ গেল জে ছুটীয়া ॥ দড় বাড় করে পরি বোসল উঠিয়া * কহিতে লাগিল পরি সাহাজাদার সাতে ॥ জালাতোন কেন কর আমারো তরেতে * উতলা হইলে কর্ম্ম না হয় কখন ॥ বারে২ কহি আমি সুন প্রান ধোন * খামখাই কেন জাবে জান জে তোমার ॥ বদনাম থাকিবে মেরা দুনিয়া মাঝার * বারে২ কর তুমি মুঝে অপমান ॥ কিছু নাহি কহি তুঝে সোনরে নাদান * কত খাতা মাফ দিনু তোমার লাগিয়া ॥ বেগানা মুল্লুকে মারা জাইবে বলিয়া * ওয়াদা নজদিগে আসি পৌছিল এখোন ॥ মেরা জাদ বাত মানো দেলেতে আপন * থোড়া জে সবুরি কর কহি বারে বার ॥ তবেতো পাইবে তুমি মুরাদ তোমার * সাহাজাদা এই বাত সুনিল জখন ॥ চুপ হৈয়া রহিলেন বশিয়া তখন * দানাদেল এই তক কহিল জখন ॥ সমুন রোখ এই

কথা পুছিল তখন * সুন২ দানাদেল বাত জে আমার ॥ ঝুট কথা না কহিবে কছম খোদার * এই জে বেচারা কতো মুসিবত পরে ॥ কত২ দুখ পেলে জানের উপরে * মুরাদ মঞ্জিলে তিনি পৌছিবে কিনা ॥ খোলাসা করিয়া বাত আমারে কহনা * কিম্বা সেই মারা গেল কোরে হায়২ ॥ কি হইল হাল তার কহনা আমায় * সেখ সানা পির তবে জাবান খুলিয়া ॥ ধিরে২ কহে বাত বানুর লাগিয়া * আগেতে সুনিবে জবে বাত জে এহার ॥ খোলাছা মালুম হবে শোন সমাচার * সমন রোখ বিবি বাত কহিল জখন ॥ সুনিয়া আজর সাহা খুসি হৈল মন * পিরের কদম বুছি করেন উঠীয়া ॥ কহিতে লাগিল সাহা দু হাত জুড়িয়া * জবানের তাছির খুব বুজিনু এহার ॥ হুসেতে জে আইল এবে বগম আমার * তানা হৈলে ছেহের জাদু কেমন করিয়া ॥ কেচ্ছা কাহানিতে জায় ছেহের কাটিয়া * দানাদেল এই বাত সুনিয়া বাদসার ॥ কহিল জেঠিক কি বাত বাদসা নামদার * পহেল্যা বেগম তেরা বড় দুরাচার ॥ জাদু চালাইল সেহ উপরে এহার যেরা মত্তো লাখ জোনা কেচ্ছা শোনাইতো ॥ তাহাতে বেগম কভু ভাল না হইতো * দরবেশের মেহের আছে উপরে তোমার ॥ ফায়দা হইল তাতে সুন নামদার * এই সব বাত চিত হৈতে আছিল ॥ সামন রোখ বিবি তবে কহিতে লাগিল * সুন২ দানাদেল কহ বারে বার ॥ আসকের হাল এবে করনা প্রচার * কহিল জে হাল তার করনা বায়ান ॥ তাহার জন্যেতে দেল হৈল পেরেসান * সাহাজাদার হাল তুমি কহনা আমায় ॥ কিদশা হইবে তার জানা নাহি জায় * মাসুকে পাইবে কিনা বলো সিগ্র গতি ॥ কহ২ দানাদেল কহ মোর প্রতি * দানাদেল কহিল এছা জুড়ে দোন হাত ॥ খেয়াল করিয়া শোন বানু নেক জাত * এই তক আদা কেচ্ছা কহি আপনায় ॥ আর জাহা বাকি পিছে শোনাইব তায় * রোসন জমির কেচ্ছা করিবে বায়ান ॥ খেয়াল করিয়া শোন দিয়া জিউ জান * রোসন জামর তবে মুর্সেদের তরে ॥ এজাজত চাহিলেন কেচ্ছা কহিবারে * মুর্সেদ হুকুম দিল মুরিদে আপনি ॥ বেগমের তরে তুমি সুনাও কাহিনি *

* দোছরা দরবেশের কেচ্ছা সূরু *

পয়ার * রৌসন জমির তবে হুকুম পাইয়া॥ সূরু করিলেন কেচ্ছা সূন মন দিয়া * সুন শাহা জাদি একে কেচ্ছা জে আমার॥ জখন হইল মেরা জয়ান বাহার * কাফেলার সঙ্গে জাই মেছেরে চলিয়া॥ কি কি মুসিবত হৈল সুন মন দিয়া * মঞ্জিলে২ সব জাই নেকালিয়া॥ এক পাহাড়ের কাছে পৌছিনু জাইয়া * রাতের আমল জবে আসিয়া পৌছিল॥ কাফেলার ছরদার সবে হুকুম করিল * এখানে মকাম আজ করহ সকলে॥ ফজরে জাইব কাল সকলেতে মিলে * খানা পিনা কোরে সবে রহিল২ সুইয়া॥ সুবে সাদেক জবে উঠীনু জাগিয়া * তুরিত উঠিনু আমি বিস্তারা হইতে॥ পাএখানা ফিরিতে জাই লোটা লিয়া হাতে * একেলা চলিয়া জাই কেহু নাহি আর॥ ভাবিতে২ জাই দেলে আপনার * থোড়া দুর জবে আমি পৌছিনু জাইয়া॥ আজব তামাসা দেখি নজর করিয়া * কাফেলার চারি দিগে উচা জে দেওাল॥ তায্যব হইনু আমি দেখে সেই হাল * জখন আইনু মোরা কাল এখানেতে॥ দেওাল নাহিক হেথা ছিল কোন মতে * ভাবা গুনা করিয়া জে দেখি ঠাহরিয়া॥ ভাল মতে দেখি খুব নিকটে জাইয়া * হাত লাগাইয়া আমি দেখিনু তাহায়॥ নরম গরম মুঝে মালুম জে হয় * দেল বিচে কহি আয় পরওার দেগার॥ ভালা বুরা হাল কিছু না বুজি এহার * দোবারা তাহাতে হাত ডালিনু জখন॥ বিচার করিয়া দেখি দেলেতে আপন জানিতে পারিনু তবে আজদাহা বলিয়া॥ কাফেলার চারি দিগে আছে জে ঘিরিয়া * একিন হইল এছা আমার দেলেতে॥ সবার মওত আছে এহার হাতেতে * এই জন্য খোদাতালা আনে সবাকায়॥ আপনা কুদরতে এনে এখানে পৌছায় * এই রূপে ভাবা গোনা আছিনু করিতে॥ কি করে জাইব আমি এখানো হইতে * একা এক হু হু সব্দ কানেতে আইল॥ কাফেলার লোক সব কান্দিয়া উঠিল সব লোক চেল্লাইয়া কহে বারে বার॥ মোউত আইল বুজি আমা শবাকার * কহিতে লাগিল কেহো কেন্দে জারে জার॥ এতিম হইল লাড়কা আমা শবাকার * আর কতো জোন এছা লাগিল কাহিতে॥ মরনের আপছোছ কিছু নাহিক দেলেতে * কিন্তু এই

বাতে বড় হৈল পেরেসান ॥ মরনের খবর নাহি পোছিল মাকান *
আর কতো লোক এহা লাগিল কহিতে॥মউত খেচিয়া আনে মাকানো
হইতে * আর এক জোন কহে কেন্দে জারে জার ॥ কিছু না বলিয়া
আইনু ঘরেতে আমার * এবাতে আফছোছ দেলে রহিল আমার ॥
বিদেশেতে মারা জাব না হবে দিদার * আর এক জয়ান ফের চেল্যা
ইয়া বলে ॥ এখানে আজদাহা আছে জানিতে পারিলে * তাহা
হৈলে ডেরা কেন করিতাম হেথায় ॥ আলবাত্তা জাইতুম চোলে
দোছরা জাগায় * নানা রঙ্গ কহে আর কান্দে জারে জার ॥ হেম্মত
করিলো ফের দেলে জে জাহার * ছরদার কহিলো ফের সোন
জোনে২ ॥ হেম্মত করহো সবে নিজ২ মনে * আমি জদি চোলে
জাই দুনিয়া ছাড়িয়া ॥ জগত আন্দার হবে আমার লাগিয়া * আমার
জিবন জদি নাহিকো রহিল ॥ লাড়কার দরদ আর কে করিবে বল *
এখন মালুম এছা হয় জে আমার ॥ হায়ওানের হাতে জান না বাচিবে
আর * মরিবার ডর কিছু না আছে আমারে ॥ খওফ করিলে বল
কি হইতে পারে * এই শোর গোল করে সকোলে মিলিয়া ॥ থোড়া
রাত বাকি ছিল গেল গুজোরিয়া * আফতাব আকাস পরে উঠিল
জখন ॥ আজদাহা বলিয়া সবে জানিল তখন * কাফেলার চারি দিগে
ঘেরাও করিয়া ॥ আপনার দুম আছে মুখেতে ধরিয়া * ঘিরিয়া
আছেন সাপ এমন প্রকার ॥ তাকত নাহিক কেহো বাহিরে জাবার *
খাইতে আদম জাতে নাহি ছিল মনে ॥ ঘেরাও করিয়া কিন্তু রাখে
সব জোনে * কাফেলার লোক সব কাপে থরে থর ॥ তরাইয়া লেহ
সবে পরওার দেগার * আপশেতে বলা কহা করেন সবায় ॥ কেমনে
মারিব এছে করনা উপায় * আল্যার দরগায় সবে ওঠাইয়া হাত ॥
মাঙ্গিতে লাগিল জনে২ মনাজাত * জালেমের হাত হৈত আমা সবা
কায় ॥ খালাশ করিয়া দেহ আপনী খোদায় * প্রভু দয়া ময় তুমি
দয়ার সাগর ॥ মুসকিলে পোড়েছে সবে লেহ না খবর * এই রূপে
দোয়া মাঙ্গে আল্যার দরগায় ॥ আজদাহার দিগে ফের দেখেন সবায়
রৌসন জমির এছা কহিল তখন ॥ কামানে খেচিনু তির সুন দিয়া মন
দেলে২ এই বাত আছিল তাহার॥মারা জদি যায় মুজি হাতেতে আমার
আল্যার রহম জদি হয় সবা পরে ॥ হাজার লোকের জান বাঁচে

একেবারে * ফের এহা দেলেঃ ভাবিল তখন ॥ এছনাফ করিয়া বুজে দেলেতে আপন * জে অবদি সাপ এশে ঘিরিল সবায় ॥ পেরেশান নাহি করে দেখুন কাহায় * তির জদি চালাই আমি উপরে ওহার ॥ কি জানি কি করে সাপ পরেতে সবার * বেদাদ জদি করি আমি নাহিক বুজিয়া ॥ কাফেলা সমেদ জদি জায় নিগলিয়া * এই সব ভাবা গুনা দেলেতে করিয়া ॥ কাফেলার বিচে ফের পৌছিল জাইয়া * কহিল সবার তরে শোন বেরাদর ॥ এনছাফ করিয়া দেখ দেলে জে জাহার * এই জে আজদাহা কেন আশিয়া হেথায় ॥ ঘিরিল সবার তরে বোজা নাহি জায় *এই ভেদ জানে পাক পরওয়ার দেগার॥তাহার ছেয়া বোজে এছে খমতা কাহার * আমার দেলেতে হয় এয়ছাই জে বাত ॥ খেয়াল করিয়া বোজ জত নেক জাত * খাইতে এরাদা জদি হইতো এহার ॥ এক প্রানি না ছাড়িত এই দুরাচার * এখন আমার ছলা হয় জে এছাই ॥ কাফেলার লোক সব বোসে এক ঠাই * আকেল মন্দ লোক হয় খুব হোসইয়ার ॥ জে জোন বুজিতে পারে মতলোব এহার * বিচারেতে জেই সলা ঠীক হবে ভাই ॥ তাহাই করিতে হবে সবাকে জানাই * এই মতে সলা জবে হইল তামাম খোসাল হইল সুনে জতো খাস আম * কাফেলা বিচেতে ছিল জতো বুজরগান ॥ এই কথা একে একে সকলে সুনান * এইজে আজদাহা কেন এখানে আসিয়া ॥ আমা সবা কারে কেন ঘিরিল আশিয়া * বতলব এহার মধ্যে আছে কি প্রকার ॥ জার জে আক্কেল মতে বোজ একবার * এই বাত সব লোক সুনিল জখোন ॥ চুপ হৈয়া রহিলেক ছিল জতো জোন * তার মধ্যে কহিলেন এক পির মর্দ্দ ॥ কহিতে লাগিল তিনি দেলে পেএ দর্দ্দ * সুন ওহে ভাই গন আরজ আমার বিচার করিয়া দেখ দেলে জে জাহার * মারিতে এরাদা জদি করিত সবায় ॥ এক প্রানি ছেড়ে নাহি দিত কাহায় * তবে এক বাত আমি কহি জে সবায় ॥ হেম্মত করিয়া বাত পুছো আজদাহায় * আলবত্তা কহিবে কিছু এসারার বাত ॥ একিন করিয়া বোজ আমার জে বাত * পির মর্দ্দ এই কথা কহিল সবায় ॥ খামস হইয়া কেহু কথা নাহি কয়* তার বিচে এক জোন কহিল এয়ছাই ॥ রোসন জমির ছেওা কে বুজিবে ভাই * দোছরা জে লোক এছা না দেখি কাহারে॥ এই

বাত পুছে গিয়া আজদাহার তরে* রৌমন জমির তবে সুনে এই বাত হেম্মত করিল দেলে আপে নেক জাগ * আপনার দিল জান খোদায় শুপিয়া ॥ কাফেলা হইতে মর্দ্দ গেল নেকলিয়া * সাপের মুখের কাছে গিয়া ডাড়াইল ॥ ধিরে২ এই বাত পুছিতে লাগিল * সুন২ মেহেরবান আরজ আমার ॥ জুলুম করিলে কেন আমা সবা পর * খোদার বান্দার পরে বেরহম হৈয়া ॥ ঘেরাও করিয়া রাখ কিসের লাগিয়া * ঘর হৈতে আইল সবে রোজগার করিতে ॥ সবারে ঘিরিলে তুমি কহ কি তরেতে * জাইতে না দেও তুমি কিসের কারন ॥ সবার আরজ তুমি সুন দিয়ামন * মতলোব জদি থাকে কিছু দেলেতে তোমার ॥ জবান খুলিয়া কহ নিকটে আমার * এখনি ততবির আমি করিব তাহার ॥ একরার করিনু আমি নিকটে তোমার * এই সব কথা সাপ কানেতে সুনিয়া ॥ তিন হাত রাহা দিল খোলাসা করিয়া* তায্যব হইনু আমি দেখিয়া তখন ॥ কাফেলার সরদারে আশি কহি বিবারন * আজদাহা সবার তরে মেহের করিয়া ॥ জাইবার তরে রাহা দিয়াছে ছাড়িয়া * দের কিছু নাহি কর তুরিত পালাও ॥ জার জে সামান আছে বান্দিয়া জে লও * তাড়া তাড়ি কোরে সবে হইল তৈয়ার ॥ নিজ নিজ ঘোড়া পরে হইল ছৈয়ার * একে২ জায় সবে বাহির হইয়া ॥ কাফেলার লোক সব জায় নেকলিয়া * রোসন জমির জবে লাগিল জাইতে ॥ আজদাহা আপন দুম দাবিল মুখেতে রাহা বন্দ করিলেক না পারে জাইতে ॥ সকল হইয়া খাড়া লাগিল ভাবিতে * রোসন জমির ভাবে দেলে আপনার ॥ নারাজ হইল বুজি উপরে আমার * ততবির করিয়া ছিনু মারিবার তরে ॥ মারিবে আমার তরে বুজি নু আখেরে * তাহার কারনে বুজি গোস্বা দেল হৈয়া জাইতে নাহিক দিবে আমার লাগিয়া * এই কথা দেলে২ ভেবে আপনার ॥ নিচেতে ফিরিয়া আইল হইয়া নাচার * তখনি আজদাহা মুজি সবার লাগিয়া ॥ রাহা জে ছাড়িয়া দিল সুন মন দিয়া * রাহা জে পাইয়া সবে নেকলিয়া জায় ॥ আমার তরোফে কেহ ফিরিয়া না চায় * রোসন জমির সেথা রহে ডাড়াইয়া ॥ জাইবার রাহা দিল বন্দ জে করিয়া * একেলা জে খাড়া সেহ রহিল সেথায় ॥ পেরেসান হৈয়া খুব করে হায়২ * ফের আপনার দেলে করে এ বিচার ॥ মারিতে

এরাদা জদি থাকিতো এহার * কাফেলার সব গেল বাহির হইয়া ॥ ছাড়িয়া না দিতো মুজি কাহার লাগিয়া * এখন দেলেতে আমি বুজি এ প্রকার ॥ কিছু কাম আছে বুজি শোঙ্গেতে আমার* অধিন মসলেম কহে মোর্সেদের পায় ॥ আল্যা জাকে রাখে ভাই কেমারে তাহায় *

—০ঃ(**)ঃ০—

* আজিদাহা রৌসন জমিরকে লইয়া জায় ও রৌসন *
* জমির কেকড়া বিচ্ছুকে মারে তাহার বয়ান *

পয়ার * কাফেলার লোক গেল বাহির হইয়া ॥ অনেক দুরেতে সব ডাড়াইল গিয়া * ছরদার কাফেলার তরে কহে চেল্যাইয়া এই বাত কহিলেন আমার লাগিয়া * রৌসন জমির বাত সুনেছে আমার ॥ তোমার তরেতে মোরা হইনু নাচার * খোদাকে সুপিনু তুজে সুন ভাই জান ॥ জাহার কুদরতে আছে তামাম জাহান * জিন্দেগি থাকিলে বাকি সুনহে তোমার ॥ বাঁচিয়া জাইবে তুমি হাতে আজ দাহার * তকদিরের আগে নাহি তদবির কখন ॥ কপালের লেখা কভু না হয় খণ্ডন * আমিজে কহিনু তাহে সুন বেরাদার ॥ পসন্দ করিনু আমি বাত জে তোমার * মউত জদি থাকে মেরা আজদাহার হাতে ॥ কেহু না পারিবে তাহা রদ জে করিতে * এবাতে আপছোছ বড় রহিল আমার ॥ একেলা ফেলিয়া মুজে জাও বেরাদার * খোদাকে মালুম আছে হাল সবাকার ॥ মউত পৌছিল বুজি আসিয়া আমার ॥* এই রূপে সত্তর জোনা ছিনু এক ঘরে ॥ উনসত্তর মারা জে পড়িল একবারে * সেই ভাবে মারা বুজি জাইবে সবায় ॥ এছাই কেয়াশ মেরা দেল বিচে হয়*শেই জে লোকের হাল হইবে আমাকে বাহির করিয়া দিল সকলে তাহাকে * বাচিয়া রহিব ঠীক আমি জে তেমছাই ॥ মারা সেই হালে জাবে তোমরা সবাই * কাফেলার সরদার সুনে এই হকিকত ॥ কহিলো রৌসন মুঝে কহ শেই বাত * উনসত্তর লোক মারা গেল কি প্রকারে ॥ তাহার বায়ান ভাই কহনা আমারে * মাহাম্মদ মোছলেম কহে জোনাবে সবার ॥ দোয়া দিবে মেরা হালে জতো বেরাদার * ঘোর দায় পড়িয়া জে আছি পেরেসান

তরাইয়া লিবে সেই পাক সোবহান *

—০ঃ(**)ঃ০—

* রৌসন জমিরের কেচ্ছা *

পয়ার * এছাই সুনেছি আমি আগে জামানায়॥ তাহার বায়ান কহি সুনহে সবায় * সত্তর জোনা লোক এক সহর থাকিয়া॥ মোছাফেরি করিবারে জায় নেকলিয়া * এক ময়দানেতে তারা পৌছিল জখম॥ পানি বরছাইতে সুরু হইল তখন * ঐ জে ময়দান বিচে দেখেন শবায়॥ বাচি বার জায়গা কিছু না ছিল তাহায় * ছুটা ছুটি কোরে সবে ফেরে চারিওর॥ বড় এক গোমমজ দেখে করিয়া নজর * পানিতে ভিজিবে সবে মনেতে করিয়া॥ ঐ জে গোমমজ ঘরে পৌছিল জাইয়া * বিজলি কড়ক এছা হইতে লাগিল॥ আছমান ভাঙ্গিয়া জেন মাথায় পড়িল * এতো জোর বিজলির কড়ক হৈল ভাই॥ জমিন হিলিয়া গেল দিসা নাহি পাই * ক্ষন২ বিজলি এছা করে জোর সোর॥ আন্ধেআরি হৈল এতো চোখে লাগে ঘোর চমক এছাই জোরে লাগিল হইতে॥ বোধ হয় গিরিবেক সেই জে ঘরেতে * এছা জোর সোরে সেথা বহিল তুফান॥ বরছাতের ধারা এছা না হয় বায়ান * এছাই জে হাল সবে দেখিল জখন॥ সকোলেতে বলা কহা করেলো তখন * এই জে বিজলি এই ঘরের উপরে ঘড়ি২ আশে জায় কিশের খাতিরে * এহার কারন কিছু বোজা নাহি জায়॥ এনছাফ করিয়া বাত কহোনা সবায় * জমাত হইতে তবে উঠে এক জোন॥ কহিল সকলে সুন আমারো বচন * আমার দেলেতে ভাই এয়ছাই বোজায়॥ আমাদের বিচে কেহু মরিবে নিশ্চয় জে জন মারবে হেতা খাতেরে তাহার॥ ঘড়ি২ আশে বাজ্র এমনো প্রকার * কিন্তু নাহি পড়ে সেহ ঘরের মাঝারে॥ আর লোক আছে সেতা তাহার খাতিরে * খেয়ালকারয়া সবে বুজে দেখ ভাই॥ এখন উচিত বাত হয় জে এছাই * ঐ জে খোরমার গাছ আছে ছায়াদার ধরিআছে খোরমা তাতে হাজারে হাজার * এক এক জোনে এই ঘরেতে থাকিয়া॥ তরায় ছুইয়া গাছ আশিবে ফিরিয়া * মউত আশিয়া

জাগ্র নজদিগে হইবে ॥ ঐ জে বিজলি তার উপরে পড়িবে * বাকি লোক না মরিবে হুকুমে খোদার ॥ এই বাত দেলে২ করনা বিচার এই বাত সকলেতে সুনিল জখন ॥ জাইতে সকলে রাজি হইল তখন এক জোনে তবে বাহিরে জাইয়া ॥ খোরমার দরক্তে ছুয়ে আসেন ফিরিয়া * উনসত্তর জোনা গাছ ছুইল জখন ॥ আর এক জোনা বাকি রহিল তখোন * সব লোক ঘর বিচে রাহিল বশিয়া ॥ তার পিছে ঐ জোনা চলিল ছুটীয়া * জখন সেই লোক গেল বাহিরে চলিয়া ॥ বিজলি ঘরের পরে পড়িল আসিয়া * সকল পড়িল মারা হুকুমে আল্যার ॥ ঐ জোনা বেচে গেল কুদরোতে খোদার * জাহা কহিলাম আমি সুন ভাই সবে ॥ তগ দিরে জা লিখিআছে রদ নাহি হবে * সকলে কহিল মর্দ্দ আজিজির সাতে ॥ মিনতি করিয়া বাত লাগিল কহিতে * সুন ওহে ভাই গন আরজ আমার ॥ মরন এহাতে আমি বুজিআছি সার * রৌসন জমিরে তারা কহে এই বাত ॥ সোন হে রৌসন তুমি জানিবে নেহাত * ফলানা বাগানে মরা জাইয়া থাকিব ॥ আট রোজ সেই খানে মাকাম করিব * আট রোজ মধ্যে জদি শোন মেরা ভাই ॥ আজদাহার হাতে জদি পাইবে রেহাই * তাহা হৈলে জাবে তুমি কাফেলা মাজার ॥ ঠীক বাত কহিলাম সুন বেরাদার* আট রোজ বাদে জোদি নাজাও ফিরিয়া ॥ নাচার হালেতে মোরা জাইবো চলিয়া * গোস্বা নাহি হবে তুমি উপরে কাহার ॥ খোলাশা কহিনু বাত নিকটে তোমার * রৌসন জমির সুনে এই সব বাত ॥ কান্দিতে লাগিল মর্দ্দ সুনিয়া নেহাত * কহিল সবার তরে সুন ভাই জান ॥ সকল চলিয়া জাও সেই জে বাগান * আর এক বাত সুন মেহের করিয়া ॥ এক কুজা পানি হেতা জাওনা রাখিয়া পানি জে রাখিয়া তারা রয়ানা হইল ॥ একেলা ছাড়িয়া মুঝে সব চলে গেল * সুন আয় বানু তুমি বাত জে আমার ॥ একেলা হইয়া আমি কান্দি জারে জার * আজদাহার ঘেরার বিচে থাকি ডাড়াইয়া আল্যা বিনে নাহি গতি সুন মন দিয়া * দেখিতে২ সাপ সিদা জে হইল ॥ কাফেলার দিগে ফের দেখিতে লাগিল * সেই ঘড়ি মনে করি জাই পালাইয়া ॥ কিন্তু সাপ মেরা তরে ধরে জড়াইয়া * মুখ

দিয়া এছা জোরে ধরিল আমারে ॥ বোধ করি এই বারে খাইবেক মোরে * মুখের নিকটে মুঝে আনিল খেচিয়া ॥ পিটেতে চড়িতে কহে এসারা করিয়া * বুজিতে না পারি আমি এসারা তাহার ॥ ফের মুঝে দোম দিয়া ধরে এক বার * হাজার হাত লম্বা ছিল ওজুদ তাহার উচাইতে বিশ্ হাত সোন বেরাদার * পিটের উপরে মুজি লইল তুলিয়া দক্ষিন তরফে মুঝে চলিল লইয়া * ঠিক আছিল এছা পিট জে তাহার ॥ বশিতে না পারি আমি পিটের উপর * জমিন উপরে আমি গেলাম পড়িয়া ॥ আমার তরেতে ফের লইল তুলিয়া দোন হাতে পিট আমি ধরিনু জখোন্ ॥ জোরেতে লইয়া মুঝে চলিল তখন * জোরেতে আজদাহা জবে চলিল লইয়া ॥ আল্যা২ করি আমি পিটেতে বোসিয়া * চলিতে লাগিল লিয়া এছাই জোরেতে ॥ মজবুতে বশিনু আমি তাহার পিটেতে * হাওাকে রাখিয়া পিছে চলিল উড়িয়া ॥ এক পাহাড়ের কাছে পৌছিল জাইয়া * বড় এক গাড় ছিল পাহাড়ের নিচে ॥ আমাকে লইয়া গেল সেই গাড় বিচে * পিট হৈতে নিয়া মুজে রাখে জমিনেতে ॥ এসারা করিয়া কহে গাড়েতে জাইতে * লইয়া আল্যার নাম মুখে আপনার ॥ খন্দো-কে'তে গিয়া কিছু নাহি দেখি আর * ফিরিয়া আইনু ফের আজদাহা জেথায় ॥ এসারা করিয়া ফের কহিল আমায় * জাও তুমি ফের অই খন্দোক মাঁজার ॥ এসারা পাইয়া আমি গেনু একবার* আবার ফিরিয়া আইনু খন্দক থাকিয়া ॥ গজব করিয়া তবে জোরে চেল্যাইয়া* আওা জ সুনিয়া আমি বড় ঘাবরাইনু ॥রাগের আওাজ বোলে মনেতে জানিনু এখুনি খাইবে বুজ আমাকে ধরিয়া ॥ একেবারে জান মেরা ওঠে ঘাব-রাইয়া * তামাম ওজুদ মেরা লাগিল কাঁপিতে ॥ জার জার হৈয়া আমি লাগিনু কান্দিতে * অই দুরাচার দেখে সুরাত আমার ॥ রহম হইল মুজি দেলেতে তাহার * এসারা করিয়া মুঝে কহে বারে বার ॥ কিছু ভয় না করিবে দেলে আপনার* এই ভাবে এসারা জবে দেখিনু তাহার ॥ ভরসা হইল কিছু দেলেতে আমার * ভালা বুরা আর কিছু না বলিয়া তায় ॥ চুপ হৈয়া খাড়া আমি রহিনু সেথায় * আজদাহা আওাজ জবে লাগিল করিতে ॥ এক কেকড়া বিছা আইল সেই গার হৈতে * গার হৈতে বিচ্ছু জবে বাহিরে আইল ॥ আজদাহা দেখিয়া

তাহে ভাগিতে লাগিল * পিচে ফিরে নাহি দৈখে সেই অজাগর ॥ বিচ্ছুকে দেখিয়া তার হৈল এছা ডর * বহুত দুর তক জবে গেল শে ভাগিয়া ॥ এসারা করিয়া কহে আমার লাগিয়া * ঐইজে কাকড়া বিচ্ছু দুসমন আমার ॥ এহাকে এখনি মার কহি বারেবার * এসারা পাইয়া আমি জানিনু তখন ॥ এই বিচ্ছু হইয়াছে এহার দুসমন * এই জোন্যে মেরা তরে আনিল এখানে ॥ মারিবার তরে আমি এহার দুসমনে * তুরিত লইয়া তির কামানে জুড়িয়া ॥ ঐ জে বিচ্ছুকে তির মারিনু খেচিয়া* খোদার হুকুমে তির হইল নিসানা ॥ এক তিরে দুরাচার হৈল দুই খানা * আজদাহা হইল খুসি হাজারে হাজার ॥ মারা গেল দুরাচার দুসমন আমারি * খুশিতে ভরিয়া সাপ হেলিয়া দুলিয়া ॥ ছালাম করিল মেরা কদমে ধরিয়া * সুন বানু ছিল আগে এছাই জামানা ॥ হায়ওান হইতে নেকি করিতো কতো জোনা * এইজে জমানা এছা হইল আশিয়া ॥ ভালাই করিলে বুরা তাহার লাগিয়া * ফের জে আজদাহা মুঝে পিটেতে তুলিয়া ॥ খন্দকে ঢুকিল সাপ আমাকে লইয়া * গারের ভিতোরে ছিল এমন আঁন্দার ॥ কিছু না দেখিতে পাই চখেতে আমার * আর থোড়া দুর জবে গেলেন লইয়া ॥ পাকিজা মাকান এক দেখিনু চাহিয়া * আফতাব হইতে হবে রোসন জিয়াদা ॥ ঠাই২ ছিল কতো জওাহের গাদা * খাজানা আছিল কতো কহা নাহি জায় ॥ হাপ্ত আকলিমের মাল রাখিআছে তায় * আজদাহা এসারা কোরে হিল আমারে ॥ জতো পার লেহ তুমি বেন্দে একেবারে * আপনা দেলেতে আমি করিনু বিচার ॥ এই মাল জদি আমি লইব এহার * তাহা হৈলে মজুরি আমি লইনু এহার. নাহি লোওা ভাল মাল বুজিনু তাহার*তাহা হৈতে এই ভাল খোদার রাহেতে ॥ আজদাহা বাচিয়া গেল দুশমন হইতে * দেলের বিচেতে আমি বুজিয়া এমন॥ কহিনু এ মালেমেরা নাহি প্রয়জন*এখোন হইল কাজ কহি জে তোমারে ॥ গার হৈতে বাহির করিয়া দেহো মোরে * আপনা কাজেতে আঁমি জাইব চলিয়া ॥ মিছে কেন দের কর আমার লাগিয়া * এসারা করিয়া ফের কহিল আমারে ॥ এ লাল হৈতে কিছু লইবার তরে * জাইতে না দিব আমি খাতেরে তোমার ॥ একিন জানিবে তুমি দেলে আপনার * লাচারি হালেতে বাত না পারি

ঠেলিতে ॥ দুই লাল লিয়া বান্দি আপনা বাজুতে * তবে মুঝে পিট পরে ছওয়ার করিয়া ॥ খন্দোকের বাহিরেতে আনিলো নেকালিয়া বাহিরে আনিয়া মুঝে দিলেক ছাড়িয়া ॥ আজদাহা গারের বিচে পৌছিল জাইয়া * দেলে২ ভাবি আমি জাইব কোথায় ॥ পাগোলের মতো হোএ ফিরি জে শেতায় * কোথা হইতে আইলেন এক বুড়া পির ॥ কাহিল কি ভাবিতেছ রোসন জমির * ছালাম করিনু আমি ছের ঝুকাইয়া ॥ কান্দিতে লাগিনু পিছে জারে জার হইয়া * পির মর্দ্দ কহে মুঝে নাহি কান্দ আর ॥ তোমার উপরে আছে রহমো আল্যার * কহিতে লাগিনু পির রৈসন জমির ॥ কেমনে চিনিলে আপে আমার খাতির * মোলাকাত নাহি কোভু তোমার শোঙ্গেতে আমার জে নামজানবল কিরূপেতে*পিরমর্দ্দ মেরা বাত সূনিল জখন ধিরে ধিরেকহে সূন আমার বচন * আল্যার মেহের আছে আমার পরেতে ॥ গাএবের বাত ছারা পারি জে কহিতে * আমারে কাহিল ফের রৌসন জমির ॥ আর এক বাত কহি তোমার খাতির * জেই বিচ্ছু মারা গেল তোমার হাতেতে ॥ মাদা এক আছে আর জানিবে দেলেতে * বোহুতদিন হইলসেহ এখানে থাকিয়া ॥ ভাগিয়া গিয়াছে মুজি জান বাঁচাইয়া * আজদাহার মাদা কে শেহ জোরেতে ধরিয়া ॥ দুই দাড় দিয়া কাটে গাএতে উটিয়া * বিশের জলনে সেহ করে হায়২ ॥ পুটকান খাইয়া সেহ মরিল শেথায় আন্দেসা করিয়া বিচ্ছু আপনা দেলেতে ॥ পালাইয়া গেল সেহ এ খান হইতে * ছয়মাশ বাদে মুজি সেখান থাকিয়া ॥ আপনা মাকানে ফের পৌছিবে আশিয়া * সোন হো রৌসন আমি কহি জে তোমায় ছয়মাশ বাদে আপে আসিবে হেতায় * জরূর আশিয়া তুমি পৌছিবে এখানে ॥ ভুল জেন নাহি হয় রাখিবেন মনে * আর জোদি নাহি তুমি আসিবে হেতায় ॥ জোরেতে জাইয়া সাপ আনিবে তোমায় * জেখানে জাইবে তুমি সন্ধান করিয়া ॥ জান হইতে তেরা তরে ডালিবে মারিয়া*আরদুই বাচ্ছা আছেএই আজদাহার॥বিচ্ছূরভএতে সেহকরে এপ্রকার * সেই দুই বাচ্চা লিয়া আপনা হাতেতে ॥ সোপোরোদ্দ করিয়া দিল আমার তরেতে * সেই দুই বাচ্চা আমি জতোন করিয়া নিরালা জাগায় এক রাখি ছাপাইয়া * ছয়মাশ বাদে জবে আশিবে

আপনি ॥ সেই বাচ্চা আনি তুঝে দেখাব তখনি * আজদাহা জে আশি মুঝে কহে বারে বার ॥ মারিয়া ডাল না বিচ্ছু দ সমন আমার আজদাহায় বারে বার কহি এ প্রকার ॥ এহার মউত নাহি হাতেতে আমার * আল্যার হুকুম হইলে কোথায় থাকয়া ॥ এক মছাফের হেতা পৌছিবে আসিয়া * তাহার হাতেতে আছে মওতো এহার ॥ তহকিক জানিবে তুমি বাত জে আমার * খোদার হুকুমে আপে এ খানে আসিয়া ॥ সেই বিচ্ছু মারিলেন গারেতে জাইয়া * মাদার জেন্দেগি বাকি আছে কিছু আর ॥ এবারে আইলে তারে করিব সংহার * আর জে জে কাজ আছে তোমার জে হাতে ॥ ফতেহ করিয়া দিবে আল্যা পাকজাতে * এছা কহিয়া পির আগাকে কালাম॥ তার পরে কহিলেন সুন নেকনাম * জা কিছু তৈয়ার আছে গরিব খানাতে তানাওল করো তাহা আরামের সাতে * খাইয়া পিইয়া আপে আছুদা হইয়া ॥ এই খানে রহো তুমি আরাম করিয়া * আজিজি করিয়া ফের জুড়ে দোন হাত ॥ কহিতে লাগিল পির সুন মেরা বাত * মোছলমান হইয়া জেবা মোছলমান পরে ॥ দাউত এনকার করে তাহারো জে ঘরে * মছলমানি কায়েম নাহি থাকিবে তাহার ॥ গোনাগার হবে সেহ হুজুরে খোদার * আমার জে হাল ছারা কি কহিব তায় ॥ ছারা ছারে হাল আছে অকেধো তোমায় * ফের কহিলাম আমি জুড়ে দোন হাত ॥ সুন পির মর্দ্দ আমারো জে বাত * সুনিতে সওক দেলে হইল আমার ॥ কিবা নাম আপনার কহোত তাহায় * পির মুঝে কহিলেন রোসন জমির ॥ ফের তুমি এসে জবে হইবে হাজির * নাম মেরা বাতাইয়া দিব আপনায় ॥ এাকন বুজবে বাত কহিনু তোমায় * এখান আজদাহা ফের আশিবে ফিরিয়া ॥ তোমার কাফেলা বিচে দিবে পৌছাইয়া * ফের আমি পুছিলাম সেই বুড়া পিরে ॥ কাফেলা আমার আছে বল কতো দুরে * পির মর্দ্দ এই বাত কহিল আমারে ॥ পোনের দিনের রাহা জানিবে আখেরে * পোনের দিনের রাহা দু তিন ঘড়িতে ॥ আজদাহা লইয়া আইল আমার তরেতে * তাজ্জব হইনু আমি সুনে এহ বাত ॥ দেলে২ এই কথা ভাবিজে নেহাত * দেখিতে২ পির গাএব হইল ॥ গার হৈতে আজদাহা জে আসিয়া পৌছিল * পির মর্দ্দ গাএব হইয়া জদি গেল ॥ আজদাহা আসিয়া

ফের হাজের হইল * এসারা করিয়া কহে এইবাত মরে॥ ছওার হইতে তার পিটের উপরে * ছওার হইনু আমি এলাহি ভাবিয়া॥ এছা জোরে মেরা তরে চলিল লইয়া * এয়ছা হালে থোড়া দের রাহেতে চলিয়া॥ কাফেলার কাছে মুঝে দিল পৌছাইয়া * বড় খুসি হৈনু আমি দেলে আপনার॥ জাইয়া পৌছিনু জবে কাছে কাফেলার আজদাহা দেখিয়া সবে করে সোর সার॥ পালাও২ সব্দ পাই সুনিবার আইল আজদাহা ফের ঘিরিবে সবারে॥ জান বাঁচাইয়া জে পালাও এইবারে * এছা হাল আমি জবে দেখিনু সবার॥ চেল্যাইয়া কহি নাহি ভাগ বেরাদার * দুখ নাহি দিবে আর কাহার তরেতে॥ ভয় নাহি কর কেহ আপনা দেলেতে * আর থোড়া কাফেলার নিকটে জাইয়া॥ পিট হৈতে মেরা তরে দিল উত্তারিয়া * আজদাহা আমার তরে রাখিয়া সেথায়॥ অপমা গাড়ের দিকে নেকলিয়া জায় * কাফে-লার বিচে আমি পৌছিনু জাইয়া॥ অবাক হইল সবে আমাকে দেখিয়া * ঘিরিয়া আইল সব আমার কাছেতে॥ জোনে২মেরা তরে লাগিল কহিতে * কহনা রৌসন তুমি আপনার হাল॥ তোমাকে দেখিয়া মোরা হইনু খোসাল * সরদার কাফেলার ফের মেরা হাত ধোরে॥ ধিরে২ মেরা হাল লাগে পুছিবারে * রৌসন জমির তবে কেচ্ছা আপনার॥ একে২ কহিলেন নিকটে সবার * হাল জে সুনিয়া সবে তাযাব হইল॥ আল্যার দরগায় সবে সকরানা ভেজিল * সরদার কহিল ফের শোন হে রৌসন॥ আজাএব বাত তেরা সুনিনু এখন* এছাই মরদোমি কাম করিয়াছ ভাই॥ জরিউন হামদানি কাজ করিল জেয়ছাই * সরদারে কহিনু আমি কহো মেহেরবান॥ খোলাসা করিয়া কহো তাহার বায়ান * জরইউন নামেতে ছিল কোন নেক জাত॥ কেয়ছা কাম করিয়াছে কাহার জে সাত * খোলাসা করিয়া হাল বায়ান করিয়া॥ সুনাইয়া দেহ ভাই আমার লাগিয়া * মাহাম্মদ মোসলেম কহে জোনাবে সবার॥ সালাম আলেক্ মেরা কদমে সবার মিনি শুতে গাথিলাম কবিতা রতন॥ খুসি হোএ পড়িবেন জতো বন্ধুগন

—০ঃ(**)ঃ০—

* কাফেলার সরদারের জবানি জরিউন্দহ হামদানির *

পয়ার * রৌসন জমির কহে ভেবে পাকজাত ॥ সোমুন
রোখ বানু সুন কেচ্ছা এছাভাত * কাফেলার সরদার এছা করিল
বায়ান ॥ দেল লাগাইয়া কেচ্ছা সুন মেহেরবান * রাবি গনে রাওা-
এত করিল এছাই ॥ সেইজে বায়ান আমি তোমাকে সুনাই * হাম
দান নামেতে এক আছে জে সহর ॥ সেই সহরেতে ছিল এক সওদা-
গর * হামেসা খুসির সাতে করেন গুজরান ॥ কোন বাতে গম নাহি
আছিল আছান * এক বেটা বকসিলেন তাকে আল্যা পাকজাত ॥
জরিউন রাখিল নাম পিয়ারের সাত * শোল বতশোরের জবে ওম্মর
হইল ॥ এলেম হুনুরে ওতি চালাক হইল * এমনি তাকত আল্যা
দিয়া ছিল তায় ॥ ধরিয়া হাতির সুড় মাথায় ঘুরায় * তির নেজা
গোজ জানো আর তলোআরে ॥ আটিতে তাহার সোঙ্গে কেহু নাহি
পারে * খুসিহালে ছিল ওতি লালন পালনে ॥ গম পেরেসানি কিছু
নাহি ছিল মনে * খুসি হালে কোত দিন জায় গুজারিয়া ॥ মা বাপ
দুনিয়া হৈতে গেল জে চলিয়া * মাতা পিতা মারা গেলু জে দিন
হইতে ॥ গম পেরেসান হৈল তাহার দেলেতে * খায়া পেওা একে-
বারে দিল জে ছাড়িয়া ॥ কারে কিছু নাহি বলে থাকে চুপ হৈয়া *
কানা কানি এই কথা হইল জাহের ॥ এগানা বেগানা সব হইল হাজের
সকলে বুজায় তারে কতো নানা মতে ॥ একে২ তার তরে ওতি মহ-
ব্বতে * শোন জরিউন মোরা কহি জে তোমায় ॥ হামেসা মা বাপ
কার না থাকে দুনিয়ায় * একে২ সবাকারে হইবে জাইতে ॥ নারবে
বাচিয়া কেহু এই দুনিয়াতে * আন্দেসা ফিকির ছাড় দেলেতে
আপনার॥খাও দাওকথারাখ আমা সবাকার*জরিউন মর্দ্দ তবে এতেক
সুনিয়া ॥ খায়া পৈয়া করিলেন বাত জে রাখিয়া * এছা হালে থোড়া
দিন গুজরিয়া জায় ॥ গম পেরেসানি কিছু না রহিল তায় * বাপের
দৌলত ছিল জাহা কিছু মাল ॥ খুসিতে খরচ করে হইয়া খোসাল *
বেফোজুল খরচ এছা লাগিল করিতে ॥ আএন্দা খেয়াল কিছু নাকরে
দেলেতে * এয়ার আছহাব এতো আসিয়া জুটিল ॥ থোড়াই দিনেতে
সব খরচ করিল * তকলিফ আসিয়া জবে পৌছিল তাহায়॥ পেরেসান
হালে সদা করে হায় হায় * এয়ার আছহাব আর জতো লোক জোন
পিয়ারা আছিল জারা জানের মতন * মলাকাত হৈত জবে তাহাদের

সাত ॥ মুখে জে তুলিয়া কভু না কহিত বাত * রাহা ঘাটে জবে কেহু দেখিত তাহায় ॥ লুকাইয়া জেতো তারা দোছরা রাহায় * এই সব হাল মর্দ্দ দেখিল জখন ॥ পেরেসান হৈল বড় দেলেতে আপন * মেহনত মজুরি সেহ কিছু না জানিতো ॥ কি রূপে গোজরান হবে দেলেতে ভাবিত * আপনা বেগানা জতো আছিল তাহার ॥ তানা মেরে বাত কহে হাজারে হাজার * দেখিয়া সুনিয়া জান হইল খারাব কলেজা জলিয়া তার হইল কাবাব * আফছোছ করেন আর কান্দে জারে জার ॥ হাত উঠাইয়া কহে পরওার দেগার * দয়া করো মোর হালে ওহে দয়া ময় ॥ তোমা বিনে ত্রিভুবনে না দেখি উপায় * এই বাত দেলে২ করিয়া আপন ॥ এরাদা করিল মর্দ্দ মনেতে তখন * এখানে থাকিয়া আর না দেখি ভালাই ॥ দোছরা মুল্যুকে আমি নেকালিয়া জাই * এয্যত হুরমত মেরা বজায় থাকিবে ॥ বিদেশেতে কেহু মুঝে নাহিক চিনিবে * মেহনত মজুরি আমি করিব শেথায় ॥ আরনা ফিরিয়া কোভু আসিব হেতায় * এই কথা দেলে২ এরাদা করিয়া ॥ রূমের তরোফে মর্দ্দ জায় নেকলিয়া * মঞ্জিলে২ এছা জায় নেকলিয়া ॥ রূমের সরহদ্দ বিচে পৌছিল জাইয়া * সহর ভিতরে জবে জাইয়া পৌছিল ॥ আজাএব হাল শেথা দেখিতে পাইল * খেয়াল করিয়া তবে দেখে চারিওর ॥ বড়২ বালাখানা দেখিতে সুন্দর বাদসাই মহল জাহা না হয় বায়ান ॥ কাঙ্গুরা লেগেচে তার জাইয়া আছমান * আড়ে দিগে শোল কোস আছিল জাহার ॥ সঙ্গে মর মরের ছিল গাথনি তাহার * দেখিয়াজে শেই ঘর লাগে চমতকার ॥ জাইয়া পৌছিনু আমি নিকটে তাহার * বাদসার দরবার বিচে জাইয়া পৌছিনু ॥ জুড়িয়া জে দোন হাত ছালাম কারনু *নরপতি দেখিলেন জখনি আমায় ॥ নিকটে ডাকিয়া সাহা ধিরে২ কয় * কাহার ফরজন্দ তুমি কোনদেশে ঘর এখানেআইলে কেন কি আছে দরকার*এদেশে আইলে কেন কিবা আছে কাম ॥ বায়ান করিয়া মুঝে কহ নেক নাম কহিতে লাগিল মর্দ্দ ছাতি পরে হাত ॥ আলমপানা ছালামোত সোন মেরা বাত * হামদান সহর হয় আমারো মাকান ॥ ইয়াকুফ সওদাগর ছিল বাবাজির নাম * জরিউন আমার নাম সোনহে ভুপতি ॥ দয়া কর মোর তরে ওহে নরপতি * তোমার নিকটে আইনু এরাদা করিয়া

চাকুরি করিব বোলে সোন মন দিয়া * মেহের করিয়া জদি রাখেনো আমায় ॥ জাবতো জিবন আমি থাকিব হেথায় * মুস-কিল আজিম জবে আসিয়া পৌছিবে ॥ কেহো না পারিবে জাহা আমাকে কহিবে * সে কাম করিব আমি হুকুমে আল্যার ॥ আরজ করিনু জাহা হুজুরে তোমার * বাদসা কহিল তবে শোনহে জয়ান ॥ মাহিনা লইবে কতো করনা বায়ান * জরিউন সুনিলো জবে শাহার এছা বাত ॥ আজিজি করিয়া কহে শোন নেকজাত * হাজার আস-রোফি লিব মাহিনা আমার ॥ এক পাই কম কিছু না লইবো তার * এয়ছাই জে বাত সাহা সুনিল জখন ॥ কবুল করিল্ল সাহা তাহারো বচন * দিন গুজরিয়া রাত পৌছিল আসিয়া ॥ মহল্ল বিচেতে সাহা গেলেন চলিয়া * বেগোমের তরে কহে বাদসা জাহাগির ॥ একে২ বাত ছারা করিয়া জিকির * এক জোন জয়ান আইল হামদাম হইতে চাকরি করিবে বোলে আমার কাছেতে * হাজার আসরোফি মাঙ্গে মাহিনা তাহার ॥ কম দিলে না লইবে এক পাই তার * এখাতেরে আইনু আমি তোমারে কহিতে ॥ এহার জওাব তুমি দেহো ভাল মোতে * বেগম বাদসার বাত সুনিলো জখন ॥ কথার জওাব কিছু না দিল তখন * বাদসাজাদি কহে এহা সুন বাবাজান ॥ আজিজি করিয়া কহে খুলিয়া জবান * জেজন মাহিনা এতো কহিল তোমায় আলবত্তা কোনুই গুন আছে জে তাহায় * শেইজে জওানে বাবা এখান জাইয়া ॥ নৌকর রাখেন তয় সুন দেল দিয়া * বাদসা বেটীর বাত সুনিল জখন ॥ নারাজ হইল বড় দেলেতে আপন * কহিল বেটীর তরে বাদসা নামদার ॥ এছা বাত কহ তুমি আমা বরাবর * আক্কেল সরম বুজি না আছে তোমায় ॥ এতো বেআদবি বাত কহিলে আমায় * নৌকর রাখিব জদি হামদানির তরে ॥ শকলি কহিবে এহা সবাকার তরে * বিদেশি জওান রাখে বাদসা জাহাগির ॥ পছন্দ করিল বুজি বেটির খাতির * শাহাজাদি এই কথা সুনিল জখন ॥ গমাগম হইল বড় দেলেতে আপন * কান্দিতে২ কহে জুড়ে দোন হাত ॥ বাবাজান নাহি কহো মুজে এছা বাত * বাদসার জে বেটি আমি থাকি মহলেতে ॥ বেগানা মরদ মুঝে না পায় দেখিতে * মহল

ভিতরে আমি হইনু পালন ॥ পুরূশের মুখ নাহি দেখি কদাচন * হাতেতে সুপিয়া জদি দেহ ফকিরেরে ॥ এনকার নাহিক আমি করিব তাহারে * খামখা বদনাম কেন কর বাবাজান ॥ অন্য কেহ সুনিলে বড় হবে অপমান * খাতা মেরা মাপ কর ওগো বাবাজান ॥ নহেতো তেজিব আমি আপনা পরান * বাদসা কহিলেন ফের সুনরে বদকার মিনোতির বাত তেরা না সুনিবো আর * এখোনি চলিয়া জাহ কহি জে তোমায় ॥ হামদানির হাতে আমি সুপিনু তোমায় * সাহাজাদি এই বাত সুনিল জখন ॥ পেরেসান হৈল বড় দেলেতে আপন * কান্দিয়া২ কহে দু হাত জুড়িয়া ॥ আপনার জাতে ভাল দেহনা করিয়া জরিউনের তরে জদি সুপিলে আমায় ॥ আলবোত্তা হইনু রাজি তোমার কথায় * এখনি চলিয়া জাব শোঙ্গেতে তাহার ॥ কপালের লেখা জাহা কি করিব আর * বাদসা এসারা করে কহে এপ্রকার ॥ খাজেছারা বাত তুমি সুনজে আমার * কমবক্ত বেটিকে মেরা লিয়া জাও শাতো॥ এহারে সুপিয়া দেহ হামদানির হাতে * এইবাত তার তরে দিবে সুনাইয়া ॥ শাহাজাদিকে দিল বাদসা তোমাকে সুপিয়া * বাপের জবানি লাড়কি সুনে এবায়ান ॥ কান্দিয়া২ কহে দেলে পেরে-সান * সূন২ বাবাজান আরজ আমার ॥ বিনা দোশে হৈনু দুশি কেমন বিচার * কিবা দোশ পাইলে বাবা আমার লাগিয়া ॥ বিনা দোশে ঘর হৈতে দেহ তাড়াইয়া * কেমন এনছাপ বাবা না বুজি তোমার ॥ খোদার ছামনে হবে বিচার এহার * মাতারি বেটির হাল দেখিল জখন ॥ পেরেশান হৈল বড় দেলেতে আপন * কহিল বাদ-সার বেগম নেকজাত ॥ শোন২ জাহাপানা মেরা এক বাত * বেটির এছাই হাল দেখিল জখন ॥ উচিত কাতাল করা বেটিকে তখন * বেগমের তরে এহা কহে নরপতি ॥ সুপারিস না সুনিব আমি কোন গতি * বেটির লাগিয়া জদি পেরেসান হও ॥ বেটিকে লইয়া তুমি নেকলিয়া জাও * খাজে ছারা পরে বাদসা গোস্বা দেল হৈয়া ॥ গরম নজরে জবে দেখিল চাহীয়া * তখনি জে অই খাজা দেলে পেএ ভয় সাজাদির হাত ধোরে চলিল তরায় * হামদানীর তরে দিল সপে হাতে হাত ॥ জরিউনের তরে ফের কহে এই বাত * বড়ই তকদীর দেখী বোলন্দ তোমার ॥ দামাদ হইলে তুমী রূমের বাদসার * হাজার

সোকর কর খোদার দরগায়॥ এয়ছা বিবি মেলাইল জে জোন তোমায় * এতেক কহিয়া খাজা কহিল তাহায়॥ নেকলিয়া জাও তুমি না থাকো হেতায় * রৌসন জমির জবে এ কেচ্ছা কহিল॥ এই তক কেচ্ছা জবে বায়ান করিল * তার পরে কি হইল লিখি বিবারন. শোন ভাই মোন দিয়া জতো জোনে জোন * ওধিন মোসলেম কহে শবার চরনে॥ জাহা চাহে তাহা করে পাক নিরাঞ্জনে * দরিয়া পর্ব্বত হয় পর্ব্বত দরিয়া॥ তাহার কন্দ্রনা এহা দেখনা বুজিয়া *

—০ঃ(**)ঃ০—

* হামদানি সাহাজাদি কে লইয়া জাইবার বয়ান *

পয়ার * সমন রোখ এই কেচ্ছা সুনিল জখন॥ রৌসন জমিরে বিবি কহিল তখন * আলবোত্তা শে বাদসা ছিল বড়ই নাদান এছা কাম নাহি করে কখন এনছান * কেহ না করিবে এছা দুনিয়া বিচেতে॥ বেগানাকে সুপে দ্যায় বেটির তরেতে * এহার খাতিরে তিনি করে এই কাম॥ বদনাম করিবে মুঝে দুনিয়া তামাম * কিন্তু এ সরম তিনি না বুজিলো মনে॥ বেগানার তরে বেটী সুপিল কেমনে এইজে সরম কতো তাহা না বুজিল॥ হামদানির তরে লেড়কি কেমনে সুপিল * খোদার লানত হোক বাদসাকে তাহার॥ এছাই আক্কেল জার দুনিয়া মাজার * গোস্বা জদি হোএ ছিল দেলেতে এমন॥ কাতেল না করে কেন বেটিকে আপন * হামদানির তরে দোয়া মোনাসেব নয়॥ রৌসন জমির আপে বোজনা এহায় * রৌসন জমির তবে কহে এপ্রকার॥ দেল দিয়া সুনো কহি বাত ছারা ছার * তকদিরের লেখা কভু না হয় খণ্ডন॥ কেহনা পারিবে তাহা করিতে লঙ্ঘন * কপালেতে খোদাতালা জাহা লিখিয়াছে॥ তেয়ছাই হইবে ঠিক না হইবে গিছে * শাহাজাদির তকদিরে জাহা ছিলো আজো-লেতে॥ তাহার কায়নে শাহা সুপে নিজ হাতে * কিছু না খেয়াল হৈল দেলেতে শাহার॥ বদনাম হইবে বড় এবাতে আমার * এসব খেয়াল শাহা কিছু না করিলো॥ বিদেশির হাতে বেটী সুপিয়া জে দিল * হামদানি জওান তবে শাজাদিকে নিয়া॥ রুমের সহর হৈতে

জায় নেকলিয়া * মঞ্জিলেং রাহা নেকলিয়া জায়॥ সামনে জঙ্গল এক দেখিবারে পায় * জঙ্গল কেনারে জবে পৌছিল জাইয়া॥ সামনেতে দুই রাহা দেখে তাকাইয়া * মোনেং ভাবি এবে জাই কোন দিগে॥ খেয়াল করিয়া আমি দেখি চারি দিগে * হেনো কালে দেখি ফের করিয়া নজর॥ শামনেতে গাড়া আছে এক জে পাথর * নজদিগে জাইয়া জবে দেখি তাকাইয়া॥ এইকথা লেখা তাতে দেখিনু পড়িয়া * সুন ওহে মুসাফের হও হুসইয়ার॥ বাঁএর রাহেতে নাহি জাও খবরদার * মানা নাহি সুনে জদি জাইবে বাঁএতে॥ নানা রং মছিবত পড়িবে আফতে * ডাহিনের রাহে জদি জাইবে চলিয়া॥ মকছেদ মঞ্জেলে আল্যা দিবে পৌছাইয়া * জরিউন ঐ লেখা পড়িল জখন॥ সাজাদির মুখ পানে দেখিল তখন * কহিতে লাগিল বিবি না কর ভাবোনা॥ তরাইয়া লিবে ঐ এলাহি রব্বানা * কিনাম তোমার বটে কহনা আমারে॥ এনকার না কর তুমি এদাশের তরে * শাহাজাদি কহিলেন শোন মেহেরবান॥ হইনু তোমার দাশি জাবত জিবন * তগদিরের লেখা জাহা কি কহিব হায়॥ শেসব কহিতে গেলে প্রান ফেটে জায় * মাহাবুব আলম নাম জানিবে আমার॥ মা বাপ রাখিল নাম করিয়া পিয়ার * এতেক কহিয়া বিবি অনেক কান্দিল॥ জরিউন বিবিকে অতি পেয়ার করিল * শাহাজাদির তরে ফের অনেক বুজায়॥ কিছু গম না করিবে কহি জে তোমায় * তার পরে দুই জোনা এক দেল হৈয়া॥ বাঁএর রাহেতে চলে এলাহি ভাবিয়া * দুই জোনা চলে জায় নাহি করে ডর ছওার হইয়া দোন ঘোড়ার উপর * দুই তিন রোজ দোন জায় নেক-লিয়া॥ বড় এক ময়দানেতে পৌছিল জাইয়া * এক গাছ তলে জবে জাইয়া পৌছিল॥ ঘোড়া হৈতে দুই জোনা নিচে উওরিল * দোন ঘোড়া ছেড়েদিল চরিতে ময়দানে॥ আপনারা দুই জোনা বসিল সে খানে * খাবার ছামানা ছিল খায় নেকলিয়া॥ আরাম করিল থোড়া সেখানে বসিয়া * শেথা হৈতে দুই জোনা চাড়য়া ঘোড়ায়॥ লইয়া আল্লার নাম নেকলিয়া জায় * শামনে দেখিল জবে কুরিয়া নজর॥ আশিয়া হইল খাড়া এক শের নর * জরিউন কহেন বাত শোন বিবি জান॥ কিছু ডর নাহি করো সোন মোর প্রান * এতেক

কহিয়া মর্দ্দ আগেতে বাড়িল ॥ কামানে জুড়িয়া তির খেচিয়া মারিল. চখেতে লাগিয়া তির গেল নেকলিয়া ॥ জমিনে পড়িল সের কাছাড় খাইয়া * মারা জদি গেল সের দেখিল জরিউন ॥ সোখর আল্লার করে খুসি হোএ মোন * সেথা হৈতে আগে থোড়া রয়ানা-হইল ॥ আর এক সের এসে হাজির হইল * মারিল তাহারে তির এয়ছাই জোরেতে ॥ মারা গেল দুরাচার দেখিতে দেখিতে * তার পরে সেথা হৈতে জায় নেকলিয়া ॥ হাতি এক সামনেতে পৌছিল আসিয়া * দুরে হৈতে দুই হাথি দেখিতে পাইল ॥ জরিউন বিবির তরে কহিতে লায়িল * এখানে ডাড়াও তুমি সুন প্রাওসিনি ! হাতিকে মারিব আমি দেখিবে আপনি * মাহবুব আলম সেই খানে ডাড়াইল ॥ জরিউন আপনা ঘোড়া আগে বাড়াইল * কামানে জুরিয়া তির বিসমিল্যা বলিয়া ॥ হাথিকে মারিল তির জোরেতে খেচিয়া * হাতীর মাথায় তীর জাইয়া লাগীল ॥ চীতকার করীয়া সেথা ঘুরীতে লাগীল * তীন চারী পাক খেএ পড়ীল জমীনে॥ জরীউন এয়াদ করে পাক-সোবহানে জমীনে পড়ীয়া হাথী গেল জে মরীয়া ॥ জরিউন হাথীর কাছে পৌ-ছিল জাইয়া * মায়ান হইতে লাল সমসের খেচিয়া ॥ মস্তক কাটিল জোরে তলওয়ার মারীয়া * গজোমুক্তা কাটিয়া লইল মাথা হৈতে ॥ রাখিয়া দিলেক মাত্তা আপনা জেবেতে * ঘোড়ায় চড়িয়া মর্দ্দ আইল ফিরিয়া ॥ বিবির নিকটে ফের প্পৌছিল আশিয়া * বিবিকে দেখায় শেই মাত নেকলিয়া ॥ বড় খুসি হৈল বিবি মর্দ্দমি দেখিয়া * ওধিন মছলেম কহে সুন বন্ধু গন ॥ জাকে দয়া করে শেই পাক দিরাঞ্জন * হাথিকে করিয়া দেয় মসার শোমান ॥ বাঘকে বানায় বিল্লি বোজ্ঝ বন্দু গন *

—০ঃ(**)ঃ০—

* জরিউন মহাবুব আলম সাহাজাদিকে লিয়া খোসের্দা *
* বাদে পৌছে তাহার বয়ান *

পয়ার * জরিউন পাহালওয়ান সাহাজাদিকে লিয়া ॥

মঞ্জিলে২ রাহা জায় নেকলিয়া * দুই তিন রোজ এছা চলিয়া

রাহেতে ॥ সামনে সহর এক পাইল দেখিতে * দেখিতে২ গেল সহর কেনারায়॥সহরিয়া একলোকে জিজ্ঞাসিল তায়*কহো ভাই বস্তিআলা কন্বিয়া মেহের ॥ কিনাম কহনা ভাই এই সহরের * হেথাকার বাদসা জিনি কিনাম তাহার ॥ মেহের করিয়া মুঝে কহো বেরাদার সে জোন কহিল শোন২ মসাফের ॥ খোসেদ আবাদ নাম এই সহরের খোরসেদ চেহেরা নাম জানিবে বাদসার ॥ অইজে মাকান জতো আছেন সাহার * এই কথা তার সোঙ্গে আছিল হইতে ॥ দুই জোনা ডাড়াইয়া রাহের বিচেতে * হেন কালে পিছে দেখে করিয়া নজোর ছওয়ারি আসিতে ছিল কোরে জোর সোর * জরিউন দেখিয়া পোছে শহরিয়া লোকে ॥ জলুস কাহার এই কহোতো আমাকে * সহরিয়া লোকে কহে শোন মসাফির ॥ হেতাকার বাদসার ইনি জানিবে উজির বাদসার দরবারে ইনি চলিলো এখন ॥ জরিউন সুনিয়া বড় খুশি হৈল মন * মনে২ জরিউন লাগিল কহিতে ॥ এক বার দেখা করি উজি-রের সাতে * খোদার মেহের জদি হয় মেরা পরে ॥ মেহের হইবে তিনি আমার উপরে * তার পরে সেথা হৈতে সাজাদিকে লিয়া ॥ কারোয়া ছারার বিছে পৌছিল জাইয়া * পাকিজা মাকান এক পসন্দ করিয়া ॥ সেই জে ঘরেতে দোন রহে উত্তারিয়া * ছারার সর দ্বারে ফের কহিল ডাকিয়া ॥ হেপাজোতে দুই ঘোড়া রাখনা লইয়া * দানা ঘাসে কোন মতে কষ্ট নাহি পায় ॥ জাহয় খরচ আমি দিবোজে তোমায় * ছারাতে থাকে দোন আরাম করিয়া ॥ দুই চারি রোজ এছা জায় গোজারিয়া * জরিউন কহিলো ফের সাজাদির তরে ॥ একবাত কহি আমি তোমার খাতিরে * সোন২ বিবি জান কহিজে তোমায় ॥ এরাদা কোরিনু যাহা কহিযে তাহায় * মোলাকাত করি গিয়া উজিরের সাতে ॥ মেহের করেন জদি আমার তরেতে * এই জে এরাদা মর্দ্দ করিয়া দেলেতে ॥ জাইয়া হইল খাড়া সেই জে রাহেতে * সয়ারি পৌছিল জবে নিকটে আসিয়া ॥ আদাব ছালাম করে ছের জুকাইয়া * ছালামের জওয়াব জে তার তরে দিয়া ॥ আজনবি দেখিয়া বাত পুছেন ডাকিয়া * কোথা হৈতে আসিয়াছ কিনাম তোমার ॥ পরিচয় দেহো তুমি নিকটে আমার * জরিউন মর্দ্দ তবে এবাত সুনিয়া ॥ ধিরে২ কহে হাল বায়ান

করিয়া * হামদান সহরে হয় পায়দাস আমার ॥ রুম হৈতে আসিয়াছি সুন সোমাচার * উজির সুনিয়া ফের পুছিল তাহায় ॥ কিরূপে বাঁচিয়া তুমি আইলে এ রাহায় * জরিউন এই বাত সুনিল জখন ॥ কহে বাঁচাইয়া আনে পাক নিরাঞ্জান * বাদসার উজির তবে এবাত সুনিয়া ঘড়ি এক রহিলেন খামস হইয়া * তার পরে পুছিলেন জরিউনের তরে ॥ ডর ভয় কিছু নাহি পাইলে রাহা পরে * হামদানি কহিলো তাহে সুন নামদার ॥ এই রাহে পাইয়াছি তিন জে জানুওয়ার * পহেলা মারিনু আমি দুই সের নর ॥ তেসরা মারিনু হাথি মদদে আল্লার * উজির সুনিয়া বাত কহিল তাহারে॥ঝুট বাত নাহি কহ আমার হুজুরে জদি তুমি মারিয়াছ ঐ জানুওয়ার ॥ কি আছে নিশানা কহ নিকটে তোমার * আমাকে দেখাও জদি নিশনা তাহার ॥ আলবত্তা জানিবো বাত ঠীক জে তোমার * জরিউন কহিল তাহে সুন মেহেরবান ॥ অবিশ্ব আমার কাছে আছে জে নিসান * সেরকে মারিনু জবে তির জে খেচিয়া ॥ তামাম নখুন তার লইনু কাটিয়া * হাথির জে মাথা কেটে শোন নেকনাম ॥ নেকালিয়া লইলাম গজোমতি নাম * শেই দুই চিজ আছে ডেরাতে আমার ॥ শোঙ্গে নাহি আনি আছি সুন নাম-দার * আনিতে হুকুম জদি দেহ মেরা তরে ॥ এখনি আনিয়া দিব তোমার হুজুরে * উজির সুনিয়া তবে কহিল তাহায় ॥ ঐ দুই চিজ এনে দেখাও আমায় * তবেতো এতবার করি বাত জে তোমার ॥ দেখিলে এতবার হয় দেলেতে আমার * জরিউন এই বাত সুনিল জখন ॥ তুরিত ডেরার দিগে চলিল তখন * মহোবুব আলম জেথা পৌছিল জাইয়া ॥ আউওল আখের বাত দিল সুনাইয়া * পরেতে কহিল ফের সুন প্রিওসিনি ॥ নেকালিয়া দুই চিজ দেহ না আপনি * মহাবুব আলম দুই চিজ নেকালিয়া ॥ জরিউনের হাতেতে দিল জতন করিয়া * জরিউন লইয়া ফের হৈল রাহাগির ॥ উজিরের কাছে গিয়া হইল হাজির * জেব হৈতে দুই চিজ বাহির করিয়া ॥ উজির সামনে দিল হাজের করিয়া * উজির দেখিয়া তাহা হইল হয়রান ॥ কহিলো তাহার তরে সুন আয় জয়ান * তাজাব হইনু দেখে হেম্মত তোমার ॥ খোদার মদত তুঝে হাজারে হাজার * জে কাজ করিলে তুমি হেম্মতের সাতে ॥ এছা বাহাদুরি কাজ কে পারে করিতে *

এছাই কহিয়া বাত উজির নামদার ॥ জরিউনে লিয়া গেল হুজুরে বাদসার * জরিউনে দেখিয়া সাহা পুছিল উজিরে ॥ এই মর্দ্দ কেবা হয় কহনা আমারে * উজির কহিল সুন বাদসা নামদার ॥ হামদান সহর জানো পয়দাস এহার * রূম হৈতে আসিয়াছে করনা ধিয়ান ॥ জরিউন নাম এর বড় পাহালওান * সেইজে রাহেতে এক মস্ত হাথি ছিল ॥ সেই হাথি এই জোনা মারিয়া ডালিল * আর জেই বাগ ছিল রাহের বিচেতে ॥ তাহাকে মারিল ইনি জানিবে দেলেতে * এই গজোমুক্তা সেই হাথির মাথার ॥ বাঘের নখুন এই দেখ নামদার * এই দুই চিজ লেহ্ নিসান তাদের ॥ তাহার দলিল এই হুজুরে হাজের দেখিয়া খোসের্দ্দ শাহা বড় খুসি হৈল ॥ হামদানির তরে খুব তারিফ করিল * গজমুক্তা দিল শাহা জরিউনের তরে ॥ এনাম খেলাত কত দিলেন তাহারে * ফের পুছিলেন সাহা কহো পাহালওান ॥ আর কে তোমার সোঙ্গে করনা বায়ান * কহিতে লাগিল তবে জুড়ে দোন হাত ॥ রূমের সাহের বেটী আছে মেরা সাত * ঠিক বাত কহিলাম নিকটে তোমার ॥ ঝুট বাত না বুজিবে দেলে আপনার * এতেক সুনিয়া ফের পুছিল তাহারে ॥ রূমের সাহার বেটি পেলে কি প্রকারে সাহাজাদি শোঙ্গে তেরা কি জোন্যে আইল ॥ এহার কি ভেদ তুমি মেরা আগে বলো * জরিউন কহেন ফের জুড়ে দোন হাত ॥ আলম পানা ছালামত শোন মেরা বাত * একে২ জাহা কিছু বায়ান করিয়া খোরসেদ সাহের আগে দিল সুনাইয়া * তামাম আহওাল সাহা শুনিল জখন॥তায্যব হইল বড় দেলেতে আপন * হুকুম করিল সাহা জরিউনের তরে ॥ শাহজাদিকে আনো তুমি জাইয়া সত্তরে * ঘর একদিল বাদসা জরিউনের তরে ॥ কহিল সাহজাদিকে রাখো ইহার ভিতরে * সুনিয়া হামদানি তবে তুরিত জাইয়া ॥ সাহাজাদির তরে আনে মাহাফা করিয়া * জেই ঘর বাদসা তাহে হুকুম করিল ॥ সাজাদিকে এনে শেই ঘরেতে রাখিল * বাদসা ফের কহিলেন খাতেরে তাহার ॥ চাকুরি বাহাল আমি করিনু তোমার * জরিউন কহিলো ফের আজিজির সাতে ॥ না আছে ওজোর কিছু আপনার বাতে * জাবত জিধন বরে থাকিবো হেথায় ॥ আর মা ছাড়িয়া আপে জাইব কোথায় * বাদসা নামদার ফের পুছিল তাহারে ॥

চাকুরি করিব বোলে সোন মন দিয়া * মেহের করিয়া জদি রাখেনো আমায় ॥ জাবতো জিবন আমি থাকিব হেথায় * মুসকিল আজিম জবে আসিয়া পৌছিবে ॥ কেহো না পারিবে জাহা আমাকে কহিবে * সে কাম করিব আমি হুকুমে আল্যার ॥ আরজ করিনু জাহা হুজুরে তোমার * বাদসা কহিল তবে শোনহে জঁয়ান ॥ মাহিনা লইবে কতো করনা বায়ান * জরিউন সুনিলো জবে শাহার এছা বাত ॥ আজিজি করিয়া কহে শোন নেকজাত * হাজার আসরোফি লিব মাহিনা আমার ॥ এক পাই কম কিছু না লইবো তার * এয়ছাই জে বাত সাহা সুনিল জখন ॥ কবুল করিলে সাহা তাহারো বচন * দিন গর্জারিয়া রাত পৌছিল আসিয়া ॥ মহলে বিচেতে সাহা গেলেন চলিয়া * বেগোমের তরে কহে বাদসা জাহাগির ॥ এক্কে২ বাত ছারা করিয়া জিকির * এক জোন জয়ান আইল হাঁমদাম হইতে চাকার করিবে বোলে আমার কাছেতে * হাজার আসরোফি মাঙ্গে মাহিনা তাহার ॥ কম দিলে না লইবে এক পাই তার * এখাতেরে আইনু আমি তোমারে কহিতে ॥ এহার জওাব তুমি দেহো ভাল মোতে * বেগম বাদসার বাত সুনিলো জখন ॥ কথার জওাব কিছু না দিল তখন * বাদসাজাদি কহে এহা সুন বাবাজান ॥ আজিজি করিয়া কহে খুলিয়া জবান * জেজন মাহিনা এতো কহিল তোমায় আলবত্তা কোনুই গুন আছে জে তাহায় * শেইজে জওানে বাবা এখান জাইয়া ॥ নৌকর রাখেন তায় সুন দেল দিয়া * বাদসা বেটীর বাত সুনিল জখন ॥ নারাজ হইল বড় দেলেতে আপন * কহিল বেটীর তরে বাদসা নামদার ॥ এছা বাত কহ তুমি আমা বরাবর * আক্কেল সরম বুজি না আছে তোমায় ॥ এতো বেআদবি বাত কহিলে আমায় * নৌকর রাখিব জদি হামদানির তরে ॥ শকলি কহিবে এহা সবাকার তরে * বিদেশি জওান রাখে বাদসা জাহাগির ॥ পছন্দ করিল বুজি বেটির খাতির * শাহাজাদি এই কথা সুনিল জখন ॥ গর্মাগন হইল বড় দেলেতে আপন * কান্দিতে২ কহে জুড়ে দোন হাত ॥ বাবাজান নাহি কহো মুজে এছা বাত * বাদসার জে বেটি আমি থাকি মহলেতে ॥ বেগানা মরদ মুঝে না পায় দেখিতে * মহল

ভিতরে আমি হইনু পালন ॥ পুরুশের মুখ নাহি দেখি কদাচন * হাতেতে সুপিয়া জদি দেহ ফকিরেরে ॥ এনকার নাহিক আমি করিব তাহারে * খামখা বদনাম কেন কর বাবাজান ॥ অন্য কেহ সুনিলে বড় হবে অপমান * খাতা মেরা মাপ কর ওগো বাবাজান ॥ নহেতো তেজিব আমি আপনা পরান * বাদসা কহিলেন ফের সুনরে বদকার মিনোতির বাত তেরা না সুনিবো আর * এখোনি চলিয়া জাহ কহি জে তোমায় ॥ হামদানির হাতে আমি সুপিনু তোমায় * সাহাজাদি এই বাত সুনিল জখন ॥ পেরেসান হৈল বড় দেলেতে আপন * কান্দিয়া২ কহে দু হাত জুড়িয়া ॥ আপনার জাতে ভাল দেহনা করিয়া জরিউনের তরে জদি সুপিলে আমায় ॥ আলবোত্তা হইনু রাজি তোমার কথায় * এখনি চলিয়া জাব শোঙ্গেতে তাহার ॥ কপালের লেখা জাহা কি করিব আর * বাদসা এসারা করে কহে এপ্রকার ॥ খাজেছারা বাত তুমি সুনজে আমার * কমবক্ত বেটিকে মেরা লিয়া জাও শাতো॥ এহারে সুপিয়া দেহ হামদানির হাতে * এইবাত তার তরে দিবে সুনাইয়া ॥ শাহাজাদিকে দিল বাদসা তোমাকে সুপিয়া * বাপের জবানি লাড়কি সুনে এবায়ান ॥ কান্দিয়া২ কহে দেলে পেরে-সান * সুন২ বাবাজান আরজ আমার ॥ বিনা দোশে হৈনু দুশি কেমন বিচার * কিবা দোশ পাইলে বাবা আমার লাগিয়া ॥ বিনা দোশে ঘর হৈতে দেহ তাড়াইয়া * কেমন এনছাপ বাবা না বুজি তোমার ॥ খোদার ছামনে হবে বিচার এহার * মাতারি বেটির হাল দেখিল জখন ॥ পেরেশান হৈল বড় দেলেতে আপন * কহিল বাদ-সার বেগম নেকজাত ॥ শোন২ জাহাপানা মেরা এক বাত * বেটির এছাই হাল দেখিল জখন ॥ উচিত কাতাল করা বেটিকে তখন * বেগমের তরে এহা কহে নরপতি ॥ সুপারিস না সুনিব আমি কোন গতি * বেটির লাগিয়া জদি পেরেসান হও ॥ বেটিকে লইয়া তুমি নেকলিয়া জাও * খাজে ছারা পরে বাদসা গোস্বা দেল হৈয়া ॥ গরম নজরে জবে দেখিল চাহীয়া * তখনি জে অই খাজা দেলে পেএ ভয় সাজাদির হাত ধোরে চলিল তরায় * হামদানীর তরে দিল সুপে হাতে হাত ॥ জরিউনের তরে ফের কহে এই বাত * বড়ই তক্দীর দেখী বোলন্দ তোমার ॥ দামাদ হইলে তুমী রুমের বাদসার * হাজার

সোকর কর খোদার দরগায়॥ এয়ছা বিবি মেলাইল জে জোন তোমায় * এতেক কহিয়া খাজা কাহিল তাহায়॥ নেকলিয়া জাও তুমি না থাকো হেত্তায় * রৌসন জমির জবে এ কেচ্ছা কহিল॥ এই তক কেচ্ছা জবে বায়ান করিল * তার পরে কি হইল লিখি বিবারন শোন ভাই মোন দিয়া জতো জোনে জোন * ওধিন মোসলেম কহে শবার চরনে॥ জাহা চাহে তাহা করে পাক নিরাঞ্জনে * দরিয়া পর্ব্বত হয় পর্ব্বত দরিয়া॥ তাহার করুনা এহা দেখনা বুজিয়া *

—০ঃ(**)ঃ০—

* হামদানি সাহাজাদি কে লইয়া জাইবার বয়ান *

পয়ার * সমন রোখ এই কেচ্ছা সুনিল জখন॥ রৌসন জমিরে বিবি কহিল তখন * আলবোত্তা শে বাদসা ছিল বড়ই নাদান এছা কাম নাহি করে কখন এনছান * কেহ না করিবে এছা দুনিয়া বিচেতে॥ বেগানাকে সুপে দ্যায় বেটির তরেতে * এহার খাতিরে তিনি করে এই কাম॥ বদনাম করিবে মুঝে দুনিয়া তামাম * কিন্তু এ সরম তিনি না বুজিলো মনে॥ বেগানার তরে বেটী সুপিল কেমনে এইজে সরম কতো তাহা না বুজিল॥ হামদানির তরে লেড়কি কেমনে সুপিল * খোদার লানত হোক বাদসাকে তাহার॥ এছাহি আক্কেল জার দুনিয়া মাজার * গোস্বা জদি হোএ ছিল দেলেতে এমন॥ কাতেল না করে কেন বেটিকে আপন * হামদানির তরে দোয়া মোনাসেব নয়॥ রৌসন জমির আপে বোজনা এহায় * রৌসন জমির তবে কহে এপ্রকার॥ দেল দিয়া সুনো কহি বাত ছারা ছার * তকদিরের লেখা কভু না হয় খণ্ডন॥ কেহনা পারিবে তাহা করিতে লঙ্ঘন * কপালেতে খোদাতালা জাহা লিখিয়াছে॥ তেয়ছাই হইবে ঠিক না হইবে মিছে * শাহাজাদির তকদিরে জাহা ছিলো আজো- লেতে॥ তাহার কারনে শাহা সুপে নিজ হাতে * কিছু না খেয়াল হৈল দেলেতে শাহার॥ বদনাম হইবে বড় এবাতে আমার * এসব খেয়াল শাহা কিছু না করিলো॥ বিদেশির হাতে বেটী সুপিয়া জে দিল * হামদানি জওান তবে শাজাদিকে নিয়া॥ রুমের সহর হৈতে

জায় নেকলিয়া * মঞ্জিলে২ রাহা নেকলিয়া জায় ॥ সামনে জঙ্গল এক দেখিবারে পায় * জঙ্গল কেনারে জবে পৌছিল জাইয়া ॥ সামনেতে দুই রাহা দেখে তাকাইয়া * মোনে২ ভাবি এবে জাই কোন দিগে ॥ খেয়াল করিয়া আমি দেখি চারি দিগে * হেনো কালে দেখি ফের করিয়া নজর ॥ শামনেতে গাড়া আছে এক জে পাথর * নজদিগে জাইয়া জবে দেখি তাকাইয়া ॥ এইকথা লেখা তাতে দেখিনু পড়িয়া * সুন ওহে মুসাফের হও হুসহইয়ার ॥ বাঁএর রাহেতে নাহি জাও খবরদার * মানা নাহি সুনে জদি জাইবে বাঁএতে ॥ নানা রং মছিবত পড়িবে আফতে * ডাহিনের রাহে জদি জাইবে চলিয়া ॥ মকছেদ মঞ্জেলে আল্যা দিবে পৌছাইয়া * জরিউন ঐ লেখা পড়িল জখন ॥ সাজাদির মুখ পানে দেখিল তখন * কহিতে লাগিল বিবি না কর ভাবোনা ॥ তরাইয়া লিবে ঐ এলাহি রব্বানা * কিনাম তোমার বটে কহনা আমারে ॥ এনকার না কর তুমি এদাশের তরে * শাহাজাদি কহিলেন শোন মেহেরবান ॥ হইনু তোমার দাশি জাবত জিবন * তগদিরের লেখা জাহা কি কহিব হায় ॥ শেসব কহিতে গেলে প্রান ফেটে জায় * মাহাবুব আলম নাম জানিবে আমার ॥ মা বাপ রাখিল নাম করিয়া পিয়ার * এতেক কহিয়া বিবি অনেক কান্দিল ॥ জরিউন বিবিকে অতি পেয়ার করিল * শাহাজাদির তরে ফের অনেক বুজায় ॥ কিছু গম না করিবে কহি জে তোমায় * তার পরে দুই জোনা এক দেল হৈয়া ॥ বাঁএর রাহেতে চলে এলাহি ভাবিয়া * দুই জোনা চলে জায় নাহি করে ডর ছওয়ার হইয়া দোন ঘোড়ার উপর * দুই তিন রোজ দোন জায় নেক-লিয়া ॥ বড় এক ময়দানেতে পৌছিল জাইয়া * এক গাছ তলে জবে জাইয়া পৌছিল ॥ ঘোড়া হৈতে দুই জোনা নিচে উওরিল * দোন ঘোড়া ছেড়োদিল চরিতে ময়দানে ॥ আপনারা দুই জোনা বসিল সে খানে * খাবার ছামানা ছিল খায় নেকলিয়া ॥ আরাম করিল থোড়া সেখানে বসিয়া * শেথা হৈতে দুই জোনা চাড়য়া ঘোড়ায় ॥ লইয়া আল্লার নাম নেকলিয়া জায় * শামনে দেখিল জবে করিয়া নজর ॥ আশিয়া হইল খাড়া এক শের নর * জরিউন কহেন বাত শোন বিবি জান ॥ কিছু ডর নাহি করো মোর মোর প্রান

কহিয়া মর্দ্দ আগেতে বাড়িল ॥ কামানে জুড়িয়া তির খেচিয়া মারিল চখেতে লাগিয়া তির গেল নেকলিয়া ॥ জমিনে পড়িল সের কাছাড় খাইয়া * মারা জদি গেল সের দেখিল জরিউন ॥ সোখর আল্লার করে খুসি হোএ মোন * সেথা হৈতে আগে থোড়া রয়ানা হুইল ॥ আর এক সের এসে হাজির হইল * মারিল তাহারে তির এয়ছাই জোরেতে ॥ মারা গেল দুরাচার দেখিতে দেখিতে * তার পরে সেথা হৈতে জায় নেকলিয়া ॥ হাতি এক সামনেতে পৌছিল আসিয়া * দুরে হৈতে দুই হাথি দেখিতে পাইল ॥ জরিউন বিবির তরে কহিতে লাগিল * এখানে ডাড়াও তুমি সুন প্রাওসিনি ॥ হাতিকে মারিব আমি দেখিবে আপনি * মাহবুব আলম সেই খানে ডাঁড়াইল ॥ জরি উন আপনা ঘোড়া আগে বাড়াইল * কামানে জুরিয়া তির বিসম্মিল্যা বলিয়া ॥ হাথিকে মারিল তির জোরেতে খেচিয়া * হাতীর মাথায় তীর জাইয়া লাগীল ॥ চীতকার করীয়া সেথা ঘুরীতে লাগীল * তীন চারী পাক খেএ পড়ীল জমীনে॥ জরীউন এয়াদ করে পাক সোবহানে জমীনে পড়ীয়া হাথী গেল জে মরীয়া ॥ জরিউন হাথীর কাছে পৌ- ছিল জাইয়া * মীয়ান হইতে লাল সমসের খেচিয়া ॥ মস্তক কাটিল জোরে তলওয়ার মারীয়া * গজোমুক্তা কাটিয়া লইল মাথা হৈতে ॥ রাখিয়া দিলেক মাত্তা আপনা জেবেতে * ঘোড়ায় চড়িয়া মর্দ্দ আইল ফিরিয়া ॥ বিবির নিকটে ফের পৌছিল আশিয়া * বিবিকে দেখায় শেই মাত নেকলিয়া ॥ বড় খুসি হৈল বিবি মর্দ্দমি দেখিয়া * ওধিন মছলেম কহে সুন বন্ধু গন ॥ জাকে দয়া করে শেই পাক দিরাঞ্জন * হাথিকে করিয়া দেয় মসার শোমান ॥ বাগকে বানায় বিল্লি বোজ, বন্দু গন *

—০ঃ(**)ঃ০—

* জরিউন মহাবুব আলম সাহাজাদিকে লিয়া খোসেদা *
* বাদে পৌছে তাহার বয়ান *

পয়ার * জরিউন পাহালওয়ান সাহাজাদিকে লিয়া ॥ মঞ্জিলে২ রাস্তা জায় নেকলিয়া * দুই তিন রোজ এছা চলিয়া

রাহেতে ॥ সামনে সহর এক পাইল দেখিতে * দেখিতে২ গেল সহর কেনারায়॥সহরিয়া একলোকে জিজ্ঞাসিল তায়*কহো ভাই বস্তিআলা করিয়া মেহের ॥ কিনাম কহনা ভাই এই সহরের * হেথাকার বাদসা জিনি কিনাম তাহার ॥ মেহের করিয়া মুঝে কহো বেরাদার সে জোন কহিল শোন২ মসাফের ॥ খোর্সেদ আবাদ নাম এই সহরের খোরসেদ চেহেরা নাম জানিবে বাদসার ॥ অইজে মাকান জতো আছেন সাহার * এই কথা তার সোঙ্গে আছিল হইতে ॥ দুই জোনা ডাড়াইয়া রাহের বিচেতে * হেন কালে পিছে দেখে করিয়া নজোর ছওয়ারি আসিতেছিল কোরে জোর সোর * জরিউন দেখিয়া পোছে শহরিয়া লোকে ॥ জলুস কাহার এই কহোতো আমাকে * সহরিয়া লোকে কহে শোন মসাফির ॥ হেতাকার বাদসার ইনি জানিবে উজির বাদসার দরবারে ইনি চলিলো এখন ॥ জরিউন সুনিয়া বড় খুশি হৈল মন * মনে২ জরিউন লাগিল কহিতে ॥ এক বার দেখা করি উজি-রের সাতে * খোদার মেহের জদি হয় মেরা পরে ॥ মেহের হইবে তিনি আমার উপরে * তার পরে সেথা হৈতে সাজাদিকে লিয়া ॥ কারোয়া ছারার বিছে পোঁছিল জাইয়া * পাকিজা মাকান এক পসন্দ করিয়া ॥ সেই জে ঘরেতে দোন রহে উত্তারিয়া * ছারার সর দ্বারে ফের কহিল ডাকিয়া ॥ হেপাজোতে দুই ঘোড়া রাখনা লইয়া * দানা ঘাসে কোন মতে কষ্ট নাহি পায় ॥ জাহয় খরচ আমি দিবোজে তোমায় * ছারাতে থাকে দোন আরাম করিয়া ॥ দুই চারি রোজ এছা জায় গোজারিয়া * জরিউন কহিলো ফের সাজাদির তরে ॥ একবাত কহি আমি তোমার খাতিরে * সোন২ বিবি জান কহিজে তোমায় ॥ এরাদা কোরিনু যাহা কহিযে তাহায় * মোলাকাত করি গিয়া উজিরের সাতে ॥ মেহের করেন জদি আমার তরেতে * এই জে এরাদা মর্দ্দ করিয়া দেলেতে ॥ জাইয়া হইল খাড়া সেই জে রাহেতে * সয়ারি পোঁছিল জবে নিকটে আসিয়া ॥ আদাব ছালাম করে ছের ঝুকাইয়া * ছালামের জওয়াব জে তার তরে দিয়া ॥ আজনবি দেখিয়া বাত পুছেন ডাকিয়া * কোথা হৈতে আসিয়াছ কিনাম তোমার ॥ পরিচয় দেহো তুমি নিকটে আমার * জরিউন মর্দ্দ তবে এবাত সুনিয়া॥ ধিরে২ কহে হাল বায়ান

করিয়া * হামদান সহরে হয় পায়দাস আমার ॥ রুম হৈতে আসিয়াছি সুন সোমাচার * উজির সুনিয়া ফের পুছিল তাহায় ॥ কিরূপে বাঁচিয়া তুমি আইলে এ রাহায় * জরিউন এই বাত সুনিল জখন ॥ কহে বাঁচাইয়া আনে পাক নিরাঞ্জান * বাদসার উজির তবে এবাত সুনিয়া ঘড়ি এক রহিলেন খামস হইয়া * তার পরে পুছিলেন জরিউনের তরে ॥ ডর ভয় কিছু নাহি পাইলে রাহা পরে * হামদানি কহিলো তাহে সুন নামদার ॥ এই রাহে পাইয়াছি তিন জে জানুওার * পহেলা মারিনু আমি দুই সের নর ॥ তেসরা মারিনু হাথি মদদে আল্লার * উজির সুনিয়া বাত কহিল তাহারে॥ঝুট বাত নাহি কহ আমার হুজুরে জদি তুমি মারিয়াছ ঐ জানুওার ॥ কি আছে নির্শানা কহ নিকটে তোমার * আমাকে দেখাও জদি নিশনা তাহার ॥ অলবত্তা জানিবো বাত ঠীক জে তোমার * জরিউন কহিল তাহে সুন মেহেরবান ॥ অবিস্ব আমার কাছে আছে জে নিসান * সেরকে মারিনু জবে তির জে খেচিয়া ॥ তামাম নখুন তার লইনু কাটিয়া * হাথির জে মাথা কেটে শোন নেকনাম ॥ নেকালিয়া লইলাম গজোমতি নাম * শেই দুই চিজ আছে ডেরাতে আমার ॥ শোঙ্গে নাহি আনি আছি সুন নাম-দার * আনিতে হুকুম জদি দেহ মেরা তরে ॥ এখনি আনিয়া দিব তোমার হুজুরে * উজির সুনিয়া তবে কহিল তাহায় ॥ ঐ দুই চিজ এনে দেখাও আমায় * তবেতো এতবার করি বাত জে তোমার ॥ দেখিলে এতবার হয় দেলেতে আমার * জরিউন এই বাত সুনিল জখন ॥ তুরিত ডেরার দিগে চলিল তখন * মহোবুব আলম জেথা পৌছিল জাইয়া ॥ আউওল আখের বাত দিল সুনাইয়া * পরেতে কহিল ফের সুন প্রিওসিনি ॥ নেকালিয়া দুই চিজ দেহ না আপনি * মহাবুব আলম দুই চিজ নেকালিয়া ॥ জরিউনের হাতেতে দিল জতন করিয়া * জরিউন লইয়া ফের হৈল রাহাগির ॥ উজিরের কাছে গিয়া হইল হাজির * জেব হৈতে দুই চিজ বাহির করিয়া ॥ উজির সামনে দিল হাজের করিয়া * উজির দেখিয়া তাহা হইল হয়রান ॥ কহিলো তাহার তরে সুন আয় জয়ান * তাজ্যব হইনু দেখে হেম্মত তোমার ॥ খোদার মদত তুঝে হাজারে হাজার * জে কাজ করিলে তুমি হেম্মতের সাথে ॥ এছা বাহাদুরি কাজ কে পারে করিতে *

এছাই কহিয়া বাত উজির নামদার ॥ জরিউনে লিয়া গেল হুজুরে বাদসার ❋ জরিউনে দেখিয়া সাহা পুছিল উজিরে ॥ এই মর্দ্দ কেবা হয় কহনা আমারে ❋ উজির কহিল সুন বাদসা নামদার ॥ হামদান সহর জানো পয়দাস এহার ❋ রুম হৈতে আসিয়াছে করনা খিয়ান ॥ জরিউন নাম এর বড় পাহালওান ❋ সেইজে রাহেতে এক মস্ত হাথি ছিল ॥ সেই হাথি এই জোনা মারিয়া ডালিল ❋ আর জেই বাগ ছিল রাহের বিচেতে ॥ তাহাকে মারিল ইনি জানিবে দেলেতে ❋ এই গজোমুক্তা সেই হাথির মাথার ॥ বাঘের নখুন এই দেখ নামদার ❋ এই দুই চিজ লেহু নিসান তাদের ॥ তাহার দলিল এই হুজুরে হাজের দেখিয়া খোর্সেদ শাহা বড় খুসি হৈল ॥ হামদানির তরে খুব তারিফ করিল ❋ গজমুক্তা দিল শাহা জরিউনের তরে ॥ এনাম খেলাত কত দিলেন তাহারে ❋ ফের পুছিলেন সাহা কহো পাহালওান ॥ আর কে তোমার সোঙ্গে করনা বায়ান ❋ কহিতে লাগিল তবে জুড়ে দোন হাত ॥ রুমের সাহের বেটী আছে মেরা সাত ❋ ঠিক বাত কহিলাম নিকটে তোমার ॥ ঝুট বাত না বুজিবে দেলে আপনার ❋ এতেক সুনিয়া ফের পুছিল তাহারে ॥ রুমের সাহার বেটি পেলে কি প্রকারে সাহাজাদি শোঙ্গে তেরা কি জোন্যে আইল ॥ এহার কি ভেদ তুমি মেরা আগে বলো ❋ জরিউন কহেন ফের জুড়ে দোন হাত ॥ আলম পানা ছালামত শোন মেরা বাত ❋ একে২ জাহা কিছু বায়ান করিয়া খোরসেদ সাহের আগে দিল সুনাইয়া ❋ তামাম আহওাল সাহা শুনিল জখন॥তায্যব হইল বড় দেলেতে আপন ❋ হুকুম করিল সাহা জরিউনের তরে ॥ শাহজাদিকে আনো তুমি জাইয়া সত্তরে ❋ ঘর একদিল বাদসা জরিউনের তরে ॥ কহিল সাহজাদিকে রাখো ইহার ভিতরে ❋ সুনিয়া হামদানি তবে তুরিত জাইয়া ॥ সাহাজাদির তরে আনে মাহাফা করিয়া ❋ জেই ঘর বাদসা তাহে হুকুম করিল ॥ সাজাদিকে এনে শেই ঘরেতে রাখিল ❋ বাদসা ফের কহিলেন খাতেরে তাহার ॥ চাকুরি বাহাল আমি করিনু তোমার ❋ জরিউন কহিলো ফের আজিজির সাতে ॥ না আছে ওজোর কিছু আপনার বাতে ❋ জাবত জিবন বরে থাকিবো হেথায় ॥ আর না ছাড়িয়া আপে জাইব কোথায় ❋ ...

কোথা জাও বাছা ধোন॥ তোর লেগে মোর প্রানি, হয়ে আছে পাগলিনি, তুমি মোরে ভুলিবে কেমন*লইয়া জাইবে তুঝে, মালুম,নাহিক মুঝে, ওরে মোর নয়নের তারা॥ব্যাকুল হইয়া প্রানে, কান্দে বিবি ঘনে ঘনে, হৈল জেন পাগলের পারা * ফের বিবি নেকজাত, বুকেতে মারিল হাত, বলে আয় পরওার দেগার॥ নাহি দেখি লাভ জারা দুনিয়ায় থাকা মেরা, ভাল বুঝি মরন আমার * অধিন মোছলেম বলে ওস্তাদের পদতলে, দোওা আপে দেহনা আমায়॥ আমি অতি মুক্ষ মতি, কিজানি সায়েরি রিতি, কেবল যে ভরশা আল্লার *

পয়ার * সোন ভাই বন্ধুগন করিয়া ধিয়ান॥ খেয়াল করিয়া সোন দিয়া জিউজান * জরিউন মর্দ্দ জবে লাড়কা লইয়া॥ বুড়ির নিকটে তিনি পৌছিল জাইয়া * মাহাবুবন নেছা বিবি হৈয়া জারেজার॥ পিছে পিছে চলিলেক আপনা লাড়কার * খোসের্দ চেহেরা সাহা আফছোছ করিয়া॥ এক কেনারাতে সাহা রহে ছাপাইয়া * সেই জইফা বিবি ঘরের বিচেতে॥ এন্তেজারে বশে ছিল এহার তরেতে * জরিউন পৌছিল জবে নিকটে তাহার॥ পুছিতে লাগিল তাহে বুড়ি এ প্রকার * ছেলে আনিয়াছ কিনা কহ সমাচার ঠিক২ কহ বাত নিকটে আমার * জরিউন এই কথা সুনিল যখন॥ পেরেশান হৈল বড় দেলেতে আপন * কান্দিয়া২ কহে নরমু জবানে এই যে মাসুম খাড়া তোমার সামনে * জাহা চাহ তাহা কর খাতিরে এহার॥ দাদ ও ফরিয়াদ কিছু না আছে আমার * কহিতে লাগিল বুড়ি খাতিরে ওহার॥ কিছু কাম নাহি মুঝে তোমার লাড়কার * খোসের্দ সাহার যদি চাহরে ভালাই॥ তাহার তদবির তুঝে করি বারে চাই * আপনার হাতে তুমি আয় নেকজাত॥ জবে কর লাড়কা তুমি সুন মেরা বাত * ঐ খুন লিয়া তুমি হাতে আপনার॥ গোছল দেলাও সুন খাতিরে আমার * জরিউন এই কথা সুনিল যখন॥ হেম্মত করিল মর্দ্দ দেলেতে আপন * ছুরি ছিল সেই খানে তুলে লিল হাতে॥ জবে করিবারে লাড়কা সোলায় জমিতে * চাহে কি চালায় ছুরি লাড়কার গলায়॥ জরিউনের হাত বুড়ি ধরিল তরায় * কহিতে লাগিল বুড়ি সুন পাহা ওান॥ নাহি কাট আজ তুমি লাড়-

কার গরদান * নেমক হালালি তেরা জানিবার তরে ॥ পরিক্ষা করিনু তাই তোমার খাতিরে * হাজার তারিফ তোর হেম্মত উপরে হাজার তারিফ তেরা মা বাপের পরে * যে কাম করিলে তুমি খাতিরে বাদসার ॥ কেহনা করিবে এয়ছা দুনিয়া মাঝার * মনিবের তরে এয়ছা কে করে কোথায় ॥ হালাল করিতে চায় আপনা লাড়-কায় * তোমার খাতেরে জান খোসের্দ সাহার ॥ হায়াত বাড়িয়া গেল সুন সমাচার * তানা হৈলে এন্তেকাল হইত বাদসার ॥ ফজর তক মারা যেত হুকুমে খোদার * এই সব বাত সাহা সুনিয়া কানেতে ঘরেতে চলিল ফের কাঁপিতে২ * পালঙ্গে সুইয়া সাহা ভাবিতে লাগিল ॥ আপনার হাল সুনে পেরেশান হৈল * এদিগে জরিউন মর্দ্দ অতি কাতরেতে ॥ আদাব ছালাম করে বুড়ির পায়েতে * ছেলে কে লইল তুলে কোলেতে আপনা ॥ মিঞা বিবী সেথা হৈতে হইল রওানা * আপনার ঘরে দোন পৌছিল জাইয়া ॥ বিবীর খাতিরে খুব তসল্লি জে দিয়া * তুরিত চলিয়া আইল মহলে বাদসার ॥ আপ-নার কাজে আসি হইল তৈয়ার * বাদসা দেখিল জবে হামদানির তরে ॥ পুছিতে লাগিল বাত তাহার খাতিরে * কহ পাহালওান তুমি নিকটে আমার ॥ কি জন্যেতে এত দেরি হইল তোমার * সুনিতে খবর মেরা আছে বড় মন ॥ আহাজারি কেন করে হয় কোন জন * জরিউন কহিল এয়ছা জুড়ে দোন হাত ॥ আলমপানা ছালা-মত সুন সেই বাত * জওান আওরত এক দেখিনু রাহেতে ॥ গোশ্বা হয়ে চলে জায় মা বাপের ঘরেতে * তাহার সৌহর এয়ছা কহেন তাহায় ॥ ফিরে এস নাহি জাও ভুলিয়া আমায় * এয়ছাই আওাজ জবে পাইনু তাহার ॥ জাইয়া পৌছিনু আমি নিকটে তাহার * নানা মতে বুঝাইয়া বিবীর তরেতে ॥ পাঠাইয়া দিনু তার খছমের সাতে এই জন্যে দেরি হৈল সুন নামদার ॥ নারাজ না হবে আপে উপরে আমার * বাদসা কহিল তাহে সুন আয় জওান ॥ পিছে২ ছিনু আমি দিয়া জিউজান * আউয়াল আখের যাহা সেখানে হইল ॥ জরিউনের তরে সাহা সুনাইয়া দিল * মেহের হইয়া তুমি উপরে আমার ॥ জান বাঁচাইলে মুঝে ওহে বেরাদর * বাঁচাইয়া লিবে বলে আমার জে জান কাটিবারে লিয়া গেলে লাড়কার গরদান * এহছান মন্দি জেয়ছা

তুমি করিলে আমায় ॥ আজতক কেহ কার না করে কোথায় * এতেক বলিয়া সাহা খোসাল হইয়া ॥ জরিউনে বশাইলো তাজিম করিয়া * ফজর হইতে সাহা উজিরে ডাকিয়া ॥ রাত্রের আহওাল সব দিল সুনাইয়া * পরেতে হুকুম দিল উজিরের তরে ॥ এনাম এক রাম দেও জরির খাতিরে * বেবাহা দামের এক জোড়া মাঙ্গাইল জরিউনে সেই জোড়া পেন্দাইয়া দিল * ফের বাদসা হুকুম এয়ছা দিলেন সবায় ॥ উজির আজম আমি করিনু এহায় * আপনা এলাকা বিচে পরওান্না ভেজিল ॥ জরিউন হামদানি উজির আজম হইল * জরিউনে কহিল সাহা করিয়া পিয়ার ॥ কোন বাতে গম কিছু নাহিক তোমার * আয়েশ আরামে তুমি থাক হামেহাল ॥ জা করিবে তাতে আমি না হব মালাল * এই সব বাত সাহা হুকুম করিয়া ॥ মহল বিচেতে ফের গেলেন চলিয়া * রৌসন জমির ভেবে দেলে পাকজাত ॥ সমন রোখ বানু এবে সুন মেরা বাত *

—০ঃ(**)ঃ০—

* রৌসন জমির সমন রোখ বানুকে দোবারা *
* কেচ্ছা সোনাইবার বয়ান *

পয়ার * কাফেলার সরদার এই বয়ান করিয়া ॥ সেখান হইতে মোরা জাই নেকলিয়া * এয়ছা হালে কত দিন রাহেতে চলিয়া ॥ মেছের সহরে মোরা পৌছিনু জাইয়া * সহরে পৌছিয়া যত সওদাগর ছিল ॥ আপনা২ কাজে মশগুল হইল * ছয় মাশ ছিনু আমি মেছের সহরে ॥ আরামের সাথে আর খোসাল খাতিরে * এক দিন দেল বিচে ইয়াদ হইল ॥ আজদাহার কথা মেরা মনেতে পড়িল * পির মর্দ্দ এই কথা কহিল আমায় ॥ ছয় মাশ পরে ফের আশিবে হেথায় * আজদাহার কথা জবে ইয়াদ হইল ॥ দেল মেরা একেবারে ঘাবরাইয়া গেল * আজদাহা লইয়া জাবে আমার তরেতে ভয়েতে অজুদ মেরা লাগিল কাঁপিতে * আজদাহা আমার তরে জাইবে লইয়া ॥ যদি নাহি জাই তবে ফেলিবে মারিয়া * ফের দেলে এই কথা হইতে লাগিল ॥ কিরূপে আজদাহা হেথা আশিবেক

বল * এক মাহার রাহা হবে থাকিয়া হেথায় ॥ খোদা জানে আজ-
দাহা জিন্দা আছে কি সেথায় * আর কেন আজদাহা ফের আশিবে
এখানে ॥ এনছাফ করিনু খুব আপনার মনে * মেছের হইতে আমি
হইয়া রওানা ॥ রাহেতে চলিয়া আইনু ভাবিয়া রব্বানা * দশ বার
রোজ যাই রাহেতে চলিয়া ॥ খোদার কুদরত কত দেখিয়া২ * জাইয়া
পৌছিনু ফের এক সহরেতে ॥ আজব তামেশা সেথা পাইনু দেখিতে
এক পায় চলে সেথা যতেক এনছান ॥ আল্লার কুদরত দেখে হইনু
হয়রান * তাহারা দেখিয়া মুঝে তায্যব হইল ॥ দুই পাঁ দেখে মেরা
হাশিতে লাগিল * দশ বিশ জনা এশে ঘিরিল আমারে ॥ ধরিল
আমারে সবে একেবারে ঘিরে * ভাগিতে না পারি আমি হইয়া
লাচার ॥ মনে করি চেনা কেহ না আছে আমার * দেলে করি
খাইয়া কি ফেলিবে আমায় ॥ দেলে২ কান্দি আমি ভাবিয়া খোদায় *
সকলে ধরিয়া মুঝে লইয়া চলিল ॥ তাদের বাদসার কাছে লিয়া পৌছা-
ইল * বাদসার দরবারে লিয়া পৌছিল আমারে ॥ এক পাঁয় বাদসা
আছে তক্তের উপরে * আর যত লোক সেথা হাজের আছিল ॥
দেখিনু সবের সেই এক পাঁ ছিল * ছালাম করিনু আমি সেই যে
বাদসায় ॥ ছালাম করিয়া খাড়া রহিনু সেথায় * হেন কালে সোর
সার হইতে লাগিল ॥ চারি দিগে লোগ সব ভাগিতে লাগিল * নজর
করিয়া দেখি বাহিরে আশিয়া ॥ এক বড় আজদাহা সেথা পৌছিল
আশিয়া * তখন জানিনু আমি দেলে আপনার ॥ আজদাহা আইল
হেথা তল্লাশে আমার * দেখা যদি নাহি করি তাহার সঙ্গেতে ॥
ছাড়িয়া নাহিক দিবে আমার তরেতে * এই কথা আপনার দেলেতে
ভাবিয়া॥আমার যে জান দিনু খোদাকে সুপিয়া * হেম্মত করিয়া খুব
দেলের বিচেতে ॥ জাইয়া হইনু খাড়া আজদাহা আগেতে * আমাকে
দেখিয়া সাপ খোসাল হাজার ॥ মুখ তুলে দেখে ফের খাতেরে আমার
লইল আমার তরে পিঠেতে তুলিয়া ॥ হাওাকে রাখিয়া পিছে চলিল
লইয়া * মেছের সহরে গিয়া পৌছিনু যখন ॥ আজদাহার তরে
আমি পুছিনু তখন * এশারা করিয়া আমি কহিনু তাহায় ॥ ভুখ
পেয়াছে জান নেকলিয়া যায় * সাবুত বশিতে নারি পিঠেতে তোমার
না খাইলে জান মেরা না হবে কারার * এশারার বাত মেরা বুঝিতে

পারিয়া ॥ পিট হৈতে জমি পরে দিল উত্তারিয়া * সহরের দিগে আমি হইনু রওানা ॥ এক ঠাই বশে তবে করি খানা পিনা * ফারাগত হয়ে জবে আইনু ফিরিয়া ॥ আজদাহা আমাকে পিটে লইল তুলিয়া সেথা হৈতে লিয়া মুঝে রওানা হইল ॥ সেই পাহাড়ের দিগে চলিতে লাগিল * কএক দিন লিয়া মুঝে রাহেতে চলিয়া ॥ ঐ পাহাড়ের নিচে পৌছিল জাইয়া * আজদাহার গাড় ছিল যে পাহারের বিচে ॥ উত্তারিয়া দিল সেই খন্দকের নিচে * খেয়াল করিয়া আমি দেখি চারি ভিতে ॥ এক বিচ্ছু বসে আছে সেইযে গাড়েতে * বিচ্ছু যে আমার তরে নজরে দেখিয়া ॥ কাটিবারে আশে মুজি বাহির হইয়া * বিপদ জানিয়া আমি মনের মাঝার ॥ কামানে জুড়িয়া লিনু তির আপনার * হাতেতে লইনু তির বিছমিল্লা বলিয়া ॥ খেচিয়া মারিনু জোরে ছের তাকাইয়া * গর্দ্দানে লাগিল জবে জাইয়া সেতির ॥ টুকরা২ হয়ে গেল তাহার সরির * মারা গেল বিচ্ছু জবে আজদাহা দেখিয়া ॥ আমার কদমে ছের রাখিল আসিয়া * হেনকালে ফিরে আমি দেখি চারি ভিতে ॥ সেই পির মর্দ্দ খাড়া আমার পিছেতে * হাতে আশা গলে তছবি সেই বুড়া পির ॥ কোথা হৈতে আসিয়া জে হইল হাজির * দেখিয়া পিরের তরে আদবের সাত ॥ আদাব ছালাম করি জুড়ে দোন হাত * ছালামের জওাব পির দিয়া যে আমার ॥ হাত ধরে বসাইল কাছে আপনার * সেথা হৈতে মুঝে লিয়া জায় ধিরে২ ॥ জাইয়া পৌছিল সেই পাহাড় উপরে * আজদাহার দুই বাচ্ছা আছিল সেথায় ॥ দেখাইল পির মর্দ্দ বাচ্ছা যে আমায় * আর এক মাকান সেথা ছিল আলিশান ॥ পুছিনু পিরের তরে শুন বাবাজান কি আছে মাকান বিচে কহনা আমায় ॥ সুনিতে খাহেশ বড় হইল আমায় * কহিল আমার তরে শুনহে রৌশন ॥ এক দেও থাকে হেথা সুন দিয়া মন * এহার মউত আছে হাতেতে তোমার ॥ একিন জানিবে বাবা বাত যে আমার * পির মর্দ্দ এই কথা আমাকে বলিয়া এক যে তাবিজ মুঝে দিল নেকালিয়া * আর কহিলেন মুঝে পির নেকনাম ॥ সুনহে রৌসন তুমি আমার কালাম * দেওএর তরেতে তুমি মারহ জাইয়া ॥ কিছু ডর না করিবে সুন মন দিয়া * এই যে তাবিজ আমি দিয়াছি তোমারে ॥ দুরাচার দেও তেরা কি করিতে

পারে * এখনি চলিয়া জাও ঐ ঘর বিচে ॥ সেই দেও দুরাচার ঐ ঘরে আছে * জাইয়া মারহ তুমি দেওএর খাতির ॥ কিছু ভয় নাহি কর রৌশন জমির * আর একবাত মেরা ইয়াদ রাখিবে ॥ তলওার দেওএর তরে কভুনা মারিবে * দেও দুরাচার জবে পৌছিবে আসিয়া মারিবে তাহাকে তুমি লাথি ঘুশা দিয়া * এই সব বাত আমি সুনিয়া তাহার ॥ খোশাল হইল দেল বড়ই আমার * ভা বাদে পিরের পায় ছালাম করিয়া ॥ সেই যে তাবিজ লিনু হাতেতে বান্ধিয়া * দেওএর ঘরের দিগে রওানা হইনু ॥ ঘরের দরওাজা বিছে জাইয়া পৌছিনু * ঘরের ভিতরে জাই ভাবিয়া খোদায় ॥ ডর ভয় নাহি কিছু রহিল আমায় * ঘরের ভিতরে জবে পৌছিনু জাইয়া ॥ আজব তামাশা দেখি নজর করিয়া * এক যে পালঙ্গ আছে ভিতরে তাহার ॥ এক বিবী বশে আছে উপরে তাহার * দেখিয়া আমার তরে সেই বিবী জান ॥ ডাকিয়া আমাকে কহে সুনহে জওান * এইযে মাকান জার আইলে ভিতরে ॥ পরেন্দা নাহিক পর মারি বারে পারে * কেমনে আইলে তুমি ভিতরে এহার ॥ জানের খওফ বুঝি নাহিক তোমার * এখনি পালাও তুমি এখানে থাকিয়া ॥ কিছু দের নাহি কর সুন মন দিয়া * যেই রাহা দিয়া তুমি আইলে এই খানে ॥ সেই রাহা দিয়া জাও আপনা মাকানে * হরগেজ এই খানে তুমি নাহিক রহিবে ॥ তাহা হৈলে তেরা জান এখনি জাইবে * কহিলাম আমি অহে সুন বিবী জান ॥ কপালের লেখা যাহা না হবে এড়ান * আপনার হাল বিবী কহনা আমায় ॥ কি কারনে আছ তুমি একেলা হেথায় * কাহার ফরজন্দ তুমি কিনাম তোমার ॥ সুনিলে আমার দেল হইবে কারার * জওান আওরত তুমি দেখিতে বাহার ॥ গোলাবের ফুল এয়ছা অজুদ তোমার * এতেক সুনিয়া বিবী আহাঁ২ কিয়া ॥ কাতরেতে কহে বাত আফছোছ করিয়া * আপনার হাল বিবী কহিতে লাগিল ॥ তাহার বয়ান কিছু লিখিতে হইল * মাহাম্মদ মোছলেম কহে সুন বিবী জান ॥ হরগেজ দেলেতে নাহি হও পেরেশান * মছিবত হৈল বড় উপরে তোমার ॥ আছান করিবে পাক পরওার দরগার *

* জরিপোশ সাহাজাদি রোসন জমির কে *

* আপনার হাল কহে তাহার বয়ান *

পয়ার * সুনহে জওান তুমি আমার বয়ান ॥ আমার দুক্ষের কথা করনা ধেয়ান * দামেস্কের সাহাজাদি নাম জরিপোশ ॥ বাপের ঘরেতে থাকি হয়ে অতি খোশ* গরমির সমায় জবে পৌছিল আশিয়া এক দিন থাকি আমি ছাতেতে সুইয়া * বান্দি দাশি সঙ্গে মেরা আছিল হাজের ॥ বাত চিত করে তারা কতেক দেশের * রাত দু পহর জবে গেল গুজারিয়া ॥ দাশি গন আরাম করে ঘরেতে জাইয়া * আমার পালঙ্গে আমি করিনু আরাম ॥ গাএর কাপড় মেরা খুলিয়া তামাম * এলো থেলো হয়ে আমি আছিনু সুইয়া ॥ মাথার যে কেশ মেরা আছিল খুলিয়া * হাওা ভরে এই দেও জাইতে আছিল ॥ ছাতেতে দেখিয়া মোরে আশক হইল * সেই হৈতে এই দেও আমার ঘরেতে ॥ আশা জাওা করে সদা রোজ২ রাতে * অনেক জুলুম করে আমার তরেতে ॥ রাজি নাহি হই আমি এহার তরেতে * আখেরে নাচার হয়ে ধরিয়া আমায় ॥ কএদ করিল্ল গিথি আনিয়া হেথায় * চৌদা বৎশর হৈল আনিল আমারে ॥ আমার দুক্ষের হাল কহিনু তোমারে * সুন সমুন রোখ বানু কহি যে তোমায় ॥ জরি-পোশ এই হাল সুনায় আমায় * পরেতে কহিল মুঝে সুনহে জওান কি জন্যে আইলে হেতা হারাইতে জান * কহিনু তাহারে আমি সুন নেকজাত ॥ সুন২ সাহাজাদি মেরা এই বাত * আল্লার মেহের আছে উপরে আমার ॥ হরগেজ দেলেতে তুমি নাহি ভাব আর * তাবাদে কহিনু তারে কেচ্ছা আপনার ॥ আউয়ল আখের যত ভেদ ছারাছার সুনিয়া সে সাহাজাদি গমগিন হইয়া ॥ ধিরে২ মেরা তরে কহে বুঝা-ইয়া * এই বাত কহে মুঝে সুনহে জওান ॥ মারিতে দেওএর তরে না কর ধেয়ান * দেও দুরাচার জান বড় দাগাবাজ ॥ মারিতে এহার তরে তেরা নাহি কাজ * বাঁচিবার সাদ যদি থাকেহে তোমার ॥ মারার খেয়াল ছাড় দেলে আপনার * খবরদার এই কাজ তুমি না করিবে * মেরা এই বাত দেলে একিন জানিবে * যেই রাহা দিয়া তুমি আইলে এখানে ॥ সেই রাহা দিয়া জাও আপনা মাকানে * খব-রদার হও তুমি কহি বারেবার ॥ সমায় হইল এবে দেও আশিবার * চল তুঝে লিয়া রাখি এক নিরালায় ॥ দেও দুরাচার যেন দেখিতে না

পায় * সাহাজাদি লিয়া গেল হাতেতে ধরিয়া ॥ নিরালা ঘরেতে মুঝে দিল বশাইয়া * এয়ছা ভাবে থোড়া দের গুজারিয়া গেল ॥ পুর্ব্ব হৈতে কানে এক আওাজ পৌছিল * কি কহিব আমি এয়ছা আওা-জের জোর ॥ মেঘের গর্জ্জন জেয়ছা আকাশ উপর * দেও দুরাচার গিধি পাহাড় সমান ॥ আশিয়া পৌছিল গিধি জেমন তুফান * যেথায় আছিনু আমি নিরালা বশিয়া ॥ দেওএর তামাম হাল দেখি তাকাইয়া দেও দুরাচার তবে হাশিতে২ ॥ জাইয়া বাশল গিয়া বিবীর কাছেতে চাহেকি আপনা হাত গায়েতে বিবীর ॥ ধরিতে এরাদা করে সয়তান বেপির * গোশা হইয়া বিবী দেলে আপনার ॥ কহিতে লাগিল তারে সুনরে গাওার * বিমারির হালে আমি আছি পেরেশানে ॥ এত জালাতন কর কিশের কারনে * হাত না লাগাও তুমি গায়েতে আমার সবুরি করিয়া থাক দেলে আপনার * আরাম হইলে পরে আমার যে জান ॥ জাহা চাহ তাহা কর সুনরে নাদান * সাহাজাদির এই বাত সুনে ছারাছার ॥ রহম হইল কিছু দেলেতে তাহার * এই সব বাত আমি সুনিয়া দোহার ॥ মতলব করিনু কিছু দেলে আপনার * পির মর্দ্দ দিয়াছিল কাগজ আমায় ॥ জেব হৈতে নেকালিয়া দেখিনু তাহায় এই বাত লেখা ছিল কাগজ মাঝার ॥ রৌসন জমির সুন বাত যে আমার * এইযে কাগজ তুমি হাতেতে লইয়া ॥ দেও দুরাচারে এহা দিবে দেখাইয়া * পরেতে হেম্মত কর দেলে আপনার ॥ লাথ মুক্কি দিয়া মার দেও দুরাচার * এহাতে যে কাম তেরা হইবে তামাম ॥ না ভাবিবে দেলে কিছু সুন নেকনাম * এবাত এয়াদ খুব রাখিবে দেলেতে ॥ তলওার নাহিক মার দেওএর পরেতে * কাগজে লিখন যাহা সকল পড়িয়া ॥ নুকাইয়া ছিনু আইনু বাহির হইয়া * দুরাচার মুজি জবে দেখিল আমারে ॥ গর্জিয়া আইল মুঝে মারিবার তরে * পিরের তাবিজ ছিল নিকটে আমার ॥ তখনি ধরিনু আমি দেও বরাবর সেই লেখা দেওজাত দেখিল যখন ॥ বেহুশ হইয়া গেরে জমিনে তখন*দেএর এয়ছাই হাল নজরে দেখিয়া॥তখনি ধরিনু তার গরদানে চাপিয়াএলাহির নাম লিয়া আপনা মুখেতে॥পটকান মারিনু ফের জমিন পরেতে * লাথ ঘুশা এয়ছা আমি মারিনু তাহায় ॥ বেহুশ হইয়া মুজি পড়িল সেথায় * [illegible]

তাকত কিছু না রহিল মোর * নছিহত পির জাহা করে ছিল মোরে না ছিল খেয়াল মেরা সেই বাত পরে * গোশ্বা এয়ছা আশি মুঝে হৈল নমুদার ॥ তলওয়ার মারিনু কুদে গরদানে তাহার * দুই খান হৈয়া জবে ছের পড়ে তার * পাহাড় ঘিরিল যেয়ছা জমিন মাঝার জমিন উপরে খূন পড়িল যখন ॥ হাজার হঁাদেও পয়দা হইল তখন * একেবারে খাড়া হৈল হাজারে হাজার ॥ ঘেরাও করিয়া লিল চৌদিগে আমার * খেয়াল করিনু ফের কাগজ উপরে ॥ পির যাহা দিয়া ছিল আমার খাতিরে * ঐ লেখা ছিল সাতে দেখিনু ত্বরায় ॥ ধেয়ান করিয়া খুব বুঝিনু তাহায় * সোলেমান পয়গাম্বরের নাম যে লইয়া ॥ কহিবে এখনি সব যাহনা জলিয়া * এই বাত জবানেতে কহিনু যখন গাএবি আগুন এশে জালায় তখন * আগুন লাগিল গায় এমন প্রকার ছাই ভস্ব হয়ে গেল অজুদ সবার * জরিপোষ এই হাল দেখিল যখন তায্যব হইল বিবী দেলেতে আপন * আফছোছ করিয়া খুব দেলের মাঝার ॥ কান্দিতে লাগিল ফের হৈয়া জারেজার * আল্লার দরগায় আমি ওঠাইয়া হাত ॥ দেলে২ করিলাম এই মনাজাত * করিম রহিম আল্লা পাকজাত সাই ॥ তোমা বিনে আর কেহ তরাইতে নাই * বান্দার উপরে সদা মেহের তোমার ॥ তোমা বিনে দয়াবান কেহ নাহি আর * যে জাহা মকছেদ করে তোমার দরবারে ॥ পুরা করে দেহ তাহা আপনা মেহেরে * মসকিল আজিম পেশ হইল আমার ॥ উধ্যার করিয়া লেহ পরওার্দেগার * যে বান্দা ভুলিয়া যায় তোমার যেনাম ॥ আখেরে হইবে তার দোজকে মোকাম * এই মনাজাত করে দরগায় আল্লার ॥ সোকরানা ভেজিনু কত হইয়া লাচার * তাবাদে বিবীর হাত ধরিনু জাইয়া ॥ বাহিরেতে দুই জনা আইনু নেকালিয়া * দর-ওাজাতে খাড়া ছিল সেই বুড়া পির ॥ দেখিয়া ছালাম করি ঝুকাইয়া ছের * ছালাম লইয়া মেরা পিঠে হাত দিয়া ॥ ধিরে২ এই বাত কহে বুঝাইয়া * রৌসন জমির সুন বাত যে আমার ॥ আল্লার মেহের আছে উপরে তোমার * যে কাজ করিলে তুমি হেম্মত করিয়া ॥ কেহ না পারিবে এয়ছা সুন মন দিয়া * তার পরে পির মর্দ্দ লইয়া দোহায় এক হুজরা ছিল যেথা পৌছিল সেথায় * যতন করিয়া পির বশিবারে

দিল ॥ খাবার ছামান কত হাজির করিল * দুই জনা খাইলাম বশিয়া সেখানে ॥ ধিরে২ কহে পির আমার কারনে * এবে তুমি চলে জাও থাকিয়া হেথায় ॥ শুপিয়া দিলাম দোহে আমি যে খোদায় * আর এক কাজ মেরা করিতে হইবে ॥ সে কাজে খোদার কাছে ছওাব পাইবে * এই যে লাড়কির তরে সঙ্গেতে লইয়া ॥ এহার মা বাপে তুমি দেহ পৌছাইয়া * আর এক বাত মেরা রাখিবে দেলেতে ॥ রাহেতে জাইবে খুব হুশিয়ারির সাতে * দেও দুরাচার জান কমজাত কাফির ॥ মারিতে তোমার তরে করিবে ফিকির * পিরের এবাত আমি সুনিনু যখন ॥ হেম্মত বান্দিনু খুব দেলেতে তখন * কহিতে লাগিনু ফের জুড়ে দুই হাত * মুঝে এই বাত কহ পির নেকজাত আপনার নাম কিবা কহনা আমায় ॥ খাহেশ হইল বড় সুনিতে তাহায় জঙ্গল পাহাড়ে ফের কিশের কারন ॥ জানিতে পারিলে মেরা খুশি হবে মন * কহিতে লাগিল তবে আমার তরেতে ॥ রাবি গন এই রূপে লেখে কেতাবেতে * পির কহে সুনহে রোসন মেরা বাত ॥ জাহা কিছু হাল মেরা কহি তেরা সাত * হজরত ছোলেমান নবি ছিল পয়গাম্বর ॥ তাহার আওলাদ আমি সুন সমাচার * এইযে দুনিয়া আমি হোবাব জানিয়া ॥ জঙ্গল পাহাড়ে ফিরি সুন মন দিয়া * খলিফা বলিয়া নাম জানিবে আমার ॥ আমার যে হাল এই সুন নামদার * পিরের জবানি আমি সুনে এয়ছা বাত ॥ আদাব ছালাম করি উঠাইয়া হাত * পিরের নিকটে ফের বিদায় হইয়া ॥ বিবী জরিপোশে লিনু সঙ্গেতে করিয়া * এয়ছাই কয়েক রোজ চলিয়া রাহেতে ॥ জাইয়া পৌছিনু মোরা এক সহরেতে * আজিম সহর খুব আবাদানি তার ॥ ঘর বাড়ি রাহা ঘাট দেখিতে বাহার * সাহাজাদি দেখিয়া যে খোশাল হইয়া ॥ খেয়াল করিয়া খুব দেখে তাকাইয়া * আপনার দেশ বলে চিনিতে পারিল ॥ আল্লার দরগায় কত সোকরানা ভেজিল * খোশাল হইয়া দেলে বিবী নেকজাত॥চাহিয়া আমার দিগে কহে এই বাত* সুন হে জওান কহি তোমার খাতিরে ॥ হুকুম করিতে আমি না পারি তোমারে * বে আদবি হয় বাত কহিতে আমার ॥ সুনহে জওান কাহি হুজুরে তোমার * খোদার মেহের বড় আছিল আমায় ॥ তাহার লাগিয়া তুমি পৌছিলে সেথায় * তা না হৈলে মোর তরে দেও

দুরাচার ॥ জিবন থাকিতে মুঝে না ছাড়িত আর * যে নেকি করিলে তুমি সুন আয় জওান ॥ আমা হতে কিছু তার না হয় বয়ান * জতেক পশম আছে অজুদে আমার ॥ মুখ যদি হয় তাতে হাজারে হাজার * এক এক জবানে যদি তারিফ তোমার ॥ লক্ষ২ করি তভু না সুধিবে ধার * মাহাম্মদ মোছলেম কহে ভাবিয়া রছুল ॥ আমি বান্দা গুনা-গার কদমের ধুল * আয়েশ আরামে দিনু কাটাইয়া দিন ॥ না জানি কি করে মেরা এলাহি আলামিন *

—০ঃ(**)ঃ০—

* জরিপোশ সাহাজাদি রোসন জমির কে অই সহরের *
* হাকিমের কাছে পাঠাইবার বয়ান *

পয়ার * জরিপোশ এই বাত কহিল আমায় ॥ তুমি বিনে আর কেহ না আছে হেথায় * এয়ছা দয়াবান আমি না দেখি কাহারে ॥ আপনা মনের দুক্ষ কহিব তাহারে * এই জন্যে দেল মেরা আছে বেকারার ॥ চুপ হৈয়া থাকি আমি বোবার প্রকার * না-চারি হালেতে আর কি করি উপায় ॥ থোড়াছা তকলিফ আমি দিব যে তোমায় * রাগ না হইবে আপে দেলের মাঝার ॥ মাফ করে দিও বাবা তকছির আমার * এই সহরের যে হাকিম যেই জন * জাইয়া তাহারে কহ মেরা বিবারন * জরিপোশ সাহাজাদি তোমার বাদসার ॥ দেও লিয়া গিয়াছিল খাতেরে জাহার * সেই সাহাজাদি আজ খোদার মেহেরে ॥ পৌছিল আশিয়া বিবী এইযে সহরে * এয়ছাই খবর তুমি তাহাকে কহিয়া ॥ তুরিত আমার কাছে আশিবে চলিয়া * বিবীর যে বাত সুনে চলিনু উঠিয়া ॥ সহরের বিছে আমি পৌছিনু জাইয়া * দেলে২ ভাবনা যে হইল আমার ॥ নাজানি কি কহে মুঝে হাকিম বাদসার * আন্দেশা ফিকির বড় হইল আমায় ॥ ভাবিতে লাগিনু বশে কিকরি উপায় এই বাত দেলে২ অনেক ভাবিয়া ॥ উঠিয়া চলিনু ফের হেম্মত করিয়া * জাইয়া পৌছিনু জবে সহর মাঝার ॥ আজব সহর কিবা দেখিতে বাহার দেখিতে২ আমি কত দুরে জাই ॥ আজিম সহর এক দেখিবারে পাই নেঘা ও করিয়া খুব লাগিনু দেখিতে ॥ আলিশান দেখে ঘর লাগিনু

ভাবিতে * সহরিয়া এক জনে পুছিনু তাহায় ॥ কাহার যে এই ঘর কহনা আমায় * কহিল আমার তরে সুন মুছাফের ॥ সহরের হাকিম হয় মালিক ঘরের * এবাত সুনিনু জবে জবানি তাহার ॥ ধিরে২ যাই সেই দরওাজা উপর * দরওান আছিল এক দারেতে বশিয়া ॥ জিজ্ঞাসা করিল মুঝে বিদেশি দেখিয়া * কোথা হৈতে আশিয়াছ কিনাম তোমার ॥ জাইবে কোথায় আর কোন দেশে ঘর * কহিনু তাহারে আমি সুন মেহেরবান ॥ দামেস্ক সহরে ঘর সুনহে জওান * ঘরের মালিক সঙ্গে দিদার করিব ॥ দেলের মতলব জাহা তাহারে কহিব * দরওান সুনিল জবে মেরা এই বাত ॥ লিয়া গেল মেরা তরে ধরিয়া যে হাত * হাকিমের কাছে লিয়া করিল হাজির ॥ আদাব করিনু আমি নোয়াইয়া ছের * পরেতে বিবীর বাত দিনু সুনা-ইয়া ॥ একে২ ছারা হাল বয়ান করিয়া * সোন সমন রোখ বানু লাগা ইয়া কান ॥ সাজাদির বাত আমি করিনু বয়ান * সেই যে হাকিম সুনে বাত ছারাছার ॥ অনেক খাতিরদারি করিল আমার * তার পরে ছরদার এক ডাকিয়া তরায় ॥ হুকুম করিয়া তাহে এই বাত কয় ভাল এক তাঞ্জাম আর ছওয়ারির ঘোড়া ॥ তৈয়ার করিয়া হেথা আন খাড়া২ * সরদার পাইল জবে হাকিমের ফরমান ॥ হাজির করিল এনে সকল ছামান * তাঞ্জাম আনিল এক দেখিতে বাহার ॥ জওা-হের জড়া ছিল চৌদিগে তাহার * ছওয়ারির ঘোড়া আইল অতি মন হর ॥ হাকিম তাহার পরে হইল ছওার * আর এক ঘোড়া দিল আমার খাতিরে ॥ ছওয়ার হইনু আমি তাহার উপরে * রওানা হইল মুঝে সঙ্গেতে লইয়া ॥ তাঞ্জাম লইল কান্দে কাহার তুলিয়া * যেই খানে বিবী ছিল ছারার বিচেতে ॥ জাইয়া পৌছিনু সেথা খুশি খোশালিতে * সাজাদির কাছে জবে পৌছিনু জাইয়া ॥ হাকিমের কাছে আইল বোরখা মুখে দিয়া * ছালাম করিল বিবী হাকিমের তরে ॥ হাকিম করিল দোয়া সাজাদি খাতিরে * সাজাদিরে পালকি বিচে ছওয়ার করিয়া ॥ আপনা মাকান বিচে লইল চলিয়া * আলাদা মাকানে রাখে সাজাদির তরে ॥ খাওাছ গোলাম দিল খেদমত খাতিরে দুই চারি রোজ জবে গুজারিয়া গেল ॥ হাকিমের তরে বিবী ডাকিয়া কহিল * আমার তরেতে দেহ ঘরে পৌছাইয়া ॥ মা বাপের মুখ

আমি দেখি যে জাইয়া * হাকিম কহিল বিবী কহি যে তোমায় ॥ এবাত পছন্দ নাহি হইল আমায় * দুই চারি মাহিনা আপে থাকনা হেথায় ॥ তাহা বাদে পৌছাইয়া দিব যে তোমায় * বাদসাহি ফউজ দিব সাতে আপনার ॥ পৌছাইয়া দিবে তারা ঘরেতে তোমার * এই সব বাত চিত আছিল হইতে ॥ রাতে গুজারিয়া গেল বলিতে কহিতে ফজর হইতে বিবী হাকিমে ডাকিয়া ॥ এই বাত ধিরে২ কহে বুঝাইয়া সুন২ মেহেরবান কহি যে তোমারে ॥ ফউজ লস্কর নাহি দরকার আমারে * দুই ঘোড়া দেহ মুঝে মজবুত দেখিয়া ॥ তাহার উপরে জাব ছওয়ার হইয়া * এবাত সুনিয়া সেই হাকিম নেকজাত ॥ মঞ্জুর করিল তিনি বিবীর যে বাত * দুই ঘোড়া ভিত্র এনে হাজির করিল ॥ বিবীর সামনে এনে খাড়া করে দিল * দেখিয়া যে সাহাজাদি খোশাল হাজার ॥ হাকিমের তরে কহে সুন নামদার * বিদায় করনা মুঝে মেহের করিয়া ॥ সুনিয়া হাকিম কহে দু হাত জুড়িয়া * দুই চারি রোজ থাক মেহের করিয়া ॥ যতনের সাতে আমি দিব পৌছাইয়া*বিবীকহে আর আমি দেরনা করিব ॥ মা বাপের মুখ আমি জাইয়া দেখিব * এতেক কহিয়া বিবী বিদায় হইল ॥ ঘোড়ার উপরে গিয়া ছওয়ার হইল * রোসন জমির চড়ে দোছরা ঘোড়ায় ॥ লইয়া আল্লার নাম হইল বিদায় * মঞ্জেল২ দোন নেকালিয়া জায় ॥ সামনে বাগান এক দেখিবারে পায় * অতি মনহর বাগ না হয় বর্ন্নান কাহার বাগান এই না জানি সর্ন্ধন * সাহাজাদি কহিলেন সুন হে রোসন ॥ বাগানের বিচে চল দেখিব কেমন * বিবীর যে বাত সুনে মন খোশালিতে ॥ ঘোড়া হৈতে উতারিনু বাগান দেখিতে * দুই ঘোড়া সেই খানে রাখিনু বান্ধিয়া ॥ নানা রঙ্গ চিজ দেখি ছায়ের করিয়া * সামনেতে বাঙ্গলা এক দেখিবারে পাই ॥ তাহার ভিতরে মোরা দুই জনে জাই * সেই যে ঘরের আমি কি কব বাহার ॥ সঙ্গে মরমরের ছিল গাথনি তাহার * বেলওারের ঝাড় টাঙ্গা ছিল বেসুমার লালের কুমকুমা ছিল মধ্যে২ তার * মিনা কারি কাজ ছিল দেওার্লে প্রচুর ॥ দেখিলে অবাক হৈত বেহেস্তের হুর * নানা রঙ্গ ছামানা কত কহা নাহি জায় ॥ লোক জন কেহ নাহি আছিল সেথায় * ফরাশ বিছওানা কত ছিল ঠাই২ ॥ পালঙ্গ আলমারি কত লেখা- জোখা-

নাই * নানা রঙ্গ নেয়ামত আছিল খাবার ॥ দিগে২ রাখা ছিল কে করে শুমার * দুই জনে সেই খানে খাইনু বশিয়া ॥ দেখিতে২ দিন গেল গুজারিয়া * রাতের আমল জবে আশিয়া পৌছিল ॥ সুইয়া রহিনু যেথা পালঙ্গ আছিল * ফজর হইতে দোন উঠিল জাগিয়া ॥ রৌসন জমির ভাবে পালঙ্গে বশিয়া * দহসত হৈল এহা দেলের মাঝার ॥ নাপাক হইয়া গেল অজুদ আমার * এই কথা মনে বনে ভাবিতে২ ॥ হাউজ কেনারে গেল উঠিয়া তুরিতে * পিরের দেওা কাগজের যেই তক্তি ছিল ॥ বাজুতে বান্ধিয়া তাহা রাখা যে আছিল * গোছল করিবে বলে রাখিল খুলিয়া ॥ হাউজ বিচেতে মর্দ্দ উতারিল গিয়া * দেও দুরাচার সেথা আশিয়া পৌছিল ॥ কাপড়ে আছিল তক্তি তুলিয়া লইল * ধরিয়া আমার তরে বদজাত নাপাক ॥ বান্ধিল জোরেতে জবে হইনু অবাক * খেয়াল করিল ফের দেও দুরাচারে ॥ মারিয়া ডালিবে বলে সাজাদির তরে * আর এক দেও দেখে অজুদ তাহার ॥ রহম হইল কিছু দেলের মাঝার * আপশেতে বলা কহা লাগিল করিতে ॥ বেজা নাহি কর এই বিবীর তরেতে * জান হৈতে নাহি মার সুন মেরা বাত ॥ দাশি বানাইয়া রাখ আপনার সাত * এই বাত সুনে সেই দেও দুরাচার ॥ গমগিন হইল বড় দেলে আপনার * রাতের আমল জবে পৌছিল আশিয়া ॥ লিয়া গেল মেরা তরে জোরেতে খেচিয়া * আজিম দরক্ত এক ছিল সামনেতে ॥ বান্ধিল আমার তরে সেই যে গাছেতে * এয়ছা মছিবত জবে পৌছিল আমায় জেন্দেগানি আশা কিছু না ছিল তাহায় * আফছোছ করিয়া খুব দেলের মাঝার ॥ কান্দিতে লাগিনু আমি হৈয়া জারেজার * দেলে২ কহি আল্লা তুমি দয়াময় ॥ বিপদের কালে তুমি হওনা সদয় * আখি বন্দ করে আমি আছিনু কান্দিতে ॥ আফছোছ করিয়া খুব দেলের বিছেতে * সেই পির কাছে খাড়া দেখিতে পাইনু ॥ আল্লার দরগায় আমি সোকরানা ভেজিনু * কাগজের তক্তি ছিল দেওএর কাছেতে ছিনাইয়া দিল তক্তি আমার হাতেতে * তক্তি দিয়া পির মুঝে কহে এ প্রকার ॥ মেরা এই বাত পরে হও খবরদার * গাফেল নাহিক হও তোমারে ছমঝাই ॥ হুশিয়ারির সঙ্গে তুমি রহিবে সদাই * তেলেছ-মাতি তক্তি এই সুন সমাচার॥ আমি ছেওা নাহি দিবে হাতেতে কাহার

আমার বন্দন পির খোলে নিজ হাতে ॥ কহিতে লাগিল এহা আমার তরেতে * ছলেমান নবির তুমি দোহাই যে দিয়া ॥ এই বাত কহ তুমি দেওএর লাগিয়া * যত আছ দেও জাত সামনে আমার ॥ টুকরা২ হয়ে জাও হুকুমে খোদার * এবাত কহিয়া পির আমার লাগিয়া ॥ গায়েব হইয়া গেল নজর থাকিয়া * শুনহে পাঠক গন আরজ আমার রাবি গন এই রূপে করিল প্রচার * রৌসন জমির জবে আপনার হাল ॥ বয়ানে করিল জাহা দেলের মালাল * এই তক বাত জবে করিল বর্ণন ॥ সুনিয়া সমুন রোখ বানু যে তখন * রৌসন জমিরে বিবী পুছিল এয়ছাই ॥ কি পুছিল তাহা আমি সবাক্কে সুনাই * অধম সায়ের কহে ভাবিয়া খোদায় ॥ গুনার সাগরে পড়ে করি হায় হায় * রাত দিন ভেবে২ করি এই স্থুল ॥ উধ্যারিয়া লিবে ঘুঝে মহাম্মদ রসুল

—০ঃ(**)ঃ০—

* রৌসন জমির জরিপোশ বিবীকে তাহার মাতা *
* পিতার কাছে পৌছাইবার বয়ান *

পয়ার * রৌসন জমির জবে বয়ান করিল ॥ সমুন রোখ বিবী ফের পুছিতে লাগিল * কহ২ রৌসন তুমি নিকটে আমার ॥ এত জবরদস্ত সেই দেও দুরাচার * কি রূপে লইল পির তক্তি যে ॥ কাড়িয়া ॥ এই বাত মেরা তরে কহ বুঝাইয়া * রৌসন কহিল সুন আয় বিবীজান ॥ খোদা জাহার পরে হয় মেহেরবান * আল্লার মদদে সেই এয়ছাই হইবে ॥ পাহাড় পড়িলে ছেরে ঠেলিয়া ফেলিবে * এয়ছা২ অলিয়াল্লা আছে দুনিয়ায় ॥ এমন কুদরত আল্লা দিয়াছে তাহায় জিন পরি দেও ভুত আছে দুনিয়াতে ॥ সকলি করিল পয়দা আল্লা পাক জাতে * এতেক সুনিয়া বিবী খামশ রহিল ॥ রৌসন জমির ফের কেচ্ছা আরম্ভিল * মারা গেল দেও সব হুকুমে আল্লার ॥ রৌসনের দেল তবে হইল কারার * দিন গুজারিয়া রাত পৌছিল আশিয়া রাত ভর বাগানেতে রহিল সুইয়া * ফজর হইতে ফের জাগিয়া উঠিল ॥ দুই জনা ঘোড়া পরে ছওয়ার হইল * দুই রাত দুই দিন রাহেতে চলিয়া ॥ দামেস্ক সহরে দোন পউছিল জাইয়া * সাহা-

জাদি কহিলেন রৌসন খাতিরে ॥ এই খানে থাক তুমি জাই আমি ঘরে * যখন তলব আমি করিব তোমায় ॥ আমার নিকটে তুমি পঁউছিবে তরায় * এতেক কহিয়া বিবী রওানা হইল ॥ একেবারে মহলেতে জাইয়া পঁউছিল * জড়াইয়া ধরে বিবী আপনা মাতায় ॥ কান্দিয়া উঠীল মাতা করে হায়২ * এগানা বেগানা যত বশিল ঘিরিয়া কান্দিতে লাগিল সবে বিবীকে ধরিয়া * মহল্লের বিচেএয়ছা হৈল সোর গোল ॥ দঊরিয়া আইল বাদসা যেমন পাগল * কি হল২ বলে পুছিতে লাগিল ॥ কার কথা কেবা সুনে হত বুদ্ধি হ * সকলে ঠেলিয়া সাহা ভিতরে জাইয়া ॥ দেখিল যে সাহাজাদি আছিল বশিয়া * বেটিকে দেখিয়া সাহা ব্যাকুল হইল ॥ চেল্লাইয়া একেবারে কান্দিয়া উঠিল * জড়াইয়া ধরে বিবী আপনার বাপে ॥ কহে বাবা জান আর নাহি কান্দ আপে * মা বাপের তরে বিবী অনেক বুঝাইয়া ॥ আপনার হাল সব কহে বিবরিয়া * সুন২ পিতা মাতা আরজ আমার ॥ কিবা মুছিবত হৈল করি যে প্রচার * এগানা বেগানা সব ঘিরিয়া বসিল ॥ ধিরে২ সাহাজাদি কহিতে লাগিল * সাহাজাদি নিজ হাল করেন বয়ান ॥ তাহার বর্ণনা লিখি করনা ধিয়ান * যে রূপেতে সাহাজাদি সুইল ছাতেতে ॥ উঠাইয়া লিয়া গেল দেও যেরূপেতে * কোহেস্থানে লিয়া দেও করিল কয়েদ ॥ একে২ কহে বিবী আপনার ভেদ * যেরূপে রৌসন সেথা জাইয়া পৌছিল ॥ যে প্রকারে দেও সাতে লড়াই করিল * দেও জাতে যে প্রকারে মারিল রৌসন ॥ বয়ান করিল বিবী সব বিবারন * রউসনের হাল যত বয়ান করিয়া মা বাপের তরে বিবী কহে বুঝাইয়া * বিবী কহে সূন বাবা আরজ আমার ॥ রউসন জমির মুঝে করিল উদ্ধার * এই জনা আনে মুঝে খালাছ করিয়া ॥ তোমাদের মুখ আমি দেখিনু আশিয়া * বেটির জবানি সাহা সূনিল যখন ॥ তায্যব হইয়া বাদসা রহিল তখন * ফের সাহা জিজ্ঞাশিল জরির খাতির ॥ কোথা আছে সেই মর্দ্দ রউসন জমির * সাহাজাদি কহিলেন সূন বাবাজান ॥ পাইল বাগেতে আছে সেইত জওান * সূনিয়া দামেস্ক পতি বেটির জবানি ॥ উজিরে ডাকিয়া সাহা কহিল তখনি * পাইল বাগেতে নাম রউসন জমির ॥ তাহাকে আনিয়া হেথা করনা হাজির * উজিরে ভেজিয়া বাদসা

দরবারে আশিয়া ॥ বশিলেন আপনার তক্তে বার দিয়া * হাজের হইল যত ছিল খাছ আম ॥ নিজ২ জায়গায় গিয়া বশিল তামাম * উজির বাগান বিচে পঊছিল জাইয়া ॥ রওসন জমিরে সঙ্গে আইল লইয়া * দরবারের বিচে এনে করিল হাজির ॥ রওসন জমির ছালাম করে বাদসার খাতির * বশাইল বাদসা তাহে কাছে আপনার হাল হকিকত সব পুছিল তাহার * হাসাব নসব জাহা ছিল আপনার বাদসার হুজুরে সব করিল প্রচার * বড় খুশি হৈল সাহা সুনিয়া তামাম ॥ অর পরে কি হইল সুন নেকনাম * মহলের বিচে সাহা আশিয়া পঊছিল ॥ রওসনের হাল সব বয়ান করিল * সাহাজাদি বাদসা আগে দু হাত জুড়িয়া ॥ এই বাত ধিরে২ কহে বুঝাইয়া * বেয়াদবি বাত কহি হুজুরে তোমার ॥ এর সঙ্গে সাদি মেরা দেহ নামদার * রওসন জমির এহা শুনিল যখন ॥ আপনাকে বানাইল পাগল মতন * খেনে হাশে খেনে কান্দে পাগল আকার ॥ কাপড় ফাড়িয়া ডালে গায়ের তাহার * নানা রঙ্গ গালাগালি ফাহেশা কালাম জবান হইতে তার নেকালে মদাম * দঊড়িয়া রাহের বিচে পঊছিল জাইয়া ॥ কভু হাশে কভু কান্দে জায় নেকালিয়া * এই ভাবে কত দুর নেকালিয়া গেল ॥ পিছে২ কত লোক দঊড়িতে লাগিল * পাগল জানিয়া ঢেলা মারে কত জন ॥ হাতে তালি দিয়া হাশে রওসন তখন * এই রূপে কত দুর নেকালিয়া গেল ॥ সহর বাহিরে জবে জাইয়া পঊছিল * ফিরিয়া দেখিল পিছে কেহ নাহি আর ॥ সামনে দেখেন এক গাছ ছায়াদার * বশিল গাছের নিচে হয়রান হইয়া ॥ ঘড়ি এক বশে থাকে ছের ঝুকাইয়া * যখন তুলিয়া ছের উপরে তাকায় ॥ খাড়া আছে সেই পির দেখিবারে পায় * ছালাম করিল মর্দ্দ পিরের খাতিরে ॥ পির মর্দ্দ এই বাত কহিল তাহারে * তেলেছমাতি তক্তি বাবা দেহনা আমায় ॥ মসকিল আছান আল্লা করিল তোমায় * তক্তি ফেরাইয়া দেহ শুন সমাচার ॥ আরনা মসকিল হবে উপরে তোমার * এতেক শুনিয়া তক্তি দিল নেকালিয়া গায়েব হইল পির তক্তি যে লইয়া * রওসন জমির জাহা বয়ান করিল ॥ শুনে সমুন রোখ বিবী হয়রতে রহিল * আজর সাহা দেখিলেন নয়নে আপন ॥ হুশেতে আইল বিবী বুঝিল তখন *

খোশাল হইয়া সাহা দেলে আপনার ॥ আল্লার দরগায় ভেজে সোকরানা হাজার * হজরত সেখ সানা তবে বেগমের তরে ॥ খাতের করিয়া বাত পুছিল তাহারে * শুন সাহাজাদি আমি পুছিজে তোমায় এখনি তবিয়েত কেয়ছা কহত আমায় * একথা শুনিল জবে পিরের মুখেতে ॥ আজিজি করিয়া বিবী লাগিল কহিতে * আপনার দোওাতে আর মেহেরে আল্লার ॥ এখন আরাম জান হইল আমার * আরজু আমার এই শুন নেকনাম ॥ মালিক মাহাম্মদের কেচ্ছা শুনিতে তামাম * আখেরেতে কি যে হাল হইল তাহার ॥ শুনিতে খাহেশ বড় দেলেতে আমার * মুরাদ মঞ্জেলে তিনি পঁউছিল কিনা ॥ তাহার বয়ান আপে আমাকে কহনা * সেখ সানা এই বাত শুনিল যখন ॥ হাশিয়া হাশিয়া পির কহিল তখন * দানাদেলে ডেকে পির কহে এ প্রকার ॥ মালিকের কেচ্ছা কহ বিবী বরাবর * মাহাম্মদ মোছলেম কহে পরওার দেগার ॥ গুনা খাতা মাফ কর আমি কমিনার দুনিয়ার মায়াজালে রহিনু পড়িয়া ॥ কি জওাব দিব আমি আখেরে জাইয়া * কেবল উম্মেদ আছে নবি পাকজাত ॥ উদ্ধার করিয়া লিবে করিয়া সাফাত *

—০ঃ(**)ঃ০—

* দানাদেল দোবারা মালিক মাহাম্মদের কেচ্ছা *
* শুনায় তাহার বয়ান *

ত্রপদি * দানাদেল কহে বাত। মশের্দে জুড়িয়া হাত ॥ সুন বানু কহি যে তোমায়*বাকি কেচ্ছা আছে জাহা। বয়ান করি যে তাহা ॥ সুন আপে দেল একিদায় * গেতি আফরোজ জবে। ভায়ের সাদি হৈল তবে ॥ কহে পরি হুজুরে বাপের * দেলের যে বাত ছারা। সুন বাবাজান মেরা ॥ রোখছোত দেহ আমার খাতের * আর না রহিব আমি। একিন জানিবে তুমি ॥ দের বড় হইল আমার এবাত সুনিয়া সাহা। মুখে বলে আহা২ ॥ বলে খুব মালুম আমায় * দেলেতে যেনেছি আমি। নাহিক রহিবে তুমি ॥ সুন২ পিয়ারি আমার মেহের করে আইলে হেথা। জাইতে না দিব সেথা ॥ রহ তুমি হুকুম

মানিয়া * গেতি সুনিল জবে। কিছু না কহিল তবে॥ রহে বিবী খামশ হইয়া * খোদার হুকুম যাহা। কে বুঝিতে পারে তাহা॥ গেল সাহা বিমার হইয়া * এই রূপে কত দিন। দিন দিন হৈল খিন॥ গেল সাহা দুনিয়া ছাড়িয়া * আহলে খানার লোক যত। আরকান দৌলত কত॥ কান্দে সবে পেরেশান হৈয়া * আখেরে বুঝিল সবে কান্দিলে আর কিবা হবে॥ খোদা ছেওা চারা কিছু নাই * কেহনা বাচিয়া রবে। মরিতে হইবে সবে॥ কেন্দে লাভ কিছু হবে নাই * কান্দিলে বাচিত্ত যদি। তাহা হৈলে নিরবদি॥ ঘরে ঘরে করিত কান্দন যত নামি নামদার। পির অলি পয়গাম্বর॥ তাহা হৈলে কেহ না মরিত * অধিনের এই বাত। মরন সাতের সাত॥ কেহ নাহি পাইবে ত্রিড়ান * জন্মিলে মরন হবে। নাহিক এড়ান পাবে॥ সুন২ যত বন্ধু-গন *

—০ঃ(**)ঃ০—

* গেতি আফরোজের বড় ভাই সাহাবন সাহা তক্তে *
* বশে ও গেতি আফরোজ মালিক মাহাম্মদ কে *
* লিয়া কোহেস্থানে যায় তাহার বয়ান *

পয়ার * মরিল আসর সাহা সুন মন দিয়া॥ প্রান পাখি গেল তার দুনিয়া ছাড়িয়া * কাফন দাফন সবে করিয়া তাহার॥ ফারাগত হৈল যত খেশ বেরাদার * আরকান দৌলত সবে বসে একঠাই ॥ বিচার করিয়া সবে বুঝিল এয়ছাই * সাহাবন বড় লাড়কা আছে যে সাহার॥ তক্ত পরে বশাইল খাতেরে তাহার * থোড়া রোজ এই রূপে গেল গুজারিয়া॥ গেতি আফরোজে কহে নিকটে ডাকিয়া সুন গেতি আমি যাহা কহি যে তোমায়॥ এখানে থাকিতে যদি দেল তেরা চায় * এই যে আদম জাত আছে তেরা সাত॥ মহব্বত ছাড় এর সুন মেরা বাত * পরির সহব্বতে কিবা আদমের কাজ॥ তোমার কারনে আমি পাইতেছি লাজ * গেতি আফরোজ কহে জুড়ে দোন হাত॥ সুন২ ভাই জান সুন মেরা বাত * রাগ না কারবে তুমিধরি তব পায়॥ ব্যারা দবি হয় কিবা কহিব তোমায় * কিন্তু এক বাত কহি

তোমার খাতিরে ॥ হায়া ও সরম নাহি আশকের তরে * যত দিন দম মেরা আছে কালেবেতে ॥ কি রূপে ভুলিব আমি মাশুক তরেতে তোমা সবাকারে আমি ছাড়িয়া যে দিব ॥ হরগেজ মাশুকে আমি নাহিক ছাড়িব * এতেক কহিয়া পরি গোশ্বা দেলে হৈয়া ॥ তক্তে মাঙ্গাইয়া লিল হুকুম করিয়া * পরি জাদা দেখিলেন করিয়া বিচার ॥ বহিন জাইবে মেরা হইয়া বেজার * এগানা বেগানা মিলে ধরিয়া বিবী কে ॥ নানা কথা বলিয়া বুঝায় একে২ * সুন গেতি কহি তুঝে আমরা সকলে ॥ যে কাজ করিলে তুমি লোকে মন্দ ধলে * এনছাফ করিয়া দেখ দেলেতে নেহাত ॥ মিলন করা ভাল নহে আদমের সাত * আসর সাহের বেটি তুমি যে হইয়া ॥ এমন জবুন কাজ কিশের লাগিয়া * আপনা জাতের পরে না কর খিয়ান ॥ কওমের বিচে কেন হও অপমান * এতেক সুনিয়া বিবী গোশ্বা হৈয়া মনে ॥ কথার জওাব দেয় সবার সামনে * খেয়াল করনা সবে বাত যে আমার ॥ সবার হুজুরে তাহা কহি সারেওর * এগানা বেগানা আর ভাই বেরাদার ॥ সরম ভয় কিছু মাত্র নাহিক আমার * কাহার যে বাত মুঝে না লাগে পিয়ার ॥ যত বল তত বাড়ে গোশ্বা যে আমার * সদত মনেতে মেরা মাশুকের নাম ॥ ভায়ের সরমে মেরা নাহি কিছু কাম * পিরিতে মজিল জারা কলঙ্ক কিবা তার ॥ এইত জাহের আছে জগত মাঝার * এই বাত বলে গেতি দেলেতে বেজার ॥ মাশুকে লইয়া বশে তক্তে আপনার * হাওাকে রাখিয়া পিছে রওানা হইল ॥ কোহেবাবুলের বিছে জাইয়া পৌছিল * আপনার বাগানেতে পৌছিল জাইয়া॥খুসি খোশালিতে নাবে তক্তেতে থাকিয়া*বারাদরি বিচে দোন যাইয়া পৌছিল॥রূহআফজা পরি সেথা হাজের আছিল* তিনজনা এক সাতে খুশি খোশালিতে॥পিয়ারের বাতচিত লাগিল করিতে রূহআফজা কে কহে বাত এশারা করিয়া ॥ হাশিতে২ বিবী উঠে ডাড়াইয়া সরাবের-জাম বিবী হাতেতে লইয়া ॥ সরাব পেলায় দোহে খোশালে বশিয়া * খাইয়া সরাব দোহে হৈল বদহাল ॥ কে কার গায়েতে পরে না করে খেয়াল * দেখিতে২ দিন গুজারিয়া গেল ॥ রাতের আমল জবে আশিয়া পৌছিল * পালঙ্গ উপরে গিয়া বশিল ত্বরায় ॥ নেশাতে মাতিয়া বাত করেন দোহায় * হাশি খেলি করিতে২ দুই

জন ॥ বেহুশি হালেতে পরি সুইল তখন * মালিক মাহাম্মদ তবে হয়ে মস্তহাল ॥ আপনার দেলে মর্দ্দ করে এ খেয়াল * জা আছে নছিবে তাহা হইবে এবারে ॥ মকছেদ করিব পুরা দেলের মাঝারে * এই বাত দেলে মর্দ্দ করিয়া বিচার ॥ ছাতিতে ডালিয়া হাত করিল পিয়ার * সেই ঘড়ি পরির নিন্দ গেল যে ভাঙ্গিয়া ॥ গোশ্বা দেল হৈয়া পরি উঠীল জাগিয়া * কহিতে লাগিল এয়ছা সুনরে গাওার আক্কেল অকুফ কিছু নাহিক তোমার * বারে২ কত আমি বুঝাব তোমারে ॥ নাহি মান বাত মেরা কিশের খাতিরে * এখন দেখিনু আমি দেলেতে বুঝিয়া ॥ দাগাবাজি কর তুমি জানিয়া সুনিয়া * আমার দেলেতে ছিল সমজ এয়ছাই ॥ বালাতে পড়িস্তে তুঝে আর দিব নাই * জানিয়া সুনিয়া চাহ পড়িতে বালায় ॥ নাহি মান বাত মেরা কি কব তোমায় * এখন বোঝহ তুমি দেলে আপনার ॥ বুরা না খেয়াল কর উপরে আমার * বহুত পিয়ার করি আমি যে তোমায় এখাতা করিনু মাফ জানিবে নিশ্চয় * বুরাই খেয়াল তুমি করিলে আবার ॥ তার প্রতিফল পাবে কহি বারেবার * মাহাম্মদ মোঁছলেম কহে পিয়ারের সাত ॥ সুন২ সাহাজাদা আমার যে বাত * সবুরি করনা তুমি দেলেতে আপন ॥ আখেরে মতলব পাবে সোন দিয়া মন *

* গীত রাগিনী খাম্বাজ তাল আড়া ঠেকা *

হেঁসে কথা কও, আমার মাথা খাও, কথা কও কথা রাখ
গো ধনি ॥ এই দেখ আমি একাকি বশিয়ে, আছি তব মুখ
পানেতে চাহিয়ে, কওনা কথা কওনা বোলে ডাকিতেছি
বিরহিনি * অধিন সদা এহি কয়, এত কাজ ভাল নয়
বিচার করে দেখ মনে, সোন সোন ওল ধনি *

* গেতি আফরোজ মালিক মাহাম্মদকে কুকুরের *
* সুরত বানায় তাহার বয়ান *

পয়ার * কুদরত এলাহি রাত গেল গুজারিয়া ॥ আসক মাশুক দোনু উঠীল জাগিয়া * হাত মুখ ধুয়ে দোন হৈল ফারাগত ॥ খাবার সামান দাশি আনে নেয়ামত * ভাঁতে২ নেয়ামত খাবার

সামান ॥ কত যে লিখিব বল তাহার বয়ান * খাওা পেওা করে দোন ফারাগত হৈল ॥ লেওণ্ডি গন এসে হাত ধোওাইয়া দিল * নাচওলি পরি গন হইল হাজির ॥ মুজরা করেন তারা খোশাল খাতির * এয়ছা তান মানে তারা গাইলেক গান ॥ তান সেন সুনিলে হৈত হত বুদ্ধি জ্ঞান * দিন ভর নাচ বাজা হইতে আছিল ॥ আসক মাশুক দোন খোশাল হইল * গেতি আফরোজ তবে খোশাল হইয়া ॥ রূহ আফজার তরে কহে এশারা করিয়া * এশারা করিয়া বিবী কহিল তাহায় ॥ সরাব কাবাব তুমি আনহ তরায় * রূহ আফজা পাইল যদি বিবীর ফরমান ॥ সরাব কাবাব এনে করিল জোগান * সরাবের জাম নিল আপনার হাতে ॥ সরাব ঢালিয়া বিবী লাগিল পেলাতে * নেশাতে মাতিয়া জবে হৈল মস্তহাল ॥ কে কার গায়তে পড়ে না ছিল খেয়াল * দিন গুজারিয়া রাত পৌছিল আশিয়া ॥ নাচওলি গেল সব বিদায় হইয়া * গেতি পরি আপনার মাশুকে লইয়া ॥ প্যালঙ্গ উপরে দোন শুইল জাইয়া * জার যে পালঙ্গে দোন শুইয়া রহিল ॥ আধা রাত এই রূপে গুজারিয়া গেল * মালিক মাহাম্মদ তবে উঠিয়া বশিল ॥ আপনার দেলে এহা কহিতে লাগিল কত মছিবতে পরি ফেলিল আমায় ॥ কিছুই রহম আমি না দেখি এহায় কথায়২ আর রব কত দিন ॥ বাচি কিবা মরি তার নাহি কিছু চিন * জা আছে তকদিরে মেরা জাবে গুজারিয়া ॥ দেলের আরমান আজ লিব মিটাইয়া * এই বাত দেলে২ কহে বারেবার ॥ পরির গায়েতে হাত ডালে আপনার * বেহুশ হালেতে পরি আছিল শুইয়া ॥ বদনে রাখিতে হাত উঠীল জাগিয়া * গোশ্বা হইয়া পরি আপনা দেলেতে ॥ আখি চড়াইয়া বাত লাগিল কহিতে * জানিয়া শুনিয়া তুই দেলে আপনার ॥ বালাতে পড়িতে চাহ কি করিব আর * কহা মাত্র সাহাজাদা জমিনে পড়িয়া ॥ কুত্তার সকল হৈল লুটিয়া২ * দানাদেল এই কথা কহিল যখন ॥ সমুন রোখ বিবী শুনে কহেন তখন * হায়২ কি কহিলে উহে দানাদেল ॥ একেবারে পেরেশান হৈল মেরা দেল * হায়২ কি হইবে নছিবে এহার ॥ খোলাছা কারিয়া কহ নিকটে আমার * দানাদেল কহিলেন শুন বিবী জান ॥ আগেতে শুনিবে জাহা করিব বয়ান * গেতির যে চাকর গন কুহুর

দেখিয়া॥ হাবেলি হইতে তাহে দিল তাড়াইয়া * নাচার হইয়া সেহ কান্দিতে২॥ আপনা ঘরের দিগে লাগিল জাইতে * জাইয়া পৌছিল জবে নিজ মহলেতে॥ খেয়াল করিয়া খুব লাগিল দেখিতে দানেশ মন্দ ঘোড়া পরে হইয়া ছওয়ার॥ বাদসার দরবারে চলে জায় নেককার * দেখিয়া চাচার তরে খোশালিত হৈয়া॥ দৌড়িয়া যে সামনেতে পৌছিল জাইয়া * জমিনে রাখিয়া ছের ছালাম করিয়া॥ ঘোড়ার আগে২ ফের চলিল ছুটীয়া * দানেশ মন্দ আপনার মনে২ ভাবে॥ মালিক মাহাম্মদ বুঝি এই কুত্তা হবে * মেরা আগে কছম কবিল বারেবার॥ পরির নিকটে কভু নাহি জাব আর * কিন্তু সেই কছমের না মানিয়া বাত॥ পরির নিকটে গেল কমিনা কমজাত * এই বার পাঠাইল কুত্তা বানাইয়া॥ তাহার জন্যে আশিয়াছে নাচার হইয়া * কছমের সাজা এই সুনরে নাদান॥ বারে২ তৌবা কর হইয়া এনছান * এহার সাজাই এই জানিবে দেলেতে॥ যত দিন বাঁচিবে তুমি এই দুনিয়াতে * কুকুর হইয়া থাক সুন মেরা বাত॥ মরিবে কুকুর হালে সয়তান বদজাত * কিছু না রহম হয় দেলেতে আমার॥ আর না করিব কিছু তদবির তোমার * দানেশ মন্দ এই রূপে নছিহত কিয়া॥ এক গোলামের তরে কহিল ডাকিয়া * এই যে কুত্তার তরে জাহনা লইয়া॥ ডোমের সরদারে দেহ এহারে সুপিয়া বাদসাহি কুকুর খানা আছে যেই খানে॥ সেই খানে রাখ এই কুত্তার কারনে * খবরদার কোন বাতে কষ্ট নাহি পায়॥ আলাহেদা ঘরে লিয়া রাখিবে এহায় * খবরদার কুত্তার ঝুটা না দিবে খাইতে॥ ভাল২ নেয়ামত দিবে যে খাইতে * গোলাম লইয়া গেল কুত্তাকে ধরিয়া॥ উজির দরবার বিচে পৌছিল জাইয়া * সরকারের কাজ কাম করিয়া আঞ্জাম॥ আপনার ঘরে ফিরে এল নেকনাম * এরূপে কয়েক রোজ গেল গুজারিয়া॥ এক রোজ ফরখোন্দা কহে উজিরে ডাকিয়া * মালিক মাহাম্মদের কথা পুছেন তাহায়॥ সাহাজাদা মালিক কোথা কহনা আমায় * গেতির খবর কিছু না পাই সুনিতে সাজাদাকে পাঠাইব খবর আনিতে * এতেক বলিয়া সাহা তুরিত উঠীয়া॥ দশ বিশ ছিপাই লিল সঙ্গেতে করিয়া * ঘোড়ার উপরে সাহা হইয়া ছওয়ার॥ কোহেস্থানের দিগে হৈল রাহাদার * দুই তিন

রোজ সাহা রাহেতে চলিয়া ॥ কোহেস্থানে বিচে পৌছিল জাইয়া * গেতির বাগানে জবে জাইয়া পৌছিল ॥ রূহ আফজা পরি সেথা ডাড়াইয়া ছিল * বাদসাকে দেখিয়া পরি তুরিত চলিল ॥ জাইয়া গেতির আগে খবর কহিল * শুন২ গেতি বিবী আরজ আমার ॥ আইল ফরখোন্দা সাহা বাগানে তোমার * সাহা পরি এই কথা সুনিল যখন ॥ বাহিরে আশিয়া বিবী দেখিল তখন * ঘোড়া হৈতে উতরিল বাদসা নামদার ॥ সেপাহি সরদার রহে দরওাজা উপর * আগু বেড়ে আইল পরি বাদসা কে লইতে ॥ বাদসা ধরিল হাত হাশিতে হাশিতে অধম সায়ের কহে বাদসা নামদার ॥ আপনাকে হও তুমি খুব খবরদার * তুরাচার পরি হৈতে হুসিয়ার থাকিবে ॥ নহেত দুশমন হাতে বিপদে পাড়বে *

—০ঃ(**)ঃ০—

* ফরখোন্দা সাহাকে রূহ আফজা বিল্লি বানাইবার বয়াত *

পয়ার * ফরখোন্দা সাহাকে পরি খাতের করিয়া ॥ আপনার তক্ত পরে বশাইল নিয়া * অনেক খাতেরদারি করেন বাদসার খাবার সামানা কত আনে থরেথর * খাওা পেওা করিয়া যে ফারাগত হৈয়া ॥ সারাবের জাম লিল রূহ আফজা উঠিয়া * বাদসার যে দেল ছিল রূহ আফজার পরে ॥ আশকি খেয়াল কিছু দেখে বারে২ গেতি বিবী বাদসার যে এহাল দেখিয়া ॥ বুঝিতে পারিল খুব গওর করিয়া * রূহ আফজা বারে বারে দেয়ত সরাব ॥ যত দেয় বাদসা পিয়ে হইল বেতাব * দিন গুজারিয়া গেল কথায়২ ॥ আফতাব চলিয়া গেল আপনা জাগায় * গেতি পরি কহে ফের রূহ আফজার তরে ॥ কানে কানে এই বাত কহিল তাহারে * বাদসার তরেতে তুমি জাহনা লইয়া ॥ হায়ওান বানাও তুমি সুন মন দিয়া * রূহ আফজা পরি এয়ছা হুকুম পাইয়া ॥ বাদসাকে লইয়া গেল পালঙ্গে তুলিয়া * বেহুশি হালেতে সাহা রহিল সুইয়া ॥ আধা রাত এই রূপে গেল গুজারিয়া * হুশিয়ার হইয়া সাহা চারি দিগে চায় ॥ রূহ আফজা পালঙ্গে আছে দেখিবারে পায় * বাদসা দেখে২ এয়ছা

এরাদা করিল ॥ মকছেদ হাসেল করি এই বেলা চল * এয়ছাই ভাবিয়া সাহা তুরিত উঠিয়া ॥ রূহের পালঙ্গ পাশে ডাড়াইল গিয়া * হাত দারাজিয়া তার গায় হাত দিতে ॥ একেবারে চমকিয়া ওঠে নিদ্র হৈতে * আখি পাশরিয়া দেখে বাদসার খাতির ॥ একেবারে হইলেক গোশ্বায় অস্থির * জবান খুলিয়া পরি কহে এই বাত ॥ শুনরে হায়-ওান তুমি ও বিল্লির ছুরাত * বুরাই করিতে চাহ তুমি মেরা সাত ॥ বুরাইর বদলি এই লেহ হাতে হাত * রূহ আফজা এই বাত কহিল যখন ॥ লোটপোট করিল সাহা জমিনে তখন * বিল্লির সকল সেহ হইল তরায় ॥ আদমের চিন্ন কিছু না রহিল তায় * সমুনরোখ এই বাত সুনিয়া কানেতে ॥ করূওটা ফিরিয়া বিবী লাগেল পুছিতে * সুন দানাদেল আমি পুছিযে তোমায় ॥ তায্যব হইনু আমি তোমার কথায় * মানুশ কেমন করে তাহার কথাতে ॥ হায়ওান হইয়া জায় না পারি বুঝিতে * দানাদেল কহে ফের আয় নেকজাত ॥ সুন২ সাহাজাদি আমার যে বাত * তায্যব নাহিক আপে হইবে এহায় ॥ জাদুগির এয়ছা হয় কহি যে তোমায় * জবানে তাছির এয়ছা আছে তাহাদের ॥ যে বাত কহিবে তাহা হইবে জাহের * রূহ আফজা বাদসার তরে বিল্লি বানাইয়া ॥ আপনা মহল হৈতে দিল তাড়াইয়া * রাত ভর ফেরে সাহা বাগান মাঝার ॥ দেলে২ এই বাত কহে আপনার * আগে যদি জানিতাম হইবে এয়ছাই ॥ তবে কেন আশিতাম আমি এই ঠাই * কি রূপে জাইব এবে আপনা সহরে ॥ আরকান দৌলত দেখে কি কহিবে মোরে * এলাহি আলামিন দেহ মউত আমায় ॥ আর না দেখাতে হয় এমুখ কাহায় * এই কথা বলে সাহা আপনার মনে ॥ কান্দিতে লাগিল বশে অঝর নয়নে * কুদরতে এলাহি রাত হইল আখের ॥ সিয়া গেল সফেদি এশে হইল জাহের ফরখোন্দা সাহা সেই বাগান হইতে ॥ নিজ ঘর পানে জায় কান্দিতে২ * দুই তিন দিন সাহা রাহেতে চলিয়া ॥ আপনার মহ-লেতে পৌছিল জাইয়া * নিরালা ঘরের বিচে জাইয়া বশিল ॥ আল্লার দরগায় কত কান্দিতে লাগিল * আফছোছ করেন খুব দেলে আপনার ॥ আদম সুরত হব কেমন প্রকার * এই রূপে ভাবা শুনা

অনেক করিয়া ॥ তার পরে দরবারেতে পৌছিল জাইয়া * উজির বশিয়া ছিল দরবারে যেথায় ॥ তাহার সামনে গিয়া পৌছিল তরায় নিরালা মাকান এক ছিল সেই খানে ॥ জাইয়া রহিল খাড়া সেথায় গোপনে * বিল্লির সুরত জবে বাদসাকে করিয়া ॥ পরির মহল হৈতে দিল তাড়াইয়া * আপনার দেলে পরি করিয়া বিচার ॥ দুই যে জাচুছ দিল সঙ্গেতে সাহার * শুন বানু রাতে জবে বাদসা নামদার না পৌছিল আশি জদি মহলে তাহার * একিন হইল এয়ছা দেলেতে সবার ॥ পরিস্থানেতে গেল বাদসা নামদার * দানেশ মন্দ দেলে২ ভাবে সারা রাত ॥ কেননা আইল ঘরে বাদসা নেকজাত * কি হইল কিবা হবে বোঝা নাহি জায় ॥ না জানি কি হালে সাহা পৌছিবে হেথায় * ভাবিয়া২ এয়ছা গেল সারা রাত ॥ ফজর হইতে উঠে উজির সেহাত * ধিরে২ পাঁয় পাঁয় জায় নেকালিয়া ॥ বাদসার দরবার বিচে পৌছিল জাইয়া * উজির খেয়াল করে দেখে চারি ওরে ॥ এক বিল্লি বশে আছে নিরালার ঘরে * তহকিক করিয়া উজির বুঝিল তাহায় ॥ বিল্লির সুরত বুঝি করিল সাহায় * ভাবা গুনা এই বাত করিতে আছিল ॥ দৌড়িয়া আশিয়া বিল্লি কোলেতে বশিল * দেলে২ এই বাত ভাবিতে আছিল ॥ সুলতান হইবে কিনা বোঝা নাহি গেল * এবাত বুঝিয়া বিল্লি আপনা দেলেতে ॥ দুম হেলাইয়া লিল এসারার সাতে * এসারার বাতউজির বুঝিতে পারিয়া কোলে উঠাইয়া লিল পিয়ার করিয়া * দোসালা আছিল সেই উজি-রের গায় ॥ ছেপাইয়া লিয়া গেল আপনা ডেরায় * আপনা মাকানে জবে পৌছিল জাইয়া ॥ নিরালা ঘরেতে গেল দুজনে মিলিয়া * গোপনের এই বাত রহিল গোপনে ॥ ভালা বুরা এর হাল কেহ নাহি জানে * দানেশ মন্দ আপনার বুঝিয়া দেলেতে ॥ মাজুনের বুটি লিল সিন্দুক হইতে * জতন করিয়া খুব হাতে আপনার ॥ খাওাইল ঐ বুটি খাতেরে সাহার * লোটি পোট করিয়া তবে জমিন বিছেতে ॥ আদম সুরাত হৈল দেখিতে দেখিতে * আসল সুরাত পাইল বাদসা নেকজাত ॥ উজির সালাম করে জুড়ে দোন হাত * সাহি আনা লেবাছ উজির তরায় আনিয়া ॥ সুলতানের তরে তাহা দিল পেন্দাইয়া * আবরোখি ঘোড়ার পরে ছওার করিয়া ॥ মহ-লের বিছে দিল দাখেল করিয়া * সরমেন্দা হইল সাহা এয়ছাই

দেলেতে ॥ অন্যে কি বুঝিবে তাহা জানে পাকজাতে * গোশ্বা হইয়া সাহা দেলে আপনার ॥ উজিরের তরে ডেকে কহে এপ্রকার আদম হইয়া আমি কি পারি করিতে ॥ কেমনে সাজাই দিব পরির তরেতে * কিন্তু এই বাত দেলে হয় বারেবার ॥ মালিক মাহাম্মদ হয় গেতির ইয়ার*তাহার তরেতে আমি লিব বোলাইয়া॥উচিত সাজাই দিব জোরেতে ধরিয়া * তবেত হইবে খুশি দেল বাগেবাগ ॥ কলে-জাতে থাকে জেয়ছা সা পরির দাগ * সুন বানু মালিক মাহাম্মদ বেচারায় ॥ বাদসার হুকুম জদি হইল তাহায় * দানেশ মন্দ এই বাত সুনিয়া সাগার॥আপছোচ্ছ করিয়া কান্দে হৈয়াজারেজার*আজিজিকরিয়া কহে বাদসার লাগিয়া*সাহাজাদা মারা যাবে দেলেতে ভাবিয়া॥মালিক মাহাম্মদ হয় ভাতিজাতোমার ॥ মার কাট জাহা চাও তেরা একতিয়ার উজিরের বাতসাহা সুনে সারাসার ॥ গোশ্বা হইল বড় দেলেতে তাহার কহিতে লাগিল সুন উজির আমার ॥ এবাতে দরকার কিছু নাহিক তোমার*এখন সেসাহাজাদা আছেনকোথায়॥এখনি হাজের করআনিয়া হেথায়*দানেশমন্দএই বাত সুনিয়াসাহার॥কলেজাতে আগএয়ছা লাগিল তাহার * ধিরেঃ এই বাত লাগিল কহিতে॥ নরম জবানে আর আজিজির সাতে * গেতি আফরোজ সেই কমিনা কমজাত ॥ সাজা-দারে করে দিল কুত্তার সুরত * সেই হৈতে আসিয়াছে তিনি যে হেতায় ॥ গলে রশি দিয়া রাখি কুক্কুর খানায় * এবাত সুনিয়া সাহা জাল্লাদে ডাকিয়া ॥ হুকুম করিয়া দিল আন ওছে গিয়া * সুন আয় বানু তুমি করিয়া ধিয়ান ॥ একেঃ বাত ছারা করি যে বয়ান * গেতি আফরোজ দোন জাচ্ছ আছিল ॥ এই সব বাত জাহা কানেতে সুনিল জাইয়া গেতির কাছে দোন নেকজাত ॥ আদাব ছালাম করে জুড়ে দোন হাত * ছারাছার বাত তারা বয়ান করিয়া ॥ আউওাল আখের সব দিল সুনাইয়া * সুনিয়া সে সাহা পরি করে হায়২ ॥ আছমান টুটিয়া যেন পড়িল মাথায় * বুকে দিয়া দুই হাত কান্দে জারেজার ॥ মুখে বলে আছ কোথা পিয়ারা আমার * না বুঝে করিনু কাজ আক্কেল খাইয়া ॥ তাই তুমি মারা জাও আমার লাগিয়া * হেম্মত করিয়া বিবী কহে বারেবার ॥ জোরেতে আনিব গিয়া পিয়ারা আমার * এই সব বাত পরি বিচার করিয়া ॥ ছওয়ারির তক্ত বিবী লিল মাঙ্গাইয়া *

হুকুম করিয়া দিল ছরদারে আপন ॥ জেন পরি দেও জত আছ জনে জন * এখনি হাজের হও কম্মর বান্ধিয়া ॥ লড়াই সামান যত সকলি লইয়া * এয়ছাই হুকুম জবে সরদারে পাইল ॥ কম্মর বান্ধিয়া সবে হাজের হইল * এলাহি আলমিন বিবী দেলেতে ভাবিয়া ॥ তক্তের উপরে সবে বশিল জাইয়া * তখনি উড়িয়া তক্ত জায় বাঁও ভরে ॥ হাওাকে রাখিয়া পিছে উড়ে এয়ছা জোরে * মঞ্জিলে২ তক্ত চলিল উড়য়া ॥ সহর বিচেতে জবে পৌছিল জাইয়া * জাইয়া ভিতরে সবে পৌছিল যখন ॥ দেওানার হালে ফেরে মন উচাটন * ঢুড়িয়া২ সবে করে হায়২ ॥ সাহাজাদা ছিল যেথা দেখিবারে পায় * আজব আহওাল বড় দেখিল তাহার ॥ জাল্লাদ লইয়া জায় বলে মার মার * মারিতে পিটিতে জায় গর্জবের সাতে ॥ খেচিয়া লইয়া জায় রাহার বিচেতে * মালিক মাহাম্মদ তবে হৈয়া জারে জার ॥ দেলে২ এই কথা বলে আপনার * বাদসা আলমপানা কেন কিশের তরেতে ॥ গজব নজর করে আমার পরেতে * ভালা বুরা হাল কিছু বোঝা নাহি জায় ॥ মউত আশিয়া বুঝি পৌছিল আমায় * এহালে মউত জদি হইত আমার ॥ দুঃখ মছিবত কিছু না রহিত তার * আপছোছ রহিল বড় দেলের বিচেতে ॥ দেখানা হইল মেরা মাশুকের সাতে * গেতি আফরোজের তরে নজরে দেখিলে ॥ আছান হইত বড় মউতের কালে * মাহাম্মদ মোছলেম কহে সোন সাহাজাদা ॥ দেলের আরমান পুরা করিবেন খোদা * না উম্মেদ নাহি হয় তাহার দরগায় ॥ মকছেদ করিবে পুরা আপনি খোদায় *

—০ঃ(**)ঃ০—

* গেতি আফরোজ ফরখোন্দা সাহার নিকট হইতে *
* মালিক মাহাম্মদ কে লড়াই করিয়া লিয়া জায় তাহার বয়ান *

পয়ার * সাহাজাদার বাত চিত আছিল হইতে ॥ জাল্লাদ পৌছিল আশি কুত্তা লিয়া সাতে * দরবারে আশিয়া জবে হইল হাজির আগি বরাবর হৈল বাদসা জাহাগির * তখনি জাল্লাদে দিল হুকুম করিয়া ॥ এখনি মারিয়া ঢাল এহার লাগিয়া * মারিলে এহার তরে

খুব হেফাজতে ॥ এক জারা খুন জেন না গেরে জমিতে * ঐ খুন লিয়া তুমি আশিবে এখানে ॥ হাজের করিয়া দিবে আমার সামনে * তবে খুশি হব আমি উপরে তোমার ॥ এনাম বকশিশ দিব হাজারে হাজার * খবরদার এই বাত রাখিবে দেলেতে ॥ সোহ জেন নাহি হয় মেরা এই বাতে * হুকুম অদুল তুমি করিলে আমার ॥ জান বাচ্ছা এক খাদে গাড়িব তোমার * জাল্লাদ সুনিল জরে বাদসার একালাম তখনি চলিয়া গেল করিয়া ছালাম * সমশের লইয়া হাতে কুত্তা লিয়া সাত ॥ ময়দানে চলিয়া জায় জাল্লাদের জাত * গায়েব থাকিয়া গেতি দেখে এই হাল ॥ দেলের বিচেতে বড় হইল মালাল * হুকুম করিয়া দিল লস্করে আপন ॥ জেন পরি দেও আছ যত জনে জন * এখনি জাল্লাদে লেহ ঘেরাও করিয়া ॥ মহল সমেত লোকে দেহ উড়াইয়া সা পরির হুকুম জবে এয়ছাই পাইল ॥ তখনি জাইয়া সবে ঘেরাও করিল * পহেলা মারিল হাক এয়ছাই জোরেতে ॥ আছমান গরজে জেয়ছা বরসাকালেতে * জারে পায় তারে মারে বলে মার২ ॥ কাহারে ভেজিয়া দিল জমের দুয়ার * জাদু জোরে দিল কত জানওার করিয়া কেহ পালাইয়া গেল জান বাঁচাইয়া * চেল্লাইয়া কহে গেতি পিয়ারা আমার ॥ জানওারের সুরত তুমি ছাড়না এবার * আদম সুরত তুমি হইয়া এবার ॥ তক্তের উপরে আইস নিকটে আমার * মালিক মাহাম্মদ তবে কোন কাম করে ॥ লোট পোট করিয়া সেহ জমিন উপরে * আদম সুরত জবে পৌছিল আশিয়া ॥ তক্তের উপরে তবে বশিল জাইয়া*যখনি সে পরি জাদি হুকুম করিল ॥ তখনি লইয়া তক্ত উড়িতে লাগিল * হাওায় মিশিয়া তক্ত চলিল উড়িয়া ॥ খুশি খোশা-লিতে সবে রহিল বশিয়া * এখানের কথা জাহা রহিল হেথায় ॥ ফের খোন্দা সাহার কথা সোনহ সবায় * আপনার দেলে সাহা কহে এ প্রকার ॥ এহার তদবির আমি কি করিব আর * জোরেতে আশিয়া পরি আমার এখানে ॥ ছারখার করে গেল জত লোক জনে * আপ-ছোছ রহিল বড় দেলেতে আমার ॥ কেহ কিছু না পারিল করিতে তাহার * ফের যদি আশে সেই কমিনা সয়তান ॥ তাহা হৈলে না রাখিবে আমার যে জান * হায় আমি কি করিব পরওার দেগার ॥ তোমা ছেওা কেহু নাহি তরাইতে আর * তক্ত তাজ যাহাকিছু দিয়াছ

আমায় ॥ সকলি সুপিয়া আমি দিলাম তোমায় * এয়ছাই কহিয়া সাহা আপনা মুখেতে ॥ গজল গাহিল এক কান্দিতে২ *

* কাওালি *

হাস্তিয়ে রঙ্গে গোলেস্তানে জেছ কা নেছাঁ কুচবি নেহি
চিঁকতে থেঁ বুল বুল গুলকা নেসাঁ কুচবি নেহি ॥ জিন কি
মহল মে হাজার রঙ্গে কে ফানুশ থেঁ, ঝাড় উন কে কবর
পর হায়, আওর নেসাঁ কুচবি নেহি ॥ গুঁজতে থেঁ জিনকে
নৌবত ছে জমিন আছমান, মুগ্‌বে রোমে চুপ পড়ে হাঁয়
হাঁ না হুঁ কুচবি নেহি ॥

* গেতি আফরোজ সাঁহাজাদাকে লইয়া যায় তাহার বয়ান *

পয়ার * সেখানে থাকিয়া গেতি তক্তের পরেতে ॥ সাজাদায় লিয়া জায় মনের খুশিতে * মিঠা২ কহে বাত কহো নানা রঙ্গ ॥ খুশির সাগরে জেন বহিল তরঙ্গ * কথায়২ তক্ত পৌছিল আশিয়া ॥ মহল বিচেতে সবে বশিল জাইয়া * সাজাদার তরে পরি বয়ান করিয়া আউওল আখের সব দিল সুনাইয়া * মালিক মাহাম্মদ বাত সুনে ছারাছার ॥ তায্যব হইল বড় দেলেতে তাহার * কান্দিয়া২ কহে পিয়ারি আমার ॥ কিছু না ওাকেফ আছি এবাতে তোমার * সুনিয়া বিবীর বাত খুশি হৈল মন ॥ হাপ্ত আকলিমের সাহি পাইল জেমন * মাহাম্মদ মোছলেম কহে ভাবি পরওার ॥ দোওা দিবে মেরা হালে যত বেরাদার *

—০ঃ(**)ঃ০—

* গেতি আফরোজের সঙ্গে মালিক মাহাম্মদের মিলন হয় তাহার বয়ান *

পয়ার * গেতি আফরোজ বিবী খোশাল হইয়া ॥ সাহজাদায় বশাইল হাতেতে ধরিয়া * আশক মাশুক দোন মিলে এক সাতে ॥ নানা রঙ্গ বাত চিত আছিল করিতে * রূহ আফজার তরে দিল এশারা করিয়া ॥ সরাব কাবাব লিয়া পৌছিল আশিয়া * আঙ্গুরের সরাব ছিল বোতল বিচেতে ॥ গোলাব পানি মিলাইল ওহার সাতেতে * জামে সরাব দিল হাতেতে দোহার ॥ মস্তহালে পিল

তায় হয়ে সের নর * রূহ আফজা বিবী দেলে খোশাল হইয়া ॥ সরাব কাবাব দেয় দোহার লাগিয়া * নাচওলি আশি ফের হইল হাজের ॥ তাহার বয়ান কিছু করি যে জেকের * তামাম ছেহেলি পরি পৌছিল আশিয়া ॥ নাচ বাজা আরম্বিল খোশাল হইয়া * নানা রঙ্গের বাদ্দ্য বাজা বাজিতে লাগিল ॥ নাচওলি পরি সবে উঠে ডাড়াইল * নতন জোবন সবে সুরত জামাল ॥ রঙ্গে ভঙ্গে নাচে সবে হয় মস্তহাল * ঠমকে২ নাচে জত বামাগন ॥ আসক মাশুক দেখে হইল হয়রাম * নাচ বাজা দেখে দোহে হইল খোশাল ॥ কে কার গায়েতে পড়ে না ছিল খেয়াল * নেশায় মাতিয়া দোন করে নানা ভঙ্গ ॥ সুখের সাগরে জেংছা বহিল তরঙ্গ * হাঁশিতে খেলিতে দোহে বশিয়া আছিল ॥ পরির আওাজ এক কানেতে পৌছিল * গেতি আফরোজ তবে দেখিল চাহিয়া ॥ সেই যে পরির তরে লইল চিনিয়া সাদির মাংনি হয়েছিল সঙ্গেতে জাহার ॥ আশিয়া পৌছিল সেই উজির সাহার * নিকটে আশিয়া সেহ হাজের হইল ॥ আদাব ছালাম করে খাড়া সে রহিল * গেতি আফরোজ বিবী দেখিয়া ওহায় ॥ পুছিতে লাগিল কেন আইলে হেতায় * দুহাত জুড়িয়া সেহ আজিজির সাতে ॥ আপনা বাদসার বাত লাগিল কহিতে * আসর সাহা সরা বাদে সাদির লাগিয়া ॥ ভায়ের কাছে দিল তেরা কাসেদ ভেজিয়া বড় ভাই আর মাতাজি তোমার ॥ এয়ছাই জওাব দিল কাসেদে আমার এই সব বাত চিত্তে নাহি একতিয়ার ॥ আপনার কাজে গেতি আপনি মোক্তার * আর কত লানতান করিল বারে২ ॥ আমার তাকত নাই কহিযে তোমারে * তাহার কারনে জামজা করিয়া তরায় ॥ ভেজিয়া দিয়াছে মুঝে আপনা হেথায় * দোয়া ছালাম বাদে কহিবে বিবীরে ॥ দেলের আরমান রহে দেলের ভিতরে * বহুত দিন হৈতে আছে আশায় তোমার ॥ মুরাদ মকছেদ পুরা করনা তাহার * আফছোছ পেরেসানি ছেওা না দেখি ওহায় ॥ জাহাতে বেহতের হয় করনা সাহায় * ছাপ ছাপ জওাব তুমি দেহনা কথার ॥ কেন এনতেজার সাহা থাকে যে তোমার * এ বাত সুনিয়া গেতি কহিল তরায় ॥ থোড়া দের কর দিব জওাব তোমায় * সমুন রোখ এই বাত সুনিয়া কানেতে ॥ অফছোছ করিল বড় আপনা দেলেতে * কহিতে লাগিল বিবী আয় দানাদেল

এ বাতে আমার দেলে লাগে বড় সেল * দুঃখ মছিবত কৈল হইয়া দেওয়ানা ॥ উহার মকছেদ পুরা করিবে কিনা * মালিক মাহাম্মদে ছাড়ি কিশের-তরেতে ॥ জমজার ঘরেতে জাবে উজিরের সাতে * তাহার জন্যেতে দেল হয় বেকারার ॥ কিছু না রহম হৈল উপরে উহার দানাদেল হাঁশিয়া কহে বিবীর তরেতে ॥ থোড়া কেচ্ছা বাকি আছে জানিবে দেলেতে * এই সব হাল আপে সুনিলে ছারাছার ॥ একিন হইবে তবে দেলেতে তোমার * গেতি আফরোজ তবে খোশাল হইয়া মালিক মাহাম্মদের হাত লইল ধরিয়া * খেলওাত খানার বিচে জাইয়া পৌছিল ॥ আসক মাসুক দোন পালঙ্গে বশিল * সারাব কাবাব কত লিল-মাঙ্গাইয়া ॥ আএশ আরামে খায় দোহেতে মিলিয়া জামে সরাব পিয়ে হৈল বড় খোশ ॥ কিছু মাত্র নাহি ছিল কাহার যে হোশ * মালিক মাহাম্মদ নেশায় হৈয়া বেকারার ॥ দেলে২ আপনার কহে বারে বার * বড় বেরহম গেতি বুঝিনু ওহায় ॥ দয়া কিছু না করিবে সেহ কি আমায় * গেতি আফরোজ বাত বুঝিয়া ওহার ॥ কহিতে লাগিল সুন নাথ হে আমার * কত মছিবত পাইলে আমার জে দায় ॥ সেশব কহিতে গেলে প্রান ফেটে জায় * এবড় কঠিন রাহা কহি যে তোমায় ॥ লাইলির তরে মজনু করে হায়২ * আমি কত ওফাদারি করিনু তেরা সাথ ॥ বুঝিয়া না দেখ কেন উহে প্রান নাথ * আপনা বেগানা আর ভাই বেরাদার ॥ সকলি ছাড়িয়া দিনু পিরিতে তোমার * এয়ছাই কহিয়া বিবী আপনা মুখেতে ॥ সাহ জাদার গলে ধরে পিয়ারের সাতে * চাদরে ঢাকিয়া লিল মুখ আপনার মিঠা২ বাত কহে হাজারে হাজার * মালিক মাহাম্মদ খুসি হইল দেলেতে ॥ মাশুকের বাত এয়ছা সুনিয়া কানেতে * খোশাল হইল এত না হয় বয়ান ॥ মড়ার ধড়েতে জেয়ছা আইল যে জান * আর খুশি হৈল ফের দেলেতে এমন ॥ কাঙ্গাল পাইল জেয়ছা সোনার ভবন * আসক মাশুক দোহে বশে পালঙ্গেতে ॥ খুশি খোশালিতে বাত লাগিল করিতে * বাত চিত করে এত না হয় বয়ান ॥ সুখের সাগরে জেয়ছা বহিল তুফান * সে সমায় এত খুশি হইল দোহায় ॥ কলমের সাধ্য কিবা লিখিবে তাহায় * হাপ্ত আকলিমের সাহি যদি কেহ দিত ॥ আসক মাশুক তায় কিছু না বুঝিত * গেতি আফরোজ

রোজ বিবী খোশাল হাজার ॥ আসক মাসুক জদি পাইল দিদার * লেউঙ্গির তরে বিবী লিল বোলাইয়া ॥ পালঙ্গের চাদর দিল উজিরে ভেজিয়া * কথার জওাব এই দিলাম তোমার ॥ পৌছাইয়া দেহ তুমি হুজুরে সাহার * চাদরের মানি এই সুন বন্ধুগন ॥ এসারায় বুঝে লও রশিক যে জন * জীবন জৌবন আমি দিনু সাহজাদায় ॥ আরনা আশিবে তুমি আমার হেথায় * উজির দেখিয়া এই হাল ছারাছার ॥ তাজ্জব হইল বড় দেলে আপনার * পরির নিকট হৈতে রোখছোত হইয়া ॥ বাদসার দরবার বিচে পৌছিল জাইয়া * গেতি আফরোজের বাত বয়ান করিয়া ॥ একে২ বাদসা তরে দিল সুনাইয়া * উজিরের মুখে বাত সুনে ছারাছার ॥ গোস্বা হইল সাহা আগ বরাবর * তখনি হুকুম দিল বাদসা নামদার ॥ লড়াই করিব আমি সঙ্গেতে ওহার * আওরত হইয়া করে এয়ছাই বড়াই ॥ উচিত মাফিক দিব তাহারে সাজাই * বাদসার এবাত জবে সুনিল কানেতে ॥ গওর করিয়া লিল আপনা দেলেতে * ধিরে২ কহে উজির জুড়ে দোন হাত ॥ বাদসা আলমপানা সুন আমার যে বাত * গেতি আফরোজ জান নাপাক কমজাতে ॥ হুজুরের লায়েক সেহ নাপারে হইতে * আদমের সাতে যেবা করিল আশনাই ॥ তাহাকে বিশ্বাস আর কোন বাতে নাই * এখন খামশ হও সুন নেকনাম ॥ ভানা হৈলে হবে বড় আলমে বদনাম এইসব বাতচিত যাছে পুসিদায়॥অন্য কেহু পার যেন সুনিতে নাপায়* লড়াই করিতে গেলে সহরে উহার ॥ আলমে বদনাম বড় হইবে তোমার * গেতি আফরোজের সঙ্গে ফলানা বাদসার ॥ লগন হইয়া ছিল সাদি হইবার * আদমজাতের সঙ্গে আশনাই করিয়া ॥ আপনার জাত হৈতে গেল সেকালিয়া * এবাতে হইবে বড় বদনাম তোমার এনছাফ করিয়া বোঝ দেলে আপনার * উজিরের মুখে বাত শুনিল জখন ॥ খামশ হইল সাহা দেলেতে আপন * আসক মাসুক সেথা খুশি খোশালিতে ॥ কোহেস্থানেতে দোনু রহে আরামেতে * মল্লিক মাহাম্মদ পাইল মুরাদ আপন ॥ সমুন রোখ এই বাত শুনিল জখন খোসাল হইয়া বিবী হাজারে হাজার ॥ আল হামদো পড়িয়া লিল মুখে আপনার * আর কহিলেন বিবী পরওার দেগার ॥ মুরাদ মকছেদে

সেসে পৌছালে এহার * মাহাম্মদ মোছলেম কহে ভাবি পরওার ॥ দোওা দিবে মেরা হালে জত বেরাদার * বিনা শুতায় গাথিলাম কবিতা রতন ॥ মনের শুখেতে পড় যত বন্ধুগন *

—০ঃ(**)ঃ০—

* সমুনরোখ বিবী আরাম হইয়া দরবেশের সঙ্গে আপনার *
* আহওাল বয়ান করে ও আজর সাহার প্রথম বিবীর *
* গরদান কাটিয়া ফেলে তাহার বয়ান *

পয়ার * - সমুনরোখ বিবী জানে আরাম পাইয়া ॥ পালঙ্গ হইতে বানু উঠীল বশিল * সানাপিরের পাঁয় ধরি দুই হাতে ॥ ছালাম করিল বিবী আজিজির সাতে * আর দোন মুরিদ ছিল সামনে পিরের আদাব ছালাম করে তাহার খাতের * দরবেশ কহিল বিবী কহনা আমায় ॥ এখন মেজাজ কেয়ছা শুনিব তাহায় * সমুনরোখ বানু তবে আজিজি করিয়া ॥ ধিরে২ কহে বাত দুহাত জুড়িয়া * আপনার দোওাতে মুঝে পরওার দেগার ॥ নাজাত করিয়া দিল বিমারি আমার আজর সাহা এই বাত শুনিল জখন ॥ খোসাল হইল সাহা দেলেতে আপন * আল্লার দরগায় ভেজে সোকর হাজার ॥ আরাম পাইল বিবী দোওাতে তোমার * গোছল দেলাইল সাহা বানুর তরেতে ॥ নাজাত হইল বলে বিমার হইতে * দরবেশের কামে ধরে বাদসা নামদার ॥ আদাব ছালাম করে হাজারে হাজার * আর কহিলেন সাহা আপনা দোওাতে ॥ ছশেতে আইল বিবী বিমারি হইতে * বড় দয়াবান আপে বুঝিনু তোমায় ॥ তাই আসি মেরা পরে হইলে সদয় * তানা হৈলে জাদু চোট কেমন করিয়া ॥ কেচ্ছা কাহিনিতে গেল আরাম হইয়া * তার পরে কি হইল শুন সমাচার ॥ দালালা নামেতে বিবী আজর সাহার * বদবক্ত কমজাত বড় আছিল বেপির ॥ আগে কার দবিলা ছিল এই জাদুগির * সমুনরোখ বিবীর তরে হেকমতের সাতে ॥ পাগল করিয়া ছিল জাদু তেলেছমাতে * তাহার জন্যেতে সাহা হৈয়া পেরেশান ॥ দালালা বিবীরে কাটী করে খান খান * নিপাত হইয়া গেল দুষ্ট দুরাচার ॥ খোসাল হইল সাহা দেলে আপনার খুশির বাজানা খুব দিল বাজাইয়া ॥ আয়েশ আরামে রহে বিবীরে

লইয়া * এয়ছাই কএক দিন গুজারিয়া জায় ॥ দরবেশ ডাকিয়া বাত কহিল সাহায় * শুন২ আজর সাহা কহি আপনারে ॥ সমুন রোখ আরাম হৈস খোদার মেহেরে * রোখছত করিয়া আপে দেহনা আমায় ॥ আর না থাকিতে আমি পারিব হেথায় * বাদসা জাহাগির এবাত শুনিল জখন ॥ পেরেশান হৈল বড় দেলেতে আপন * আজিজি করিয়া কহে বাদসা নেকজাত ॥ মিনতি বচনে আর জুড়ে দোনো হাত * কোন বাতে গম দেলে না হইবে পির ॥ জাহা চাবে তাহা দিব করিয়া হাজির * জাগা জমিন কিম্বা চাহ সিংহাসন ॥ এনকার না করিব আমি শুন দিয়া মন * গমগিন নাহি হব আপনা দেলেতে কিবা চাহ কহ পির আমার তরেতে * সেখ সার্দা কহে সুন বাদসা জাহাগির ॥ মালের তরেতে মেরা না আছে ফিকির * ফকির হুয়েছি আমি রাহেতে খোদার ॥ মাল মুল্লুকের মেরা কি আছে দরকার * জরু লাড়কা নাহি মেরা আছে দুনিয়ায় ॥ মাল মাত্তা টাকা কড়ি কে খাইবে তায় * আল্লার রাহেতে জান করেছি নেছার ॥ মালের লালচ কিছু নাহিক আমার * জেন্দেগির ভরশা কিছু নাহিক আমার ॥ তবে মাল কেন আমি লইব তোমার * আপনা জানের আমি নাকরি ধিয়ান ॥ খাওাইবে মুঝে সেই পাক ছোবহান * সকলে আহার দেয় আপে নাহি খায় ॥ যে জাহা মকছেদ করে তাহারে পওছায় * তবে সাহা চাহ যদি আপনা ভালাই ॥ কিশেতে বরকত হবে কহি আমি তাই * ফকির মিছকিন আর এতিম এছির ॥ খাওাইবে এহা সবে করিয়া খাতির * রায়েত প্রজায় সদা খোশালে রাখিবে ॥ হামেহাল দোওা তারা তোমারে করিবে * মাল মাত্তা জত দেখ সকলি খোদার খয়রাত করিলে হবে চৌগুনা তাহার * বাদসা বুঝিয়া লিল দেলেতে আপন ॥ মালের লালচ নাহি আছে কদাচন * আপনার দেলে সাহা এনছাফ করিয়া ॥ আসরফির তোড়া কত লিল মাঙ্গাইয়া * দানাদেল ছিল আর রৌসন জমির ॥ তাহাদের সামনে দিল করিয়া হাজির * আসরফি দেখিয়া তারা কহিল সাহায় ॥ হরগেজ এই মাল মোরা না লিব দোহায় * আজিজি করিয়া সাহা কহিল দোহায় ॥ কি খাতা করেছি মাল না লিবে এহায় * মেহের হইয়া আপে উপরে আমার ॥ থোড়া কিছু লেহ মাল খরচ রাহার * দরবেশ খোদার দোস্ত কহেন

সবায় ॥ মালের লালচ দেখ কে করে কোথায় * আমরা ফকির জান আছিত খোদার ॥ বাল বাচ্চা জরু লাড়কা না আছে কাহার * এই সব মাল লিয়া খাওাব কাহায় ॥ ঘরনি ওয়ারেশ মেরা না দিল খোদায় হরগেজ এই মাল মোরা না লিব এনাম ॥ তাহা হৈলে হবে বড় আলমে বদমান * আরাম হইল বিবী মেহেরে খোদার ॥ হাজার শোকর মেরা দরগায় তাহার * আল্লার দরগায় পির উঠাইয়া হাত ॥ পড়িতে লাগিল মুখে এই মোনাজাত *

(সেখ সানা দরবেশের হিন্দি মনাজাত)

আচ্ছালাম আয় দোঁজাহাকে বাদসা ॥ মুঝ গরিব খাস্তা পর ভি কর এক নেগাহ * আপকে দরকা হেঁা মাঁয় আদনি গোলাম ॥ কামছে ভি কম তার গোলাম কা গোলাম * কওন হামি হো মেরা বিন আপকে ॥ হোগা বেড়াপার ছাদকে আপকে*রহমাতে আলাম বাহাত রনজুর হেঁা ॥ ছার ছে পাঁ রক হছ রাতোমে চুর হেঁা * কিছি কো হাঁায় গাম এছনাহি ফোজার কা ॥ দারদো হায় কেছ্ কো দেলে বিমার কা * কাওন থামে এছ দেলে রান্জুর কো ॥ দে তাছাল্লি কওন এছ মহজুর কো * আয় মাছিহা দাম্ খাবার লিজে মেরি ॥ আয় তাবিবে দেলকা দাওা কিজে মেরি* হ্মাক্ত মাজ্ তার হেঁা তাছাল্লি দিজিয়ে ॥ হায় নাবো পর জান তাছ ঝিকিজিয়ে * হায় এহ আন্দেসাকে জাব মউত আয়গি ॥ ছাদমে কিয়া কিয়া দেখে দেখ লাএগি * জাব আন্ধেরি গোর মে হোগা গোজার ॥ দেখে কিয়া গুজরে জেছম ও জান পার * রোজে মাহসার জাব খোদা লেগা হেঁছাব ॥ ছক্ত হায় রানি হায় কেয়া দোঙ্গা জওাব * ওমরো গাফলাত মে হুই আখের তামাম বান না আএয়া কোই মুজ ছে নেককাম * আহওয়া বেরাদারে গা হাছরাত ॥ এক ভি হামনে নাহ কাম আচ্ছা কিয়া ॥ মফতো ওমরো বেবাহা খোয়া কিয়ে ॥ খোয়াবে গাফলাত মে পড়ে সোয়া কিয়া * আব কিছি ছুরাত নেহি মোমকিন নাজাত ॥ হাঁ মাগার আই হায় দেলমে এক বাত * গারচে মাঁর বদ ওজা ও বদকির দার হেঁা ॥ পর গোলামে আহক্ষদে মোখতার হেঁা * হোগা

জেছ দাম ছামনা আল্লাহ কা ॥ ওয়াস্ত তা দেঙ্গা রাছুলিল্লা কা আয় খোদা আপনে মাহাম্মদকে তাওফালে ॥ আপনে ওছ মহমুদে আহমাদকে তাওফালে*বাখশো মুঝকো গারচে বদবারদার হেঁ॥ জেন্নাতি কর গো সাজায়ে নার হেঁ। * জেন্দেগি জব তক হো মেরি ইয়া করিম ॥ রাখ মেরা মোছলেক ছেরা তোল মোছতা কিম * ওয়াক্তো হো-জাকান্দানি কা জব কারিব ॥ হো মুঝে কালমমা সাহাদাত কা নছিব * কাবরো মে হোনে লাগি জিছ দম ছওয়াল ॥ রাখইয়ো ছাবাত উছ ঘড়ি আয় জুল জালাল * জেছ ঘড়ি হোলে কিয়ামত কা হো জোঁস ॥ দেখ কর ছদমে ওড়ে আলাম কে হোস * হাওজ কওছার পর মুঝে পঙছাইয়ো মেরা আকা ছে মুঝে মেল ওয়াইয়ো * দেখ লুঁ আউওল ওহ নুরানি লা কা ॥ ফের পাঁইয়ো কো ছার কা আব জান কিজঁ। * জব পাঁ-লে জিন্নাত কো ওহ খায়রুন আলাম ॥ পিছে২ এহ ভি হাজের হো গোলাম

* সেখ সানা দুই মুরিদানকে সঙ্গে লইয়া দেশে যাইবার বয়ান *

পয়ার * এবাত কহিয়া সবে হইল রওনা ॥ জপিতে২ দেলে এলাহি রব্বানা * বাদসা আলমপানা তবে কি করে উপায় ॥ ফকির চলিল জবে আপনা ডেরায় * নরপতি লিল তবে উজিরে ডাকিয়া ॥ দরবেশের সঙ্গে চল হাজরাও হইয়া * এয়ছা ভাবে কত দুর চলিয়া রাহেতে ॥ বিদায় হইল দোহে দরবেশ হইতে * বাদসা আলমপানা আর উজির মিলিয়া ॥ আপনা সহরে তবে পৌছিল আশিয়া * উজিরে বিদায় দিয়া বাদসা আলমপানা ॥ খাছ মহলেতে গিয়া পঙছিল আপনা * সমুনরোখ বানুকে লিয়া খুশি খোশালিতে ॥ আএস আরামে দোহে লাগিল রহিতে * খোশাল হইয়া সাহা করে নানা রঙ্গ ॥ সুখের সাগরে জেয়ছা বহিল তরঙ্গ * এই রূপে কত দিন গুজারিয়া জায় ॥ আল্লার মক্কর ভাই কে বুঝিবে তায় * লাড়কা কারনে সাহা পেরেশান ছিল ॥ দোছরা কবিলা তাই সাদি করে লিল হামেশা বাদসার দেলে আছিল বড় সন্দ ॥ ঐ বয়সেতে আল্লা বকসিলে ফরজন্দ * লাড়কা দেখিয়া সাহা খুশি বাগে বাগ ॥ আন্ধার ঘরেতে

জেয়ছা জলিল চেরাগ * বাদসা জাহিগির তবে খোশাল হইয়া ॥ ফকির মিছকিনে কত লিল বোলাইয়া * খাজানা খুলিয়া দিল বাদসা নামদার ॥ লোটাইয়া দিল মাল রাহেতে খোদার * গরিব পাইয়া মাল খুশি মনে মন ॥ সাহজাদায় দোওা করে গেল জনে জন * আর কহিলেন সাহা পরওার দেগার ॥ তক্তের রৌসন আপে দিলেন আমার লাড়কার ওছিলাতে ওগো প্রভু করতার ॥ নাম নক্সা দুনিয়াতে থাকিবে আমার * এয়ছাই কহিয়া সাহা খুশি খোশালিতে ॥ আএস আরামে খুব রহে ‍দুনিয়াতে * মাহাম্মদ মোছলেম কহে জোনাবে সবার ॥ আদাব ছালাম মেরা হাজারে হাজার * কেতাব হইল সায় সোন ভাই মমিন ॥ জবানেতে বল সবে আমিন আমিন *

ইতি তামাম সোদ

* শুচিপত্র *

* সুচিপত্র *

* তামাম সোদ *

* বিজ্ঞাপন *

সর্ব্ব সাধারনকে জ্ঞাত করা যাইতেছে যে, এই কেতাব সন ১৩৩০ সালের চলিত আইন মতে হুমডিপার্টমেণ্টে আমার নামে রেজেষ্টারী করিয়া ইসলামিয়া প্রেসে ছাপাইলাম অন্য কেহ ইহাকে ছাপিবেন না, ছাপিলে আইনানুসারে মজরেম হইয়া খেছারতের দাবির দাইক হইবেন আর সকল মোছলমান ভাই ছাহেবানকে জানাইতেছি যে, আমার অনুমতি ভিন্য এই কেতাব কিম্বা এই কেতাবের এবারত ও পয়ারাদি অন্য কোনরূপে ফেরফার করিয়া কিম্বা এই কেতাব দেখিয়া তছনিফ করিয়া কেহ ছাপিবেন না, যদি ছাপেন তবে তাহাকে দোহাই আল্লা ও রছুলের কেয়ামতের দিনে তাহাকে আমার দাবি বুঝিয়া দিতে হইবেক। সন ১৩৩০ সাল তারিক ২০ শে শ্রাবন।

মুনশী মোহাম্মদ মোছলেম সাহেব।

এই কেতাব যাহার দরকার হইবে, তিনী—কলিকাতা খিদিরপুর আমার কেতাবের দোকানে তত্ত্ব করিলে পাইবেন।